ইংলণ্ডের ইতিহাস।

—***—

শ্রীভূদেব মুখোপাধ্যায় কর্ত্তৃক

প্রণীত।

—*—

হুগলী।

বুধোদয় যন্ত্রে

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

—o—

সন ১২৬৯ সাল।

মূল্য এক টাকা মাত্র।

বিজ্ঞাপন।

—•—

এক্ষণে ইংলণ্ডীয়দিগের সহিত আমাদিগের এমত নিকট সম্বন্ধ হইয়াছে যে অনেকাংশেই উভয় জাতির সুখ, দুঃখ, সমৃদ্ধি, হ্রাস, গৌরব ও অপমান একই কারণ হইতে সমুদ্ভূত হইয়া থাকে। সুতরাং উভয়েরই উভয়ের গুণদোষ পরিচিত হওয়া সবিশেষ আবশ্যক বলিয়া বোধ হয়। কিন্তু কোন দেশীয় লোকের জাতীয় প্রকৃতি তজ্জাতীয় ইতিবৃত্ত দ্বারা যেমন স্পষ্টরূপে প্রতীয়মান হইতে পারে আর কোন উপায়ের দ্বারাই তেমন হয় না। বিশেষতঃ ইংলণ্ডীয় ইতিহাস পাঠ দ্বারা যে রাজনিয়ম ও রাজ্যশাসনের সুপ্রণালী সমস্ত সর্ব্বাপেক্ষা উৎকৃষ্টতর রূপে হৃদয়ঙ্গম হইতে পারে ইহা সকলেই স্বীকার করিয়া থাকেন। গ্রন্থ বাহুল্য ভয়ে তৎসংক্রান্ত অনেকানেক প্রয়োজনীয় বিষয়ও পরিত্যাগ করিতে হইয়াছে, এবং তজ্জন্য পাঠকবর্গের নিকট ক্ষমা প্রার্থনা করা আবশ্যক।

যে সকল জগদ্বিখ্যাত পণ্ডিত বর্গের প্রযত্নে ইংলণ্ডীয় ভাষা ইহার আধুনিক পূর্ণাবস্থা প্রাপ্ত হইয়াছে—যে সকল ক্ষমতাবান্ এবং বুদ্ধিজীবী ব্যক্তি ব্যূহের কৌশলে ইংলণ্ডের শিল্পকার্য্য অন্য সর্ব্ব-

দেশের শিল্পকার্য্য অপেক্ষা সমধিক গৌরবান্বিত হইয়াছে—যে রূপে কালক্রমে এবং জগদীশ্বরের প্রসাদে ক্রমশঃ ইংলণ্ডীয়দিগের বৈদেশিক অধিকার সমস্ত সম্বর্দ্ধিত হইয়া উঠিয়াছে সেই সকল বিষয়ের প্রকৃত প্রস্তাবে কিছু মাত্র বর্ণন করিতে পারাযায় নাই বলিলেই হয়। ফলতঃ এই ক্ষুদ্র গ্রন্থে ইংলণ্ডীয় ইতিহাসের রাজকার্য্য-সংক্রান্ত কতকগুলি প্রধান২ ঘটনামাত্রের সংক্ষেপে উল্লেখ করিতে পারাগিয়াছে। কিন্তু ইহা পাঠ করিলেও ইতিহাস পাঠের অন্ততঃ প্রথমোল্লিখিত উদ্দেশ্যটী সাধন হইতে পারিবে, এই আশয়ে পুস্তক মুদ্রিত ও প্রচারিত করাগেল।

১৮৬২সাল।
১৫ই অগষ্ট

ইংলণ্ডের ইতিহাস।

প্রথম অধ্যায়।

—০—

[ইংলণ্ডের প্রাকৃতিক অবস্থা এবং পূর্ব্ববৃত্তান্ত—সীজরের আগমন—রোমকাধিকার—সাকসন্‌দিগের আগমন—তাহাদিগের জাতীয় প্রকৃতি এবং খৃষ্ট ধর্ম্মে দীক্ষা—ডেন্‌দিগের দৌরাত্ম্য—নর্ম্মানদিগের আগমন।]

ইউরোপের মানচিত্রের বায়ুকোণে যে একটি অপেক্ষাকৃত বৃহদাকার দ্বীপ দৃষ্ট হয় তাহারই এক ভাগের নাম ইংলণ্ড। ঐ দ্বীপ ইংরেজদিগের নিবাস ভূমি। দ্বীপমাত্রেরই বায়ু প্রায় সমশীতোষ্ণ হইয়া থাকে, ইংলণ্ডেরও সেইরূপ। এই দেশের ভূমি নিতান্ত অনুর্ব্বরা বোধ হয় না, কিন্তু কোথাও এমত উর্ব্বরাও নয় যে, তদ্দেশবাসীদিগের যথেষ্ট আয়াস ব্যতিরেকে সমুহ ফলদায়িনী হয়। ইহার উপকূল

ভাগে অনেক সাগরশাখা প্রবিষ্ট হইয়াছে এবং ইহাতে সুনাব্য* নদীও অনেক আছে। সুতরাং এই দেশ বণিক্‌বৃত্তির পক্ষে বিলক্ষণ উপযোগী। এখানকার আকরিকের মধ্যে পাথরিয়া কয়লা, লৌহ এবং টিন প্রধান; আর উদ্ভিদের মধ্যে ওকবৃক্ষ সাতিশয় প্রসিদ্ধ; ইহার কাষ্ঠদ্বারা দৃঢ়তর অর্ণবযান প্রস্তুত হইয়া থাকে।

যাবৎকাল ইংলণ্ড দেশে নিতান্ত অসভ্যস্বভাব, কৃষি ও বণিকবৃত্তি পরাঙ্মুখ, অর্ণবযান প্রস্তুত করণে অশক্ত, কিন্তু সাহসী, ধর্ম্মপরায়ণ এবং সংগ্রামানুরক্ত কেল্ট † জাতির বাস ছিল, তাবৎকাল এই দেশের কোন বৃত্তান্তই প্রাপ্ত হওয়া যায় না। কেবল এইমাত্র শ্রুত হওয়া যায় যে, প্রাচীন ফিনিসীয় এবং কার্থেজীয় বণিকেরা কখন২ এইদেশে বাণিজ্যার্থে আগমন করিত এবং এখানকার টিন, লৌহ, ঊর্ণা প্রভৃতি পণ্যদ্রব্য গ্রহণ করিয়া তদ্বিনিময়ে কাচ, পিত্তলাদি নানাবিধ সামগ্রী প্রদান করিয়া যাইত। তাহার বহুকাল পরে যখন রোমকেরা আপনাদিগের সাম্রাজ্য বিস্তার করে তখন তাহাদিগের সেনাপতি জগদ্বিখ্যাত জুলিয়স্‌ সীজর সমুদায় গল্‌দেশ ‡ জয়

---

* টেম্‌স্‌, সবর্ণ প্রভৃতি।

† কেল্ট জাতীয়েরা ককেসীয় বর্গসম্ভূত এবং পূর্ব্বকালে সমুদায় ইউরোপ খণ্ডে ব্যাপ্ত হইয়াছিল।

‡ ফ্রান্সের পূর্ব্ব নাম গল্‌ ছিল।

করিয়া ৫৬ পূঃ খৃঃ অব্দে ইংলণ্ড আক্রমণ করিতে আইসেন। তিনি কেণ্ট* প্রদেশের উপকূলে অবতীর্ণ হইয়া দেখিলেন যে, তদ্দেশবাসিগণ পদাতি, অশ্বারোহী এবং রথারূঢ় হইয়া নানা অস্ত্র-শস্ত্র ধারণ পূর্ব্বক তাঁহার সহিত যুদ্ধার্থ প্রস্তুত হইয়া আছে; কিন্তু সীজরের রণপাণ্ডিত্যে এবং তাঁহার সৈন্যগণের সুশিক্ষাগুণে ঐ আদিম নিবাসীদিগের সকল প্রযত্ন এবং সাহস ব্যর্থ হইয়া গেল। সীজর উহাদিগকে পরাজয় করিয়া প্রতিগমন করিলেন। ইহার পর তিনি আর একবার ইংলণ্ডে আইসেন এবং রোমকাধিকার পূর্ব্বাপেক্ষাও সুবিস্তৃত করিয়া যান।

যে সময়ের কথা হইতেছে সেই সময়ে ইংলণ্ড দ্বীপের নাম বৃটেন ছিল এবং তদ্দেশবাসীদিগকে বৃটন্† বলিত। সীজর ও অপরাপর রোমক গ্রন্থকারেরা লিখিয়া গিয়াছেন যে, তখন বৃটন দ্বীপ নিবিড় অরণ্যে আচ্ছন্ন ছিল এবং তথাকার লোকসকলও অত্যন্ত অসভ্য ছিল। তাহারা বৃক্ষের ত্বক বা বন্য পশুর চর্ম্মদ্বারা যথা কথঞ্চিৎরূপে আপনাদিগের শরীর আবরণ করিত। গাত্রে রক্ত, কৃষ্ণ, পীত, হরিতাদি বর্ণ বিলিপ্ত করিয়া সংগ্রাম স্থানে ঘোর রূপ ধারণ করিবার নিমিত্ত প্রয়াস পাইত।

---

* এই প্রদেশ ইংলণ্ডের অগ্নিকোণে অবস্থিত।

† প্রথিত আছে ব্রুট্ বা ব্রিট্ নামক কোন ব্যক্তি কর্তৃক প্রথমে এই দ্বীপে মনুষ্যের সঞ্চার হয়।

ক্ষুদ্র২ কাষ্ঠখণ্ডে চর্ম্মাবৃত্ত করিয়া সরিৎ ও জলাকীর্ণ ভূমি সমস্ত উত্তীর্ণ হইবার উপযোগী ভেলক প্রস্তুত করিত। বস্তুতঃ কৃষি ও বাণিজ্য দ্বারা যে সকল প্রয়োজনীয় এবং সুখোপভোগের সামগ্রী প্রস্তুত হয় ঐ বৃটন্‌দিগের মধ্যে তাহার কিছুই ছিল না। কিন্তু তখনও বৃটনেরা সর্ব্বত্র এই প্রকার ছিল না। দক্ষিণ ভাগে, বিশেষতঃ কেন্ট প্রদেশে যাহারা বাস করিত তাহাদিগের মধ্যে পাশুপাল্য, কোথাও২ কৃষি এবং যৎকিঞ্চিৎ বণিক ব্যাপারের প্রথাও প্রচলিত হইয়া ছিল। তখন বৃটেনের যত অন্তর্ভাগে যাওয়া যাইত ততই অসভ্যতার তিমির ক্রমশঃ গাঢ়তর বোধ হইত এবং যত উপকূল ভাগে আগমন করা যাইত, ততই সভ্যতার অপরিস্ফুট আলোক কিঞ্চিৎ২ দৃষ্টি গোচর হইত। এমন বন্যদশাপন্ন লোকের মধ্যে যে কিরূপ শাসন-প্রণালী প্রচলিত ছিল তাহা সুনিশ্চিতরূপে অবধারিত হয় না; এই পর্য্যন্ত অবগতি আছে যে, বৃটনেরা অসংখ্য ক্ষুদ্র২ জাতিতে বিভক্ত হইয়া এক২টী জাতি এক২ জন শাসনকর্ত্তার অধীনে বাস করিত। ইহাদিগের ধর্ম্ম প্রণালীও অন্যান্য জাতির ধর্ম্মপ্রণালী হইতে অধিক ভিন্ন ছিল না। ইহাদিগের মধ্যে ড্রুইড্ নামে একটী যাজক সম্প্রদায় ছিল। তাহারা রাজাদিগের অপেক্ষাও সমধিক পরাক্রমশালী হইয়া যাহা মনে কল্পিত তাহাই করিতে পারিত। ড্রুইডেরা পূর্ব্বজন্ম

এবং পরজন্ম স্বীকার করিতেন। পরমেশ্বর এক এবং তাঁহার অধীনে অসংখ্য দেবদেবী আছেন ইহাও মানিতেন। কখনং যুদ্ধধৃত হতভাগা বন্দিগণকে অগ্নি-দগ্ধ করিয়া ঐ দেবতাগণের উপাসনা করিতেন, কিন্তু তাঁহাদের অধিকাংশই নিবিড় অরণ্যমধ্যে কেবল জপ তপস্যা দ্বারা ঈশ্বরারাধনায় নিমগ্নচিত্ত হইয়া থাকিতেন। ড্রুইড্দিগের শক্তি অদ্বিতীয় ছিল। ইহাঁরা যদি কোন রাজাকেও অভিশপ্ত করিতেন তবে আর কেহই তাঁহার সহিত বাক্যালাপ করিত না, কেহই তাঁহার কোন সাহায্য করিত না। যাহার ইচ্ছা সেই তাঁহার প্রাণবধ করিতে পারিত এবং বহুস্থলে সেই হতভাগা ব্যক্তি অন্নজল অভাবেই প্রাণ-পরিত্যাগ করিত। ফলতঃ বৃটনেরা সর্ব্বতোভাবে আপনাদিগের যাজক-বর্গেরই অধীন হইয়াছিল। কিন্তু যখন প্রবল রোমকেরা, সম্রাট্ ক্লডিয়স্ এবং নিরোর* সময়ে ওয়েল্স দেশ † পর্য্যন্ত অধিকার করিল, অনেকবার অনেক বিদ্রোহ দমন করিল, বহু সংখ্যক নগর এবং উপনিবেশ সংস্থা-পিত করিল, ও 'সুটোনিয়স্ পলিনস্' নামে তাহাদিগের একজন সেনাপতি 'মোনা'‡ দ্বীপে গিয়া তথাকার সকল ড্রুইড্কে খড়্গাহত এবং তাহাদিগের

* রোমের পঞ্চম ও ষষ্ঠ সম্রাট।

† ইংলণ্ডের পশ্চিম প্রান্তবর্ত্তী পর্ব্বতীয় দেশ।

‡ আইরিস্ সাগরান্তর্গত অঙ্গল্‌স দ্বীপ।

আরাধনা স্থান সমস্তকে ভস্মসাৎ করিলেন, তখন ব্রটনেরা সর্ব্বতোভাবে বশতাপন্ন হইল। ইহার পর 'আগ্রিকোলা' নামে একজন শাসনকর্ত্তা ব্রটনে আগমন করিয়া উত্তরে স্কট্‌লণ্ডের কিয়দ্দূর পর্য্যন্ত অধিকার করিলেন এবং কতকগুলি রণতরী প্রস্তুত করিয়া ইউরোপের উত্তরাঞ্চলীয় জলদস্যুগণের দৌরাত্ম্য নিবারণ করিলেন। ফলতঃ ঐ সময় অবধি ব্রটনে রোমকাধিকারের দোষ গুণ দুইই ক্রমশঃ প্রবর্ত্তিত হইতে লাগিল। ধর্ম্মাধিকরণ উত্তম হইল, শাসন প্রণালী উৎকৃষ্টতর হইল, নগর * পুর সমস্ত নির্ম্মিত হইতে লাগিল, রাজবর্ত্ম সকল প্রস্তুত হইল এবং কৃষি ও বাণিজ্যকার্য্যের প্রতি জন সাধারণের অনুরাগ বৃদ্ধি হওয়াতে দেশে ধনসম্পত্তির আধিক্য হইতে লাগিল। কিন্তু রোমকেরা ব্রটনদিগকে যুদ্ধবিদ্যা শিক্ষা করাইয়া কদাচিৎও স্বদেশে অবস্থান করিতে দিতেন না। যে সকল ব্রটন যুদ্ধশিক্ষা করিত তাহাদিগকে কোন দূরদেশ রক্ষার্থ প্রেরণ করিয়া অপর দেশীয় সৈনিক গণের দ্বারা ব্রটেন রক্ষা করিতেন। আর যে সকল লোক সৈনিক কর্ম্মে প্রবৃত্ত না হইয়াছিল তাহাদিগের সকলকেই নিরস্ত্র হইয়া থাকিতে হইত। সুতরাং রোমকেরা একবার ব্রটন ত্যাগ ক-

* লণ্ডন এবং ইয়র্ক এই দুই নগর আর [illegible] কাষ্টর বা চেষ্টর এই দুই শব্দ যে সকল নগরের নামের অন্তে দৃষ্ট হয় সেই সকল নগর রোমকদিগের নির্ম্মিত।

রিয়া গেলে তদ্দেশীয়েরা যে কোন প্রকারে আত্মরক্ষা করিতে পারিবে তাহার কোন উপায়ই রহিল না।

যেমন মৃত্যু আসন্ন হইলে হস্তপদাদির প্রান্তভাগ অগ্রেই শীতল হয় এবং তথায় রক্তের গমনাগমন নিবৃত্ত হওয়াতে আর সেই সকল স্থলে নাড়ীর গতি বোধ হয় না, শরীরের মধ্যভাগেই ক্ষণকাল পর্য্যন্ত নাড়ীর সঞ্চার বোধ হইয়া থাকে, সেইরূপ যেমন রোম সাম্রাজ্যের বিনাশকাল নিকটবর্ত্তী হইতে লাগিল, অমনি তাহার দূরপ্রদেশ সমুদায় হইতে রোমক সৈন্যগণ প্রস্থান করিল আর তথায় প্রত্যাগমন করিল না এবং ক্রমে সংকুচিত-বৃত্ত হইয়া রোমের সন্নিধানেই চতুর্দ্দিক রক্ষা করিবার নিমিত্ত কিছুকাল সচেষ্ট হইতে লাগিল। ৪০৯ খৃঃ অব্দে রোমকেরা ইংলণ্ড পরিত্যাগ করে। তখন স্কট্‌লণ্ডের দক্ষিণাঞ্চলবাসী 'স্কট্' এবং 'পিক্ট' জাতীয়েরা বৃটনদিগকে অত্যন্ত বলপূর্ব্বক আক্রমণ করিল। বৃটনেরা যুদ্ধে নিতান্ত অক্ষম হইয়া পড়িয়াছিল। তাহারা রোমে পত্র প্রেরণ করিয়া সাহায্য প্রার্থনা করত এই বলিয়া দুঃখ করিয়াছিল যে, "ভীষণাকার অসভ্য লোকেরা আমাদিগকে সমুদ্রের দিকে ঠেলিয়া দিতেছে, সমুদ্রও আবার ঐ রাক্ষসদিগের সমক্ষে প্রতিহত করিতেছে, আমরা কোথায় যাই কি করি কিছুই বুঝিতে পারি না।" কিন্তু রোমকেরা আপনাদিগের দুঃখ সময়ে বৃটনদিগের বিশেষ উপকার করিতে পারিলেন না।

সুতরাং উহারা অগত্যা উত্তরাঞ্চলীয় জলদস্যুদিগের নিকটেই সাহায্য প্রার্থনা করিল। ঐ জলদস্যুদিগের বাসস্থান, 'রাইন'* নদীর মুখ হইতে 'এল্ব'† নদীর মুখ পর্য্যন্ত যে ভূভাগ তাহাতেই ছিল। উহারা 'জুট' 'আংগল্' এবং 'সাক্সন্' ইত্যাদি বিবিধ নামে প্রসিদ্ধ হয়। 'হেঞ্জিস্ট' এবং 'হর্স' নামক ভ্রাতৃদ্বয় নিমন্ত্রণ পাইয়া বৃটনে আসিয়া উপস্থিত হইল এবং অতি স্বল্পায়াসেই স্কট্ ও পিক্টদিগকে পরাভূত করিয়া সমুদায় দেশ নিরুপদ্রব করিল কিন্তু তাহারা দেশের শোভা ও দেশবাসীদিগের অক্ষমতা দর্শনে আপনারা লোভপরবশ হইয়া বৃটেন ত্যাগ করিয়া যাইতে নিতান্ত অনিচ্ছু হইল। প্রত্যুত উহারা স্বদেশীয় অপরাপর লোক সকলকে আহ্বান করিতে লাগিল এবং সকলে মিলিয়া ক্রমে২ সমুদায় দেশটী আপনাদিগের অধিকৃত করিয়া লইল।

বৃটনেরা কেল্ট-জাতীয় ছিল, সাক্সনেরা তাহা ছিল না, উহারা টিউটন্‡ জাতীয় লোক ছিল। উহাদিগের সহিত যুদ্ধে বৃটনেরা প্রায় নির্ম্মূলিত হইয়া

---

*এই নদী সুইজর্লণ্ডের পর্ব্বত হইতে নিঃসৃত হইয়া ফ্রান্সের পূর্ব্বদিক দিয়া আইসে এবং হলণ্ডদেশের মধ্য দিয়া জর্ম্মন সাগরে পতিত হয়।

† এই নদীর মুখ ডেন্‌মার্ক দেশের নৈঋতকোণে দৃষ্ট হইবে।

‡ টিউটন্ জাতীয়েরাও ককেশীয় বর্ণসম্ভূত। ইহারা এক্ষণে প্রায় ইউরোপের সর্ব্বত্রই আধিপত্যলাভ করিয়াছে।

যায়। কেবল পশ্চিম ভাগে যে পর্ব্বত শ্রেণী আছে তাহাতে কতক লোক প্রস্থান করিয়া রক্ষা পায়। আর কতক ব্যক্তি গল্ দেশে পলাইয়া ব্রুটেনি* নামক তাহার প্রদেশ বিশেষে যাইয়া বাস করে।

সমুদায় দেশ সাক্সন্দিগের অধিকৃত হইলে উহা প্রথমতঃ বহু ক্ষুদ্র২ রাজ্যে বিভক্ত হয় এবং সেই সময়ে পোপ† 'গ্রীগরী' প্রেরিত 'অগষ্টিন্' নামক একজন সাধু আসিয়া উহাদিগকে খৃষ্ট ধর্ম্মে দীক্ষিত করিতে আরম্ভ করেন। সাক্সনদিগের পূর্ব্ব-ধর্ম্ম অতিশয় ভয়ঙ্কর ছিল। উহারা অনেক দেবদেবী মানিত এবং স্বর্গ নরকও স্বীকার করিত বটে কিন্তু উহাদিগের মতে দেবতা ‡ মাত্রেই রণোন্মত্ত—সর্ব্বদা যুদ্ধ এবং মধ্যে২ তীব্র মদিরা পান করাই স্বর্গের সুখ—আর যুদ্ধে পলায়ন করিলেই নরকের দুঃখ ভোগ করিতে হয়। যতদিন উহারা অসভ্য ছিল এবং দস্যু-বৃত্তি দ্বারা আপনাদিগের জীবনোপায় করিত তাবৎ-কাল এইরূপ ধর্ম্মই প্রবল রহিল। কিন্তু যখন উহা-দিগের ব্রুটেন দ্বীপে বাস হইল, কৃষি বাণিজ্যাদি দ্বারা সুখ ভোগের সামগ্রী উৎপন্ন হইল এবং অন্যান্য প্র-

---

* ফ্রান্সের বায়ু কোণে অবস্থিত।

† রোম নগরীয় যাজকেরা এই উপাধি গ্রহণ করিয়া ক্রমশঃ প্রায় সমুদায়খ্রীষ্টমতাবলম্বী দিগের প্রতি ধর্ম্ম শাসন বিস্তার করেন।

‡ ওডিন, থর, প্রভৃতি।

কারে অবস্থার পরিবর্ত্তন হওয়াতে মনও কোমল এবং প্রশান্ত হইয়া উঠিল, তখন পূর্ব্বোক্ত রূপ কেবল সংগ্রামপর ধর্ম্মপ্রণালী আর শ্রদ্ধার পাত্র হই ত পারিল না। সাক্‌সনেরা অতি অল্প কালের মধ্যেই খৃষ্টধর্ম্ম গ্রহণ করে। ইহারই কিয়ৎকাল পরে তাহাদিগের স্বতন্ত্র ২ আট্‌টী রাজ্য ক্রমশঃ পরস্পর মিলিত হইয়া একত্রীকৃত হয় এবং 'এগ্‌বর্ট' নামক কোন মহাত্মা ঐ মিলিত রাজ্যের রাজা হন।

এই সাক্‌সনেরাই বর্ত্তমান ইংরাজ জাতির পূর্ব্ব-পুরুষ। উহাদিগের অসভ্যাবস্থাতেই যে সকল রীতি নীতি ছিল তাহাই এক্ষণে পরিপক্ক হইয়া ইংরাজদিগের সুসভ্য রীতি নীতি হইয়াছে। উহাদিগের রাজা যথেচ্ছাচারী হইতে পারিতেন না। কতক গুলি সুবিজ্ঞ বৃদ্ধের পরামর্শ গ্রহণ করিয়া তাঁহাকে রাজকার্য্য করিতে হইত। ঐ সভার নাম 'উইটনা গিমট' ছিল। ফলতঃ ঐ সভাই বর্ত্তমান 'পার্লিয়ামেণ্ট' সভার মূল স্বরূপ বলিতে হইবেক। সাক্‌সনদিগের ধর্ম্মাধিকরণ এক প্রকার 'পঞ্চায়তের' দ্বারা নির্ব্বাহিত হইত। তাহা হইতেই ইংরাজদিগের মধ্যে জুরি নিয়োগের ব্যবহার উৎপন্ন হইয়াছে। সাক্‌সনেরাই প্রথমে সমুদায় ইংলণ্ড দেশকে সাইয়র, কৌন্টী, হণ্ড্রেড্‌ ইত্যাদি নানাভাগে বিভাগ করে এবং প্রজাদিগকে পরস্পরের আচার ব্যবহারের প্রতি দৃষ্টি রাখাইয়া যাহাতে আপনারাই অনেকাংশে আপনা-

দিগের রাজকার্য্য নির্ব্বাহ করিতে পারে এমত উপায় করিয়া দেয়। ইংরাজেরা সেই অবধি প্রজাতন্ত্র শাসনপ্রণালী সংস্থাপনে যেমন কৃতকার্য্য হইয়াছেন বোধ হয়, পৃথিবীর অন্য কোন জাতিই সেরূপ হইতে পারেন নাই। সাক্‌সনেরা জলযান প্রস্তুত করণে বিলক্ষণ নিপুণ, সামুদ্রিক যুদ্ধে অতিশয় কুশল আর জল পথে দূরদেশ গমনে একান্ত নির্ভয়-হৃদয় ছিল—ইংরাজেরাও এই সকল গুণের নিমিত্ত বিশিষ্ট রূপে গৌরবান্বিত হইয়া আছেন।

কিন্তু অত্যাল্পকালমধ্যেই ইংলণ্ডে আর একটী জাতির প্রবেশ হইয়াছিল। রোম ইতিহাসে ব্যক্ত আছে যে, রোম সাম্রাজ্য যে অসভ্য জাতির স্রোতঃ-প্লাবিত হইয়া যায়, সেই সকল অসভ্যজাতি একেবারে বা এক সময়ে উক্ত সাম্রাজ্যকে আক্রমণ করে নাই। যেমন সমুদ্রের ঊর্ম্মি একটী২ করিয়া কূলের দিকে আসিতে থাকে তেমনি বিবিধ নামধেয়* অসভ্য জাতির দল একং২টী করিয়া রোম সাম্রাজ্যের উপর পতিত হইয়াছিল। সাক্‌সনেরা যে দেশ হইতে নির্গত হইয়াছিল তাহার উত্তর দিকস্থ 'ডেন্‌মার্ক' 'স্কাণ্ডিনেবিয়া'‡ প্রভৃতি ভূভাগ হইতে আর একটী ভয়ঙ্কর দল বাহির হইয়াছিল। উহারা 'ডেন' বা

---

*গথ, ভাণ্ডাল, হুন্, সুইভি, আলেমান্, বর্গণ্ডিয়ান্, প্রভৃতি।

‡ নরওয়ে এবং সুইডেন্

'নরমান্' নামে প্রসিদ্ধ হয়। প্রথমে দস্যুবৃত্তিই উহাদিগের একমাত্র ব্যবসায় ছিল। উহাদিগের ন্যায় নিষ্ঠুর, নির্ভয়হৃদয়, স্বৈরাচারী লোক, বোধ হয়, পৃথিবীর আর কোন দেশে কখন জন্ম গ্রহণ করে নাই। উহারা এক২ জন বিক্রমশালী অধিপতি-কর্ত্তৃক পরিচালিত হইয়া অর্ণবযান আরোহণে ইংলণ্ড, ফ্রান্স্, স্পেন্ প্রভৃতি নানা দেশের উপকূলে অবতীর্ণ হইত এবং যেখানে যাইত তথাকার গৃহ, দেবালয়, উদ্যান, শস্যক্ষেত্র সকলই ভগ্ন ও ভস্মসাৎ করিয়া সমুদায় দেশ বিলুণ্ঠিত এবং তত্রত্য জন সমূহকে বন্দীকৃত করিয়া লইয়া যাইত। ইহারা সাকসনদিগের আধিপত্যের সময় পুনঃ২ ইংলণ্ডে আগমন করে। সাক্‌সন্ রাজারা ইহাদিগের দৌরাত্ম্যে অতি ত্রস্ত এবং উদ্বিগ্ন হইয়াছিলেন। বিশেষতঃ মহাত্মা আলফ্রেড্ একদা সংগ্রামে পরাভূত হইয়া রাজসিংহাসন পরিত্যাগপূর্ব্বক অরণ্য মধ্যে প্রস্থান করেন। কিন্তু তিনি পুনর্ব্বার প্রবল হইয়া শত্রুসমূহকে পরাভূত করেন এবং তাহাদিগকে খ্রীষ্ট-ধর্ম্মে দীক্ষিত করিয়া ইংলণ্ডের এক প্রদেশে বাস করিতে দেন।

ইহার পর আর এক জন সাক্‌সন রাজা নিতান্ত মূঢ়তার কর্ম্ম করিয়া স্বদেশবাসী তাবৎ ডেন্ জাতীয় লোককে বিনাশ করিয়াছিলেন। তাহাতে ডেন্‌মার্ক রাজ 'সোএন্' মহাক্রোধে আসিয়া ইংলণ্ড

আক্রমণ করেন এবং অক্লেশে ইহার সিংহাসন অধিকার করিয়া আপনি, আপন পুত্র কেনুট এবং পৌত্র হাডিকেনুট, এই তিন পুরুষ অব্যাহতরূপে এই দেশের রাজদণ্ড ধারণ করেন। পরিশেষে পূর্ব্বগত সাক্‌সন ভূপাল বংশীয় এড্‌ওয়ার্ড নামক একটী শান্ত-প্রকৃতিক ব্যক্তি পুনর্ব্বার ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করিলেন। ইনি ধার্ম্মিক ছিলেন বটে, কিন্তু যে সময়ে লোকের বিদ্যা চর্চ্চার আধিক্য না থাকে তৎকালের ধর্ম্ম প্রায় বিশুদ্ধ যুক্তি-সংস্কৃত হইতে পারে না; তখন ধর্ম্মবুদ্ধি নিতান্ত জড়ীভূত এবং বহুবিধ কুসংস্কারে পরিপূর্ণ থাকে। এড্‌ওয়ার্ডের মনেও সেইরূপ নানা প্রকার কুসংস্কার ছিল। তিনি বোধ করিতেন যে, স্ত্রী সংসর্গ করিলে শরীর অপবিত্র এবং মন অশুচি হয়; এই ভাবিয়া তিনি যাবজ্জীবন কখনই আপন ধর্ম্মপত্নীর সংসর্গ করেন নাই। এডওয়ার্ড এইরূপে নিঃসন্তান হইয়া পরলোক গমন করিলে তাঁহার রাজ্যাধিকার লইয়া ঘোরতর বিবাদ উপস্থিত হইল।

যে সময়ে নর্ম্মান্‌ এবং ডেন্‌ জাতীয়েরা ইংলণ্ড আক্রমণ করে সেই সময়ে তাহাদিগের আর একদল 'রোলো' নামক কোন যুদ্ধবীরের অধীন হইয়া ফ্রান্স রাজ্য আক্রমণ করিয়াছিল। ফ্রান্সরাজ* নিতান্ত অক্ষম ছিলেন। তিনি রোলোকে

* চার্ল্‌স্‌ দি সিম্প্‌ল্‌ অর্থাৎ নির্ব্বোধ চার্ল্‌স।

তুষ্ট করিবার নিমিত্ত তাঁহাকে স্বীয় রাজ্যের বায়ু কোণে কিয়দ্ভাগের অধিকার প্রদান করিলেন। ঐ প্রদেশ নর্ম্মানদিগের নিবাসভূমি হওয়াতে তাহার নাম নর্ম্মাণ্ডি হইল। রোলো এবং তাঁহার পরবর্ত্তী রাজগণ ডিউক্ উপাধি গ্রহণ করিয়া অত্যন্ত বৈচক্ষণ্য সহকারে স্বদেশ শাসন করিয়াছিলেন। বিশেষতঃ ফ্রান্সদেশবাসী সচেতা ব্যক্তিবর্গের সংস্রবে ভীষণপ্রকৃতি নর্ম্মান্ লোক সকল অত্যল্পকাল মধ্যেই বিবিধ সদ্গুণ সম্পন্ন হইয়া ক্রমেং সভ্য পদবীতে আরূঢ় হইয়াছিল। এড্ওয়ার্ড ইংলণ্ডের রাজা হইবার পূর্ব্বে ঐ নর্ম্মাণ্ডির রাজ সভাতেই থাকিতেন; সুতরাং তাহাদিগের রীতি চরিত্রের প্রতি তাঁহার বিশেষ শ্রদ্ধা এবং ভক্তি জন্মিয়াছিল। অতএব যখন তিনি লোকান্তর গমন করেন তখন নরমাণ্ডির ডিউক উইলিয়মকেই আপন রাজ্যাধিকার প্রদান করিবার মানস প্রকাশ করিয়া যান। কিন্তু সাক্সনেরা নরমান্দিগের অতিশয় দ্বেষ করিত। তাহাদিগের এমত ইচ্ছা ছিল না যে, নর্ম্মান্ জাতীয় কোন ব্যক্তি তাহাদিগের উপর কর্তৃত্ব লাভ করে। সুতরাং যখন মৃত রাজার শ্যালক 'হারল্ড' আপনি রাজা হইবার নিমিত্ত চেষ্টা করিতে লাগিলেন, তখন সাক্সনেরা সকলেই মহা তুষ্ট হইয়া তাঁহাকে রাজ্যাভিষিক্ত করিল। ইতিপূর্ব্বে একদা হারল্ড নর্ম্মাণ্ডিতে পর্য্যটনছলে গিয়াছিলেন। তখন উই-

এই যুদ্ধের প্রবর্ত্তক অতএব এই ধর্ম্মযুদ্ধে প্রবৃত্ত হইলে সকল পাপেরই প্রায়শ্চিত্ত হইবে এবং স্বর্গ সুখলাভেরও উপায় হইবে'। ইউরোপখণ্ড তখন অনন্যকর্ম্মা সংগ্রামপরায়ণ যুদ্ধবীরে পরিপূর্ণ ছিল। তাহাতে ধর্ম্মশাস্তার এই প্ররোচনাদেশ, অতএব অতি অল্পকাল মধ্যেই সহস্র২ যোদ্ধা নানা অস্ত্রশস্ত্র ধারণ করিয়া কতক পাদচারে, কতক পোতারোহণে জুডিয়া প্রদেশাভিমুখে প্রস্থান করিল। এই জৈত্র যাত্রাকে 'ক্রুসেড্'* বলে।

নরমাণ্ডির ডিউক রবর্ট, যেরূপ অপরিণামদর্শী অব্যবস্থিতচিত্ত এবং রণোন্মত্ত ছিলেন, তাহাতে তিনি যে সর্ব্ব প্রথমেই ক্রুসেডে গমন করিবার নিমিত্ত অভিলাষী হইবেন তাহা সহজেই বোধ হইতে পারে। কিন্তু তেমন দূরদেশ যাইতে হইলে সমধিক অর্থ সম্বলের প্রয়োজন হয়। অমিতব্যয়ী রবর্টের কিছুমাত্র ধন সম্পত্তি ছিল না। তিনি দেশের রাজা ছিলেন বটে, কিন্তু কখন২ তাঁহার এমন দশা উপস্থিত হইত যে, ভৃত্যেরা এক২ জন করিয়া রাত্রিকালে তাঁহার সকল পরিধেয় গুলি চুরি করিয়া লইত, প্রাতঃকালে পরিধান করিয়া শয্যা হইতে বাহির হন এমত বস্ত্রখণ্ডও তাঁহার থাকিত না। সুতরাং রবর্টের অর্থ প্রয়োজন হওয়াতে তিনি ইংলণ্ডপতি উইলি-

* যোদ্ধৃগণ স্ব২ অঙ্গাভরণে ক্রুসের (+) চিহ্ন ধারণ করিয়াছিলেন বলিয়া ঐ নাম হইয়াছিল।

য়মের নিকট আপন অধিকার সমস্ত বন্ধক দিয়া ঋণগ্রহণ করিলেন। উইলিয়ম, ইংলণ্ড এবং নর্ম্মাণ্ডি উভয় দেশেই রাজ্য করিতে লাগিলেন। একদা উইলিয়ম মৃগয়া করিতেছেন এমত সময়ে ‘ওয়াট্‌ টিরেল্‌’ নামক এক ব্যক্তির নিক্ষিপ্ত শর দৈবাধীন কোন বৃক্ষে লাগিয়া প্রতিহত হইয়া একেবারে রাজার হৃদয় বিদীর্ণ করিয়া বাহির হইল। কেহ২ বলেন যে, ‘ওয়াট্‌ টিরেল’ বুদ্ধিপূর্ব্বকই এই কর্ম্ম করিয়াছিলেন —উহা দৈবাধীন হয় নাই।

যাহা হউক, উইলিয়মের মৃত্যু সংবাদ প্রচারিত হইবা মাত্র তাঁহার অনুজ ‘হন্‌রী’ রাজসিংহাসনারোহণ করিলেন। ইনি তৎকালপরিজ্ঞাত বিবিধ বিদ্যায় বিলক্ষণ ব্যুৎপন্ন ছিলেন। এই হেতু লোকে তাঁহাকে ‘সুপণ্ডিত’ উপাধি প্রদান করিয়াছিল। ইনি আপন পিতা ও ভ্রাতার ন্যায় সাক্‌সন্‌ প্রজাবর্গের উৎপীড়ন না করিয়া যাহাতে উহারা সুখসচ্ছন্দে কালযাপন করে এমত চেষ্টা করিতে লাগিলেন। বিশেষতঃ নর্ম্মাণ্ডীর ডিউক ‘রবর্ট’ জুডিয়া হইতে প্রত্যাগমন করত নিজ রাজ্যের অধিকার গ্রহণ করিলে পর ইংলণ্ডীয় প্রজাবর্গের প্রতিই ইহাঁর বিশিষ্ট স্নেহ এবং সদ্ভাব হইল। ইনি সাক্‌সন্‌দিগের পূর্ব্বরাজবংশীয়া মাটিল্‌ডা নাম্নী কামিনীর পাণিগ্রহণ করিলেন। তাহাতে সাক্‌সনেরা আর আপনাদিগকে পরকীয় রাজার অধীন বলিয়া ভাবিল না। অত্যন্ত

লিয়ম তাঁহাকে আপনার দেশে পাইয়া সাতিশয় ধূর্ত্ততাচরণ দ্বারা এইরূপ শপথ করাইয়া লন যে, তিনি উলিয়মের রাজ্যাধিকারে প্রতিবন্ধকতা করিবেন না। এক্ষণে সেই হারল্‌ডই আপনি রাজাসন গ্রহণ করাতে নর্ম্মাণ্ডির ডিউক তাঁহাকে বিধর্ম্মী বলিয়া রোম নগরীয় ধর্ম্মশাস্তা পোপের নিকটে অভিযোগ করিলেন। পোপ দেখিলেন যে স্বাধীনস্বভাব সাকসনেরা আমাকে তাহাদিগের ধর্ম্মসংক্রান্ত সকল বিষয়ে হস্তার্পণ করিতে দেয় না, অতএব উইলিয়মের জয় হইলে আমারও ইংলণ্ডে আধিপত্য বৃদ্ধি হইবে; এই ভাবিয়া তিনি ইংলণ্ড অধিকার করিবার নিমিত্ত উইলিয়মের প্রতি অনুমতি প্রদান করিলেন, আর হারল্‌ডকে ধর্ম্মবিরোধী বলিয়া অভিশপ্ত করিলেন। উলিয়ম ইউরোপের যাবতীয় যোদ্ধৃবর্গকে নিমন্ত্রণ করিয়া আনিতে লাগিলেন। অসভ্য দেশ মাত্রেই সংগ্রাম কামনার বাহুল্য থাকে, সুতরাং অসভ্য দেশে অনন্য কর্ম্মা কেবল যুদ্ধবিদ্যাবিশারদ যত লোক পাওয়া যায় সভ্যদেশে কখনই তত পাওয়া যায় না। উইলিয়মের রণ পতাকা উড্ডীন হইবামাত্র শত২ সুবিখ্যাত যুদ্ধবীর চতুর্দ্দিক হইতে আগমন করিতে লাগিলেন।

এখানে হারল্‌ডের সোদর টষ্টি, আপনি রাজা হইবেন এই অভিপ্রায়ে নরওয়ের রাজার আশ্রয় গ্রহণ করিতে গিয়াছিলেন। তিনি হঠাৎ সমূহ-

সৈন্য সমভিব্যাহারে আসিয়া রাজ্যের উত্তর ভাগ আক্রমণ করিলেন। হারল্‌ড কাল বিলম্ব না করিয়া তৎক্ষণাৎ উত্তরাভিমুখে গমন করিলেন। নরওয়ের সৈন্যগণ তৎকর্ত্তৃক আক্রান্ত, পরাভূত এবং সর্ব্বতোভাবে বিনষ্ট হইল। কিন্তু এই অবকাশেই, উইলিয়ম সসৈন্যে 'সসেক্‌স'* প্রদেশে আসিয়া উপস্থিত হইয়াছিলেন। কথিত আছে তিনি নৌকা হইতে অবতীর্ণ হইবার সময়ে ভূমিতে পড়িয়া যান। এই অমঙ্গল চিহ্নদর্শনে তাঁহার সৈন্যগণ ভীত হইবার উপক্রম করিয়াছিল কিন্তু অতিশয় প্রত্যুৎপন্নমতি তাঁহার এক জন পারিষদ্‌ রাজাকে সম্বোধন করিয়া বলিলেন, 'মহারাজ, আপনি বড় সৌভাগ্যশালী পুরুষ, দেখুন এই দেশে পদার্পণ করিবামাত্র ইহার মৃত্তিকা আপনার হস্তগত হইয়াছে, এই কথা বলিবা মাত্র আর কেহ অমঙ্গল শঙ্কা করিল না। সকলেরই দৃঢ় প্রতীতি হইল যে অচিরাৎ ইংলণ্ডদেশ তাহাদিগের করকবলিত হইবে।

হারল্‌ড, উইলিয়মের আগমন বার্ত্তা শ্রবণমাত্র তৎক্ষণাৎ সসৈন্যে দক্ষিণাভি-মুখে যাত্রা করিলেন। ১০৬৬ খৃঃ অব্দের ১৪ ই অক্টোবরে হেষ্টিংস ‡ নামক নগরের সন্নিধানে উভয় প্রতিপক্ষ সৈন্যে

* কেন্ট প্রদেশের পশ্চিমে অবস্থিত ইহার প্রধান নগরের নাম চিচেষ্টর।

‡ লণ্ডন নগরের অগ্নিকোণে সমুদ্রকূলে অবস্থিত।

ঘোরতর যুদ্ধ হয়। সাক্‌সনেরা যেমন সাহস, স্থৈর্য্য, বিক্রম এবং দৃঢ় প্রতিজ্ঞতা প্রকাশ করিয়াছিল; যদি তাহাদিগের ভাদৃক্‌ যুদ্ধকৌশল থাকিত তাহা হইলে উইলিয়মের জয় হইত না। আর হারল্‌ড, জীবিত থাকিলেও, বোধহয়, ঐ এক যুদ্ধেই ইংলণ্ড একেবারে উইলিয়মের পদাবনত হইত না। কিন্তু সেরূপ ঘটিল তাহাতে ঐ হেষ্টিংসের যুদ্ধেই সাক্‌সনদিগের স্বাধীনতা একেবারে বিলুপ্ত হইয়া গেল।

ইহার পরে যখন নর্ম্মাণ্ডির সহিত ইংলণ্ডের সম্পর্ক রহিত হইয়া গেল, যখন নর্ম্মান্‌ এবং সাক্‌সন এইরূপ জাতি ভেদ আর রহিল না, তখন উদারস্বভাব, সচেতা ও তীক্ষ্ণবুদ্ধি নর্ম্মান্‌দিগের গুণে সাক্‌সনদিগের দৃঢ়তা, সাহসিকতা এবং স্বাতন্ত্র্য-পরায়ণতা সংযুক্ত হইয়া বর্ত্তমান ইংরাজদিগের জাতীয় গুণ সমূহ প্রকাশ হইতে লাগিল।

—•—

দ্বিতীয় অধ্যায়।

—০—

[বিজেতা উলিয়ম—সৈনিকভূম্যাধিকার-প্রণালী—উইলিয়ম রক্তকেশ—ক্রুসেড—রবর্ট—হেনরীসুপণ্ডিত—ষ্টেফেন্‌ হেনরীপ্লান্টাগেনেট—পোপের প্রাদুর্ভাব—রিচার্ড সিংহমনাঃ—ভূমিশূন্য যন—মাগ্না চার্টা—প্রকৃত ইংরাজজাতির উৎপত্তি।]

সাক্‌সন্‌ এবং নর্ম্মান্‌ এই দুই জাতির মধ্যেযে রূপ পরস্পার দৃঢ়তর বিদ্বেষ ছিল তাহাতে যে উইলিয়ম নিরুপদ্রবে ইংলণ্ড অধিকার করিতে পাইবেন তাহার কোন সম্ভাবনাই ছিল না। বস্তুতঃ সাক্‌সনেরা যাহাতে স্বাধীন হইতে পারে পুনঃ২ এমত চেষ্টা করিয়াছিল। তাহারা যেমন পূর্ব্বে সমুদায় ডেন্‌জাতীয় লোককে নষ্ট করিয়াছিল সেইরূপ সকল নর্ম্মান লোককেও হত্যা করিবার নিমিত্ত এক্ষণে পরামর্শ করিল। কিন্তু তাহাদিগের ঐ দুর্মন্ত্রণা সফল হইল না। এবং উহা প্রকাশ হওয়াতে উইলিয়ম, সাক্‌সনদিগের প্রতি অনেকানেক সুকঠিন-নিয়ম প্রচারিত করিলেন। প্রথমতঃ তিনি ইংলণ্ডে ভূম্যধিকারের এক নূতন প্রণালী প্রবর্ত্তিত করিলেন যদ্দ্বারা দেশের সকল ভূমি-সম্পত্তি রাজার নিজস্ব হইল। রাজা ঐ সমস্ত ভূমির কিয়দংশ খাসে রাখিলেন। অপর সমুদায় ভাগ সৈন্য সংখ্যার অনুসারে বিভাগ করিয়া আপন সেনাপতিগণকে অর্পণ করিলেন। সেনাপতিগণ

ঐ ভূমি সম্পত্তি গ্রহণকালে এমত স্বীকার করিলেন যে তাঁহারা রাজার অধীন হইয়া থাকিবেন এবং যুদ্ধ উপস্থিত হইলে নির্দ্দিষ্টসংখ্যক অশ্বারোহ এবং পদাত সৈন্য লইয়া তাঁহার সহকারিতা করিবেন। এই রূপ করাতে প্রায় সাক্‌সন্‌মাত্রেই ভূম্যধিকার-বর্জ্জিত হইল। প্রধান২ নর্ম্মান যোদ্ধৃপতিগণ স্ব২ অধিকারে এক একটা উপদুর্গ নির্ম্মাণ করিয়া তন্মধ্যে স্বাধীন হইয়া বাস করিতে লাগিলেন। উহাঁরা পরস্পর বিবাদ করিতেন, প্রজাবর্গের বিবাদ বিসম্বাদ মীমাংসা করিতেন এবং অপরাপর ব্যক্তিকেও ভূম্যধিকারের কিঞ্চিৎ২ অংশ প্রদান করিয়া আপনারা রাজার নিকট যে রূপ নিয়মেবদ্ধ ঐ সকল ব্যক্তিকেও তদ্রূপে বদ্ধ করিতেন। ফলতঃ কোন জাতি বিজিত জনপদ মধ্যে বাস করিবার প্রয়াস পাইলেই প্রায় এই রূপ ভূম্যধিকারের নিয়ম প্রচলিত করিয়া থাকে। উইলিয়ম তাহাই করিয়াছিলেন এবং এই নিয়ম তৎকালে ইউরোপের সর্ব্বত্রই প্রচলিত হইতেছিল*। কিন্তু ইহা ব্যতিরিক্ত তিনি আরও কতিপয় কঠিন নিয়ম সংস্থাপিত করেন। সন্ধ্যার কিয়ৎক্ষণ পরে নগরে২ ঘন্টার ধ্বনি হইত। সেই ঘন্টার ধ্বনি শ্রবণ

* এতদ্দেশে পঞ্জাবরাজ রণজিৎসিংহ অধীনস্থ সর্দ্দারদিগের সহিত পূর্ব্বোক্তরূপ নিয়ম করিতেন। পাঠানেরা হিন্দুস্থান জয় করিয়া কোথাও২ উক্তরূপ ভূম্যধিকার প্রণালী সংস্থাপনের চেষ্টা পাইয়াছিল।

মাত্র সকল প্রজাকেই স্ব২ গৃহের অগ্নি নির্ব্বাণ বা আচ্ছাদিত করিয়া অন্ধকারে থাকিতে হইত। যদি কোন নর্ম্মান্ কোথাও নিহত হইত তবে যে পল্লীতে তাহার শব পাওয়া যাইত সেই পল্লীর সকল লোকে তাহার নিমিত্ত দায়ী হইত। এবং হত্যাকারীকে নির্দ্দেশ করিয়া দিতে না পারিলে সকলেরই বিলক্ষণরূপ অর্থ দণ্ড হইত। উইলিয়ম আর এক নিয়ম করেন যে, রাজানুজ্ঞা ব্যতিরেকে কেহই মৃগয়া করিতে পারিবে না। এই রূপ নানা প্রকার রাজপক্ষপাতিনী ব্যবস্থা প্রচলিত হওয়াতে সাক্সনেরা অত্যন্ত পীড়িত হইতে লাগিল। কিন্তু উইলিয়ম, বিজেতা উপাধি গ্রহণ করিয়াছিলেন এবং যে অস্ত্রবলে হেষ্টিংসের যুদ্ধ জয় হইয়াছিল তাহারই বলে তাঁহার রাজ্য রক্ষিত হইল।

উইলিয়ম এমত সৌভাগ্যশালী, বুদ্ধিমান্ এবং প্রতাপান্বিত হইয়াও আপনার গৃহে সুখী হইতে পারেন নাই। তাঁহার তিন পুত্রের মধ্যে জ্যেষ্ঠ রবর্ট অবাধ্য এবং উদ্ধত স্বভাব ছিল। উইলিয়ম তাহার প্রতি নর্ম্মাণ্ডি শাসনের ভারার্পণ করিয়া ইংলণ্ডে আইসেন। কিন্তু রবর্ট স্বাধীন হইবার আকাঙ্ক্ষায় বিদ্রোহ উত্থাপন করে। ইহাতে পিতাপুত্রে সংগ্রাম হয়। তৎকালে অশ্বারোহ প্রধান ২ যোদ্ধৃ কুলীনগণ*

* ইংরাজীতে ইহাদিগকে নাইট্ বলে : এক্ষণে বিশিষ্ট ধনশালী ব্যক্তি মাত্রেই রাজার স্থানে নাইট্ উপাধি প্রাপ্ত হইতে পারেন।

আপনাদিগের সমুদায় শরীর লৌহবর্ম্মে আবৃত করিত। রবর্ট এবং উইলিয়ম উভয়েই ঐ রূপ বর্ম্ম ধারণ করিয়া পরস্পর দ্বৈরথ্য সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিলেন। পুত্র পিতার প্রতি আক্রমণ করিয়া তাঁহাকে অশ্বচ্যুত করে এবং পরে নিষ্কোষ কৃপাণ হস্তে তাঁহার শিরশ্ছেদনের উদ্যম করিলে উনিই যে তাঁহার পিতা এই পরিচয় প্রাপ্ত হয়। রবর্ট তৎক্ষণাৎ অনুতাপযুক্ত হইয়া পিতার পাদমূলে নিপতিত হইল এবং অতি করুণবচনে তাঁহার স্থানে ক্ষমা প্রার্থনা করিল।

ইহার কিয়ৎকাল পরে বিজেতা উইলিয়মের মৃত্যু হইল এবং তাঁহার রাজ্য দুই ভাগে বিভক্ত হইয়া পৈতৃক রাজ্য নর্ম্মাণ্ডি জ্যেষ্ঠ পুত্র রবর্টের এবং স্বোপার্জ্জিত ইংলণ্ড রাজ্য মধ্যম পুত্র দ্বিতীয় উইলিয়মের ভাগধেয় হইল। তৃতীয় পুত্র হন্‌রী যথেষ্ট সুবর্ণ-মুদ্রা পাইয়াই তুষ্ট রহিলেন। দ্বিতীয় উইলিয়মের কেশ রক্তবর্ণ ছিল এইজন্য ইতিহাসে ইহাঁকে 'রক্তকেশ' উপাধি প্রদান করা হইয়াছে। রবর্ট কেবল নর্ম্মাণ্ডি পাইয়াই তুষ্ট রহিলেন না। আর কূটবুদ্ধি উইলিয়মও মনে২ চিন্তা করিতে লাগিলেন যে রবর্ট অতি নির্ব্বোধ, অতএব তাহার হস্ত হইতে নর্ম্মাণ্ডির অধিকার গ্রহণ করা নিতান্ত কঠিন হইবে না। উভয়ের মন এইরূপ হওয়াতে পরস্পর বিবাদের সূত্র সহজেই উপস্থিত হইল। উভয় ভ্রাতৃ

সৈন্যে অনেক যুদ্ধ হইল এবং দিনং উইলিয়মে-রই বিজয় হইবার সম্ভাবনা দৃষ্ট হইতে লাগিল।

এমত সময়ে সমুদায় ইউরোপখণ্ডে একটী অতি ভয়ঙ্কর গোলযোগ উপস্থিত হইল। রোম সাম্রাজ্য নাশের হেতুভূত নানা অসভ্য জাতিদিগের মধ্যে তুরস্ক জাতীয়েরা অতি প্রধান বলিয়া গণ্য হইবার যোগ্য। তাহারা আল্টাই* পর্ব্বত হইতে অব-তীর্ণ হইয়া দক্ষিণপশ্চিমাভিমুখে আগমন করত তত্র-দ্দেশ প্রচলিত মুসলমান্ ধর্ম্ম গ্রহণপূর্ব্বক সমুদায় আসিয়িক তুরস্ক অধিকার করিয়া লয়। যাহারা কোন নূতন ধর্ম্ম গ্রহণ করে তাহাদিগের যেমন উৎসাহ হয়, যাহারা পুরুষানুক্রমে সেই ধর্ম্মের শাসন মানিয়া আসিতেছে তাহাদিগের তত উৎসাহ হয় না। নব মুসলমান্ধর্ম্মাবলম্বী তুরুকেরা জুডিয়া দেশ জয় করিয়া তথাকার খ্রীষ্টান তীর্থ যাত্রিক-দিগের প্রতি নানা প্রকার দৌরাত্ম্য করিতে লাগিল। পীটর নামক একজন সন্ন্যাসী জুডিয়া প্রদেশস্থিত খ্রীষ্টের সমাধিস্থান প্রভৃতি তীর্থদর্শন করিয়া ইউ-রোপে প্রত্যাগমন পূর্ব্বক তুরস্কদিগের ঐ সকল অত্যা-চারের বিবরণ ব্যক্ত করিয়া দিলেন। বিধর্ম্মীদিগের হস্ত হইতে আপনাদিগের তীর্থস্থান মুক্ত করিতে কোন্ ধর্ম্মপরায়ণ জাতির সম্যক্ ইচ্ছা না হয়? বিশেষতঃ পোপ ঘোষণা করিয়াদিলেন যে ' জগদীশ্বর স্বয়ং

* তাতারদেশের উত্তরসীমাবর্ত্তী পর্ব্বতশ্রেণী।

তুষ্ট হইয়া হনরীর সহায়তায় প্রবৃত্ত হইল। হনরী ঐ সময়ে জ্যেষ্ঠ ভ্রাতা রবর্টের প্রতি যুদ্ধোদ্যম করিলেন। প্রথম উদ্যমে ভ্রাতৃদ্বয়ের মধ্যে সন্ধি সংস্থাপিত হইল। দ্বিতীয় উদ্যমে আর সন্ধি হইল না। রবর্ট যুদ্ধে ধৃত হইয়া ইংলণ্ডের কোন দুর্গ মধ্যে যাবজ্জীবন নিরুদ্ধ রহিলেন। হনরী সমুদায় নর্ম্মাণ্ডী এবং ইংলণ্ডের উপর একাধিপত্য করিতে লাগিলেন।

কিন্তু তিনি শেষ দশায় অত্যন্ত মনোবেদনা পাইয়াছিলেন। তাঁহার একমাত্র পুত্র সমুদ্রমগ্ন হইয়া প্রাণত্যাগ করেন। পরে, আপনি একদা অতি-ভোজন দ্বারা পীড়াগ্রস্ত হইয়া পরলোক গমন করেন। হনরীর মৃত্যু হইলে তাঁহার ভাগিনেয় 'ষ্টেফেন' রাজাসন গ্রহণ করিলেন। কিন্তু ফ্রান্সের অন্তর্গত 'আঞ্জু' প্রদেশের অধিপতি মৃত মহীপতির হনরী-নাম দৌহিত্রও সেই সময়ে মাতামহের সিংহাসন গ্রহণার্থে যত্নবান হন্। উভয়ে অনেক যুদ্ধ হইয়াছিল। পরে প্রতিদ্বন্দীদিগের মধ্যে সন্ধিবন্ধন হইয়া এই নিয়-মাবধারণ হইল যে, হনরী এক্ষণে যুদ্ধে নিবৃত্ত থাকিবেন কিন্তু বয়োধিক 'ষ্টেফেনের' মৃত্যু হইলে তিনিই রাজা-সন পাইবেন। ১১৫৪ খৃষ্টাব্দে ষ্টেফেনের মৃত্যু হইল এবং পূর্ব্বোক্ত নিয়মানুসারে হনরী ইংলণ্ডের রাজা হইলেন। ইনিই 'প্লান্টাগেনেট্'* বংশের প্রবর্ত্তক।

* হনরীর পিতা বৃক্ষবিশেষের পত্র দ্বারা আপন শিরস্ত্রাণ

অতএব ইহাঁকে 'হন্‌রী-প্লাণ্টাগেনেট্' অথবা পক্ষান্তরে দ্বিতীয় হন্‌রী বলা গিয়া থাকে। তৎকালে হন্‌রীর তুল্য প্রতাপশালী মহীপাল আর কেহই ইউরোপে ছিলেন না। ইংলণ্ড এবং নর্ম্মাণ্ডী তাঁহার মাতামহ-রাজ্য, আঞ্জু পৈতৃক অধিকার এবং ফ্রান্সের আরও অনেকানেক প্রদেশ বিবাহ-সম্বন্ধে তাঁহার অধিকৃত হয়। এই সকল ব্যতিরিক্ত তিনি অস্ত্রবলে 'আয়র্লণ্ড' দ্বীপ জয় করেন, স্কট্‌লণ্ডের' রাজাকে বন্দী করিয়া আপন অধীনতা স্বীকার করান এবং ওয়েল্‌সের অধিপতির স্থানে নিয়মিতরূপ কর লন। কিন্তু এমত প্রতাপশালী হইয়াও তিনি সুখী হইতে পারেন নাই।

বিজেতা উইলিয়মের ইলংণ্ডে আগমন হওয়া অবধি ধর্ম্মশাস্তা পোপ তদ্দেশে আপন আধিপত্য বিস্তারের চেষ্টা পাইতেছিলেন। তখন ইউরোপের সর্ব্বত্রই যাজকদিগের সমূহ ভূম্যধিকার ছিল। ঐ ভূম্যধিকার রাজদত্ত, সুতরাং তজ্জন্য যাজকবর্গকে রাজার অধীন থাকিতে হইত। কিন্তু যাজকেরা ক্রমেং রাজশক্তি উল্লঙ্ঘন করিয়া আপনারা যে, কেবল ধর্ম্মশাস্তা পোপেরই অধীন, এইরূপ ব্যক্ত করিতে লাগিলেন। পরিশেষে তাঁহারা ইহাও বলিয়া উঠিলেন যে, আমাদিগের উপর রাজার

শোভিত করিতেন বলিয়া তিনিই প্রথমে এই উপাধি প্রাপ্ত হয়েন।

কোন শক্তিই নাই। যদি কোন যাজক কোন দুষ্কর্ম্ম করে, রাজা তাহার শাসন করিতে পারিবেন না। বস্তুতঃ যাজক সম্বন্ধীয় কি 'মাল্' কি 'ফৌজদারী' কোন প্রকার মোকদ্দমাতেই রাজার কোন হাত নাই। সেই সকল মোকদ্দমা পোপের নিযুক্ত বিচারপতিদিগের নিকটেই নিষ্পন্ন হইতে পারে। হন্‌রী দেখিলেন যে, ইহা হইলে পোপ্‌ই তাঁহার রাজ্যের রাজা হইয়া উঠেন। অতএব যাহাতে ইহা না হইতে পারে, নিরন্তর এই চিন্তা এবং চেষ্টা করিতে লাগিলেন। 'বেকেট্' নামা একজন সামান্য-বংশোদ্ভব, কিন্তু অতি বিচক্ষণ এবং প্রগাঢ় বিদ্যাবান কোন ব্যক্তি, রাজার পক্ষ হইয়া, এই বিষয়ে অনেক তর্ক করিয়াছিলেন। হন্‌রী তাঁহার প্রতি তুষ্ট হইয়া কান্টরবুরীর আর্চ-বিশপের* পদ শূন্য হইলে বেকেট্‌কে সেই পদে অধিরূঢ় করিলেন। কিন্তু বেকেট্ স্বয়ং ইংলণ্ডের প্রধান যাজক হইয়া আর পূর্ব্বরূপ রহিলেন না। পূর্ব্বে রাজার তোষামোদ এবং বাবুয়ানা করিয়া বেড়াইতেন। এক্ষণে একেবারে ধার্ম্মিকচূড়ামণি ও পরম তপস্বী হইয়া বসিলেন।

---

* ইংলণ্ডের যাজকশ্রেণীর সর্ব্বোচ্চপদ প্রাপ্ত ব্যক্তি আর্চ-বিশপ উপাধি গ্রহণ করিয়া থাকেন। ইংলণ্ডে আর্চবিশপ দুইজন, একজন য়ুর্ক নগরে অপর ব্যক্তি কেণ্টপ্রদেশীয় প্রধান নগর কান্টরবুরীতে অবস্থিতি করেন। এতদুভয়ের মধ্যে শেষোক্ত ব্যক্তি শ্রেষ্ঠতর।

তাঁহার পদ পরিবর্ত্ত হওয়াতে মতিরও পরিবর্ত্ত হইল। তিনি বলিয়া বসিলেন, যাজকদিগের বিচারে রাজার কোন হাতই নাই। হন্‌রী বেকেটের এইরূপ অত্যাচার দেখিয়া অত্যন্ত বিরক্ত হইলেন এবং কথায়২ এক দিন বলিয়া ফেলিলেন 'আমি কি হতভাগা! আমার এমন একটীও আত্মীয় ব্যক্তি নাই যে, এই পাজি যাজকের হাত হইতে আমাকে মুক্ত করে'। প্রভুদিগের কখন কাহার প্রতি ক্রোধ প্রকাশ করা কর্ত্তব্য নয়। সহজেই লোকে তাঁহাদের মন বুঝিয়া কর্ম্ম করিতে চাহে, আবার যদি তাঁহারা কাহারও প্রতি স্পষ্টরূপে আন্তরিক বৈরক্তি প্রকাশ করেন, তবে সেই ব্যক্তির রক্ষা হওয়া ভার। হন্‌রীর পারিষদ চারি জন তাঁহার প্রমুখাৎ পূর্ব্বোল্লিখিত কথা শ্রবণমাত্র আর কালবিলম্ব না করিয়া কান্টরবুরী নগরে গমন করত বেকেট্‌কে হত্যা করিয়া ফেলিলেন। বেকেট্ পরম ধার্ম্মিক বলিয়া প্রসিদ্ধ হইয়াছিলেন। অতএব তাঁহার হত্যায় দেশের অমঙ্গল শঙ্কা করিয়া সকল লোকে হাহাকার করিতে লাগিল। বেকেট্ সাধুমধ্যে* পরিগণিত হইয়া 'সেন্ট টমাস্' নামে প্রসিদ্ধ হইলেন এবং হন্‌রীকে তাঁহার বধের নিমিত্ত প্রায়শ্চিত্ত করিতে হইল। তিনি

---

* অতি ধর্ম্মশীল কোন ব্যক্তির তিরোভাব হইলে রোমান্-কাথলিক যাজকেরা তাঁহাকে সেণ্ট অর্থাৎ সাধু উপাধি প্রদান করিয়া থাকেন। মুসলমানেরা স্বজাতীয় তাদৃশ ব্যক্তিদিগকে পীর বলিয়া সম্মান করে।

রাজধানী লণ্ডন নগর হইতে অনাবৃত-পদে কাণ্টরবুরী নগর পর্য্যন্ত গমন করিলেন এবং সেণ্ট টমাসের মঠধারী সন্ন্যাসিগণ তাঁহার পৃষ্ঠে অশীতিবার বেত্রাঘাত করিল। হন্‌রী যত দিন এইরূপ প্রায়শ্চিত্ত না করিয়াছিলেন, তাবৎকাল ইংলণ্ডীয় প্রজাবর্গ মহাশঙ্কান্বিত হইয়াছিল এবং ধর্ম্মশাস্তা পোপ, মহারাজাকে অভিশপ্ত করিবেন, এই ভয় দেখাইয়া রাখিয়াছিলেন।

হন্‌রীর আর এক মহা অসুখের কারণ তাঁহার রাজ্ঞীর ও তদ্‌গর্ভজাত সন্তানদিগের দুর্বৃত্ততা। ইহঁার পুত্রেরা প্রথমে পরস্পর বিবাদ করিয়া পরিশেষে পিতার বিরুদ্ধেও অস্ত্রধারণ করে। সেই দুঃখে,বিশেষতঃ প্রিয়পুত্র 'হেন্'ও সেই বিদ্রোহে মিলিত হইয়াছে, ইহা জানিতে পারিয়া মহারাজ অত্যন্ত মনোবেদনায় অত্যল্প কালমধ্যেই প্রাণ পরিত্যাগ করিলেন।

দ্বিতীয় হন্‌রীর চারি পুত্র জন্মে। তন্মধ্যে দুই জন পিতৃবর্ত্তমানেই লোকান্তরগত হন। অবশিস্ট দুয়ের মধ্যে জ্যেষ্ঠ 'রিচার্ড' পিতৃ-সিংহাসন অধিকার করিলেন। রিচার্ড অত্যন্ত বলবান্ বিক্রমশালী এবং সাহসী পুরুষ ছিলেন। তজ্জন্য লোকে তাঁহাকে 'সিংহমনাঃ' উপাধি প্রদান করিয়াছিল। ইহঁার প্রধান কীর্ত্তি সহস্র ইহুদীয়* লোকের প্রাণবধ করা

* যিহুদীয়েরা খৃষ্টকে ক্রুশে বিদ্ধ করিয়া নষ্ট করে এবং বৈদেশিক বাণিজ্য দ্বারা অনেকে ধনশালী হয়, এই দুই কারণে

এবং ক্রুসেডে গমন করিয়া তাৎকালিক মুসলমান মহীপতি 'স্বালে অদ্দীনের' সহিত ঘোরতর যুদ্ধকরা। অনন্তর জুডিয়া হইতে স্থলপথে প্রত্যাগমন কালে ইনি অষ্ট্রিয়ার ডিউক্* কর্ত্তৃক কারাবরুদ্ধ হন এবং পরে তাঁহার প্রজাগণ নিষ্ক্রয়স্বরূপ যথেষ্ঠ অর্থদান করিয়া ইহাঁকে মুক্ত করিয়া আনে। রিচার্ড স্বরাজ্যে প্রত্যাগমন করিয়া স্বল্পকালমধ্যেই নিহত হন।

রিচার্ডের মৃত্যু হইলে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা 'যন্' সিংহাসনারোহণ করিলেন। যন অতিশয় মূর্খ এবং দুষ্টস্বভাব ছিল। ফ্রান্সের রাজা 'ফিলিপ',‡ যনের অক্ষমতা দর্শনে মনেং স্থির করিলেন যে, এই সুযোগে ফ্রান্সের মধ্যে ইংলণ্ডাধিপের যত অধিকার আছে, সমুদায় আপনার হস্তগত করিবেন। এই পরামর্শ করিয়া তিনি যনের ভ্রাতুষ্পুত্র 'আর্থর্কে' ইংলণ্ডের যথার্থ রাজা বলিয়া স্বীকার করত নর্ম্মাণ্ডী প্রভৃতি তাবৎ দেশ আক্রমণ করিয়া আপন অধি-

---

স্বার্থ-পরায়ণ ও ধনলোলুপ পূর্ব্বতন খৃষ্টানেরা তজ্জাতীয় লোকের প্রতি অতিশয় বিদ্বেষ করিত।

*অষ্ট্রিয়াদেশ পূর্ব্বে এক্ষণকার ন্যায় প্রবল ছিল না—বর্ত্তমান হাপ্সবর্গ বংশীয় রাজারা ইহাকে সাম্রাজ্য করিয়া তুলিয়াছেন এবং আপনারাও সম্রাট উপাধি প্রাপ্ত হইয়াছেন।

‡ ইনি অতিশয় বিচক্ষণ সদাশয় এবং প্রতাপান্বিত হইয়া 'অগষ্টস' উপাধি প্রাপ্ত হইয়াছিলেন।

কারসম্ভুক্ত করিলেন। প্রজাগণ যনকে 'ভূমিশূন্য' এই উপাধি প্রদান করিয়াছিল। ফলতঃ ফ্রান্সে 'যনের' অতি অল্পমাত্র স্থানই অধিকৃত রহিল। কিন্তু তিনি 'আর্থর'কে রণবন্দী করিতে পারিয়া ঐ শিশুর প্রাণ-বধ করিলেন।

যন এইরূপ বিবিধ অত্যাচার করিলে পর ইংলণ্ডের প্রধান২ ভূম্যধিকারিগণ উত্যক্ত হইয়া তাঁহার প্রতি বিদ্রোহাচরণে প্রবৃত্ত হইলেন এবং ১২১৫ খ্রীষ্টাব্দে তাঁহাকে 'মাগ্নাচার্টা' নামক প্রসিদ্ধ আধিকৃতিক পত্রীতে স্বাক্ষর করাইয়া লইলেন। এই 'মগ্নাচার্টা' ইংরাজদিগের মহামান্য ব্যবস্থা; ইহা দ্বারা প্রজামাত্রের স্বাধীনতা নির্দ্দিষ্ট হইল, —রাজা সাধারণী সভার অনভিমতে প্রজাদিগের স্থানে কর সংগ্রহ করিতে পারিবেন না ইহাও নিরূপিত হইল, —আর অনেক লোকে অনেক প্রকার বিশেষ২ ক্ষমতা প্রাপ্ত হইল। ফলতঃ এই মহতী আধিকৃতিক পত্রী প্রস্তুত করা—ইহাকে নানা বিপদে রক্ষা করা—এবং ইহার পরিপক্কতা সম্পাদনকরাই* যে, ইংরাজ জাতির চিরস্মরণীয় অদ্বিতীয় কীর্ত্তি, তাহার সন্দেহ মাত্র নাই।

যন মূর্খতা করিয়া পোপের সহিত বিবাদে প্রবৃত্ত হইয়াছিল। তাহাতে পোপ, তাহার রাজ্য, ফ্রান্সরাজ ফিলিপকে অর্পণ করেন। যন তাহাতে

---

* ইংলণ্ডের রাজগণ অনূ্যন ১৮ বার এই আধিকৃতিক পত্রী স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন।

ভীত হইয়া পুনর্ব্বার পোপের শরণাপন্ন হইল এবং বর্ষে২ তাঁহার নিকট কর প্রদান করিতে স্বীকার করিল। অনন্তর পোপ তাহাকে নির্ভয় করিলেন এবং ফিলিপকে যুদ্ধে নিবৃত্ত হইতে অনুমতি করিয়া পাঠাইলেন।

যন্ এইরূপে নীচতা এবং দুষ্টতার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া পরে ১২১৬ খ্রীষ্টাব্দে লোকান্তর গমন করিলেন। তাঁহার পুত্র তৃতীয় হন্‌রী তৎক্ষণাৎ সিংহাসনারোহণ করেন। ইনি সুশীল এবং ধর্ম্মকর্ম্মপরায়ণ ছিলেন। কিন্তু ইহাঁর মন নিতান্ত নিস্তেজ ছিল। ইনি কাহার পরামর্শ ব্যতিরেকে স্বয়ং সিদ্ধ হইয়া কোন কর্ম্মই করিতে পারিতেন না। প্রথমে তাঁহার ভগিনীপতি আর্ল অব্ পেম্ব্রোক্ নামা একজন প্রধান ভূম্যধিকারী সমুদায় রাজকার্য্য নির্ব্বাহ করিতেন। যত দিন ইনি জীবিত ছিলেন ততদিন রাজ্য পালন নিতান্ত মন্দ হয় নাই। কিন্তু পেম্ব্রোকের পর অনেক দুষ্টলোক হন্‌রীর পরামর্শী হইতে লাগিল। কেহ বা ভূম্যধিকারীদিগের সম্পত্তির প্রতি লোভ করাতে তাহাদিগের বিষ-নয়নে পড়িল, কেহ বা ফ্রান্সের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরাভব প্রাপ্ত হওয়াতে লোকের নিকট ধিক্কার প্রাপ্ত হইল, আর কেহ বা নিজ আত্মীয় বর্গের নিতান্ত পক্ষপাতী হইয়া রাজকর্ম্মের বিতরণ আরম্ভ করাতে রাজকর্ম্মচারীদিগের মনে অতি প্রবল ঈর্ষা জন্মা-

হইতে লাগিল। এইরূপে রাজ্যশাসনের মহৎ রাজ্যান্তি বিশৃঙ্খলা উপস্থিত হইলে পরিশেষে রাজার বিধবা-ভগিনী-পরিণেতা মন্টফোর্ড নামা ফ্রান্সদেশীয় ভূম্যধিকারী ইংলণ্ডে আগমন করিয়া লীশেষ্টর* নাম পরিগ্রহ করত রাজকার্য্যের ভার গ্রহণ করিলেন। লীশেষ্টর কখন রাজপক্ষ হইয়া ভূম্যধিকারিবর্গের দমন করিতে লাগিলেন—কখন বা ভূম্যধিকারিবর্গের পক্ষভাবলম্বন করিয়া রাজশক্তি হরণ করিতে লাগিলেন এবং মধ্যে২ সাধারণ প্রজাবর্গের সহায়তা-বলম্বন করিবার অভিপ্রায়ে তাহাদিগকে রাজ-শক্তির কিঞ্চিৎ২ অংশ প্রদান করিতে থাকিলেন। লীশেষ্টরের যত্নেই ইংলণ্ডে 'হৌস্ অব্ কমন্স্' নামক সভার প্রথম সৃষ্টি হয়। ইহার পূর্ব্বে কেবল প্রধান২ ভূম্যধিকারি এবং যাজকবর্গ সাধারণী-সভা-স্থলে অবস্থান প্রাপ্ত হইতেন। এক্ষণে নাগরিক ও পল্লীগ্রামনিবাসি প্রজারাও 'পার্লিয়ামেণ্ট' সভাতে প্রতিনিধি প্রেরণ করিবার ক্ষমতা প্রাপ্ত হইল।

লীশেষ্টরের যত্নেই এই মহৎকার্য্য সুসিদ্ধ হয়। কিন্তু এত করিয়াও তিনি সকলের প্রিয় হইতে পারেন নাই। তিনি যে, তাহাদিগের রাজা ও রাজ-পুত্রকে বন্দীপ্রায় করিয়া রাখিয়াছিলেন, লোকে তাহাই দেখিল; তাঁহার দ্বারাই যে ভাবি মঙ্গলগ্রাম

* ভূম্যধিকারি-বর্গের প্রচলিত নাম তাঁহাদিগের অধিকারের নামানুসারেই হইয়া থাকে।

দর্শনের প্রথম সোপান হয়, কেহই তাহা বিবেচনা করিল না। ফলতঃ সকল প্রধান লোককেই এই এক মহৎদুঃখ ভোগ করিতে হয় যে, তাঁহারা যাহা-দিগের উপকারের নিমিত্ত যাবজ্জীবন চেষ্টা করেন, তাহারাই উহাঁদিগের প্রতি বিরূপ হইয়া থাকে। কিন্তু ইহার কারণ মনুষ্যের কৃতঘ্নতা দোষ নহে। প্রধান ব্যক্তিরা স্বভাবতঃই দূরদর্শী হইয়া পরিণামে কি রূপে লোকের উপকার দর্শিবে, ইহাই চিন্তা ক-রেন; অদূরদর্শী জন সাধারণ তাঁহার কার্য্যের তাৎ-পর্য্য বুঝিতে পারে না, সুতরাং তাঁহার প্রতি বিরূপ হইয়া উঠে।

রাজপুত্র এড্ওয়ার্ড, পিতার ন্যায় অক্ষম ব্যক্তি ছিলেন না। তিনি কৌশলপূর্ব্বক একদা লীশে-ষ্টরের হস্ত হইতে মুক্ত হইয়া ত্বরায় সৈন্য সং-গ্রহ করিলেন এবং সম্মুখসংগ্রামে* লীশেষ্টরকে নিহত করিয়া পুনর্ব্বার পিতাকে সিংহাসনে স্থাপন করিলেন। ১২৭২ খৃঃঅব্দে তৃতীয় হন্রীর মৃত্যু হয়। এই অবধি দিন২ ইংলণ্ডের প্রাদুর্ভাব হইতে আরম্ভ হইল। নর্ম্মান্ এবং সাক্সন্ বলিয়া পূর্ব্বে প্রজায়২ যে রূপ বিদ্বেষ ভাব ছিল, তাহা প্রায় সক-লই বিলুপ্ত হইয়া গিয়াছিল এবং এক্ষণে ইংরাজেরা প্রবলতর হইয়া অপরাপর জাতির প্রতি বল প্রকা-শের উপক্রম করিতে আরম্ভ করিলেন।

*এভ্সামের যুদ্ধে।

তৃতীয় অধ্যায়।

—•—

[নর্ম্মান্ ও স্যাক্সন্‌দিগের সম্মিলন—রোমানকাথলিক ধর্ম্মের প্রভাব—এডওয়ার্ড ১ম বা দীর্ঘবাহু—স্কট্‌লণ্ড আক্রমণ—ওয়ালেস—ব্রুস—২য় এডওয়ার্ড—৩য় এডওয়ার্ড—ফ্রান্সের সহিত যুদ্ধ—ব্লাক্‌প্রিন্স্।]

পূর্ব্ব দুই অধ্যায়ে বর্ত্তমান ইংরাজ জাতির উৎপত্তির বিবরণ কথিত হইয়াছে। স্যাক্সন্ এবং নর্ম্মান্‌দিগের পরস্পর সম্মিলনেই প্রকৃত ইংরাজ-জাতির উৎপত্তি হয়। সেই সম্মিলনের প্রধান কারণ এই যে, ঐ দুই জাতির বাস্তবিক মূল ভিন্ন ছিল না। উভয়েই টিউটন্‌জাতীয় লোক ছিল; সুতরাং তাহাদিগের আদিমভাষা, আদিম ধর্ম্ম এবং আদিম রীতি, নীতি একপ্রকার হওয়াতে, উহারা সহজেই মিলিত হইতে পারিল। কিন্তু উক্ত জাতিদ্বয়ের একীকরণ যে, অতি শীঘ্রই সম্পন্ন হয়, তাহার আরও একটী কারণ ছিল। তাহা এই যে, ইংলণ্ডের রাজারা অতি অল্পকাল মধ্যেই পৈতৃক অধিকারচ্যুত হইয়া কেবল ইংলণ্ডকেই সার করিয়া থাকিলেন; সুতরাং তাঁহাদিগের এবং তজ্জাতীয় কুলীন ভূম্যধিকারিগণের সন্তান সন্ততি

ইংলণ্ডে জাত, শিক্ষিত,এবং সাক্‌সন্‌ অনুচর ও সহচরবর্গ-পরিবেষ্টিত হওয়াতে অতি শীঘ্রই সাক্‌সন্‌দিগের প্রতি ঘৃণা-দ্বেষ-বর্জ্জিত হইয়া উঠিল।

এতদ্ব্যতিরিক্ত রোমান্‌ কাথলিক ধর্ম্ম প্রণালীর একটী সুমহৎগুণ এই যে, ইহার শাসনাধীন প্রায়ই জাতিভেদ-জনিত দ্বেষাদ্বেষ অধিক প্রবল হইতে পারে না। রোমান্‌ কাথলিকদিগের মতে যাজক মাত্রেই অন্য সর্ব্বব্যবসায়ি লোক অপেক্ষা শ্রেষ্ঠ; সুতরাং কোন ব্যক্তি যতই নীচবংশোদ্ভব হউন না কেন, তিনি যাজকের ব্যবসায় গ্রহণ করিলেই সকলের পূজনীয় হন। রোমান কাথলিক যাজকেরা এইরূপে কেবল আপনাদিগের গৌরব বৃদ্ধি করিবার অভিপ্রায়ে অন্য সকল লোকের মধ্যে জাতিভেদ প্রবল হইতে দিতেন না। যজমানেরা সকলেই সমান, যাজক মাত্রেই তাহাদিগের মাননীয়, এই সংস্কার প্রবল করাই রোমান্‌ কাথলিক যাজকদিগের উদ্দেশ্য ছিল।

যাহা হউক, প্রকৃত ইংরেজ জাতি জন্ম গ্রহণ মাত্রেই চতুর্দ্দিগে আপনার প্রাবল্য প্রকাশ করিতে আরম্ভ করিল। তাহাদিগের রাজা প্রথম এডওয়ার্ড, তাঁহার পিতার ন্যায় অক্ষম পুরুষ ছিলেন না। তিনি লীসেষ্টরকে নষ্ট করিয়া পিতাকে সিংহাসনাধিপতি করেন এবং আপনি ধর্ম্মযুদ্ধে নির্গত হইয়া জুডিয়া প্রদেশে যান। তথায় পিতার লোকা-

ন্তুর গমন বার্ত্তা শ্রবণ করিয়া এড্‌ওয়ার্ড স্বরাজ্যে প্রত্যাগমন করিলেন এবং প্রথমেই 'ওএল্‌স্‌' প্রদেশ জয় করিয়া আপন রাজ্য সম্ভুক্ত করিলেন। রাজ্ঞী* এইযুদ্ধের পর ওয়েল্‌সে অবস্থান করত এক নবকুমার প্রসব করেন ; এইজন্য এড্‌ওয়ার্ড আপন পুত্রকে 'প্রিন্স্‌অব্‌ওএল্‌স' উপাধি প্রদান করেন এবং সেই অবধি ইংলণ্ডের যুবরাজ মাত্রেই ঐ উপাধি প্রাপ্ত হইয়া আসিতেছেন। ওয়েল্‌স্‌ জয় হইবার পর এড্‌ওয়ার্ড, স্কট্‌লণ্ড দেশও নিজ অধিকার সম্ভুক্ত করিবার মানস করিলেন। ঐ সময়ে স্কট্‌-লণ্ডের রাজাসন শূন্য ছিল, কে রাজ্যাধিকারী হইবে তাহার নিশ্চয়তা হয় নাই। প্রতিদ্বন্দিগণ এড্‌ওয়ার্ডকে মধ্যস্থ মানিলে পর তিনি বলিলেন, তোমাদিগের মধ্যে যে আমার নিকট অধীনতা স্বী-কার করিয়া রাজ্য গ্রহণ করিবে, আমি তাহাকেই রাজ্য দিব। 'বেলিয়ল্‌' নামক এক ব্যক্তি তাহা স্বীকার করিয়া রাজ্য প্রাপ্ত হইলেন। কিন্তু স্কট্‌-লণ্ডের প্রজা সমূহ আপনাদিগের জন্মভূমির অগৌ-

---

*এই রাজ্ঞীর নাম 'ইলিয়ানর' ছিল। ইনি স্বামী-সমভি-ব্যাহারে জুড়িয়া প্রদেশে গিয়াছিলেন এবং তথায় কোন দুর্বৃত্ত মুসলমান এড্‌ওয়ার্ডের প্রাণ সংহারার্থ বিষাক্ত অস্ত্র দ্বারা তাঁহার শরীরে আঘাত করিলে, পতিব্রতা পত্নী নিজ জীবন প্রত্যাশা পরিহার পূর্ব্বক মুখ দ্বারা ক্ষত ভাগ চোষণ করিয়া স্বামীর জীবন রক্ষা করিয়াছিলেন। ঈশ্বরানুগ্রহে তাঁহার ও অমূল্যজীবনের কোন ব্যাঘাত হয় নাই।

রব সহ্য করিতে পারিল না। তাহারা অত্যল্প কাল মধ্যেই বিদ্রোহ উত্থাপন করিল। এড্‌ওয়ার্ড সসৈন্যে গমন করত স্কট্‌লোকদিগকে দমন করিয়া আপনার আধিপত্য সংস্থাপন করিলেন। ইহার পর ফ্রান্সের সহিত বিবাদ উপস্থিত হওয়াতে তাঁহাকে তদ্দেশে গমন করিতে হইল। সেই অবকাশে 'ওয়া-লেস্, নামা সুপ্রসিদ্ধ স্বদেশহিতৈষী মহাত্মা স্কটলণ্ডে আপন প্রভাব প্রকাশ করিতে আরম্ভ করেন। তিনি প্রথমে অতিঅল্পমাত্র সহচর লইয়া ইংরাজদিগকে আক্রমণ করিতে লাগিলেন। প্রতি উদ্যমেই জয় লাভ হওয়াতে তাঁহার দল পুষ্ট হইতে লাগিল এবং এড্-ওয়ার্ড ফ্রান্স হইতে ফিরিয়া না আসিতে আসিতেই সমুদায় স্কট্‌লণ্ড দেশ পুনর্ব্বার স্বাধীন হইয়া উঠিল। কিন্তু ইংলণ্ড রাজ স্বয়ং যুদ্ধস্থলে উপস্থিত হইলে আর 'ওয়ালেসের' প্রভুত্ব থাকিল না। স্কট্‌দিগের সৈন্যগণ পরাভূত হইল। 'ওয়ালেস্' প্রথমতঃ ইতস্ততঃ পলাইয়া বেড়াইতে লাগিলেন এবং পরি-শেষে কোন জঘন্যাধম ধনলুব্ধ বন্ধু কর্ত্তৃক এড্ও-য়ার্ডের হস্তে সমর্পিত হইলে লণ্ডন নগরে আনীত ও বিদ্রোহী বলিয়া ঘাতক কর্ত্তৃক নিহত হইলেন। এই কার্য্যটী বীরপ্রকৃতিক এড্‌ওয়ার্ডের নিতান্ত অযোগ্য হইয়াছিল।

কিন্তু আবার কিছুকাল পরে 'ব্রুস্' *নামা একজন

* আমাদিগের বর্ত্তমান গবর্ণর জেনেরল লর্ড এল্‌গিন বাহাদুর এই মহানুভাবের বংশসম্ভূত।

বীর পুরুষ ওয়ালেসের মতাবলম্বী হইয়া নিজ জন্ম ভূমির স্বাধীনতা সাধনার্থ পুনর্ব্বার যত্নবান্ হইলেন। এড্ওয়ার্ড তদ্দমনার্থ গমন করিয়া পথিমধ্যে লৌকিকী লীলা সম্বরণ করেন। তাঁহার পুত্র দ্বিতীয় এড্ওয়ার্ড রাজ্যাধিকারী হইয়া আপনার মূর্খতায় ব্রুসের নিকট পরাভূত হইলেন* এবং তাঁহার দুঃশীলা রাজ্ঞী† ইংলণ্ডের ভূম্যধিকারিবর্গের সহিত মিলিত হইয়া তাঁহাকে যুদ্ধে পরাভূত করত রাজকার্য্যে অক্ষম বলিয়া বন্দীকৃত করিয়া রাখিল। পরিশেষে অবক্তব্য যন্ত্রণাসহকারে দ্বিতীয় এড্ওয়ার্ডের প্রাণবধ হয়। ইহাঁর পুত্র 'তৃতীয় এড্ওয়ার্ড্' পিতৃসত্ত্বে রাজোপাধি প্রাপ্ত হইয়াছিলেন। তিনি যত দিন অপ্রাপ্ত-ব্যবহার ছিলেন তাবৎ কাল তাঁহার মাতা ও তদুপপতি 'মর্টিমর' নামক একজন ভূম্যধিকারী সমুদায় রাজকার্য্য নির্ব্বাহ করিতেন। পরে এড্ওয়ার্ডের পক্ষীয় ভূম্যধিকারিগণ মর্টিমরকে নষ্ট করিয়া রাজমাতাকে কারানিরুদ্ধ করিয়া রাখিলেন। এডওয়ার্ড প্রথমেই স্কট্লণ্ড আক্রমণ করেন। সম্মুখ সংগ্রামে তাঁহার জয় হইল। কিন্তু তিনি নিজ রাজ্যে আগমন করিবামাত্র স্কট্লণ্ডের প্রজাগণ পুনর্ব্বার স্বাধীনতা গ্রহণ করিল। এদিকে ফ্রান্সের রাজাসন শূন্য‡ হওয়াতে এড্ওয়ার্ড

* বানকবর্ণের যুদ্ধে।

† ফ্রান্সরাজ চতুর্থ ফিলিপের দুহিতা ইসেবেলা।

‡ চতুর্থ চার্লসের মৃত্যুর পর।

বলিলেন যে, আমার মাতা ফ্রান্সরাজ দুহিতা; অতএব আমিই ফ্রান্সের রাজ্যাধিকারী হইব। কিন্তু ফরাসীদিগের দেশীয় ব্যবস্থানুসারে* স্ত্রীলোক মাত্রেরই রাজাসনে অধিকার ছিল না। ইংলণ্ড রাজ ঐ ব্যবস্থা মানিলেন না, কিন্তু ফরাসীরা তাঁহার কথা অগ্রাহ্য করিয়া 'ভালোয়া'-বংশীয় 'ফিলিপ'‡ নামক প্রকৃত রাজ্যাধিকারিকেই রাজাসন প্রদান করিল। এইরূপে ফ্রান্স এবং ইংলণ্ডে বহুকালস্থায়ী বিবাদের প্রথম সূত্রপাত হয়। এড্ওয়ার্ড ১৩৪৬ খ্রীষ্টাব্দে ফ্রান্স রাজ্য আক্রমণ করিয়া 'ক্রেসী' নামক একটী ক্ষুদ্র গ্রামের নিকট একদা তুমুল সংগ্রাম করেন। তাহাতে ত্রিংশৎসহস্র ইংলণ্ডীয় সৈন্যকর্ত্তৃক লক্ষাধিক ফরাসী সেনা পরাভূত হইল। এই যুদ্ধে ইংরেজেরা সর্ব্ব প্রথমে কামানের ব্যবহার করিয়াছিলেন। কিন্তু তাঁহাদিগের জয় কামানের গুণে, অথবা লৌহবর্ম্মধারি অশ্বারোহ ভূম্যধিকারি সৈনিকগণের বিশেষ বিক্রমে, হয় নাই। অশ্বারোহ সৈন্য ফরাসীদিগেরও যেমন সাহসিক, রণদক্ষ এবং বিক্রমশালী ছিল, ইংরাজদিগেরও তদ্রূপই ছিল। কিন্তু ফরাসী পদাত সৈন্যে এবং ইংলণ্ডীয় পাদাত সৈন্যে অনেক প্রভেদ হইয়াছিল। ইংলণ্ডীয় সাধারণ প্রজাগণ আর তাহা-

---

* ইহাকে 'শালিকলা' বলে।

‡ ইহাঁকে ষষ্ঠ ফিলিপ বলে এবং ইনি ৪র্থ চার্লসের খুল্লতাত পুত্র ছিলেন।

দিগের ভূম্যধিকারিবর্গের নিতান্ত দাসস্বরূপ ছিল না। উহারা স্বাধীনতার সুখভোগ করিয়া স্বদেশের হইয়াই যে, যুদ্ধ করিতেছে এমত ভাবিতে লাগিল; সুতরাং প্রাণ পণ করিয়া সংগ্রাম করিল। এই যুদ্ধে ইংলণ্ডের যুবরাজও বিলক্ষণ ক্ষমতা প্রকাশ করিয়াছিলেন। তিনি সচরাচর ঘোর তিমিরবর্ণ বর্ম্ম ধারণ করিতেন; এই হেতু সকলে তাঁহাকে 'ব্ল্যাক্‌প্রিন্স্' (কৃষ্ণকুমার) উপাধি প্রদান করিয়াছিল। যখন ফরাসী এবং ইংরাজ সৈন্যে ঘোরতর সংগ্রাম হইতেছে এবং 'ব্ল্যাক্‌প্রিন্স্' সকলের অগ্রবর্ত্তী সৈন্যচয় লইয়া যুদ্ধ করিতেছেন, তখন একজন সৈনিক পুরুষ রাজসমক্ষে উপস্থিত হইয়া 'মহারাজ! রাজকুমারের সাহায্যার্থ কিছু সৈন্য প্রেরণ করুন্' এই বলিয়া ব্যগ্রতা পূর্ব্বক অনুরোধ করিলে রাজা বলিলেন 'কেন আমার পুত্র জীবিত আছে ত'?। ঐ ব্যক্তি উত্তর করিল 'হঁা তিনি কুশলে আছেন কিন্তু সংগ্রাম অতিশয় ভয়ঙ্কর হইতেছে'। রাজা বলিলেন 'তবে আর অধিক সৈন্যের প্রয়োজন নাই, যুবরাজকে বল যে, তাঁহাকে এই যুদ্ধেই 'নাইট্' উপাধি গ্রহণের যোগ্যতা দর্শাইতে হইবে'। 'ব্ল্যাক্‌প্রিন্স' বিনা সহায়তাতেই যুদ্ধবিজয় করিলেন। এই যুদ্ধের পর এড্‌ওয়ার্ড কালিস্* নগর অবরোধ করেন। নাগরিকেরা একাদশ মাস তাঁহার সহিত

* ডোবর প্রণালীর তীরবর্ত্তী কালিস্ (কালে)নগর।

যুদ্ধ করে। পরে যখন তাহারা নিতান্ত অক্ষম হইয়া তাঁহার নিকট শরণ প্রার্থনা করিল, তখন তিনি ক্রুদ্ধ হইয়া বলিলেন, 'তোমাদিগের মধ্যে কতিপয় প্রধান২ ব্যক্তির প্রাণ নাশ না করিলে আমি ক্ষান্ত হইব না'। মহাত্মা 'য়ুষ্টেস্ ডিসেন্ট পীয়র' প্রথমেই নিজ জীবন দানপূর্ব্বক নাগরিকবর্গের নিষ্কৃতিসাধনে সম্মত হইয়াছিলেন। তাঁহার দৃষ্টান্তানুগামী হইয়া আরও কতিপয় উদারচরিত ব্যক্তি স্ব২ গলদেশে শৃঙ্খল বন্ধনপূর্ব্বক 'এড্ওয়ার্ডের' সমক্ষে আসিয়া উপস্থিত হইলেন। 'এড্ওয়ার্ড' উহাঁদিগের প্রতি তর্জ্জন গর্জ্জন করিতেছেন, এমত সময়ে রাজমহিষী 'ফিলিপা' স্বামীর পদাবনত হইয়া তাঁহার স্থানে ঐ ব্যক্তিদিগের প্রাণ ভিক্ষা করিলেন। রাজা সেই গুণবতী ধর্ম্মপত্নীর করুণপ্রার্থনায় অসম্মত হইতে পারিলেন না। উক্ত নাগরিকদিগকে মুক্ত করিয়াদিলেন এবং কালিস্ নগরে আপন সৈন্য সন্নিবেশ করিয়া উহা আপন অধিকারসম্ভুক্ত করিলেন।

যে সময়ে ফ্রান্সে এই ব্যাপারঘটিতেছিল সেইকালে ফ্রান্সের মিত্র রাজা, স্কট্লণ্ডের অধিপতি, উত্তরদিক্ হইতে ইংলণ্ড আক্রমণ করিয়াছিলেন। কিন্তু রাজ্ঞী অবিলম্বে সসৈন্যে গমন করিয়া তাঁহাকে পরাভূত ও বন্দীকৃত করিয়া আনিলেন। এডওয়ার্ড, ব্ল্যাক্প্রিন্সের হস্তে ফ্রান্সের যুদ্ধকার্য্য সমর্পণ করিয়া স্বদেশে প্রতিগমন করি-

লেন এবং ইহার অত্যল্পকাল মধ্যে ফ্রান্সরাজ ফিলি-পের মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা 'যন' তদ্দেশের সিং-হাসনারোহণ করিলেন। যনের সহিত ব্ল্যাক্‌প্রিন্সের একটী ভয়ঙ্কর যুদ্ধ হয়। তাহাতেও অত্যল্প ইং-রাজ সৈন্যকর্ত্তৃক তাহার পঞ্চগুণ ফরাসী সৈন্য 'পই-টীয়র্সের' নিকট সম্মুখ যুদ্ধে পরাভূত হইয়াছিল। এই যুদ্ধে ফ্রান্সরাজ স্বয়ং ধৃত হইয়াছিলেন। সুশীল 'ব্ল্যাকপ্রিন্স' বন্দীকৃত রাজার সবিশেষ গৌরব করিয়া তাঁহাকে পিতৃসদনে আনয়ন করি-লেন। অতএব স্কট্‌লণ্ড এবং ফ্রান্স দুই দেশের দুইজন রাজা তখন ইংলণ্ডে বন্দীভূত হইয়া রহি-লেন। ব্লাক্‌প্রিন্স্ ইহার কিছুকাল পরে স্পেন দেশে গমন করিয়াছিলেন এবং 'নাজারার' যুদ্ধে জয়ী হইয়া শরণাপন্ন স্পেনীয় ভূপতিকে তাঁহার সিংহাসন প্রদান করিয়াছিলেন। কিন্তু এই স্পেনে গিয়াই যুবরাজ পীড়াগ্রস্ত হন্ এবং অচিরকাল মধ্যে লৌকিকী লীলা সম্বরণ করেন। এড্‌ওয়ার্ড তাদৃশ গুণশালী সুধার্ম্মিক পুত্রের মরণে মর্ম্মান্তিক দুঃখানুভব করিয়া ১৩৭৭ খ্রীষ্টাব্দে কলেবর পরিত্যাগ করিলেন।

ইংরেজেরা এড্‌ওয়ার্ডের সময়ে যেরূপ প্রবল হইয়াছিল তাহা দেখিলে বিলক্ষণ বোধ হয় যে, উহাদিগের দ্বারা পুনর্ব্বার সমুদায় ইউরোপে রোমা-ধিকারের ন্যায় একাধিপত্য সংস্থাপিত হইতে

পারিত। তৎকালে তাহারা বল ও বুদ্ধি উভয়েতেই সমান হইয়াছিল। 'চসর্' নামক মহাকবি ঐ সময়ে সর্ব্বপ্রথমে ইংলণ্ডীয় ভাষায় কাব্য রচনা করেন। 'উইক্লিফ্' নামক অপর এক ব্যক্তি 'রোমান্ক্যাথলিক' ধর্ম্মপ্রণালীর দোষোদ্ঘোষণ করিয়া 'বাইবলের' কিয়দংশ ইংরাজিতে অনুবাদিত করেন। ইহার পূর্ব্বে আদালতে ফরাসী ভাষার ব্যবহার হইত, এক্ষণে তাহাও রহিত হয়। অতএব এই সময়ই ইংরাজদিগের বল, বিক্রম, শিল্পনৈপুণ্য এবং কাব্য শাস্ত্রাদি রচনার প্রথম অভ্যুদয় কাল। কিন্তু অন্তর্ব্বিবাদেই উহাঁদিগের সমস্ত বল পর্য্যবসিত হইয়া যায়; সুতরাং তাঁহারা যেরূপ উদ্যম করিয়া উঠিয়াছিলেন ইউরোপখণ্ডে তদনুরূপ সাম্রাজ্য-স্থাপন করিতে পারিলেন না।

—০০—

চতুর্থ অধ্যায়।

—০—

[২য় রিচার্ড—ওয়াট্ টাইলর—৪র্থ হেনরী—৫ম হেনরী—৬ষ্ঠ হেনরী—গোলাপদ্বয়ের যুদ্ধ—৪র্থ এড্ওয়ার্ড—৫ম এড্-ওয়ার্ড—৩ য় রিচার্ড—টিউডর বংশ।]

তৃতীয় এড্ওয়ার্ডের ছয় পুত্রের মধ্যে জ্যেষ্ঠ তিন জন পিতা থাকিতেই লোকান্তর গমন করেন। তন্মধ্যে সর্ব্ব-জ্যেষ্ঠ ব্ল্যাক্প্রিন্সের একপুত্র এবং তৃ-তীয় পুত্র লাইওনেলের এক কন্যা সন্তান থাকে। ব্ল্যা-কপ্রিন্সের পুত্র দ্বিতীয় রিচার্ড নাম পরিগ্রহ পূর্ব্বক পিতামহ রাজ্যে রাজা হইলেন। এবং তাঁহার বয়ঃ প্রাপ্তি পর্য্যন্ত চতুর্থ খুল্লতাত 'ডিয়ুকঅব্লাঙ্কাস্টর' রাজকার্য্য নির্ব্বাহ করিতে লাগিলেন।

রিচার্ডের রাজ্যকালে ইংলণ্ডের সাধারণ প্রজা গণের মধ্যে এক ভয়ঙ্কর বিদ্রোহ উত্থাপিত হইয়া-ছিল। তাহার মূল কারণ এই যে, রাজা ও ভূম্যধিকারী সকলেই উহাদিগের পীড়ন করিতেন; এমন কি, পূর্ব্বে স্যাক্সনদিগের মধ্যে যেরূপ কৃষিবর্গ দাসত্বশৃঙ্খলে বদ্ধ ছিল, অদ্যাপি সম্পূর্ণ-রূপে তাহা খণ্ডিত হয় নাই। কোথাও২ ভূম্যধিকারবিক্রয় কালে সেই ভূমিনিবাসি কৃষকেরাও বিক্রীত হইত এবং নাগরিকেরা কোন

পরাক্রান্ত ভূম্যধিকারীর শরণাপন্ন হইয়া না থাকিলে তাহাদিগের প্রতিও যথেষ্ট অত্যাচার হইত। কিন্তু ইংলণ্ডের বাণিজ্যবিস্তার হওয়াতে জনসাধারণের মধ্যে ধন ও বিবিধবিষয়জ্ঞতার বৃদ্ধি হইতে আরম্ভ হইয়াছিল; সুতরাং তাহারা আর দাসত্বদশায় পরিতুষ্ট থাকিতে পারিত না। উল্লিখিত বিদ্রোহের ইহাই প্রকৃত কারণ বটে; কিন্তু অপর একটী ব্যাপার উপস্থিত হওয়াতেই ইহা তৎকালে উদ্রিক্ত হয়। তখন ইংলণ্ডে কর আদায় করিবার এইরীতি ছিল যে, পার্লিয়ামেণ্ট সভার অনুমতিক্রমে কোন কর নির্দ্দিষ্ট হইলে রাজা আপনার লোক দিয়া ঐ কর আদায় করিতেন না। তশীলদারদিগের স্থানে ইচ্ছানুরূপ পণ লইয়া ঐ করাদায়ের ভার তাহাদিগেরই হস্তে সমর্পণ করিতেন। এই সময়ে পার্লিয়ামেন্টের মতে একটী পোল্ টাক্স্* নিরূপিত হইয়াছিল। ঐ পোলটাক্সের তাৎপর্য্য এই যে, পঞ্চদশবর্ষের অধিক বয়স্ক পুরুষমাত্রকেই সমপরিমাণে কর প্রদান করিতে হইবে। এইরূপে কর নির্দ্দেশ করা অত্যন্ত অন্যায্য। কারণ ইহাতে আঢ্য এবং দুঃস্থ সকল প্রজাকেই তুল্যমূল্য করা হয় এবং তাহা করিতে গেলেই দুঃখি-

---

* হিন্দুধর্ম্মাবলম্বীদিগের প্রতি 'জিজিয়া' নামক যে কর আরঙ্গেব (ঔরংজেব) ও অন্যান্য দুর্বৃত্ত মুসলমান বাদসাহদিগের দ্বারা নিরূপিত হইত তাহার প্রকৃতিক এইরূপ। বর্ত্তমান ইনুকম টাকসের এই প্রকার কোন দোষ নাই।

লোকের সমূহ কষ্ট হইয়া থাকে। যাহা হউক, ঐ পোলটাক্সের আদায় হইবার সময়ে সকলেই মনেং অতিশয় বিরক্ত হইয়াছিল, কিন্তু মুখে কেহই কোন কথা বলিতে সাহস করিত না। এমত সময়ে ‘ওয়াট্’ নামে এক ব্যক্তির নিকট উক্ত কর আদায়ের নিমিত্ত যাইলে সে আপনার নিমিত্ত যথোচিত কর প্রদান করিয়া বলিল, আমি বই আর আমার বাটীতে পুরুষ নাই; আমার পরিবারে কেবল একটী কন্যা সন্তান মাত্র। করাদায়ী কহিল “কৈ তোমার সে কন্যা কোথায়? আমি দেখিতে চাই” ওয়াট্ তৎক্ষণাৎ আপন যুবতী কন্যাকে বাহির করিয়া দেখাইল। কিন্তু ঐ দুরাত্মা তাহাতেও তুষ্ট না হইয়া বলিল, ইটি স্ত্রীলোক কি পুরুষ তাহা বিশেষ করিয়া জানা আবশ্যক। এই বলিয়া সে ঐ যুবতীর বস্ত্রহরণের উদ্যম করিলে পিতা আর ক্রোধসম্বরণে অসমর্থ হইয়া তাহার মস্তকে মুদ্গর প্রহার করিলেন। এক আঘাতেই দুরাত্মার পঞ্চত্ব হইল।

ওয়াটের প্রতিবাসিগণ অবিলম্বে এই ব্যাপার শ্রবণ করিয়া সকলেই তুষ্ট হইল এবং তাহাকে রাজ-দণ্ডে দণ্ডিত না হইতে হয়, এই অভিপ্রায়ে তাহার সহিত আসিয়া মিলিত হইতে লাগিল। কতিপয় দিবসমধ্যেই নানা অস্ত্র শস্ত্র ধারী ষষ্টি সহস্রাধিক ব্যক্তি ওয়াটের দলে নিবিষ্ট হইল। তখন তিনি প্রজাসাধারণের যাবতীয় দুঃখ এক ঘোষণাপত্রীতে-

লিপিবদ্ধ করিয়া চতুর্দ্দিকে প্রচারিত করিয়া দিলেন এবং আপনি লণ্ডননগরাভিমুখে যাত্রা করিলেন। রাজা আপন মন্ত্রিবর্গসমবেত হইয়া ওয়াটের সমক্ষে উপনীত হইলে সে তৎক্ষণাৎ অগ্রসর হইয়া রাজাকে আপনাদিগের তাবৎ দুঃখবিবরণ বিজ্ঞাপন করিতে লাগিল। ওয়াট সাহসপ্রাপ্ত হইয়াছিল; অতএব সে মুক্তকণ্ঠে রাজার ও ভূম্যধিকারিবর্গের দৌরাত্ম্য বর্ণন করিতে লাগিল এবং মধ্যে২ হস্তোত্তোলনাদি বাগ্মি-সমুচিত অঙ্গভঙ্গীও করিতে আরম্ভ করিল। তদ্দর্শনে একজন রাজপারিষদ হঠাৎ তাহার প্রতি আক্রমণ করিলেন এবং অবিলম্বে সকলে মিলিয়া তাহার শরীর খণ্ড২ করিয়া ফেলিলেন। প্রজাগণ-তর্দ্দশনে মহাকুপিত হইল এবং রাজা স্বয়ং সাতি-শয় প্রত্যুৎপন্ন-মতির-কার্য্য না করিলে, বোধ হয়, তৎক্ষণাৎ অতি ভয়ঙ্কর অনর্থ ঘটিত। কিন্তু রিচার্ড, ওয়াটের মৃত্যুদর্শন মাত্র প্রজাদিগের নিকটে ধাব-মান হইয়া গেলেন এবং উচ্চৈঃস্বরে বলিলেন "হে প্রকৃতিবর্গ! তোমাদিগের নায়ক হত হইলেন বলিয়া তোমারা দুঃখিত হইও না; আমি স্বয়ং তোমাদিগের পরিচালকতা গ্রহণ করিলাম, এবং যাহাতে তো-মাদিগের সকল দুঃখবিমোচন হয়, অবশ্যই এমত করিব"। জনগণ রাজার এই বাক্যে তুষ্ট হইয়া ওয়াট্ টাইলরকে বিস্মৃত হইয়া গেল এবং মহারা-জের জয়, মহারাজের জয়! এই বলিতে২ রাজার

পশ্চাৎ২ যাইতে লাগিল। রিচার্ড, পার্লিয়ামেন্টের অভিমত করাইয়া প্রজা সাধারণের প্রতি দৌরাত্ম্য নিবারণার্থ কতকগুলি ব্যবস্থা নিরূপিত করিলেন। প্রজাবর্গ তুষ্ট হইয়া স্ব২ স্থানে প্রতিগমন করিল। ঐ সময়ে রিচার্ডের বয়ঃক্রম ষোড়শবর্ষ মাত্র হইয়াছিল; সুতরাং সকলেই অনুমান করিল, যখন তরুণ বয়সেই রাজার এমত বুদ্ধি, তখন বয়োধিক হইলে ইনি একজন প্রধান ব্যক্তি হইবেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে তাহার ঠিক বিপরীতই ঘটিয়া উঠিল। রিচার্ডের যত বয়স্ বাড়িতে লাগিল, তিনি ততই দুষ্টাচার এবং ইন্দ্রিয়পরায়ণ হইলেন। প্রজামাত্রেই তাঁহার প্রতি বিরূপ হইয়া উঠিল। বিশেষতঃ তিনি অনেকানেক ভূম্যধিকারীকে নির্বাসিত করিয়াছিলেন; তন্মধ্যে তাঁহার খুল্লতাত লাঙ্কাষ্টরের পুত্র হেন্‌রীও অকারণে নির্ব্বাসিত হন্। একদা রিচার্ড, আয়র্লণ্ডের বিদ্রোহ দমনার্থ তদ্দেশে গমন করিলে, হেন্‌রী ঐ সুযোগে ইংলণ্ডে প্রত্যাগমন করিলেন। অনেকানেক ভূম্যধিকারী তাঁহার সহিত মিলিত হইল— রিচার্ডের সৈন্যগণও সেই পক্ষ আশ্রয় করিল—এবং তিনিও অত্যল্পকালমধ্যে হেন্‌রীর করকবলিত হইয়া পড়িলেন। পার্লিয়ামেন্ট সভার সদস্যগণ একমত হইয়া অনতিকালবিলম্বে রিচার্ডকে সিংহাসনচ্যুত করিয়া হেন্‌রীকে রাজপদাভিষিক্ত করিল। রিচার্ড কোন উপদুর্গ মধ্যে নিরুদ্ধ রহিলেন। কিন্তু তিনি

রাজাসন হইতে অবতারিত হন, তিনি সমাহিত না হইলে শত্রুবর্গের মনস্তুষ্টি হইতে পারে না। রিচার্ড কারাগার মধ্যে অনশনে প্রাণত্যাগ করিলেন।

'চতুর্থ হন্‌রী' অতি সক্ষম ব্যক্তি ছিলেন, কিন্তু তিনি রাজা হইয়া এক দিনও মনের সুখে থাকিতে পারেন নাই। অন্যায়োপার্জ্জিত রাজ-মুকুট তাঁহার মস্তকে কণ্টকমুকুটবৎ বিদ্ধ হইতে লাগিল। বিশেষতঃ যে সকল পরাক্রান্ত ভূম্যধিকারিগণ তাঁহাকে রাজাসনে উন্নত করিয়াছিলেন, তাঁহারা উহাঁর অবাধ্যতাচরণ করাতে অতি ঘোরতর বিবাদ উপস্থিত হইল। হন্‌রী অস্ত্রবলে সেই সকল বিবাদ উত্তীর্ণ হইলেন বটে*কিন্তু নিরন্তর দুশ্চিন্তায় তিনি অকালে জীর্ণ হইয়া পড়িলেন। ১৪১৩ খ্রীষ্টাব্দে হন্‌রীর মৃত্যু হইল। তাঁহার পুত্র 'পঞ্চম হন্‌রী' যৌবনাবস্থায় অতি দুর্দ্দান্ত এবং নীচসঙ্গপ্রিয় ছিলেন। কিন্তু রাজ্যপদ প্রাপ্ত হইবামাত্র তাঁহার চরিত্র সম্পূর্ণরূপেই পরিবর্ত্তিত হইয়াগেল। তিনি অতি বিচক্ষণ মন্ত্রিবর্গের সহায়তায় সুন্দররূপে রাজ্য পালন করিতে লাগিলেন।

এই সময়ে ইংলণ্ড যেমন প্রবল, ফ্রান্স তেমনি

---

*শ্রূসবুরীর যুদ্ধে তাঁহার অতিপ্রবল প্রতিপক্ষ উগ্রচেতা পার্সি হট্‌স্পার প্রাণ পরিত্যাগ করেন।

দুর্ব্বল হইয়াছিল। ফ্রান্সের রাজা* রাজকার্য্যে অশক্ত হইয়াছিলেন। অতএব 'অর্লীন্স্‌, এবং 'বর্গণ্ডি' এই দুই প্রসিদ্ধ ভূম্যধিকারের† 'ডিউকেরা' কে রাজার প্রতিনিধি হইয়া রাজ্যশাসন করিবেন, এই বিষয় লইয়া অতি ঘোরতর বিবাদ হইতেছিল। পরিশেষে বর্গণ্ডির ডিউক ইংলণ্ডের রাজাকে আশ্রয় প্রদান করিতে স্বীকার করিলেন। হন্‌রী তৎক্ষণাৎ সসৈন্যে ফ্রান্সে উপস্থিত হইয়া যুদ্ধ আরম্ভ করিলেন। একদা অসংখ্য ফরাসী-সৈন্য আসিয়া তাঁহাকে আক্রমণ করে। তাহাতে সকলে ভীত হইয়াছিলেন, কিন্তু যুদ্ধবীর হন্‌রী, ক্রেসী এবং পইটিয়র্স স্মরণ করিয়া সাহস পূর্ব্বক সংগ্রামে অগ্রসর হইলেন। 'আজিন্‌ কুরের' যুদ্ধে ফরাসীরা সর্ব্বতোভাবেই পরাজিত হইল। ইহার কিছুকাল পরে ফ্রান্সরাজ-দুহিতার সহিত হন্‌রীর বিবাহ হইল। এবং তিনিই তাৎকালিক রাজার‡ মৃত্যু হইলে রাজ্যাধিকারী হইবেন, ইহাও নির্দ্দিষ্ট হইল।

যদি হন্‌রী ইহার পর অধিককাল জীবিত থাকিতেন তবে, বোধ হয়, ফ্রান্স রাজ্যেই ইংরাজদিগের রাজধানী সংস্থাপিত হইত এবং তাহা

---

* ষষ্ঠ চার্লস্‌

† অর্লীন্স (অর্লেঁয়া) এবং বর্গণ্ডী প্রদেশ ক্রমানুয়ে ফ্রান্স্‌দেশের পশ্চিম এবং পূর্ব্বোত্তরভাগে সংস্থিত।

‡ ষষ্ঠ চার্লসের।

হইলে ইংরেজেরা বাস্তবিক বিজয়ী হইয়াও কদাপি সুখী হইতে পারিতেন না। ক্রমেং তাঁহাদিগকেও করাসীদিগের রীতি নীতি গ্রহণ করিতে হইত—তাঁহাদিগের জন্মভূমি, প্রদেশাধিকারের ন্যায় রাজ-প্রতিভূদ্বারা শাসিত হইত—ইংলণ্ডের সমুদায় ধন ফ্রান্সে গিয়া পড়িত—এবং ফ্রান্সের নিকটবর্ত্তী অরি-রাজা সমস্তের সহিত যে সকল যুদ্ধ ঘটনা অনুক্ষণ ঘটিত, ইংরাজদিগকেও তাহাতে বিলিপ্ত হইতে হইত। তাহা হইলে ইংরাজদিগের বল ঐ সকল যুদ্ধেই পর্য্যবসিত হইয়া যাইত। উহাঁরা এক্ষণে যে প্রকার পৃথিবীর চতুর্দ্দিকে বাণিজ্য এবং উপনিবেশ বিস্তার করিয়াছেন, বোধ হয়, তাহার শতাংশের একাংশও ঘটিয়া উঠিত না।

যাহা হউক, পঞ্চম হন্‌রী একটী শিশু সন্তান রাখিয়া লোকান্তর গমন করেন। মৃত্যুকালে তিনি 'ডিউক অব বেড্‌ফোর্ডকে' ফ্রান্স রাজ্য শাসনের ভারার্পণ করেন ও 'ডিউক অব গ্লসেষ্টরকে' ইংলণ্ডের কর্ত্তৃত্ব দেন, আর 'ডিউক অব ওয়ারিককে' নিজ সন্তানের শিক্ষা ও লালন পালনের ভারার্পণ করেন। ষষ্ঠ হন্‌রী অবিলম্বে ইংলণ্ডের এবং ফ্রান্সের রাজা বলিয়া প্রচারিত হইলেন। পূর্ব্বফ্রান্সরাজের পুত্র 'সপ্তম চার্লস্‌' রাজ্যের দক্ষিণভাগে কতিপয় সহস্র স্কট্‌ জাতীয় ভৃতিভুক সৈন্য লইয়া অবস্থিতি করিতে লাগিলেন। তাঁহার কোন রাজশক্তিই রহিল না।

ডিউক অব বেড্‌ফোর্ডের ইচ্ছা হইল যে, একেবারেই তাঁহার সমুদায় বল বিনষ্ট করেন, এই ভাবিয়া তিনি একদল সৈন্য লইয়া লইয়র নদীর তীরে উপস্থিত হইলেন এবং অন্য একদল সৈন্য তাঁহার আদেশানুসারে অর্লীন্সনগর অবরোধ করিয়া রহিল। ফলতঃ ফ্রান্স রাজ্য যে ইংরাজদিগের সম্পূর্ণ রূপেই অধিকৃত হইবে, তাহার আর কোন সন্দেহই রহিল না।

কিন্তু এপর্য্যন্ত ফরাসী প্রজাগণ এই যুদ্ধে বিশেষ মনোযোগ করে নাই। ভূম্যধিকারিবর্গই ইহাতে বিশেষ মনোযোগী হইয়াছিল। কিন্তু যখন প্রকাশিত হইল যে, ইংলণ্ডীয় রাজা ফ্রান্সের রাজ্যাধিকারী হইলেন, তখন ভয়, লজ্জা এবং ক্রোধ সর্ব্বসাধারণের মনোমধ্যে যুগপৎ জাজ্বল্যমান হইয়া উঠিল। যে সময়ে কোন জাতীয় লোকের মনোমধ্যে একটী প্রবলতর ভাবের আবির্ভাব হয়, তখন কোন ব্যক্তিবিশেষের দ্বারাই সেই ভাবের প্রথম প্রকাশ হইয়া থাকে। যাঁহার দ্বারা উহা প্রকাশিত হয়, তিনিই সেই সময়ের প্রধান ব্যক্তি বলিয়া প্রসিদ্ধ হইয়া থাকেন এবং জনসাধারণে তাঁহার অনুবর্ত্তী হইয়া কার্য্য করে। ফ্রান্সদেশীয় সমস্ত জনগণের তাৎকালিক মনোগত অভিপ্রায় 'জোয়ান্‌ অব আর্ক' নাম্নী একটী যুবতীর প্রমুখাৎ ব্যক্ত হইয়াছিল। সে মনেং রাজ সম্বন্ধীয় ভাববিবরণ আন্দোলন ক-

রিতেং এমনি অনন্য-মনা হইয়া পড়িল যে, জন্ম-ভূমির উদ্ধার করিবার নিমিত্ত যেন তাহার প্রতিই দৈবাদেশ হইয়াছে, এমত নিশ্চয় জ্ঞান করিল। সে আর নিশ্চিন্ত থাকিতে পরিল না, চার্লসের নিকটে গিয়া আপনার অভিপ্রায় ব্যক্ত করিল। চার্লস তখন নিতান্ত নিরাশ হইয়া পড়িয়াছিলেন। অতএব অনন্যোপায় ভাবিয়া ঐ কন্যার কথাতেই আপনার বিশ্বাস খ্যাপন করত এইরূপ প্রকাশ করিয়াদিলেন যে, 'জোয়ান্' বাস্তবিক দেবানুগৃহীত হইয়াছে ; উ-হার দ্বারাই আমার রাজ্য উদ্ধৃত হইবে। ইংলণ্ডীয় সৈন্যে অর্লীন্স্ নগর অবরোধ করিয়া রাখিয়াছিল। জোয়ান্ সেই সমুদায় ইংরাজ সৈন্য ভেদ করিয়া অর্লীন্সে খাদ্য সামগ্রী এবং অনেক নূতন সৈনিক প্রবিষ্ট করিয়া আসিল। আর তাহার খ্যাতির পরি-সীমা রহিল না। সকলেই তাহাকে অর্লীন্সের কুমারী বলিয়া আখ্যাত করিল। কুমারী যেখানে উপস্থিত হন সেই স্থানেই জয় লাভ করেন। ইংরেজেরা ফরা-সীদিগকে পূর্ব্বে নিতান্ত অবজ্ঞেয় জ্ঞান করিয়াছিল, এক্ষণে তাহারাই ঐ কুমারীর রণপতাকা দর্শন করিলে ভীত হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল। চার্লস্, রীমস্* নগরে যাইয়া রাজমুকুট গ্রহণ করিলেন।

* ফ্রান্সের প্রথম রাজা ক্লোবিস্ রাজধানী পারিসের (পারিস) নিকটবর্ত্তী এই নগরে রাজ্যাভিষিক্ত হয়েন। প্রসিদ্ধ আছে, একটী পারাবত রাজার অভিষেকের নিমিত্ত স্বর্গ হইতে তৈল

জোয়ান্ এই পর্য্যন্ত সম্পন্ন করিয়া রাজার নিকট বিদায় প্রার্থনা করিলেন। কিন্তু রাজা তাঁহাকে বিদায় দিলেন না। তদ্দ্বারা আরও অধিক উপকার সম্ভাবনা বোধ করিয়া উহাঁকে যুদ্ধ কার্য্যেই নিযুক্ত রাখিলেন। পরন্তু ইহার কিয়ৎকাল মধ্যে জোয়ান্ ইংরাজদিগের হস্তগত হইলেন এবং নৃশংস ইংরাজেরা তাঁহাকে 'ডাকিনী' বলিয়া জ্বলন্ত অনলে দগ্ধ করিয়া নষ্ট করিল। কিন্তু জোয়ানের মৃত্যু হইলেও আর ইংরেজেরা প্রবল হইতে পারিল না। তাহারা পুনঃ২ পরাভব প্রাপ্ত হইতে লাগিল। ডিউক অব বেড্ফোর্ডের পঞ্চত্ব হইল। এবং ইংলণ্ডে নানা বিবাদ উপস্থিত হওয়াতে কেবল কালিস্নগর ভিন্ন আর সমুদায় ফ্রান্স দেশ স্বাধীন হইয়া উঠিল। ইংরেজেরা এইরূপে পরকীয় দেশে বলবিক্রম প্রকাশ করিতে না পারিয়া স্বদেশে গমন করিয়া কিয়ৎকাল পরস্পর হিংসারসে নিমগ্ন হইয়া রহিলেন।

পূর্ব্বেই বলাগিয়াছে যে, তৃতীয় এড্ওয়ার্ডের তৃতীয় পুত্র 'লাইওনেল্' পিতৃ বর্ত্তমানেই লোকান্তর গমন করেন। তাঁহার 'ফিলিপা' নাম্নী একটী কন্যা থাকে। 'মর্টিমর' সেই কন্যার পাণি গ্রহণ করেন এবং 'রজর' নামা তাঁহাদিগের এক পুত্র হয়। রজরের কন্যা 'এনের' সহিত রিচার্ডের বিবাহ

আনয়ন করিয়া দেয়। সেই স্বর্গীয় তৈল দ্বারাই সপ্তম চার্লসের অভিষেক হইয়াছিল।

হয়। এই রিচার্ড তৃতীয় এড্‌ওয়ার্ডের পঞ্চম পুত্রের বংশোদ্ভব ছিলেন। সুতরাং উহাঁদিগের উভয়ের সন্তান 'ডিউক অব ইয়র্ক' ইংলণ্ডের রাজাসনের বাস্তবিক অধিকারী হইতে পারেন। কারণ ইংলণ্ডের ব্যবস্থানুসারে জ্যেষ্ঠ পুত্রের অধিকারী কেহ বর্ত্তমান থাকিতে কনিষ্ঠের অধিকার হইতে পারে না। সুতরাং চতুর্থ হন্‌রী 'ডিউক অব্ লাঙ্কাষ্টরে'র পুত্র আর 'ডিউক অব্ ইয়র্ক' লাঙ্কাষ্টরের জ্যেষ্ঠ 'লাইওনেলের' উত্তরাধিকারী; অতএব ইয়র্কেরই বাস্তবিক অধিকার স্বীকার করিতে হয়। কিন্তু যত দিন চতুর্থ হন্‌রী এবং তাঁহার প্রতাপশালী পুত্র বর্ত্তমান ছিলেন, তত দিন এই সকল কথার কোন উল্লেখই হয় নাই। অকর্ম্মণ্য ষষ্ঠ হন্‌রী রাজ্যাধিকারী হইলে এই সকল কথার আন্দোলন হইতে লাগিল। একদা কোন উদ্যান মধ্যে দুই দলের দুইটী স্ত্রীলোকে এই বিষয়ের তর্ক হইতেছিল, ইতিমধ্যে লাঙ্কাষ্টরের পক্ষীয় কামিনী একটী রক্তবর্ণ গোলাপ ফুল তুলিয়া বলিলেন "দেখ! যেমন এই কুসুমবর উদ্যানস্থিত অন্য সকল কুসুম অপেক্ষা শ্রেষ্ঠতর, তেমনি হন্‌রীর অধিকার অন্য সকলের অধিকার অপেক্ষা সমধিক শ্রেষ্ঠ"। ইয়র্কপক্ষীয়া কামিনী উত্তর করিলেন "না, না, তাহা নহে, দেখ! এই শ্বেত গোলাপের সৌন্দর্য্য কি পবিত্র! ইহার পবিত্রতাও যেমন, আর এই রাজ্য যাহার ভাগধেয় সে ব্যক্তিও তেমনি পবিত্র"। এইরূপ বাদানুবাদের

পর উভয়েই স্ব২ মনোনীত কুসুমদ্বয়কে গ্রহণ করিয়া প্রস্থান করিলেন। ক্রমে এই কথা প্রচররূপ হইয়া পড়িল এবং যখন ইংরেজে ইংরেজে যুদ্ধ হইবার উপক্রম হইল, তখন উভয় দলেরই এক প্রকার পতাকা, এক প্রকার যোধরাব এবং একই প্রকার অন্যান্য চিহ্ন থাকিলে, রণ স্থলে শত্রু মিত্র ভ্রম হইবার সম্ভাবনা হওয়াতে সকলেই ঐ দুই গোলাপের মধ্যে যাহার যেরূপ মনোগত সে সেই প্রকার গোলাপকে আপন ঢালে, বর্ম্মে, পতাকায় এবং মুকুটে চিহ্নিত করিয়া লইল। এইরূপে ইংলণ্ড-দেশ দুই গোলাপের দলে বিভক্ত হইয়া পড়িল। ঐ গোলাপদ্বয়ের যুদ্ধে যে কত লোক নষ্ট হইল—কত প্রধান২ বংশ একেবারে নিঃশেষিত হইয়া গেল—কত নগর এবং গ্রাম ভস্মীভূত হইল—এবং কত অবজ্ঞা, অশ্রুতপূর্ব্ব, নিষ্ঠুরতাচরণ হইল—তাহা বর্ণন করা যায় না। এস্থলে এইমাত্র বক্তব্য যে, ডিউক অব্ ইয়র্ক স্বয়ং যুদ্ধে ধৃত হইয়া ঘাতক হস্তে প্রাণ ত্যাগ করেন। আবার ষষ্ঠ হন্‌রীও রাজ্য-চ্যুত হইয়া কারাধিবাস প্রাপ্ত হন। তাঁহার পত্নী 'মার্গারেট্' যিনি পুনঃ২ তেজস্বিতা প্রকাশপূর্ব্বক অকর্ম্মণ্য স্বামীর প্রতিনিধি স্বরূপ হইয়া যুদ্ধ করিয়াছিলেন, তিনি ফ্রান্সদেশে পলায়ন করিয়া রক্ষা পান এবং ডিউক্ অব ইয়র্কের জ্যেষ্ঠ পুত্র চতুর্থ এড্‌ওয়ার্ড ইংলণ্ডের রাজাসন গ্রহণ করিলেন।

কিন্তু এই পর্য্যন্ত হইয়াই বিবাদের নিষ্পত্তি হইল না। চতুর্থ এডওয়ার্ড রাজা হইয়া আপন সুহৃত্তম ডিউক্ অব্ ওয়ারিকের অপমান* করাতে, সেই পরাক্রান্ত ভূম্যধিকারী তাঁহার পক্ষতা পরিত্যাগ করিলেন, এবং রাজ্ঞী মার্গারেটের সহিত মিলিত হইয়া পুনর্ব্বার ষষ্ঠ হন্‌রীকে কারাগার হইতে আনয়ন পূর্ব্বক সিংহাসনে অধিষ্ঠিত করিলেন। কিন্তু চতুর্থ এড্‌ওয়ার্ডের পক্ষ পুনর্ব্বার প্রবল হইয়া উঠিল। ওয়ারিক পরাভূত, মার্গারেট্ পুনর্ব্বার বিবাসিত, এবং তৎপুত্র নিহত হইল। চতুর্থ এড্‌ওয়ার্ড আপন কনিষ্ঠ সোদরেরও প্রাণ হিংসা করিয়া পরিশেষে দুই শিশু সন্তান রাখিয়া লোকান্তর গমন করেন। উহাদিগের জ্যেষ্ঠ পঞ্চম এড্‌ওয়ার্ড নাম পরিগ্রহ পূর্ব্বক কতিপয় দিবসের নিমিত্ত রাজা হইয়া ছিলেন। পরে তাঁহাদিগের খুল্লতাত উভয় শিশুকেই নষ্ট করিয়া আপনি তৃতীয় রিচার্ড নামে রাজা হইলেন। ইনি রুদ্ধরাজ ষষ্ঠ হন্‌রীরও প্রাণ বিনাশ করিয়াছিলেন।

* ওয়ারিক্ অতি প্রতাপশালী ভূম্যধিকারী ছিলেন। তিনি যখন যাহাকে ইচ্ছা সিংহাসনাধিষ্ঠিত করিয়াছিলেন বলিয়া লোকে তাঁহাকে 'কিংমেকর' বা রাজনির্ম্মাতা, এই উপাধি প্রদান করিয়াছিল। কথিত আছে, ইহাঁর অধিকৃত উপদুর্গ সমস্তের মধ্যে অন্যূন দশসহস্র পরিচারক ভৃত্য নিত্য উহাঁর ব্যয়ে পান ভোজনাদি করিত। ইহাঁর পরলোক হইলে আর কোন ভূম্যধিকারী এমত প্রবল হইতে পারেন নাই।

পরন্তু রিচার্ড কুলোক ছিলেন বটে, কিন্তু রাজ-শাসনের রীতি নিতান্ত মন্দ করেন নাই।

যাহা হউক, ডিউক অব লাঙ্কাষ্টরের প্রপৌত্রী গর্ব্ভজাত 'টুডর' নামা একজন ওয়েলসদেশীয় ভূম্যধিকারীর সন্তান হেন্‌রী, এই সময়ে ফ্রান্স রাজ্যে বিবাসিত হইয়াছিলেন। তিনি কতকগুলি সৈন্য সমভিব্যাহারে ইংলণ্ডে অবতীর্ণ হইবামাত্র অনেকানেক প্রধান২ ব্যক্তি তাঁহার সহিত মিলিত হইলেন। ১৪৮৫ খ্রীষ্টাব্দে 'বসওয়ার্থের' যুদ্ধে রিচার্ড ইহাঁর নিকট পরাভূত হইলেন। গোলাপদ্বয়ের যুদ্ধ এত দিনের পর সম্পূর্ণরূপে বিরাম প্রাপ্ত হইল।

গোলাপ দ্বয়ের যুদ্ধ বিরত হইল, কিন্তু এই যুদ্ধের পূর্ব্বে ইংলণ্ডের যে অবস্থা ছিল, এক্ষণে আর সেরূপ নাই। পরাক্রান্ত ভূম্যধিকারিদল প্রায় একেবারেই নিঃশেষিত হইয়া গিয়াছে ভূম্যধিকারিবর্গের পরস্পর যুদ্ধ সময়ে তাহারা সকলেই প্রজাসাধারণকে আপনাদিগের পক্ষতাবলম্বন করাইবার নিমিত্ত চেষ্টা পাওয়াতে উহারা বিশিষ্টরূপে সমাদৃত হইয়াছে—পার্লিয়ামেণ্ট সভাতে যে হাউস্ অব কমন্স ছিল, তাহা পূর্ব্বে কেবল নামে মাত্র ছিল, অধুনা তাহার অনেক ক্ষমতা বৃদ্ধি হইয়াছে—কৃষিদিগের দাসত্ব একেবারে রহিত হইয়া গিয়াছে—বণিকবৃত্তির গৌরব হইয়াছে—এবং পূর্ব্বে আঢ্য ও দুঃস্থ এই দুই প্রকার প্রজা ছিল, এক্ষণে উভয়ের

মধ্যবর্ত্তী এক প্রকার মধ্যবিধ লোকের বিশিষ্ট প্রাদুর্ভাব হইয়াছে। বস্তুতঃ ঐ সময়ে সমুদায় ইউরোপেই সমূহ পরিবর্ত্ত ঘটিয়া উঠিয়াছিল। উত্তমাশা অন্তরীপ বেষ্টন করিয়া ভারতবর্ষে আগমনের পথ প্রকাশিত হইয়াছিল। আমেরিকা আবিস্কৃত হইয়াছিল। মুদ্রাযন্ত্রের ব্যবহার আরম্ভ হইয়াছিল। আর বারুদের গুণ প্রকাশিত হওয়াতে যুদ্ধ বিদ্যারও সম্যক্ পরিবর্ত্ত উপস্থিত হইয়াছিল। ফলতঃ রোম সাম্রাজ্য বিনাশের পর যে মহা বিশৃঙ্খলা উপস্থিত হয়, এতদিনে সেই সমুদায় দোষের পরিস্কার হইয়াছিল।

---

৫ ম অধ্যায়।

[সপ্তম হেন্‌রী—ভূম্যধিকারিবর্গের তেজোহ্রাস—অষ্টম হেন্‌রী—ধর্ম্ম সংশোধন প্রণালী—হেন্‌রীর বহু বিবাহ—ষষ্ঠ এড্‌ওয়ার্ড—জেন্ গ্রে—মেরী—এলিজেবেথ—স্কট্‌ রাজ্ঞী মেরী—এসেক্স—ইংলণ্ডের প্রভাবশালিতা।]

সপ্তম হেন্‌রী ইংলণ্ডের রাজাসন প্রাপ্ত হইলে ল্যাঙ্কাষ্ট্রীয় এবং ইয়র্কীয়দিগের পরস্পর বিবাদ উপরত হইল। বিশেষতঃ তিনি রাজমুকুট গ্রহ-

গের অব্যবহিত পরেই চতুর্থ এড্ওয়ার্ডের কন্যা 'এলিজেবেথের' পাণিগ্রহণ করাতে রক্ত ও শ্বেত গোলাপদ্বয়ের সম্মিলন সম্পান্ন হইল—আর দলাদলির হেতু রহিল না। তথাপি হন্‌রীর রাজ্য কালে দুই-বার তুমুল গোল যোগ উপস্থিত হইয়াছিল। একদা 'লাম্বর্ট-সিমনেল্' নামক একজন ভেটিরী-ওয়ালার সন্তানকে চতুর্থ এডওয়ার্ডের ভ্রাতৃপুত্র বলিয়া প্রকাশ করত ইয়র্কীয়েরা আইয়র্লণ্ডে বিদ্রোহ উত্থাপন করে এবং তথা হইতে ইংলণ্ড পর্য্যন্ত আসিয়া উপস্থিত হইলে যুদ্ধে পরাভূত হয়। উহাদি-গের প্রতিষ্ঠিত নরপতি হন্‌রীর হস্তে পড়িলেন। হন্‌রী উহার কোন দণ্ড করিলেন না। উহাকে আপন সুপকারের কর্ম্মে নিযুক্ত করিয়াই ক্ষান্ত হইলেন। ইহারই কিছুকাল পরে 'পর্কিনওয়া-বেক্' নামক একজন ইহুদীর পুত্র আপনাকে চতুর্থ এড্ওয়ার্ডের দ্বিতীয় পুত্র বলিয়া প্রচারিত করিল। স্কট্‌লণ্ডের রাজা* তাহার সহায়তা করি-লেন। বর্গণ্ডীর ভূম্যধিকারীর পত্নী † যিনি স্বয়ং চতুর্থ এড্ওয়ার্ডের সহোদরা ছিলেন, তিনিও ঐ ব্যক্তিকে আপনার ভ্রাতৃ পুত্র বলিয়া স্বীকার করি-

* চতুর্থ জেম্‌স।

† মেরী—ফ্লাণ্ডর্স প্রদেশ ও এই সময়ে বর্গণ্ডির অধিকৃত ছিল এবং ফ্লাণ্ডর্সের সহিত ইংরাজদিগের বিশিষ্ট লাভজনক বাণিজ্য চলিত।

লেন। ইংলণ্ডীয় অনেকানেক ভূমাধিকারী হন্‌রীর প্রতি অসন্তুষ্ট হইয়া গোপনে২ উহার পক্ষতাবলম্বন করিতে সম্মত হইলেন। কিন্তু হন্‌রী উহাদিগের গুপ্ত পরামর্শ সমুদায় জানিতে পারিয়া একং টী করিয়া অনেকেরই প্রাণ বধ করিলেন। সুতরাং পার্কিনওয়ার্বেক স্কট্‌রাজদত্ত সৈন্য সমভিব্যাহারে ইংলণ্ডে প্রবেশ করিয়া আপন পক্ষবৃদ্ধি করিতে পারিলেন না। তিনি রাজ সৈন্য কর্ত্তৃক পরাভূত, ধৃত, এবং লণ্ডননগরে আনীত হইয়া বিচারান্তে ফাঁসি কাষ্ঠে উদ্বদ্ধ হইলেন।

ইহার পরে আর হন্‌রীর রাজ্য কা.ল কোন বিশেষ উপদ্রব ঘটে নাই। পাছে আবার কোন গোলযোগ উপস্থিত হয় এই শঙ্কাপ্রযুক্ত তিনি চতুর্থ এড্‌ওয়ার্ডের প্রকৃত ভ্রাতৃপুত্রের* প্রাণ বধ করিলেন। তাহাতেই ইয়র্কীয় রাজবংশ. একেবারে নিঃশেষিত হইল।

পরে ইংলণ্ড রাজ স্কট্‌লণ্ডের রাজা চতুর্থ জেম্‌সের সহিত আপন দুহিতা মার্গারেটের বিবাহ দিলেন। হন্‌রীর এই কর্ম্মটী অত্যন্ত সুদূরদর্শীর কর্ম্ম হইয়াছিল; কারণ ইহাই ইংলণ্ড এবং স্কট্‌লণ্ড মিলিত করিবার প্রথম সোপান হয়। হন্‌রী, স্পেইন রাজ-

* ইহাঁর নাম ওয়ারিক, ইনি ৪র্থ এড্‌ওয়ার্ডের ভ্রাতা ক্লারেন্সের পুত্র ছিলেন এবং টৌয়র নামক কারাগৃহে বদ্ধ থাকিয়া উন্মাদ রোগগ্রস্ত হইয়া ছিলেন।

দুহিতা কাথারীণের* সহিত আপন জ্যেষ্ঠ পুত্রের উদ্বাহ সম্পন্ন করিলেন এবং কিয়দ্দিন পরে সেই পুত্রের কাল হইলে, ধর্ম্মশাস্তা পোপের স্থানে অনুমতি গ্রহণ করিয়া পুনর্ব্বার আপন দ্বিতীয় পুত্র হন্‌রীর সহিত ঐ বিধবা স্নুষার বিবাহ দিলেন। হন্‌রী অতি কঠিন-হৃদয়, স্বার্থপর, অর্থলোভী কিন্তু বুদ্ধিমান্‌ এবং দূরদর্শী রাজা ছিলেন। তিনি এমত একটী ব্যবস্থা প্রচলিত করিয়া যান, যাহার প্রভাবে ইংলণ্ডের ভূম্যধিকারিবর্গ দিন২ হীনবল হইয়া পরিশেষে রাজার একান্ত বশীভূত হইয়া পড়িল। পূর্ব্বে ইংলণ্ডের ভূম্যধিকারিগণ স্ব২ পৈতৃক ভূম্যধিকারের দান বিক্রয়ের স্বত্বাধিকারী ছিলেন না। সুতরাং কোন ভূম্যধিকার খণ্ড২ হইয়া ক্ষুদ্র হইতে পারিত না। যাহার যত ভূমিতে অধিকার থাকিত, তাহার উত্তরাধিকারীও একেবারে সেই সমুদায়ের অধিকার প্রাপ্ত হইত। হন্‌রী এই ব্যবস্থা রহিত করিয়া এমত নিয়ম করিলেন যে, ভূম্যধিকারিগণ স্ব২ ইচ্ছানুসারে আপন২ পৈতৃক বিষয় ভাগ করিয়া দান বিক্রয়াদি করিতে পারিবেন। প্রথমে ভূম্যধিকারীরা স্ব২ বিষয়ের উপর এরূপ সম্পূর্ণ ক্ষমতা পাইয়া মহা সন্তুষ্ট হইল,

---

*ফর্ডিনাণ্ড ও ইসেবেলার দুই কন্যা হয়, জ্যেষ্ঠার নাম জোয়ানা, কনিষ্ঠার নাম কাথারীন্। জোয়ানার গর্ভে ৫ম চার্লস্ জন্মগ্রহণ করেন।

কিন্তু দুই তিন পুরুষের মধ্যেই তাহাদিগের আর কাহারও পূর্ব্বের ন্যায় সুবিস্তৃত ভূম্যধিকার রহিল না। সুতরাং পূর্ব্বের যেমন দুই তিন জন ভূম্যধিকারী মিলিত হইলেই রাজাকে দমন করিয়া রাখিতে পারিত, ইহার পর আর কখন তাদৃশ ব্যাপার ঘটিবার সম্ভাবনা রহিল না।

সপ্তম হন্‌রী ১৫০৯ খৃঃ অব্দে লোকান্তর গমন করিলে তাঁহার পুত্র অষ্টম হন্‌রী সিংহাসনারোহণ করিলেন। ইনি দেখিতে শ্রীমান, ব্যবহারে প্রীতিজনক, অর্থব্যয়ে মুক্ত-হস্ত এবং লাঙ্কাষ্ট্রীয় ও ইয়র্কীয় উভয় বংশসম্ভূত হওয়াতে সমুদায় রাজ্যের একমাত্র অসন্দিগ্ধ রাজ্যাধিকারী ছিলেন। সুতরাং ইনি যে, সকল লোকেরই অনুরাগ ভাজন হইবেন,তাহার সন্দেহ কি? হন্‌রী প্রথমেই ফ্রান্সের সহিত যুদ্ধারম্ভ করিলেন, কিন্তু তাহাতে কোন বিশেষ ফল দর্শিল না। তিনি তাৎকালিক প্রতিদ্বন্দ্বী ফ্রান্স এবং স্পেইনের রাজদ্বয়ের* মধ্যে কখন একজনের কখন অপরের পক্ষতা অবলম্বন করিয়া আপন ধন এবং সৈন্যের অপচয় করিতে লাগিলেন। এই কর্ম্মে 'ওল্‌সী' নামক একজন যাজক তাঁহার প্রধান উপদেষ্টা ছিলেন। ঐ ব্যক্তি একজন সামান্য ব্যাধের পুত্র ছিল। অক্‌সফোর্ডের বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়া যাজক বৃত্তি

* ফ্রান্সের রাজা ১ম ফ্রান্সিস-এবং স্পেইনের রাজা পঞ্চম চার্লস।

গ্রহণ করত সপ্তম হন্‌রীর বাটীতে পৌরোহিত্য কর্ম্মে নিযুক্ত হয় এবং তথায় রাজপুত্রের সহিত সর্ব্বদা সন্দর্শন হওয়াতে চাটূক্তি দ্বারা তাঁহাকে বিলক্ষণ বশ করে। সুতরাং অষ্টম হন্‌রী রাজ্যপদ প্রাপ্ত হইলে, তিনি প্রিয়তম ওল্‌সীরও পদ বৃদ্ধি করিয়া দিতে বিলম্ব করিলেন না। ওল্‌সী প্রথমে উইঞ্চেষ্টরের বিসপ্‌ হইলেন, তাহার পর ইয়র্কের আর্চ বিশপ এবং সেই সময়েই লর্ড চান্‌সেলরের* পদে অভিষিক্ত হইলেন। এই সকল উচ্চ পদ এবং তৎসহ রাজতুল্য বিভব প্রাপ্ত হইয়াও ওল্‌সীর মনে সন্তোষ জন্মিল না। তিনি পোপ হইবেন, এই আশয়ে তাৎকালিক অদ্বিতীয় বীর্য্যবান্‌ সম্রাট্‌ পঞ্চম চার্লসের † পক্ষপাতী হইয়া আপন নরপতিকেও তৎপক্ষতাবলম্বন করাইবার নিমিত্ত সচেষ্ট রহিলেন। কিন্তু চার্লস্‌ তাঁহাকে পোপের পদ দিলেন না। বহুকাল স্তোক দিয়া রাখিলেন। পরে ওল্‌সী, চার্লসের চাতুর্য্য অনুভব করিতে পারিয়া একেবারে ক্রুদ্ধ হইয়া

---

*এই পদ এক জন প্রধান সচিবের প্রায়;—ইনি হৌস্‌ অব লর্ডস্‌ নামক সভার সভাপতি এবং 'ইকুটী' ঘটিত ধর্ম্মাধিকরণের সর্ব্বাধ্যক্ষ হইয়া থাকেন।

*উল্লিখিত পঞ্চম চার্লস জর্ম্মনির ইলেক্‌টরদিগের দ্বারা উক্ত সাম্রাজ্যের কর্তৃত্বে নিযুক্ত হইয়া সম্রাট উপাধি প্রাপ্ত হয়েন।

উঠিলেন এবং আপন মহীপতিকেও চার্লসের বিপক্ষ হইতে মন্ত্রণা দিয়া ইংলণ্ডের সহিত ফ্রান্সের সন্ধি বন্ধন করাইলেন। এইরূপে হন্‌রী, কিছুকাল ওল্‌সীর ক্রীড়া-মৃগের ন্যায় তাঁহার মতেই মত দিয়া চলিতে লাগিলেন।

এই সময়ে ইউরোপে এরূপ এক আশ্চর্য্য ঘটনার উপক্রম হইয়াছিল যে, তদ্দ্বারা সকল রাজ্য ও সকল লোকের মন বিচলিত হইয়া উঠিল। এই ব্যাপার ধর্ম্ম-সংশোধন নামে প্রসিদ্ধ। যখন উইরোপে খ্রীষ্টধর্ম্ম প্রথম প্রবর্ত্তিত হয়, তখন অসভ্য জাতীয়েরা যেং দেশে ঐ ধর্ম্ম গ্রহণ করুক না কেন, সকলেই রোমের ধর্ম্মশাস্তা বিশপদিগের নিকট ব্যবস্থা গ্রহণ করিত এবং কোন কঠিন বিষয়ের বিচার উপস্থিত হইলে তাঁহাকেই জিজ্ঞাসা করিয়া পাঠাইত। বস্তুতঃ রোম নগরে বিদ্যার আধিক্য এবং রোমের পূর্ব্ব সম্মান, এই উভয় কারণ বশতঃ রোমের বিশপেরা সকল খ্রীষ্ট ধর্ম্মাবলম্বীদিগের গুরু হইয়া উঠিয়াছিলেন। উহাঁরাই পোপ* উপাধি প্রাপ্ত হন্।

পোপেরা বহুকালাবধি ইউরোপখণ্ড মধ্যে অব্যাহত প্রভাব প্রচার করিয়া আসাতে, ক্রমেং যথেচ্ছব্যবহার করিতে লাগিলেন। কোন কর্ম্মের নিমিত্ত

* 'পোপ' অর্থাৎ পিতা।

অর্থের প্রয়োজন হইলে তাঁহারা খ্রীষ্টকৃত সুকৃতি সমূহ বিক্রীত করিতেন! পূর্ব্বে২ এইরূপ করাতে কোন বিশেষ গোলযোগ উপস্থিত হয় নাই। পরন্তু মুদ্রাযন্ত্রের সৃষ্টি হইয়া অবধি পুস্তক সংখ্যার বৃদ্ধি ও তন্মূল্যের হ্রাস হওয়াতে জনসাধারণের মধ্যে বিলক্ষণ বিদ্যাচর্চ্চার প্রাদুর্ভাব হইয়াছিল। লোকের বিদ্যাবৃদ্ধি হইলেই স্বাতন্ত্র্য জন্মে, অর্থাৎ বিদ্যাবান ব্যক্তিরা স্বয়ং সদসদ্বিবেচনায় সক্ষম হইয়া থাকেন; সুতরাং কেবল অন্যের কথাকেই ব্রহ্মজ্ঞান করিতে পারেননা। পোপেরা, যে কিরূপ* করিয়া খ্রীষ্টের সুকৃতি সমস্তের দান বিক্রয়ের অধিকারী হইয়াছিলেন, ইহা সহজেই তাদৃশ ব্যক্তিবর্গের জিজ্ঞাস্য হইয়া উঠিল।

এই সময়ে জর্ম্মনি দেশে 'লুথর্' নামা একজন সন্ন্যাসী, পোপ কর্ত্তৃক নিজ সম্প্রদায়ের অপমান হইয়াছে বোধ করিয়া, ঐ পুণ্য-বিক্রয় ব্যাপারের বিরুদ্ধে বক্তৃতা করিতে আরম্ভ করিলেন। পোপের পক্ষীয়

---

*খ্রীষ্ট, মৃত্যুযাতনা সহ্য করিয়া মনুষ্যকৃত পাপের প্রায়শ্চিত্ত করিয়াছেন। রোমান কাথলিকেরা বলেন যে, খ্রীষ্টের সুকৃতি এত অধিক যে, সমুদায় পাপের প্রায়শ্চিত্ত হইয়াও অনেক উদ্বৃত্ত হয়। খৃষ্টের প্রিয় শিষ্য পীটর সেই সমুদায় সুকৃতের অধিকারী এবং পোপেরা সেই পীটরের উত্তরাধিকারী বলিয়া তাহাতে স্বত্ববান হইয়াছেন; অতএব অবশ্যই তাহার দান বিক্রয় করিতে সমর্থ !!

পণ্ডিতেরাও তাঁহার সহিত বিচারে প্রবৃত্ত হইলেন। উভয় পক্ষে যত তর্ক বিতর্ক হইতে লাগিল, শ্রোতৃবর্গ ততই আপনাদিগের চিরাগত ধর্ম্ম প্রণালীর দোষ সমূহ দেখিতে পাইল। পরিশেষে লুথর মতাবলম্বী-দিগের এই সিদ্ধান্ত হইয়া উঠিল যে, ধর্ম্ম বিষয়ে পোপের কোন শক্তিই নাই। পোপ উহাদিগকে অভিশপ্ত করিলেন, এবং কোন২ রাজা* উহাদিগের বিনাশার্থ অস্ত্র ধারণ করিলেন। কিন্তু লুথর মতাবলম্বীরা পোপের শাপকে তৃণ জ্ঞানও করিল না এবং অভিনব মতাবলম্বী রাজা ও ভূম্যধিকারিবর্গ উহাদিগের রক্ষার্থে প্রবৃত্ত হইলেন।

ইংলণ্ডরাজ অষ্টম হন্‌রী, তৎকাল প্রচলিত শাস্ত্র-সমস্তে অতি সুপণ্ডিত ছিলেন। তিনি এই ধর্ম্ম যুদ্ধে অস্ত্র ধারণ না করিয়া লেখনী ধারণ করিলেন এবং পোপের মাহাত্ম্য পরিপোষক এক সুবৃহৎ গ্রন্থ বির-চিত করিয়া পোপের নিকট পাঠাইয়া দিলেন। পোপ, ঐ গ্রন্থ দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়া ইংলণ্ডাধিপতিকে ‘ স্বধর্ম্ম রক্ষিতা ’ এই উপাধি প্রদান করিলেন। ইংলণ্ডের রাজারা ঐ সময় অবধি উক্ত উপাধি ধারণ করিয়া আসিতেছেন। তাঁহাদিগের আধুনিক ধর্ম্ম আর সেই পূর্ব্বকালের রোমান কাথলিক ধর্ম্ম নাই। উঁহারা বহুকাল হ-

---

* পঞ্চম চার্লসই তাঁহাদিগের অগ্রগণ্য।

ইল প্রটেষ্টাণ্ট* মতাবলম্বী হইয়াছেন। তথাপি পোপ-প্রদত্ত ঐ উপাধি পরিত্যাগ করেন নাই। কিন্তু যে হন্‌রী পোপের পক্ষপাতী হইয়া এতাদৃশ তর্কবিতর্ক করিয়াছিলেন; তিনিই ইহার কিয়দ্দিন মধ্যে পোপের প্রবল শত্রু হইয়া উঠিলেন। প্রকৃতদর্শী পণ্ডিতগণ উত্তম কহিয়াছেন যে, ধর্ম্মের প্রতি শ্রদ্ধা, কখন তদ্বিষয়ের তর্কবিতর্ক দ্বারা দৃঢ়ীভুত হয় না। হন্‌রীরও তাহাই হইয়াছিল। তিনি, যে পোপের সম্মান ও প্রভুত্ব রক্ষার নিমিত্ত এত যত্ন করিলেন, যখন সেই পোপ তাঁহার দুষ্প্রবৃত্তি পরিপূরণের প্রতিবন্ধক হইয়া উঠিলেন, তখন তাঁহার আজ্ঞালঙ্ঘন ও অন্যান্য বিবিধ প্রকারে অপমান করিতে কিছুমাত্র ত্রুটি করিলেন না।

পূর্ব্বেই বলা হইয়াছে যে, সপ্তম হন্‌রী পোপের স্থানে অনুমতি গ্রহণ করিয়া আপন জ্যেষ্ঠ পুত্রের বিধবা ভার্য্যা কাথারীণের সহিত হন্‌রীর বিবাহসম্পাদন করেন। হন্‌রী সেই বিবাহে অসম্মত হন নাই। তাঁহার ঔরসে কাথারীনের গর্ব্ভে 'মেরী' নামে একটী কন্যা জন্মিয়াছিল। বহুকালের পর হন্‌রী আপন সীমন্তিনীর সহচরী একটী যুবতীকে অবলোকন করিলেন। উহাঁকে দেখিয়া অবধি তাঁহার পুর্ব্ব বিবাহ যে, শাস্ত্র সিদ্ধ

---

* যাহারা পোপের ক্ষমতার প্রতি 'প্রোটেষ্ট' অর্থাৎ অস্বীকার-খ্যাপন করে তাহাদিগকে 'প্রোটেষ্টাণ্ট' বলে।

হয় নাই, ইহা স্পষ্টই বোধহইল! অতএব, তিনি পোপের নিকট অনুমতি প্রার্থনা করিলেন যে, আপনি, আমার বিবাহ শাস্ত্রসম্মত হয় নাই বলিয়া আমাকে দ্বিতীয়বার দার পরিগ্রহে অনুমতি করুন। পোপ মহা বিপদে পড়িলেন। কাথারীন্ পঞ্চম চার্লসের মাতৃস্বসা। কাথারীনের অপমান করিলে চার্লস ক্রুদ্ধ হন, আর তাহা না করিলে অষ্টম হন্‌রী বিরক্ত হইয়া উঠেন। অতএব শীঘ্র কোন উত্তর না করিয়া তিনি ঐ বিবাহ শাস্ত্রসম্মত হইয়াছে কিনা, ইহার বিচারার্থ কতিপয় বিদ্যাবান্ ব্যক্তিকে নিযুক্ত করিলেন এবং যাহাতে কাল বিলম্ব হয়, এমত করিতে শিখাইয়া দিলেন। বিচার চলিতেই লাগিল। এ দিকে হন্‌রীও মহা ব্যস্ত হইয়া উঠিলেন—তাঁহার আর বিলম্ব সহ্য হয় না। বিচারকর্ত্তৃ যাজকদিগের মধ্যে হন্‌রীর প্রিয়তম ওল্‌সীও ছিলেন। তিনি পোপের অনভিমত করিতে পারেন না; সুতরাং রাজা তাঁহার প্রতি নিতান্ত বিরক্ত হইয়া উঠিলেন এবং তাঁহাকে সকল কর্ম্মচ্যুত করিয়া সভাহইতে দূর করিয়া দিলেন ওল্‌সী মনোদুঃখে পঞ্চত্ব পাইলেন। মরিবার সময় তিনি বলিয়াছিলেন "হায়! আমি যেরূপ যত্ন করিয়া রাজসেবা করিয়াছি, যদি ঈশ্বর সেবায় তাহার অর্দ্ধেকও যত্ন করিতাম, তবে এই বৃদ্ধাবস্থায়

জগদীশ্বর আমাকে পরিত্যাগ করিতেন না,,। ফলতঃ দুষ্ট লোক মাত্রেরই এই এক সুমহদ্দুঃখ যে, তাহারা যাহাদিগের মনস্তুষ্টির নিমিত্ত দুষ্কর্ম্মে প্রবৃত্ত হয়, সেই সকল লোকও তাহাদিগের প্রতি কৃতজ্ঞ ব্যবহার করেনা।

ওল্‌সী মরিলেন, এখানে 'ক্রান্‌মর্‌' নাম্না এক জন পণ্ডিত রাজাকে এই পরামর্শ দিলেন যে, এমন দুরূহ বিষয়ের বিচার স্থলে পোপের অভিমতের অপেক্ষা না করিয়া, পত্র দ্বারা স্বদেশীয় এবং বৈদেশিক প্রধান প্রধান চতুষ্পাঠীর অধ্যাপকদিগের মত গ্রহণ করাই যুক্তিসিদ্ধ। এই কথা হন্‌রীর মনে লাগিল। তিনি ভাস পত্র করাইলেন। বিধবা ভ্রাতৃ পত্নীর পাণিগ্রহণ যে শাস্ত্র বিরুদ্ধ তাহা সপ্রমাণ হইল এবং হন্‌রী সেই পূর্ব্বদৃষ্ট, মনোজ্ঞ-রূপা 'অনাবুলিনের' পাণিগ্রহণ করিলেন। পোপ, এই বিবাহে সম্মতি প্রদান করিলেন না। এদিকে আনা-বুলিন্‌ স্বয়ং লুথর মতাবলম্বিনী ছিলেন। অতএব হন্‌রীর সহিত পোপের মহাদ্বেষভাব উপস্থিত হইল। তিনি ব্যবস্থাপিত করিলেন যে, ইংলণ্ডের ধর্ম্মশাসনে পোপের কোন অধিকারই নাই—ইহা-তে রাজারই সম্পূর্ণ অধিকার। হন্‌রী এই মত প্রচার করিলেন বটে; কিন্তু তিনি পূর্ব্ব-ধর্ম্ম প্রণালীর কোন অংশ পরিবর্ত্তিত করিলেন না। তদ্বিষয়ে সম্পূর্ণ রোমান কাথলিকই হইয়া রহিলেন। অতএব হন্‌রী

একদিকে রোমান্ কাথলিকের শত্রু, আর অন্যদিকে লুথরমতাবলম্বী প্রোটেষ্টান্টদিগের শত্রু হইয়া উভয় পক্ষকেই বিস্তর পীড়া দিতে লাগিলেন। যাহারা তাঁহার মতে মত দিয়া চলিত, তাহাদিগেরই রক্ষা; যাহারা উভয় মতের মধ্যে কোন মতে দৃঢ় প্রতীতি প্রকাশ করিত, রাজাজ্ঞানুসারে তাহারা অনেকেই ঘাতকের অস্ত্রমুখে পতিত হইতে লাগিল।

বৎসরৈক কাল মধ্যেই রাজ্ঞীর এক কন্যা সন্তান জন্মিল। এই কন্যার নাম 'এলিজেবেথ্'। কিন্তু হন্‌রী আর রাজ্ঞীর প্রতি প্রসন্ন ছিলেন না। তিনি ইহাঁর সখী 'জেন্ সেমুরের' লাবণ্য দর্শনে মোহিত হইয়া তাঁহাকেই সিংহাসনারূঢ়া করিতে বাসনা করিলেন। অবিলম্বেই আনাবুলিনের ব্যভিচার দোষ প্রকাশিত হইল। তদ্বিষয়ে তৎক্ষণাৎ বিচারারম্ভ হইল, রাজ্ঞী বিচারে অপরাধীনী হইলেন, এবং অবিলম্বে দণ্ড বিধান হওয়াতে তাঁহার মস্তক ছিন্ন হইল। পর দিবস হন্‌রী, জেন্ সেমুরের পাণি গ্রহণ করিলেন। জেন সেমুর এক বর্ষ মধ্যে পুত্রবতী হইয়া নিজ সৌভাগ্যবলে সূতিকাগারেই লোকান্তর গমন করিলেন। ইহাঁর পুত্র 'এড্ওয়ার্ড' প্রিন্স অব্ ওয়েল্স উপাধি প্রাপ্ত হইলেন। হন্‌রী ইহার পর 'কাথারীণ হোয়ার্ড' নাম্নী কামিনীকে বিবাহ করেন। তাহার বাস্তবিক ব্যভিচার দোষ

প্রকাশ হওয়াতে সে ঘাতককর্ত্তৃক বধ্য হয়। হন্‌রীর পঞ্চম পত্নীর নাম 'আন্ অব ক্লিবস্'। ইংলণ্ডরাজ বিবাহের পূর্ব্বে ইহাঁকে দেখেন নাই। কোন চাটুকার চিত্রকর দ্বারা চিত্রিত ইহাঁর চিত্রপট দর্শন করিয়াই বিবাহ করেন। পরে যখন ইহাঁর প্রকৃত অবয়ব দর্শন করিলেন, তখন অবিলম্বেই পরিত্যাগ করিলেন। ইহার পর হন্‌রীর আর একটী বিবাহ হয়। সেই স্ত্রীর নাম 'কাথারীণ পার্'। এই স্ত্রীলোকটী বিলক্ষণ বুদ্ধিমতী ছিলেন। তিনি অনেকবার কৌশল করিয়া হন্‌রীর ক্রোধ হইতে মুক্ত হন্ এবং পরিশেষে হন্‌রীর লোকান্তর গমন হইলেও স্বয়ং জীবিতা থাকেন।

অষ্টম হন্‌রীর মৃত্যু হইলে তাঁহার পুত্র ষষ্ঠ এড্‌ওয়ার্ড সিংহাসনারোহণ করিলেন। তাঁহার রাজ্যকালে প্রটেষ্টান্টমত ইংলণ্ডে বদ্ধমূল হইল। রোমানকাথলিক মঠধারী সন্ন্যাসিগণ সকলেই স্বস্বাধিকারভ্রষ্ট হইল এবং দৈনিক প্রার্থনা-পুস্তক ইংরাজী ভাষায় প্রস্তুত হইল। কিন্তু রাজা অপ্রাপ্তব্যবহার ছিলেন। 'ডিউক অব সমর্সেট' নামা প্রসিদ্ধ ভূম্যধিকারী রাজার প্রতিভূ হইয়া একাল পর্য্যন্ত রাজকার্য্য নির্ব্বাহ করিতেছিলেন। অনন্তর 'আর্ল-অব ওয়ারিক্' নামা একজন দুরাকাঙ্ক্ষ ভূম্যধিকারী ঐ রাজপ্রতিভূর প্রাণ বধ করিয়া স্বয়ং সর্ব্বকর্ত্তৃত্ব গ্রহণ করিলেন। 'ওয়ারিক্' সৎলোক ছিলেন

না। তিনি রাজাসনেরও প্রতি লোভ করিয়া আপন পুত্র 'গিলফোর্ডডড্‌লির' সহিত নানা গুণবতী 'জেন্‌গ্রের' বিবাহ সম্পাদন করিলেন। এই জেন্‌গ্রে ইংলণ্ডের রাজ বংশীয়া ছিলেন। পূর্ব্বেই উক্ত হইয়াছে, সপ্তম হন্‌রীর জ্যেষ্ঠাকন্যা মার্গারেটের সহিত স্কট্‌লণ্ডরাজ চতুর্থ জেম্‌সের পরিণয় হয়। তাঁহার দ্বিতীয়া কন্যা মেরীর সহিত ফ্রান্স রাজের বিবাহ হইয়াছিল। এই মেরীর দুই কন্যা হয়। তাহারই এক কন্যার গর্ভে, জেনগ্রে জন্ম গ্রহণ করেন। অষ্টম হন্‌রীর সহিত তাঁহার জ্যেষ্ঠা ভগিনীর পতি স্কট্‌লণ্ডের রাজা যুদ্ধ করিয়া নিহত হন। হন্‌রী সেই ক্রোধে আপন মৃত্যুকালে এইরূপ 'উইল্‌' করিয়াছিলেন যে, তাঁহার মৃত্যুর পর ষষ্ঠ এডওয়ার্ড ও তৎপরে তাঁহার প্রথমা রাজ্ঞী কাথারীণের গর্ভজাতা মেরী ও তাহার পর আনাবুলিনের কন্যা 'এলিজেবেথ' রাজ্যাধিকারিণী হইবেন; আর ইহারা যদি সকলেই নিঃসন্তান হইয়া লোকান্তর গমন করেন, তবে জ্যেষ্ঠা ভগিনী মার্গারেটের বংশ অধিকারী না হইয়া দ্বিতীয়া ভগিনীর বংশীয়গণ রাজাসন প্রাপ্ত হইবেন। ওয়ারিক, এডূওয়ার্ডকে আর একটী উইল করাইলেন। তদ্দ্বারা রাজার এইরূপ অভিমত ব্যক্ত হইল যে, তাঁহার বৈমাত্রেয় ভগিনীদ্বয় কেহই রাজ্যাধিকার প্রাপ্ত হইতে পারিবেন না। জেন্‌গ্রেই তাঁহার রাজ্যাধিকারিণী হইবেন। অল্পবয়স্ক

রাজা এইরূপ উইল করিয়া অত্যপকাল মধ্যেই লৌকিকী লীলা সম্বরণ করিলেন। তখন ওয়ারিক্ আপন পুত্রবধূকে সিংহাসনাধিরূঢ়া করিয়া আপন অভীষ্ট সিদ্ধ করিলেন। জেন্‌গ্রে অতি সুশীলা ও সদ্বিদ্যাবতী ছিলেন। তাঁহার ইচ্ছা ছিল না যে, অন্যায় করিয়া রাজাসন গ্রহণ করেন। কিন্তু বন্ধুবর্গের অনুরোধে তাঁহাকে রাজ্যভার গ্রহণে সম্মত হইতে হইয়াছিল।

কিন্তু উহাঁকে ঐ ভার অধিক কাল বহন করিতে হয় নাই। অষ্টম হন্‌রীর জ্যেষ্ঠা কন্যা মেরী আপন পক্ষীয় জনগণ সমভিব্যাহারে লণ্ডনের অভিমুখে আগমন করিতে লাগিলেন। পথিমধ্যে তাঁহার সৈন্যসংখ্যা বৃদ্ধি হইতে লাগিল। ওয়ারিকের দল দিন২ ক্ষীণ হইয়া পড়িল। অবশেষে তিনি পুত্র ও পুত্রবধূ সমেত মেরীর হস্তগত হইলেন। মেরী, উহাদিগের সকলকেই ক্রমে২ বিনাশ করিলেন। তিনি রোমান কাথলিক ধর্ম্মাবলম্বিনী ছিলেন। অতএব প্রটেষ্টান্ট মতাবলম্বী পরম সাধুগণকেও অগ্নিতে দগ্ধ করিয়া নষ্ট করিতে লাগিলেন। হুপর, লাটিমর, রিড্‌লী, ক্রান্‌মর প্রভৃতি মহোদয়েরা এইরূপে বিনষ্ট হইলেন। মেরী আপনি যেমন গোঁড়া কাথলিক ছিলেন, তেমনি গোঁড়া কাথলিক স্পেইনরাজ দ্বিতীয় ফিলিপকে* বিবাহ করেন। ফিলিপ, উহাঁকে কিছুমাত্র

* ইনি পঞ্চম চার্লসের পুত্র ছিলেন। উক্ত সম্রাট ইহাঁরই

স্নেহ বা সম্ভ্রম করিতেন না; কিন্তু মেরী ফিলিপের জন্য একান্ত উদ্বিগ্নমনা হইতেন। ফিলিপের সহিত ফ্রান্স রাজের* যুদ্ধ হয়। মেরীও সেই যুদ্ধে আপন স্বামীর পোষকতা করিতে যান। তাহাতে ফরাসীরা কালিস নগর অধিকার করিয়া লয়। এই নগর তৃতীয় এড্‌ওয়া-র্ডের সময় পর্য্যন্ত ইংরাজদিগের অধিকৃত ছিল। এ-ক্ষণে তাহা হস্তবহির্ভূত হওয়াতে সকলেই মনেং মহাদুঃখিত হইল। মেরী স্বয়ং বলিয়াছিলেন, কালিস নগরের নাম আমার হৃদয়ে ক্ষোদিত হইয়া গিয়াছে, আমার মৃত্যুর পর যদি কেহ বুক চিরিয়া দেখে, তবে ঐ নাম অঙ্কিত রহিয়াছে, দেখিতে পাইবে। মেরীর মৃত্যু হইলে তাঁহার বৈমাত্রেয়া ভগিনী এলি-জেবেথ ইংলণ্ডের রাজ্ঞী হইলেন। ইনি প্রটে-ষ্টান্ট মতাবলম্বিনী ছিলেন; অতএব মেরীর প্রবর্ত্তিত রোমান্ কাথলিক ধর্ম্মের পুনর্ব্বার উচ্ছেদ হইল। এলিজেবেথ অতি বৈচক্ষণ্য সহকারে রাজ্য শাসন করিতে লাগিলেন। তাঁহার মন্ত্রিবর্গ বর্লি, ওয়া-লসিংহাম, বেকন্ প্রভৃতি মহোদয়গণ অতি উৎকৃষ্ট রাজনীতিজ্ঞ ছিলেন; অতএব ইংলণ্ড দেশ এই সম-য়ে অতি প্রবল ও বিভবশালী হইয়া উঠিয়াছিল।

রাজ্ঞী এবং তাঁহার মন্ত্রিবর্গ তাদৃশ বিচক্ষণ

হস্তে রাজ্য ভার সমর্পণ করিয়া স্বয়ং বিষয় কর্ম্ম হইতে অবসৃত হয়েন।

* দ্বিতীয় হেন্‌রী।

না হইলে ইংরেজেরা এই সময়ের বিপদ সমূহ উত্তীর্ণ হইতে পারিতেন না। প্রথমতঃ রোমান্‌-কাথলিক রাজগণ প্রায় সকলেই এলিজেবেথের দ্বেষ করিতেন। পোপ ও উহাঁকে বাস্তবিক রাজ্যাধিকারিণী বলিয়া স্বীকার করেন নাই। আর স্কট্‌লণ্ডের রাজ্ঞী মেরীও আপনাকে ইংলণ্ডের প্রকৃত অধীশ্বরী বলিয়া প্রকাশ করিবার উপক্রম করিয়াছিলেন। এই মেরী সপ্তম হন্‌রীর কন্যা মার্গারেটের পৌত্রী ছিলেন।

কিন্তু মেরীর নির্ব্বুদ্ধিতা এবং কালের গতিকে ঐ মেরীকে অত্যল্প কাল মধ্যেই এলিজেবেথের করকবলিত হইতে হইল। তাঁহার রাজ্যে "যন্‌ নক্‌স" নামে একজন যাজক অভিনব প্রটেষ্টান্ট ধর্ম্ম প্রচার করিতে আরম্ভ করিলেন; অনেকেই সেই মতাবলম্বী হইল। কিন্তু মেরী স্বয়ং রোমানকাথলিক ছিলেন। অতএব ইংলণ্ডে যেমন রাজার সাহায্যে প্রটেষ্টান্ট মত প্রবর্ত্তিত হইয়াছিল স্কট্‌লণ্ডে তাহা হইতে পারিল না। প্রথমতঃ প্রজাসাধারণের মধ্যেই নূতন মত পরিবর্ত্তিত হইয়া থাকে। 'ছোট লোক' মাত্রেই যে মত গ্রহণ করে, তাহাতে একেবারে উন্মত্ত হইয়া উঠে। স্কট্‌লণ্ডে এইরূপ হওয়াতে পূর্ব্ব ধর্ম্মের প্রতি সাতিশয় ঘৃণা, দ্বেষ এবং বিরাগ প্রবল হইয়া উঠিল। মেরী তদ্দ্বারা নিতান্ত উৎ

ভ্যক্ত হইয়া উঠিলেন। তাঁহার প্রজারা উহাঁর ভয়ে গোপনেং এলিজেবেথের সহিত পরামর্শ করিতে লাগিল। পরিশেষে মেরী একদা যুদ্ধে হারিয়া ইংলণ্ডে পলাইয়া আসিলেন। তাঁহার মনেং বড় আশা ছিল যে, এলিজেবেথ সহায়তা করিবেন, কিন্তু তাহা হইল না। মেরী ইংলণ্ডে কোন উপদুর্গমধ্যে নিরুদ্ধ হইয়া থাকিলেন। তখন তিনি কি করেন, আপন উদ্ধারার্থে যত্নবতী হইয়া এলিজেবেথের বিরুদ্ধে যে সকল ষড়যন্ত্র হইতেছিল, তাহাতে সম্মতি প্রদান করিতে লাগিলেন। সেই সকল ষড়যন্ত্র প্রকাশ হইয়া পড়িল—মেরীরনামে অভিযোগ হইল—তাঁহার দোষ প্রমাণ হইল এবং তিনি ঘাতক দ্বারা নিহত হইলেন। ইহার পর আর এক ঘোরতর বিপদ উপস্থিত হইয়াছিল। স্পেইন দেশের রাজা 'দ্বিতীয় ফিলিপ' যিনি ইংলণ্ডের পূর্ব্বরাজ্ঞী মেরীকে বিবাহ করেন, তিনি ইংলণ্ড দেশ অধিকার করিবার বাসনায় অতি প্রকাণ্ডং রণপোত প্রস্তুত করিয়া ঐ দেশ আক্রমণ করিলেন। ফিলিপের তাৎকালিক বিভবের পরিসীমা ছিল না। স্পেইন, পোর্টুগাল, বেল্‌জিয়ম এবং হলণ্ড, এই চারিটী প্রবল ইউরোপীয় জনপদ তাঁহার অধীন। আমেরিকার মধ্যে মেক্‌সিকো, পেরু, চিলি, ব্রেজিল প্রভৃতি সুবর্ণ-প্রসবা ভূমি সকল তাঁহার অধিকৃত—এবং আসিয়া খণ্ডে ফিলিপাইন পুঞ্জ প্রভৃতি অনেক

দ্বীপমালা তাঁহার রাজ্যের অন্তর্গত। এতাবৎ সমুদায় দেশের একাধিপতি রাজা যথাসাধ্য যত্ন করিয়া রণ-পোত ও সৈন্য সমাবেশ করত ক্ষুদ্র ইংলণ্ড দ্বীপের প্রতি প্রেরণ করিলেন। সকলেই সশঙ্ক হইল। ইউ-রোপের রাজা প্রজা সকলেই ঐ সৈন্য সমাবেশের প্রতি বদ্ধদৃষ্টি হইয়া পরিশেষে কি হয়, এই ভাবিতে লাগিল। যদি ফিলিপ জয় লাভ করেন তবে কাথ-লিক ধর্ম্মের নিশ্চয় জয়লাভ হয়; যদি তিনি হারেন তাহা হইলেই প্রটেষ্টান্ট ধর্ম্মের রক্ষা হয়।

এলিজেবেথ আপন প্রজা সাধারণকে উৎসাহ প্রদান করিতে লাগিলেন। তাহাদিগের মধ্যে যাহারা নাবিকতায় বিশেষ পটু হইয়াছিল, তাহারা অর্ণব পোতে আরোহণ করিল এবং সকলেই অস্ত্র শস্ত্র ধারণ করিয়া আপনাদিগের ধন, ধর্ম্ম ও স্বা-ধীনতার রক্ষার্থ প্রস্তুত হইয়া রহিল। স্পেইনের রণপোত সমস্ত অর্দ্ধচন্দ্রাকৃতি হইয়া ইংলণ্ডের অ-ভিমুখে আগমন করিতে লাগিল। তৎক্ষণাৎ ইং-লণ্ডীয় রণপোত সমস্ত উহাদিগের প্রতি আক্রমণ করিল। কিন্তু সম্মুখ-সংগ্রামে প্রবৃত্ত হইতে না পারিয়া মধ্যে২ আক্রমণ এবং পুনর্ব্বার শীঘ্র পলা-য়ন করত সাবধানতা পূর্ব্বক যুদ্ধ করিতে লাগিল। স্পেইনীয়েরা এইরূপ আক্রমণে নিতান্ত ক্ষতবিক্ষত এবং উত্ত্যক্ত হইয়া উঠিল। এমত সময়ে ভয়ঙ্কর ঝঞ্ঝাবায়ু উপস্থিত হওয়াতে, ঐ সকল রণ-পোত

আর কোন কার্য্যকারী হইল না। অনেকেই নষ্ট হইল। কতকগুলি ইংরেজদিগের হস্তগত হইল। এবং অত্যল্পমাত্র অবশিষ্ট ভাগ বৃটন-দ্বীপ সমুদায় প্রদক্ষিণ করিয়া স্বদেশে প্রত্যাগমন করিল। এই অবধি স্পেইনের প্রাদুর্ভাব হ্রস্ব হইতে লাগিল এবং ইংরেজেরা দিন২ বর্দ্ধিত বল হইতে লাগিলেন। এলিজেবেথের সকল শত্রুই এইরূপে পরাজিত হইল। কিন্তু তাঁহার পূর্ব্বগত রাজাদিগের অন্যায়াচরণে যে একটী শত্রু জন্মিয়াছিল, তাহার দমন এমত সহজে সম্পান্ন হয় নাই।

পূর্ব্বে কথিত হইয়াছে যে, আয়র্লণ্ড দ্বীপ দ্বিতীয় হেন্‌রীর রাজ্যকালে ইংলণ্ডের অধীনহয়। কিন্তু এপর্য্যন্ত ঐ দ্বীপ ইংরাজদিগের সম্পূর্ণরূপে বশীভূত হয় নাই। তথাকার ভূম্যধিকারিকুলপতিগণ অনেকানেক বিষয়ে যথেচ্ছ ব্যবহার করিতেন। আর গোপনে২ ইংরাজদিগকে নষ্ট-করিতে পারিলে কখনই তাহার ত্রুটি করিতেন না। এইরূপ ঘটিবার কারণ অনুসন্ধান করিতে গেলে, প্রথমেই দেখিতে পাওয়া যায় যে, ইংরাজেরা কখনই তাঁহাদের আয়র্লণ্ডীয় প্রজাগণকে তুষ্ট করিতে চেষ্টা করেন নাই—আপনারা উহাদিগের ভাষা, শিখেন নাই—আর উহাদিগকেও আপনাদিগের ভাষা শিখিতে দেন নাই। আইরিশ জাতীয় লোক হইলেই অবজ্ঞার পাত্র হইত—

আর যে কোন প্রকারে হউক উহাদিগকে নিষ্পীড়ন করিয়া অর্থ-সংগ্রহ করিতে পারিলেই আপনারা নিশ্চিন্ত হইতেন। বিশেষতঃ ইংরেজ ভূম্যধিকারিগণ প্রায় কথনই আপনাদের আয়র্লণ্ডস্থিত অধিকারে গমন করিতেন না। নায়েব এবং গোমস্তা দ্বারা প্রজাদিগের নিকট কর আদায় করিতেন। ঐ সকল লোক কথনই প্রজা পীড়ন করিতে ত্রুটি করে না। এইরূপে ক্রমেং আইরিশ এবং ইংরাজ এইদুই জাতির পরস্পর সম্মিলন হওয়া দূরে থাকুক, পরস্পর দৃঢ়তর বিদ্বেষ ভাব জন্মিয়াছিল। ইংরেজেরা গর্ব্বিত, নিষ্ঠুর এবং সাহসিক হইয়া আইরিশদিগকে পীড়া দিতেন। আয়র্লণ্ডীয়েরা ভীত, চতুর, এবং নৃশংস হইয়া চৌর্য্য দ্বারা ইংরেজদিগের যথাসাধ্য অপকারে প্রবৃত্ত হইত। বহুকালাবধি এইরূপ হইয়া আসিতেছিল, এমত সময়ে ইংরেজেরা প্রেটেষ্টান্ট ধর্ম্ম পরিগ্রহ পূর্ব্বক আয়র্লণ্ডে ঐ ধর্ম্ম প্রচারের নিমিত্ত উপক্রম করিলেন। আইরিশেরা অনেকেই নিতান্ত অসন্তুষ্ট হইল। ইংরেজেরা বল প্রকাশ পূর্ব্বক আপনাদিগের অভিনব ধর্ম্ম প্রচার করিবার নিমিত্ত চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু বল প্রকাশ এবং অযথা ব্যবহার দ্বারা কথন কোন নূতন ধর্ম্ম প্রবর্ত্তিত হয় না। যে হেতু ইহা সহজেই বোধ হয় যে, ব্যক্তি অন্যায়াচরণ করিতে পারে তাহার ধর্ম্ম কথনই

বিশুদ্ধ হইতে পারে না। ধর্ম্মপ্রবর্ত্তয়িতাদিগের কোন প্রধান দোষ থাকিলে তাহাদের ধর্ম্ম অবশ্যই জন গণের অগ্রাহ্য হয়। যাহাহউক, আইরিশ লোক সকল বিরক্ত হইয়া উঠিল। 'আর্ল অব টাইরোন' নামা একব্যক্তি রাজ উপাধি গ্রহণ করিয়া ইংরাজদিগের সহিত অবিরত যুদ্ধ করিতে লাগিলেন। আয়র্লণ্ডের শাসন কর্ত্তা কেহই ঐ টাইরোনকে শাসিত করিতে পারিলেন না। পরিশেষে এলিজেবেথের অতি প্রিয়তম আর্লঅব এসেক্স নামা কোন যুবা পুরুষ স্বয়ং ঐ কর্ম্ম গ্রহণ করিয়া আয়র্লণ্ডে গমন করিলেন। কিন্তু তিনিও অকিঞ্চিৎ কর হইলেন। এলিজেবেথ তাঁহার প্রতি বিরক্ত হইয়াছিলেন বটে, কিন্তু তাঁহাকে কর্ম্মচ্যুত করেন নাই। এসেক্স আপন দোষ ক্ষালণাভিপ্রায়ে রাজ্ঞীর নিকটে আসিবার প্রার্থনা বিজ্ঞাপন করিলেন মহারাজ্ঞী তাহাকে নিবারণ করিয়া স্বকার্য্যেই স্থির হইয়া থাকিতে বলিলেন। এসেক্স চিরকাল রাজ্ঞীর নিকট থাকিয়া প্রশ্রয় পাইয়া নিতান্ত অবাধ্য হইয়াছিলেন। বিশেষতঃ তাহার বয়স্ অল্প এবং স্বভাব উদ্ধত ছিল। অতএব তিনি ঐ নিবারণ অমান্য করিয়া লণ্ডনে গিয়া উপস্থিত হইলেন। রাজ্ঞী তাহাতে অতিশয় বিরক্ত হইয়াও এইমাত্র কহিয়া পাঠাইলেন যে, তুমি সম্প্রতি আমার নিকট আসিওনা আপন গৃহে স্থির হইয়া থাক। হতভাগ্য

এসেক্স পুনর্ব্বার রাজ্ঞীর বাক্য অবহেলন করিয়া মনেং এই স্থির করিলেন যে লণ্ডনের নাগরিকেরা আমাকে সাতিশয় স্নেহ করে, অতএব আমি তাহাদিগকে আহ্বান করিলে অবশ্যই আমার পৃষ্ঠপূরক হইবে। এবং আমি তাহাদিগের সাহায্যে অনায়াসেই রাজ্ঞীকে হস্তগত করিতে পারিব, তাহা হইলে শত্রুপক্ষীয়েরা আর আমার প্রতি মহারাণীর ক্রোধ জন্মাইয়া দিতে পারিবে না। তিনি অবশ্যই ক্ষমা করিবেন। এসেক্স জানিতেন না যে, তাঁহার প্রতি নাগরিকদিগের যে অনুরাগ তাহা রাজ্ঞীর অনুরাগ হইতেই জন্মিয়াছে। রাজ্ঞীর প্রীতি হ্রস্ব হইলে আর উহার বিন্দুমাত্রও দৃষ্ট হইবেক না। ফলতঃ তাহাই হইল। তিনি রাস্তায়২ চীৎকার করিয়া বেড়াইলেন। কিন্তু কেহই তাঁহার অনুগামী হইল না। লাভের মধ্যে তিনি স্পষ্টই রাজবিদ্রোহী হইয়া উঠিলেন। তাঁহাকে কারাবন্দী হইতে হইল। এবং তাঁহার নামে অভিযোগ উপস্থিত হইয়া বিচারান্তে শিরশ্ছেদনের অনুমতি হইল। এলিজেবেথ, এসেক্সের প্রতি সাতিশয় স্নেহ করিতেন। কোন সময়ে তিনি তাঁহাকে আপন হস্তাঙ্গুরীয় সমর্পণ করিয়া এই বলিয়া দিয়াছিলেন যে, যদি কখন তোমার কোন বিপদ উপস্থিত হয়, তবে এই অঙ্গুরীয় প্রেরণ করিবা মাত্র আমি তোমাকে অবশ্যই বিপদ হইতে মুক্ত করিব। এসেক্সের প্রতি

প্রাণ-দণ্ডের অনুমতি প্রদান হইলে, তিনি ঐ অঙ্গু-রীয়টী 'ডচেস অব্ নটীংহাম' নাম্নী কোন স্ত্রীলোকের দ্বারা রাজ্ঞীর নিকটে প্রেরণ করেন। কিন্তু ঐ স্ত্রীলোক আপন স্বামীর অনুরোধে রাজ্ঞীর নিকট অঙ্গুরীয় প্রদান করিলেন না। সুতরাং এসেক্সের প্রাণদণ্ড হইয়া গেল। কিন্তু এলিজবেথ সেই অবধি আর এক দিনও সুখী হইতে পারেন নাই। কেহ আর তাঁহার মুখে হাসি দেখিতে পায়েন নাই। যাহা হউক, কিছু কাল পরে যখন ঐ ডচেস্ অব্ নটিংহাম্ স্বয়ং পীড়িত হইয়া মৃত প্রায় হইলেন, তখন এসেক্স সম্বন্ধীয় নিজ দুষ্কৃতি স্মরণ হওয়াতে তিনি রাজ্ঞীর নিকট আপনার সমুদায় দোষ ব্যক্তকরত ক্ষমা প্রর্থনা করিয়াছিলেন। কিন্তু রাজ্ঞী তৎশ্রবণ মাত্র অতি-মাত্র ব্যগ্র হইয়া ঐ পীড়িত স্ত্রীলোকের গলা টি-পিয়া বলিলেন "তোকে আবার ক্ষমা করিব—ঈশ্বর ক্ষমা করেন করুন—আমি পারিব না" 'এলিজেবেথ্' ইহার পর কতিপয় দিবস অনশনে যাপন করিয়া পরে লোকান্তর গমন করিলেন।

এলিজেবেথের রাজ্যকাল ইংলণ্ডের ইতিহাস মধ্যে অতিশয় প্রসিদ্ধ। কারণ, বর্ত্তমান ইংরাজ জাতির যেং বিষয়ে প্রাধান্য দৃষ্ট হইতেছে, এই সময়ে তৎসমুদায়েরই মূলপত্তন হয়। ইংরাজেরা নাবিকতায় অদ্বিতীয় হইয়াছেন, ঐ সময়ে ড্রেক, কাবেণ্ডিস্ প্রভৃতি নাবিক গণ পৃথিবী বেষ্টন করি-

য়া আইসেন। এক্ষণে সামুদ্রিক যুদ্ধেও ইংরেজেরা অদ্বিতীয়, ঐ সময়ে স্পেনীয় রণপোত সকল ইং-রাজদিগের কর্ত্তৃক পরাভূত হয়। ইংরাজদিগের উপনিবেশ এক্ষণে যত বিস্তৃত আর কাহাদিগের ও বৈদেশিক অধিকার তত বিস্তৃত নহে, ইহাঁরই রাজ্যকালে আমেরিকায় বর্জিনিয়া প্রদেশে সার-ওয়াল্টর রালে কর্ত্তৃক প্রথম ইংলণ্ডীয় উপনিবেশ সংস্থাপিত হয়, রুসিয়ার সহিত বাণিজ্য বিস্তৃত হয় এবং ভারতবর্ষে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির প্রথম সূত্র পাত হয়। ইংরাজদিগের যন্ত্র-প্রস্তুত-পন্যজাত যেমন অধিক ও উত্তম, আর কাহাদিগেরও তত অধিকও উত্তম হয় না, এই সময়েই সে-ফিল্ড এবং বর্ম্মিংহাম নগরে ছুরি কাঁচি প্র-ভৃতি ও মাঞ্চেষ্টর নগরের কার্পাস নির্ম্মিত বস্ত্রের গৌরব প্রকাশিত হয়। অধুনা, ইংলণ্ডীয় কাব্য শাস্ত্রের গৌরব যদিও অন্যসকল জাতির অপেক্ষা অধিক না হউক, তথাপি কাহার অ-পেক্ষা অধিক ন্যূন নহে, এই সময়েই স্পেন্সর্ সেক্সপিয়র্, বেন্জন্সন্ প্রভৃতি মহাকবিগণ প্রাদু-র্ভূত হইয়াছিলেন। এক্ষণে ইংলণ্ডের মুদ্রাযন্ত্র যে রূপ স্বাধীন ও প্রজাদিগের পরম উপকারক এবং সর্ব্বোৎকৃষ্ট সাময়িক পত্রিকা সমস্ত অনুক্ষণ প্রসব করিয়া থাকে, তেমন মুদ্রা যন্ত্র আর কোন দেশে দৃষ্ট হয় না, এলিজেবেথের সময়েই মুদ্রাযন্ত্র প্রথম

স্থাপিত ও প্রথম সম্বাদ পত্র প্রকাশিত হয়। এই সকল বিবেচনা করিয়া দেখিতে গেলে, এলিজেবেথের প্রতি ইংরাজদিগের পরম ভক্তির ও স্নেহের কারণ স্পষ্টই বোধ হইয়া থাকে।

—•—

ষষ্ঠ অধ্যায়।

—•—

[প্রথম জেম্‌স—পিউরিটান সম্প্রদায়—রোমান কাথলিকদিগের ষড়যন্ত্র—জর্ম্মনিতে যুদ্ধ—পার্লিয়ামেন্টের বলবৃদ্ধি—প্রথমচার্লস—আধিকৃত্তিক পত্রী—স্কটদিগের কবেনান্ট—দীর্ঘ পার্লিয়ামেন্ট—ক্রমওএল—ইণ্ডিপেণ্ডেন্ট সম্প্রদায়—রাজার প্রাণদণ্ড।]

স্কট্‌ রাজ্ঞী মেরী যাঁহাকে এলিজেবেথ বধকরেন তাঁহার পুত্র 'ষষ্ঠজেম্‌স' স্কটলণ্ডের রাজা হইয়াছিলেন। এলিজেবেথ অনূঢ়াবস্থায় জীবন যাপন করিয়া লোকান্তর গমন করিলে তিনিই 'প্রথম জেম্‌স' উপাধি গ্রহণ পূর্ব্বক ইংলণ্ডের সিংহাসনারোহণ করিলেন। জেম্‌সের বিলক্ষণ শাস্ত্রবিদ্যা ছিল, কৌটিল্যও ছিল, কিন্তু সকল বিদ্যার সার পদার্থ যে জ্ঞান, তাহা কিছুমাত্র ছিলনা। আর

বুদ্ধি ও সরলতা উদারছিল না। তিনি আপনাকে অতিশয় সুবোধ জ্ঞানকরিতেন এবং সর্ব্ব স্থলেই নিজ বুদ্ধিমত্তা দর্শাইতে চাহিতেন। বাস্তবিক তাঁহার ধীশক্তি কিছুমাত্র পরিনামদর্শিণী ছিলনা আর তিনি ভীরুর শেষছিলেন।

এলিজেবেথের সময়াবধি 'পিউরিটান্' নামে একটী নূতন খ্রীষ্টীয় সম্প্রদায় ইংলণ্ডে প্রাদু-র্ভূত হইতে আরম্ভ হইয়াছিল। ইহারা রোমান কাথলিক ধর্ম্মের পরম দ্বেষ্টা ছিল, এবং ইংলণ্ডে যেরূপ ধর্ম্ম প্রণালী* সংস্থাপিত হইয়াছিল, তাহাতে উহাদিগের কিছুমাত্র শ্রদ্ধাছিলনা। উহারা সর্ব্ব-দাই সেই ধর্ম্মের দ্বেষ করিত এবং তজ্জন্য এলি-জেবেথের বিষ-দৃষ্টিতে পড়িয়া অনেক ক্লেশ পাইয়া ছিল। কিন্তু উহারা তাঁহার সময়ে সমধিক প্রবল হইতে পারে নাই। আর ঐ সময়ে উহারা রো-মান্ কাথলিক মতাবলম্বীদিগের সমূহ প্রাদুর্ভাব দর্শনে ভীত হইয়া মনেং এমত নিশ্চয় করিয়াছিল যে, এক্ষণে প্রটেষ্টান্ট মত লইয়াই টানাটানি হই-তেছে; যতদিন ঐ মত দৃঢ়তররূপে সংস্থাপিত না হয়, তাবৎ কোন অন্তর্বিবাদ দ্বারা উহাকে দুর্ব্বল করা যুক্তি সিদ্ধ নহে। ফলতঃ পিউরিটানেরা এ-লিজবেথের দ্বারা নির্ভর নিষ্পীড়িত হইয়াও সর্ব্বদা সেই মহারাজ্ঞীর মঙ্গল প্রার্থনা করিয়াছিল। এইদল

* ইহাকে এপিস্কোপেলীয় ধর্ম্ম প্রণালী বলে।

দিন২ প্রবল হইয়া আসিতেছিল। এক্ষণে বিবেচনা করিয়া দেখিলেই বোধ হইবে যে, যে সকল লোক সহসা চিরাগত ধর্ম্ম-প্রণালী পরিত্যাগ পূর্ব্বক প্রবল প্রতাপ পোপদিগকেও তুচ্ছ জ্ঞান করিয়াছিল, তাহারা কি কখন কোন সামান্য রাজার অপ্রতিহত প্রভুত্ব স্বীকার করিতে পারে? ফলতঃ পিউরিটানেরা যেমন ধর্ম্ম বিষয়ে স্বাতন্ত্র্য অবলম্বন করিয়াছিল, তাহারা মনে২ রাজ্যশাসন বিষয়েও তেমনি স্বাতন্ত্র্য অবলম্বন করা বিধেয় জ্ঞান করিত। রাজা যে, প্রজাদিগের উপকারার্থেই রাজশক্তি ধারণ করেন, ইহা যে তাঁহার ঔৎপত্তিক ক্ষমতা নহে, পিউরিটান মাত্রেরই এই দৃঢ় সংস্কার হইয়াছিল।

কিন্তু অপরিণামদর্শী জেম্‌স, ইহার কিছুই বুঝিতেন না। রাজার মান ঈশ্বরদত্ত—রাজা যাহা করিবেন তাহাতে 'না' বলিলেই মহা অধর্ম্ম হয়—তিনি কিরূপ পরামর্শ করিয়া কোন্ কর্ম্ম করিলেন ইহার অনুসন্ধান করাতেও প্রজাদিগের পক্ষে মহা দোষ—এই সকল অযৌক্তিক মতের পোষকতায় তিনি সর্ব্বদা বাগাড়ম্বর করিতেন। বুদ্ধিমান নৃপালগণ যে সকল স্থলে অন্যায়াচরণ করেন, সেই সকল কর্ম্ম যে, প্রজাকুলের উপকারের নিমিত্তই করিতেছেন, কৌশল পূর্ব্বক এমত করিয়া দেখান; কিন্তু জেম্‌স তাহার ঠিক বিপরীত ব্যবহারই করিতেন। প্রজার উপকার করা তাঁহার

কর্ত্তব্য, অতএব করিতেছেন, কদাপি এরূপ প্রকাশ করিতেন না। ‘আমার ইচ্ছাহইল অতএব করিলাম—আমার কর্ত্তব্য বলিয়া করিলাম এমত নহে,—তিনি এইরূপ অভিপ্রায়ই অনুক্ষণ প্রকাশ করিতেন।

যাহাহউক, একে জেম্‌সের বুদ্ধিশুদ্ধি এইরূপ; তাহাতে আবার যে কাল উপস্থিত তাহাতে অতি বিচক্ষণ শাসনকর্ত্তাদিগেরও পদে২ ভ্রম এবং বিপদ ঘটিবার সম্ভাবনা। পিউরিটান্ দল দিন২ প্রবল হইতেছে—পার্লিয়ামেন্ট সভার সদস্যগণ অনুক্ষণ রাজার সহিত বিবাদে প্রবৃত্ত হইয়া রহিয়াছে—স্কট্‌লণ্ড হইতে দলে২ লোক সকল আসিয়া রাজ কর্ম্মের নিমিত্ত প্রার্থনা করিতেছে—ইংরেজেরা, উহাদিগকে কোন কর্ম্ম কার্য্যে নিযুক্ত করিলেই মহাবিরক্ত হইয়া উঠিতেছে—আর রোমান কাথলিকেরা মনে২ ভাবিতেছে, যে জেম্‌স স্কট রাজ্ঞী মেরীর পুত্র, অতএব অবশ্যই তাঁহার মাতার স্বধর্ম্মাবলম্বী বলিয়া আমাদিগের প্রতি কিঞ্চিৎ অনুগ্রহ প্রকাশ করিবেন।

যখন রোমান কাথলিকেরা দেখিল, জেম্‌স তাহাদিগের কোন উপকারই করিলেন না, তখন তাহারা মহাকুপিত হইয়া একটী সুদারুণ মন্ত্রণাবধারণ করিল। পার্লিয়ামেন্ট সভার সভ্যগণ যে গৃহেমিলিত হইতেন তাহার নীচের কুঠরী-গুলি ভাড়ালইয়া তাহাতে বারুদ পূর্ণকরিল এবং যে দিন সমস্ত্রি-

বর্গ রাজা ঐ সভাগৃহে আসিবেন, সেই দিন উহা-
তে অগ্নিপ্রদান করিয়া একেবারে সকলের প্রাণ বি-
নাশ করিবে এই নিশ্চয় করিয়া রহিল। কিন্তু ঘটনা
ক্রমে ইহা পূর্ব্বেই প্রকাশ হইয়া পড়াতে সকলে
রক্ষা পাইলেন। ১৬০৫ খৃঃ

জেমস যমদণ্ডেও পীড়িত হইয়াছিলেন। তিনি
ডেনমার্ক রাজদুহিতার পাণিগ্রহণ করেন এবং তা-
হাতে দুইপুত্র এবং এক কন্যা হয়। তন্মধ্যে জ্যেষ্ঠ-
পুত্র পিতা বর্ত্তমানেই লোকান্তর গমন করেন। দ্বি-
তীয় পুত্র চার্লস প্রধান মন্ত্রী 'বকিংহামের' পরা-
মর্শে ছদ্মবেশে স্পেইনে গিয়াছিলেন। স্পেইন রাজ-
তনয়ার সহিত তাঁহার উদ্বাহ সম্বন্ধের প্রস্তাব হই-
য়াছিল। কিন্তু নির্ব্বোধ বকিংহামের দোষে সেই
বিবাহ ঘটিয়া উঠিল না। চার্লস, ফ্রান্স রাজকন্যার
পাণিগ্রহণ করিলেন। জেমসের কন্যার সহিত
জর্ম্মনির অন্তর্গত 'পালাটি-নেট'* প্রদেশাধিকারীর
বিবাহ হয়। ইনি অষ্ট্রিয়া সম্রাটের বিরুদ্ধে অস্ত্র-

---

* এই যুদ্ধের হেতু এই যে, বোহিমিয়া প্রদেশবাসীরা প্রটেষ্টান্ট মত গ্রহণ করাতে অষ্ট্রিয়ার সম্রাট তাহাদিগের প্রতি সমূহ অত্যাচার করেন। তাহাতে বোহিমীয়রা ইংলণ্ডরাজ জেম্‌সের জামতাকে আপনাদিগের রাজা বলিয়া স্বীকার করে। জেমস আপন জামতার আর ইংরেজেরা স্বধর্ম্মাবলম্বী প্রটেষ্টান্টদিগের সাহায্যার্থে এই যুদ্ধে প্রবৃত্ত হয়েন।

ধারণ করিয়া রাজ্য-ভ্রষ্ট হইয়াছিলেন। যাহাহউক, ইহাঁর বংশ হইতেই বর্ত্তমান 'ব্রন্‌সিক্' রাজবংশের উৎপত্তি হইয়াছে। অতএব ইহাঁকে স্মরণ করিয়া রাখা কর্ত্তব্য। জেম্‌সের সহিত পার্লিয়ামেণ্টের সর্ব্বদা যে বিবাদ পরম্পরা চলিতেছিল, তাহাতে জেম্‌স, মুখে যাহা বলুন্ কিন্তু কার্য্যে অনেক স্থলেই পার্লিয়ামেণ্টের কথা শুনিয়া চলিয়াছিলেন। ইহার পূর্ব্বে রাজাদিগের 'পর্বেয়াক্স' নামক একটী অনুচিত ক্ষমতা ছিল। সেই ক্ষমতানুসারে রাজার লোকে প্রজাদিগের স্থানে খাদ্য সামগ্রী গ্রহণ করিয়া আপনাদিগের যথেচ্ছ মূল্যদিয়া উহাদিগকে নিরস্ত করিতে পারিত। জেম্‌সকে এই ক্ষমতা পরিহার করিতে হয়। রাজাদিগের আর একটী ক্ষমতা ছিল, তদ্দ্বারা উহাঁরা দ্রব্যবিশেষের বাণিজ্য সর্ব্ব সাধারণের প্রতি নিবারিত করিয়া আপনাদিগের স্বেচ্ছানুসারে কোন২ ব্যক্তির হস্তে সমর্পণ করিতে পারিতেন। পার্লিয়ামেণ্টের অনুরোধে এইরূপ এক-চেটিয়া করিবার শক্তিও রাজাকে ত্যাগ করিতে হইয়াছিল। আর এক সময়ে রাজার অর্থ প্রয়োজন হইলে পার্লিয়ামেণ্টের সদস্যগণ বলিয়া বসিলেন আমাদিগের এই২ দুঃখ মোচন না করিলে আমরা কর প্রদানে সম্মত হইব না। জেম্‌স বিরক্ত হইয়া সেই পার্লিয়ামেণ্ট সভা ভাঙ্গিয়া দিলেন। কিন্তু পরিশেষে পার্লিয়ামেণ্টের প্রতিজ্ঞাই রক্ষা হইল।

লোকে কথায় বলে উঠন্ত মূল পত্তনেই চিনা যায়। পার্লিয়ামেন্ট-সভার এই সকল উপক্রম দেখিয়া তৎকালে ইংলণ্ডীয় প্রজাগণের মনে স্বাধীন হই-বার ইচ্ছা যে অতিশয় প্রবল হইয়াছিল তাহা জে-মসের বুঝা উচিত ছিল। কিন্তু তিনি তাহা বুঝি-লেন না। রাজা হইলেই ঈশ্বরের প্রতিভু হয় সুতরাং ঈশ্বরাজ্ঞা লঙ্ঘনেও যেমন দোষ আর রা-জাজ্ঞা লঙ্ঘনেও সেইরূপ দোষ, এই নিশ্চয় করিয়া তিনি জীবন যাপন করিলেন—এত দেখিয়া শুনিয়াও তাঁহার প্রকৃত জ্ঞান জন্মিল না। তাঁহার পুত্র প্রথম চার্লস্ রাজা হইয়া পিতার মতানুবর্ত্তী হইয়া চলি-লেন। তাঁহার সহিত পার্লিয়ামেন্টের নিরন্তর বিবাদ চলিতে লাগিল। চার্লস্ দেখিলেন যে, পার্লিমে-ন্টের স্থানে টাকা পাওয়া ভার হইয়া উঠিল। অথচ তখন স্পেইনও ফ্রান্স দুই রাজ্যের সহিত যুদ্ধ* চলি-তেছিল; টাকা না হইলেও নয়। অতএব বহু-পূর্ব্ব কালে কোনং রাজা যেমন স্বেচ্ছাতঃ কোনং প্রকার করাদান করিতেন, উনিও সেইরূপ করিতে আরম্ভ ক-রিলেন। পার্লিয়ামেন্টের বিলক্ষণ বোধ হইল যে, রাজা

*রাজমন্ত্রী বকিংহামের দোষেই এই দুই যুদ্ধ উপস্থিত হয়। তিনিই স্পেইন্ রাজদুহিতার সহিত চার্লসের বিবাহের প্রতিবন্ধক হন্ এবং ফ্রান্সরাজ মন্ত্রী কার্ডিনাল রিশলুর প্রতি বিরক্ত হইয়া ফ্রান্সের সহিত অকারণ যুদ্ধ উপস্থিত করেন।

যদি স্বয়ং অর্থসংগ্রহ করিতে পারেন তবে, ইংলণ্ডের স্বাধীনতার শেষ হইবে। এই ভাবিয়া তাহারা ১৬২৮ খৃষ্টাব্দে, পিটিসন্ অব রাইট্, নামক একলিপি প্রস্তুত করিল এবং অনেক যত্নে রাজাকে ঐ লিপিতে স্বাক্ষর করাইল। এই লিপি ইংরাজদিগের দ্বিতীয় মাগ্নাচার্টা বলিয়া গণ্য হইবার যোগ্য। কিন্তু রাজা এই লিপি দ্বারা যাহাং স্বীকার করিলেন, সেই সকল অঙ্গীকার প্রতিপালন করিলেন না। পুনর্ব্বার নূতনং প্রকার কর অবধারণ করিয়া পার্লিয়ামেণ্টের সম্মতি ব্যতিরেকে সেই সকল করাদান করিতে লাগিলেন। ঐ সময়ে 'ষ্টারচেম্বর' এবং 'হাইকমিসন্' নামে দুইটী ধর্ম্মাধিকরণ ছিল। তথাকার বিচারকর্ত্তৃগণ রাজার নিতান্ত অধীন ছিলেন। তাঁহারা সকল মোকদ্দমাতেই রাজার পক্ষ-পাতী হইয়া বিচার করিতেন। সুতরাং শতং ব্যক্তি উহাঁদিগের দ্বারা অর্থদণ্ড এবং শরীর দণ্ডে দণ্ডিত হইত। বিশেষতঃ 'হাম্পডেন' নামা এক ভদ্র বংশীয় ব্যক্তি রাজ-গৃহীত অন্যায্য কর প্রদানে অসম্মত হওয়াতে কারাগারে নীত হইলে, তিনি স্পষ্টই দেখাইলেন যে, ইংলণ্ডের আইন অনুসারে রাজার তাদৃশ কর গ্রহণে সামর্থ্য নাই। তিনি কারারুদ্ধ হইলেন বটে, কিন্তু সেই অবধি সর্ব্বসাধারণের বিলক্ষণ প্রতীতি হইল যে, রাজা নানা প্রকার অত্যাচার

করিতেছেন এবং তাঁহার দমন হওয়া নিতান্ত আ-বশ্যক হইয়াছে। ইংলণ্ডএইরূপ; স্কট্‌লণ্ডে ইহা অপেক্ষাও অধিক গোলযোগ উপস্থিত হইয়াছিল। পূর্ব্বেই বলাগিয়াছে যে, স্কট্‌লণ্ডে যেরূপ ধর্ম্ম-সংশোধন হয় তাহাতে রোমানকাথলিকদিগের আচার ব্যবহার একেবারে বিলুপ্ত হইয়া গিয়া-ছিল। ইংলণ্ডে সেরূপ হয় নাই। ইংলণ্ডের ধর্ম্ম প্রণালী যদিও প্রকৃত সমুদায় বিষয়ে সর্ব্বতো-ভাবে প্রটেষ্টাণ্ট মতানুযায়ী হইয়াছিল বটে; কিন্তু অনেকানেক আচার রোমান্ কাথলিকদিগেরই সদৃশ ছিল। বিশেষতঃ ইংলণ্ডে আর্চবিশপ প্রভৃতি ধর্ম্ম শাস্তা ও উপদেষ্টৃগণ রাজার দ্বারা স্ব২ কার্য্যে নিযুক্ত হইতেন; স্কট্‌লণ্ডে ঐরূপ হইত না। কিন্তু জেম্‌স এবং তাঁহার পুত্র, ইহাঁরা উভয়েই দেখিয়াছিলেন যে, যাজকগণ রাজা কর্ত্তৃক নিযুক্ত হইলে যেমন রাজভক্তিপরায়ণ হন এবং প্রজা সাধারণকে সেইরূপ হইতে শিখান, জনসাধা-রণ দ্বারা নিযুক্ত যাজকবর্গ কদাপি তেমন হ-য়েন না। এই ভাবিয়া উহাঁরা উভয়েই ইংলণ্ডের ধর্ম্ম-প্রণালী স্কট্‌লণ্ডেও প্রবৃত্ত করণার্থে সম্যক চেষ্টা করেন। স্কট্‌লণ্ডদেশীয়েরা ইহাতে সাতিশয় ক্রুদ্ধ হইয়া, সকলে ঐকমত্যাবলম্বন পূর্ব্বক একটী লিপি প্রস্তুত করিল এবং যুদ্ধ করিয়াও যদি রাজাকে নিরস্ত করিতে হয় তাহাও করিতে স্বীকার করিয়া

অধিকাংশ লোকেই ঐ লিপিতে স্বাক্ষর করিল। ঐ স্বীকৃতিপত্রীর নাম 'করেনাণ্ট' অতএব যাহারা উহাতে স্বাক্ষর করিল তাহাদিগকে 'কবেনাণ্টর' বলে।

এই কবেনাণ্টরেরা অতি সত্বরে যুদ্ধোদ্যম করিয়া ইংলণ্ডের অভিমুখে যাত্রা করিল। চার্লস্‌ ইংলণ্ডীয় সৈন্য লইয়া উহাদিগের বিরুদ্ধে গমন করিলেন। কিন্তু যুদ্ধ কালে আপন সৈন্যগণও বিপক্ষ পক্ষীয় হইবে, এই আশঙ্কায় তিনি সংগ্রামে প্রবৃত্ত হইতে পারিলেন না। উভয় প্রতিপক্ষ দলে সন্ধি বন্ধন হইয়া, এই অবধারিত হইল যে, স্কট্‌লণ্ডের পার্লিয়া-মেণ্ট এবং "জেনেরাল্‌ আসেম্ব্‌লী" অর্থাৎ সাধারণ যাজক সভা, এই উভয়ের মতানুসারে তদ্দেশের ধর্ম্ম প্রণালী নিরূপিত হইবে। চার্লস্‌ এই সময়ে মনে২ স্থির করিয়াছিলেন যে, বিপক্ষীয়দিগের মধ্যে গৃহ বিচ্ছেদ করাইয়া উহাদিগের মধ্য হইতে বিশেষ ক্ষমতাশালী কতিপয় ব্যক্তিকে আপন কর্ম্মে নিযুক্ত করিবেন। তাহা হইলেই শত্রুদল বশীভূত হইতে পারিবে। কিন্তু তিনি কেবল 'মণ্টরোজ'-নামা একজন প্রধান ভূম্যধিকারীকেই স্বমতানুগামী করিতে পারিলেন। অপর সকলে আপনাদিগের কবেনাণ্ট প্রতিপালনে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া রহিল। সুতরাং যাজকদিগের সভায় এবং পার্লি-য়ামেণ্টে রাজার কোন অভিমতই রক্ষা পাইল না।

পুনর্ব্বার যুদ্ধের উপক্রম হইল। চার্লস্ ইহার পূর্ব্ব-একাদশ বর্ষ মধ্যে একবারও ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টের আহ্বান করেন নাই। এইবারে অর্থের নিতান্ত প্রয়োজন হওয়াতে পুনর্ব্বার পার্লিয়ামেন্টকে স্মরণ করিতে হইল। কিন্তু পার্লিয়ামেন্ট তাঁহার যুদ্ধের কোন সাহায্য না করিয়া তিনি যে সকল অত্যাচার করিতেছিলেন, তাহা লইয়াই আন্দোলন করিতে লাগিল। রাজা পুনর্ব্বার ঐ পার্লিয়ামেন্ট সভাভঙ্গ করিয়া দিলেন। কিন্তু স্কট্ সৈন্যে ইংলণ্ড আক্রমণ করিল—উহারা একটী যুদ্ধে জয়ী হইল—রাজা প্রধানং ভূম্যধিকারীদিগের পরামর্শ গ্রহণ করিতে চাহিলেন—এবং সকলের অভিমতানুসারে এই অবধারিত হইল যে, উভয়দেশের পার্লিয়ামেন্ট সভায় বিচার করিয়া উভয়ের ধর্ম্ম-প্রণালী এবং শাসন-প্রণালী যেরূপ হওয়া উচিত অবধারণ করুক—আর যে পর্য্যন্ত সকল বিবাদের নিষ্পত্তি না হয় তাবৎ কাল স্কট্‌সৈন্য গণ ইংলণ্ডের রাজকোষ হইতে বেতন প্রাপ্ত হইয়া সশস্ত্র থাকুক। এইবার যে, পার্লিয়ামেন্টের আহ্বান হইল তাহার নাম 'দীর্ঘ পার্লিয়ামেন্ট'। ইহা নয়বৎসর কাল থাকে এবং সেই সময়ের মধ্যে রাজাকে অস্ত্রবলে পদাবনত করিয়া ইংলণ্ডীয় প্রজাবর্গের স্বাধীনতা সম্পূর্ণরূপে স্থিরতর এবং বদ্ধমূল করে ও পরিশেষে আপনাদিগের স্বষ্ট প্রবলতর সৈন্য-নিচয় কর্ত্তৃক পদচ্যুত হয়।

কিন্তু এই সকল বিবরণ পরে বক্তব্য; এক্ষণে আয়র্লণ্ডের প্রতি একেবার দৃষ্টি করা আবশ্যক।

এলিজেবেথের রাজ্য কালে যখন আয়র্লণ্ডে বিদ্রোহ উপস্থিত হয় এবং এসেক্স সেই বিদ্রোহ নিবারণে অসমর্থ হইয়া স্বদেশে প্রত্যাগমন করেন, তাহারই অত্যল্পকাল পরে 'আর্লঅব মন্টজয়' নামক একজন প্রধান ভূম্যধিকারী আয়র্লণ্ডের শাসন কর্ত্তৃত্বে নিযুক্ত হইয়া গিয়াছিলেন। ইনি কৌশল পূর্ব্বক সকল বিদ্রোহীকেই দমন করিলেন। এলিজেবেথের জীবদ্দশাতেই আয়র্লণ্ড উপশান্ত হইল। তাহার পর প্রথম জেম্‌স রাজা হইয়া সমুদায় আয়র্লণ্ডে ইংরাজী আইন প্রচলিত করিলেন এবং সেই অবধি ইংরেজদিগের এই পরামর্শাবধারণ হইল যে, ক্রমে২ আয়র্লণ্ডের আদিম নিবাসিগণকে নষ্ট করিয়া ইংরেজ এবং স্কট্‌ প্রজা দ্বারা ঐ দ্বীপে বসতি করাইবেন। ইংরাজদিগের প্রটেষ্টাণ্ট ধর্ম্মই আয়র্লণ্ডের রাজধর্ম্ম হইল। আইরিস্‌ প্রজাগণ রোমান কাথলিক মতাবলম্বী হইলেও তাহাদিগের স্থানে ধর্ম্মোপদেশ প্রদানের নিমিত্ত যে কর গ্রহণ হইত তৎ সমুদায় প্রটেষ্টাণ্ট পাদ্রীদিগকে অর্পিত হইতে লাগিল। তদ্ব্যতিরেকে রোমান্‌ কাথলিক ধর্ম্মাবলম্বী আইরিস্‌ লোক সকল কোন মতেই ইংলণ্ডের রাজাকে ধর্ম্মশাস্তা বলিয়া স্বীকার করিলনা। সুতরাং

তাহারা ইংলণ্ডীয় ব্যবস্থানুসারে রাজকার্য্যের যোগ্য হইল না। আর অন্যান্য বিবিধ প্রকারেও পীড়িত হইতে লাগিল। এই সকল কারণে পুনর্ব্বার আয়র্লণ্ডে বিদ্রোহানল প্রজ্জ্বলিত হইয়া উঠিল। চার্লস্ আপন প্রিয় মন্ত্রী 'আর্লঅব্ ষ্ট্রাফোর্ডকে' আয়র্লণ্ডে প্রেরণ করিলেন। ইনি একজন অশেষ ক্ষমতাশালী ব্যক্তি ছিলেন। ইনি পূর্ব্বে পার্লিয়ামেণ্টের মতানুগামী থাকেন, পরে রাজা আপন কর্ম্মে নিযুক্ত করিয়া ইহাঁকে স্বপক্ষ করিয়াছিলেন। ষ্ট্রাফোর্ডের দোর্দ্দণ্ড প্রতাপে আয়র্লণ্ড কিছুকাল উপশান্ত রহিল। কিন্তু তাঁহার প্রত্যাবর্ত্তন হইলে আর গোলযোগের পরিসীমা রহিল না। আইরিস্ লোক সকল ইংরাজদিগের কর্ত্তৃক যেমন নিপীড়িত হইয়াছিল, তেমনি নির্দ্দয় হইয়া উহাদিগের প্রতি বৈরশুদ্ধি করিল। ফলতঃ ইংরেজদিগের চেষ্টা একেবারে আদিম আইরিস্ লোক সকলকে নষ্ট করিয়া আপনারা ঐ দেশে বাস করেন; সুতরাং যে খানে প্রবলতরের মনে এতাদৃশ দুষ্ট অভিসন্ধি থাকে তাদৃশ স্থলে পরস্পর অত্যাচারের পরিসীমা থাকে না। প্রাণ লইয়া টানাটানি হইলে অতি ভীরুও সাহসী হয়—অতি দুর্ব্বল ও বলবানের ন্যায় কার্য্য করিতে পারে। কিন্তু চমৎকারের বিষয় এই যে, ইংরেজেরা এবং স্কটলণ্ডবাসীরা ঐ সময়ে আপ-

সাদিগের ধর্ম্ম এবং স্বাধীনতা রক্ষার নিমিত্ত রাজার প্রতিকূল পক্ষে অস্ত্রধারণ করিয়াছিল; কিন্তু তাঁহারাই আইরিস্‌দিগের ধর্ম্ম এবং স্বাধীনতা বিনাশের নিমিত্ত সর্ব্বতোভাবে যত্নবান হইল। আমরাও যে দুঃখে দুখী উহারাও সেই দুঃখে কাতর এমত ভাবিয়া কেহই আইরিস্‌দিগের প্রতি সমদুঃখিতা প্রকাশ করিল না।

পূর্ব্বে যে দীর্ঘ পার্লিয়ামেণ্টের উল্লেখ করা গিয়াছে তাহাতে কয়েকজন অতি প্রধান২ লোক ছিলেন। বস্তুতঃ ঐ সময়টীতে ইংলণ্ডে অত্যন্ত ক্ষমতা-শালী, দৃঢ়প্রতিজ্ঞ, পরিণামদর্শী, একাগ্রচিত্ত অনেকানেক লোক প্রাদুর্ভূত হইয়াছিলেন। তন্মধ্যে পিম্‌, হাম্পাডেন্‌, হলিস্‌, সেণ্টজন, ভেন্‌ এবং ক্রমওয়েল্‌ ইহাঁরা সর্ব্বাপেক্ষা সমধিক প্রসিদ্ধ। যাহা হউক, ঐ পার্লিয়ামেণ্টের সদস্যগণ একবৎসর মধ্যেই ইংলণ্ডের শাসন-প্রণালী যাহাতে বিশুদ্ধ হয়, এমত করিয়া তুলিলেন। কিন্তু রাজা আপন অঙ্গীকৃত প্রতিপালনে একান্ত পরাঙ্‌মুখ, ইহা জানিয়া তাঁহারা যে পর্য্যন্ত করিয়াছিলেন সেই পর্য্যন্ত করিয়াই নিরস্ত হইতে পারিলেন না। বস্তুতঃ মনুষ্যের স্বভাবও এমত নয় যে, একবার কোন বিষয়ে যত্নাতিশয় করিলে সেই বিষয়ে ঠিক ন্যায়পথবর্ত্তী হইয়া চলিতে পারে। যে দিকে চেষ্টা করা অভ্যাস হইয়া যায়, তাহাতে লোকে প্রায়ই ন্যায় পথ বহির্ভূত

হইয়া পড়ে। পার্লিয়ামেণ্ট সভারও সেইরূপ হইল। ঐ সভা রাজার শক্তি খর্ব্ব করণার্থ সমূহ প্রয়াস পাইয়া, যখন সেই শক্তি আপনার প্রকৃত সীমার অন্তর্ভূত হইয়া পড়িল, তখনও তাহাকে আরও খর্ব্ব করিবার চেষ্টা করিতে লাগিল। রাজার প্রিয় মন্ত্রী ষ্ট্রাফোর্ডের নামে অভিযোগ হইল এবং তিনি দোষী সপ্রমাণিত হইয়া নিহত হইলেন, কান্টরবুরীর আর্চবিশপ, যিনি প্রথমাবধি রাজার পক্ষতাবলম্বন করিয়াছিলেন তাঁহারও ঐ দশা হইল। সৈন্যাধিপত্য চিরকাল রাজার হস্তগতছিল, এক্ষণে পার্লিয়ামেন্ট সেই শক্তি অপহরণের নিমিত্তও চেষ্টা করিতে লাগিল। তখন আর দুইপক্ষে কোন প্রকারে ঐক্য হইবার উপায় রহিল না। রাজা লণ্ডন রাজধানী পরিত্যাগ করিয়া ইয়র্ক নগরে গমন করত সৈন্য সংগ্রহ করিতে লাগিলেন। পার্লিয়ামেন্টের নিয়োজিত সেনাপতিগণও সৈন্য সমাবেশ করিতে আরম্ভ করিল।

প্রায় প্রধান২ নগর এবং বাণিজ্য-বন্দর, বিশেষতঃ ইংলণ্ডের পূর্ব্বোপকূল ভাগ হইতে, পার্লিয়ামেন্টের অধিক সৈন্য সংগৃহীত হইল। রাজার সেনা পল্লী-গ্রামস্থ ভূম্যধিকারী ও তৎ প্রজাবর্গে পরিপূর্ণ হইল। রাজ সৈন্যে অশ্বারোহ ভদ্র লোক অধিক ছিল, এই জন্য রাজপক্ষ 'কাবালিয়র' অর্থাৎ অশ্বারোহ অভিহিত হইল এবং পার্লিয়ামেন্টের সৈন্যগণ অধিকাংশই

ক্ষুদ্র কেশ ধারণ করিত, এই হেতু 'রৌণ্ডহেড্' অর্থাৎ 'গোলশিরষ্ক' এই উপাধি প্রাপ্ত হইল। রাজা আপনি সেনাপতিত্ব গ্রহণ করিলেন। পার্লিয়া-মেণ্টের সৈন্যগণ 'আর্লঅব্ এসেক্স' নামা কোন প্রধান ভূম্যধিকারী কর্ত্তৃক পরিচালিত হইতে লাগিল। ১৬৪২ খ্রীষ্টাব্দে দুইদলে যুদ্ধ হয়। প্রথমে রাজার সৈন্যগণ সর্ব্বস্থলেই বিজয় লাভ করিতে লাগিল। তাহার কারণ, রাজ সৈন্যে ভদ্র লোক অধিক ছিল; তৎকালে ইংলণ্ডের ভদ্রলোকমা-ত্রেরই অস্ত্র বিদ্যায় কিঞ্চিৎ২ অভ্যাস ছিল আর পার্লিয়ামেণ্টের সেনানীগণের মধ্যে অনেকের মনে২ এমত শঙ্কাও ছিল যে, রাজাকে নিতান্ত দুর্ব্বল করিয়া ফেলিলে আর পার্লিয়ামেণ্টের সভ্যগণ উহাঁর সহিত সন্ধিবন্ধন করিতে সম্মত হইবেন না; সুতরাং রাজ্যশাসন প্রণালী প্রজাতন্ত্র হইয়া পড়িতে পারে। এই সকল আশঙ্কা প্রযুক্ত পার্লিয়ামেণ্টের নিয়োজিত সেনাপতিগণের মধ্যে সকলের একরূপ অভিমত ছিল না। কি করিতে কি হইয়া উঠিবে, এই ভাবিয়া অনেকেই দীর্ঘসূত্রতা অবলম্বন করি-য়াছিলেন। কেবল এক ব্যক্তির মনে ঐ সকল দ্বৈধভাব একবারও উদ্রিক্ত হয় নাই। তিনি প্রথমা-বধিই স্পষ্ট দেখিয়াছিলেন যে, যখন একবার অস্ত্রধা-রণ করা হইয়াছে, তখন মনে২ সন্দেহ করিয়া কার্য্য-ক্ষরায় কেবল কার্য্যের ক্ষতি হইবারই সম্ভাবনা। অত-

এব যাহাতে সৈন্যগণ সুশিক্ষিত, সাহসিক এবং কার্য্যক্ষম হয়, তিনি নিরন্তর এই যত্নই করিতেছিলেন। বিশেষতঃ তিনি আপন অধীন সৈন্যগণের মনে এই ভাব দৃঢ়রূপে বদ্ধ করিয়া দিয়াছিলেন যে, তাহারা যে যুদ্ধে প্রবৃত্ত হইয়াছে তাহা সামান্য যুদ্ধ নয়—উহা প্রকৃত ধর্ম্ম-যুদ্ধ। যাহারা উহাদিগের বিপক্ষ তাহারা কেবল উহাদিগেরই শত্রু নয়—তাহারা জগদীশ্বরেরও শত্রু—তাহারা মহা বিধর্ম্মী—পরম নারকী, সুতরাং উহাদিগকে নষ্ট করায় কেবল ইহ লোকের উপকার হইবে এমত নহে, তদ্দ্বারা প্রকৃত ধর্ম্মের সংস্থাপন হওয়াতে পরলোকেরও মঙ্গল সাধন হইবে, তাহার সন্দেহ নাই।

ক্রম্‌ওএলের নিজ সৈন্যগণের মনে এই সকল সংস্কার বদ্ধমূল হইয়া গেলে তাহারা একেবারে অজেয় হইয়া উঠিল। রণক্ষেত্রের যে দিকে উহারা আক্রমণ করিত, কাহার সাধ্য যে সেই দিক রক্ষা করে? যে দিক উহারা রক্ষা করিত, কেহই সেই দিক পরাভূত করিতে পারিত না। ইহারা আপনাদিগের গুণেই 'আইরন্ সাইড্' অর্থাৎ লৌহ-পার্শ্বক উপাধি প্রাপ্ত হইয়াছিল।

এই সময়ে স্কট্‌লণ্ডের পার্লিয়ামেন্টও ইংলণ্ডের পার্লিয়ামেন্টের সহিত একমত হইয়া তাঁহাদিগের সাহায্যার্থ একবিংশ সহস্র সেনা প্রেরণ করিল।

স্কট্‌দিগের এই কর্ম্মটী কোন মতেই উচিত হয় নাই। রাজা উহাদিগের নিকট যাহা২ স্বীকার করিয়াছিলেন সেই সকল অঙ্গীকার প্রতিপালনে কিছু মাত্র ত্রুটি করেন নাই। তথাপি, ইংলণ্ডেও আপনাদিগের প্রেস্‌বিটীরীয় ধর্ম্ম-প্রণালী প্রবর্ত্তিত করিবার বাসনায় উহারা তাদৃশ অন্যায়াচরণ করিল। স্কট্‌দিগের আরও অধিক নীচতা এই যে, তাহারা ইংলণ্ডীয় পার্লিয়ামেণ্টের ভৃতি স্বীকার পূর্ব্বক সৈন্য প্রেরণ করে। যাহা হউক, ক্রমওয়েলের লৌহ-পার্শ্বক এবং স্কট্‌দিগের সৈন্য সমূহ রণস্থলে উপস্থিত হওয়া অবধি আর রাজার পক্ষে মঙ্গল রহিল না। তিনি প্রতি যুদ্ধেই পরাভব প্রাপ্ত হইতে লাগিলেন। বিশেষতঃ তাঁহার অনুচর-বর্গ নানা প্রকার দোষে লিপ্ত হওয়াতে কদাপি প্রজা সাধারণের অনুরাগ ভাজন হইতে পারে নাই। তাহাদিগের মধ্যে পান দোষটী অতিশয় প্রবল ছিল এবং শত্রু পক্ষীয়েরা নিতান্ত ধর্ম্ম২ করিয়া বেড়াইত বলিয়া তাহারা একেবারে ধর্ম্মের নামও করিত না। রৌণ্ডহেডেরা কখন অশ্লীল বাক্য প্রয়োগ করিত না; কাবালিয়রেরা সেই জন্যই অনেকে ঐ দোষে দূষিত হয়। রৌণ্ডহেডেরা সকল কথাই অস্পষ্ট২ মৃদুস্বরে কহিত, কদাপি হাস্য পরিহাসে কালাতি-পাত করিত না; কাবালিয়রেরা সেই জন্যই চীৎকার এবং অট্টহাস ব্যতি-

রেকে কোন কথাই কহিত না। ফলতঃ ঐ দুই প্রতিপক্ষ দলের আচার, ব্যবহার এবং মতের সম্পূর্ণ রূপেই প্রভেদ হইয়া উঠিয়াছিল। পৃথিবীতে সময়েং এমন একংটী ব্যক্তি জন্ম গ্রহণ করেন, যাঁহারা আপনাদিগের সমকালীন সকল ব্যক্তিকেই স্বং মতানুবর্ত্তী করিয়া তুলেন—যাঁহাদিগের রীতি চরিত্র সকলেরই অনুকরণীয় হয়—এবং যাঁহারা যে দিকে লইয়া যান অপর সকলে সন্তোষ পূর্ব্বক সেই দিকেই গমন করে। ক্রমওএল্ ঐ প্রকার লোকদিগের মধ্যে গণ্য হইবার যোগ্য ছিলেন। দেখিতেং পার্লিয়ামেন্টের সৈন্যগণ সকলেই তাঁহার মতানুবর্ত্তী হইয়া পড়িল—সকলেই গম্ভীর প্রকৃতি, সকলেই ধর্ম্ম-পরায়ণ, সকলেই একান্ত ভক্তিমান এবং সকলেই যুদ্ধস্থলে নির্ভরহৃদয় হইল। সুতরাং রাজ সৈন্যে যদিও কোনং স্থলে জয় লাভ করিত, তদ্দারা রাজার বিশেষ উপকার দর্শিত না। প্রজাগণ কোথায়ও রাজসেনার প্রতি তুষ্ট হয় নাই। 'মন্টরোজ' নামা একজন স্কটলণ্ডদেশীয় ভূম্যধিকারী নিজ অসাধারণ বুদ্ধিবলে প্রায় স্কট্লণ্ডের সমুদায় উত্তরভাগ জয় করিয়াছিলেন। বস্তুতঃ ইনি অনেক স্থলে প্রসিদ্ধ যুদ্ধবীর হানিবালের* তুল্য রণ পাণ্ডিত্য প্রকা-

*কার্থেজীয়দিগের সেনাপতি এবং রোমীয়দিগের পরম শত্রু। রোমইতিহাসের দ্বিতীয় পুনিক যুদ্ধের বর্ণনে ইহাঁর প্রভাব সবিশেষ প্রকাশিত আছে। নব্যদিগের মধ্যে কেবল নেপোলিয়ন্ বোনাপার্টী ইহাঁর সহিত উপমিত হইতে পারেন।

শ করিয়া উপর্য্যুপরি ছয়বার স্কট্‌লণ্ডীয় কবেনান্টর-
গণকে, সম্মুখ সংগ্রামে পরাভূত করেন। কিন্তু তাহা
করিলে কি হইবে, তিনি আপনার বল কোথাও দৃঢ়
করিতে পারিলেন না এবং পরিশেষে তাঁহাকে
স্কট্‌লণ্ড পরিত্যাগ করিয়া প্রস্থান করিতে হইল।
১৬১৫ খ্রীষ্টাব্দের যুদ্ধে রাজার সমুদায় বল একেবারে
চূর্ণ হইয়া গেল। তিনি প্রথমে অক্‌সফোর্ড নগরে
প্রস্থান করিলেন পরে ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টে
'ইণ্ডিপেণ্ডেন্ট' নামক সম্প্রদায়ের প্রাবল্য দর্শনে ভীত
হইয়া স্কট্‌লণ্ডীয় সেনাগণের হস্তে আত্ম সমর্পণ করি-
লেন। সেনাপতি ক্রম্‌ওয়েল্‌ উক্ত ইণ্ডিপেণ্ডেট সম্প্র-
দায়ের প্রধান ছিলেন। ইহাঁরা প্রেস্‌বিটিরীয়
মতাবলম্বী স্কট্‌ এবং দীর্ঘপার্লিয়ামেন্টের সভ্যগণ
অপেক্ষাও রাজ্য এবং ধর্ম্ম শাসন বিষয়ে অধি-
কতর পরিবর্ত্ত করিবার মনন করিতেন। রাজা
মনে করিয়াছিলেন যে, স্কট্‌দিগের শরণাপন্ন
হইলে ঐ 'ইণ্ডিপেণ্ডেন্ট' দিগের হস্ত হইতে নি-
ষ্কৃতি পাইবেন। কিন্তু তাহা হইল না। স্কট্‌-
লণ্ডীয় সৈন্যগণ ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টের স্থানে
চল্লিশলক্ষ টাকা পাইয়া রাজাকে উহাদিগের
হস্তে সমর্পণ করিয়া স্বদেশে প্রস্থান করিল এবং
সৈনিক কার্য্য পরিত্যাগ করিয়া কার্য্যান্তরে ব্যা-
পৃত হইল। পার্লিয়ামেন্টের ইচ্ছা হইল, ইং-
লণ্ডীয় সৈন্যদিগকেও ঐ রূপে বিচ্ছিন্ন করিয়া

দেন। কিন্তু উহারা কার্য্যান্তরে গমন করিতে অস্বীকার করিল। এইরূপ ঘটিয়া উঠিলে, রাজা প্রকাশে ইণ্ডিপেণ্ডেন্টদিগের সহিত, আর গোপনে২ প্রেসবিটীরীয়দিগের সহিত, সন্ধি করিবার চেষ্টা করিতে লাগিলেন। ঐ গুপ্ত সন্ধির সময়ানুসারে স্কট্‌লণ্ডীয় সেনা রাজপক্ষ হইয়া ইংলণ্ডে প্রেবশ করিল এবং ইংলণ্ডের স্থানে২ প্রেস্‌বিটীরীয় মতাবলম্বী রাজপক্ষীয় যত লোক ছিল, তাহারাও অস্ত্রধারণ করিল। ক্রম্‌ওএল্‌ সত্বর হইয়া উত্তর দিকে গমন করিলেন—একযুদ্ধেই স্কট্‌লণ্ডীয় সৈন্যগণকে বিনষ্ট করিলেন—এবং এমত অবিশ্বাস্য রাজার সহিত সন্ধিবন্ধনের চেষ্টাকরা ব্যর্থ এই নিশ্চয় করিয়া প্রত্যাগমন করিলেন। পার্লিয়ামেন্টে যে সকল 'প্রেস্‌বিটীরীয়' সভ্য ছিলেন, তাঁহারা সকলেই অপমানিত হইয়া স্বস্থান-ভ্রষ্ট হইলেন। পার্লিয়ামেন্টে, ইণ্ডিপেণ্ডেন্ট বই আর কোন লোক রহিল না। তখন রাজার বিষয়ে বিচারার্থ এক মহতী ধর্ম্মাধিকরণ-সভা সংস্থাপিত হইল। রাজা সেই সভা সমক্ষে আনীত হইলেন—বিচারে দোষী হইলেন—এবং আপন ভবন সমক্ষে এক উচ্চ মঞ্চোপরিআরূঢ় হইয়া সহস্র২ ব্যক্তির সমক্ষে ঘাতকের অস্ত্রাঘাতে বিনষ্ট হইলেন। এই ব্যাপার ১৬৪৯ খৃষ্টাব্দে সংঘটিত হয়।

—*—

সপ্তম অধ্যায়।

—•—

[সাধারণ তন্ত্রতা—ক্রমওএলের প্রবর্ত্তিত শাসনপ্রণালী—ইংলণ্ডের প্রভাবশালিতা—ওলন্দাজদিগের ও অন্যান্যের সহিত যুদ্ধ—ক্রমওএলের মৃত্যু—রিচার্ড-ক্রমওএল—রাজতন্ত্রতার পুনঃ প্রবৃত্তি।]

ইণ্ডিপেণ্ডেণ্ট সম্প্রদায়ের লোকেরা রাজার প্রাণবধ করিয়া ইংলণ্ডে সাধারণ-তন্ত্র রাজ্যশাসন-প্রণালী সংস্থাপিত করিল। উহাদিগের মতে প্রজারাই রাজশক্তির নিদান ভূত। অতএব প্রজা সাধারণের প্রতি-নিহিত ব্যক্তিরাই রাজশক্তি ধারণ করিতে পারে, অন্য কাহারও সেই শক্তি ধারণের ক্ষমতা নাই। সুতরাং পার্লিয়ামেন্টের মধ্যে 'হৌস্ অবলর্ডস্' নামক যে ভূম্যধিকারী ও যাজকবর্গের সভা ছিল, তাহা অকিঞ্চিৎকর এবং রাজ-শক্তি ধারণের অনধিকারী বিবেচনায় রহিত হইল। এইরূপে সমুদায় রাজশক্তি কেবল 'হৌস্-অব কমন্স্' নামক সভার হস্তগত হইলে তাহারা সেনাপতি 'ক্রমওএল' কে আয়র্লণ্ড শাসন করিবার নিমিত্ত প্রেরণ করিলেন। আয়র্লণ্ডে তখন তিনটী পরস্পর প্রতি-পক্ষ দল প্রবল হইয়াছিল। একটী রোমান্ কাথলিক মতাবলম্বী, দ্বিতীয়টী রাজপক্ষ, আর তৃতীয়টী পার্লিয়ামেন্টের অনুগামী। ক্রমওএল্ অতি অল্পকাল

মধ্যেই রোমান্ কাথলিক এবং রাজপক্ষীয় এই উভয় দলকে যুদ্ধে পরাস্ত করিয়া আয়র্লণ্ডে পার্লিয়ামেন্টের অপ্রতিহত প্রভাব সংস্থাপিত করিলেন। ইনি যেরূপে আয়র্লণ্ড শাসন করিয়াছিলেন ইহাঁর পূর্ব্বে কখন ঐ দেশ তেমন শাসিত হয় নাই। অতি পরুশ ব্যবহার* দ্বারা তিনি বিপক্ষ মাত্রকেই ভীত করিলেন—যথাযোগ্য পুরস্কার প্রদান দ্বারা স্বপক্ষ সমুদায়কে প্রবল করিলেন—এবং ইংলণ্ড হইতে ঔপনিবেশিক আনয়ন করিয়া আয়র্লণ্ডের নানা স্থানে সংস্থাপিত করত ঐ দেশে ইংরেজদিগের কর্ত্তৃত্ব বদ্ধ-মূল করিলেন।

ক্রম্ওএল্, যে সময়ে আয়র্লণ্ড জয় করিতে যান তাহার কিঞ্চিৎ পূর্ব্বে মৃত ভূপতির জ্যেষ্ঠপুত্র হলণ্ড হইতে মন্টরোজ্ নামা প্রসিদ্ধ সেনাপতিকে স্কট্লণ্ডে প্রেরণ করেন। কিন্তু মন্টরোজ্ এই বার কিছুই করিতে পারিলেন না। তিনি ধৃত হইয়া এডিন্বর্গ নগরে নীত হইলেন এবং তথায় বিচারান্তে তাঁহার প্রাণদণ্ড হইল। কিন্তু স্কট্লণ্ডীয়রা প্রেস্বিটিরীয় ধর্ম্ম-শাসন-প্রণালীর ঐকান্তিক ভক্ত ছিল। তাহারা ঐরূপ ধর্ম্ম-শাসন-প্রণালী ইংলণ্ডেও প্রবর্ত্তিত করিবে এই অভিপ্রায়েই রাজার বিরুদ্ধে অস্ত্রধারণ করিয়া ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টের সহায়তা করি-

---

* ড্রগ্হীডা নগর নিবাসী আবাল বৃদ্ধ বনিতা অনূ্যন নয় সহস্র ব্যক্তিকে তিনি একোদ্যমে বিনষ্ট করেন।

য়াছিল ; সুতরাং যখন তাহারা দেখিল যে, ইণ্ডি-পেণ্ডেণ্টদিগের প্রাদুর্ভাব হওয়াতে তাহাদিগের চিরকাঙ্ক্ষিত মানস সিদ্ধির ব্যাঘাত উপস্থিত হইল, তখন স্কটলণ্ডীয়েরা রাজপুত্রকে স্বদেশে আহ্বান করিল এবং তাঁহাকে প্রেস্‌বিটিরীয় মতাবলম্বন করিতে স্বীকার করাইয়া রাজ্যপ্রদান করিতে অঙ্গীকার করিল। ক্রমওএল্, এই সংবাদ প্রাপ্তি মাত্র আয়র্লণ্ড হইতে লণ্ডনে আগমন করিলেন এবং সত্বর পদে স্কটলণ্ডে গিয়া উপস্থিত হইলেন। স্কট্ সৈন্যগণ, নির্ব্বোধ যাজকদিগের পরামর্শানুসারে 'ডন্‌বারের' যুদ্ধে প্রবলতর বেগে ক্রম্‌ওএলের প্রতি আক্রমণ করিল কিন্তু যেমন কোন মৃৎপাত্রের প্রহারে সুদৃঢ় আয়সাস্ত্রের কোন ক্ষতি হয় না, প্রত্যুত ঐ দুর্ব্বল পাত্রই স্বয়ং খণ্ড২ হইয়া যায়, সেইরূপ স্কট্-সৈন্যও লৌহ-পার্শ্বকদিগের সহিত যুদ্ধে ছিন্ন ভিন্ন হইয়া পড়িল। ক্রম্‌ওয়েল্ ইহার পর এক বৎসর স্কট্‌লণ্ডে অবস্থিতি করেন। স্কট্‌লণ্ডীয়েরা পুনর্ব্বার সৈন্য সংগ্রহ করিল—রাজপুত্রকে রাজমুকুট ধারণ করাইল—কিন্তু পূর্ব্ব যুদ্ধে এমনি শিক্ষা পাইয়াছিল যে কোন মতেই আর সম্মুখ সংগ্রামে প্রবৃত্ত হইতে সাহস করিল না। তাহারা কৌশল পূর্ব্বক কখন এদিক কখন ওদিক করিয়া ভ্রমণ করিয়া বেড়াইতে লাগিল। হঠাৎ স্কট্‌সেনানী দেখিলেন যে, ইংলণ্ড গমনের পথমুক্ত হইয়া আছে। তিনি তৎক্ষণাৎ স-

সৈন্যে ইংলণ্ডে প্রবেশ করিলেন এবং অতি দ্রুত গমনে লণ্ডন নগরাভিমুখে ধাবমান হইলেন। ক্রম্‌ওএল্‌ও পশ্চাৎ২ আসিয়া ‘ওর্সেষ্টর্‌’ নগরে স্কট্‌ সেনার সন্দর্শন পাইলেন। তিনি অবিলম্বে আক্রমণ করিলেন এবং অতি তুমুল সংগ্রামের পর একেবারে বিপক্ষ দলকে বিধ্বস্ত করিয়া ফেলিলেন। রাজপুত্র মহাকষ্টে প্রাণমাত্র লইয়া পলায়ন করিয়াছিলেন। ক্রম্‌ওএল্‌, ‘মঙ্ক’ নামক এক জন সেনাপতিকে স্কট্‌লণ্ডে রাখিয়া আপনি লণ্ডনে প্রত্যাগমন করিলেন।

এপর্য্যন্ত পার্লিয়ামেন্ট এবং সৈন্যগণের ঐকমত্যছিল। কিন্তু বিপৎকালের সৌহার্দ প্রায়ই সম্পাদে স্থায়ী হয় না। পার্লিয়ামেন্টে এবং ক্রম্‌ওএলেবিবাদ উপস্থিত হইল। ক্রম্‌ওএল্‌ তৎক্ষণাৎ কতকগুলি সৈনিক সমভিব্যবহারে গিয়া সদস্যগণকে কটুবাক্যে তিরস্কার করত বলিলেন “ছি! ছি! তোরা দূর হ—দূর হ—ভদ্রলোকদিগকে এখানে আসিতে দে—আমি বলিতেছি তোরা পার্লিয়ামেন্টে বসিবার যোগ্য নহিস্‌—ঈশ্বর তোদের পরিত্যাগ করিয়াছেন”। এই বলিয়া তিনি উহাদিগকে দূর করিয়া দিলেন। ইহার পর ক্রম্‌ওএল আপন মতানুগামী কতকগুলি লোক লইয়া একটী সভা করেন। ঐ সভাতে ‘বেয়ার্‌বোন্‌’ নামা একজন অকর্ম্মণ্য ব্যক্তি ছিল। এই হেতু লোকে বিদ্রূপ করিয়া ঐ সভাকে বেয়ারবোনের পার্লিয়ামেন্ট বলিত। সেই সভার সভ্যগণ

ক্রম্‌ওএলের হস্তে সমুদায় রাজশক্তি সমর্পণ করিয়া তাঁহাকে 'প্রোটেক্‌টর', অর্থাৎ রক্ষিতা উপাধি প্রদান করিল। প্রোটেক্‌টর মহাশয় রাজ্য শাসন করিতেলাগিলেন* তাঁহার সেনাপতিগণ প্রদেশেং বিচারপতির কর্ম্মে নিযুক্ত হইয়া* এমন উত্তমরূপে ধর্ম্মাধিকরণের কার্য্য নির্ব্বাহ করিতে লাগিলেন যেকোথাও আর বিদ্রোহিগণ শীর্ষোত্তোলন করিতে পারিল না। প্রজা মাত্রেই পূর্ব্বাপেক্ষা সুখসচ্ছন্দে কালযাপন করিতে লাগিল—ধর্ম্ম সংক্রান্ত মতভেদ লইয়া আর পূর্ব্বের ন্যায় গোলমাল হইতে পারিল না—রোমান্‌ কাথলিক ভিন্ন আর সকল খ্রীষ্টান্‌ সম্প্রদায়ের লোক স্বং ইচ্ছানুসারে ঈশ্বরের উপাসনা করিবার অনুমতি প্রাপ্ত হইল—এক প্রকার 'হৌস্‌অব্‌ লর্ডস্‌' সভাও পুনঃ সংস্থাপিত হইল—আর বাহিরে সর্ব্বত্রই ইংলণ্ডের সম্মান এবং গৌরব বৃদ্ধি হইতে লাগিল।

ক্রম্‌ওয়েল এইরূপে ইংলণ্ডের স্বাধীনতাপহরণ করিলেন বটে, কিন্তু তৎপরিবর্ত্তে তদ্দেশের মহিমা সম্বর্দ্ধন করিলেন। তাঁহার সময় অবধি ইংরেজ নামটী সর্ব্বদেশে মাননীয় হইয়া উঠিল। জেম্‌সের এবং চার্লসের সময়ে ইংলণ্ড, ইউরোপীয়

*ভারতবর্ষে ডাল্‌হৌসির একান্ত অনুমোদিত অনিয়ত শাসন প্রণালী কিয়দংশে ঐরূপ। পঞ্জাব প্রদেশেই ইহা বিশিষ্টরূপে প্রচলিত হইয়াছে।

রাজাদিগের নিকট অতি হীনবল এবং নিতান্ত অবজ্ঞেয় হইয়াছিল। ক্রম্‌ওয়েলের পোতাধ্যক্ষ ব্লেক্‌ নামক যুদ্ধবীর প্রথমে হলণ্ডের গর্ব্ব চূর্ণ করিলেন, পরে স্পেইন্‌ দেশের রাজাকে হীন-সন্ধি গ্রহণ করাইলেন এবং অনন্তর বার্বরি দেশের জলদস্যুগণও তাঁহার যুদ্ধে পরাভব স্বীকার করিল। বেল্‌জিয়মের অন্তর্গত আন্টর্প নগর ইংলণ্ডের অধিকৃত হইল এবং ইউরোপের মধ্যে যেখানে যত প্রটেষ্টান্ট মতাবলম্বী লোক বাস করিত সকলেই ক্রম্‌ওএলকে আপনাদিগের রক্ষিতা বলিয়া স্বীকার করিল এবং তাঁহার দোহাই দিয়াই অনেকানেক বিপদ হইতে রক্ষা পাইল। পোপ স্বয়ং ক্রম্‌ওএলের ভয়ে ভীত হইয়াছিলেন। তিনি কোন সময়ে পোপকে এই বলিয়া পাঠাইয়াছিলেন যে, প্রটেষ্টান্টদিগের প্রতি অত্যাচার নিবারণ না করিলে ইংলণ্ডীয় কামান সকলের ভীষণ ধ্বনি রোম নগরেও বিশ্রুত হইবে। পোপ জানিতেন যে, ক্রম্‌ওএল্‌ যাহা বলেন তাহাই করিয়া থাকেন। কদাপি উঁহার বাক্যের অন্যথা হয় না। ফলতঃ যদি ঐ সময়ে ইউরোপখণ্ডে পুনর্ব্বার ধর্ম্ম-যুদ্ধ আরম্ভ হইত, তবে ক্রম্‌ওএল্‌ প্রটেষ্টান্ট মাত্রেরই সেনাপতি হইয়া যুদ্ধবিদ্যার পরাকাষ্ঠা প্রদর্শন করিতেন, তাহার সন্দেহ নাই। তিনি জন্মাবচ্ছিন্নে কখন কাহার নিকট পরাভব প্রাপ্ত হন নাই। সুতরাং তাদৃশ ধর্ম্ম

যুদ্ধ উপস্থিত হইলে যে, বিবিধ কীর্ত্তি-কলাপ সংস্থাপন দ্বারা ইংরেজদিগের বিশিষ্ট শ্রদ্ধাস্পদ হইতেন, তাহা নিঃসন্দেহ। কিন্তু তাহা হইল না। ইংরেজেরা অধিকাংশই মনেং তাঁহার প্রতি অত্যন্ত বিরক্ত ছিল, কেবল ভয় প্রযুক্তই কেহ কোন কথা বলিতে পারিত না। উহাদিগের ভয় এমত প্রবল হইয়াছিল যে, তাঁহার মৃত্যু হইলে যখন তাঁহার পুত্র রিচার্ড প্রোটেক্টর উপাধি গ্রহণ পূর্ব্বক সিংহাসনারোহণ করিলেন তখনও প্রথমতঃ কেহ কিছু বলিতে সাহস করিল না। কিন্তু প্রজা-সাধারণ কিছু না বলিলেও যে সৈন্যগণ কর্ত্তৃক ইংলণ্ডের শাসন কার্য্য নির্ব্বাহ হইতেছিল, তাহারা রিচার্ডের প্রতি অনুরক্ত ছিল না। কারণ তিনি বীর-পুরুষ ছিলেন না। বীরতা না থাকিলে সৈনিক পুরুষদিগের স্থানে সম্ভ্রম পাওয়া দুষ্কর—আর তিনি বাস্তবিক সাধুশীল হইয়াও ইণ্ডিপেণ্ডেন্টদিগের ন্যায় ধর্ম্ম-ধ্বজী ছিলেন না, অর্থাৎ সকল কথাতেই ধর্ম্মের বিচার এবং বাইবলের বচন আবৃত্তি করিয়া ভাবে গদ্‌ গদ হইতে পারিতেন না। সুতরাং সৈন্যগণ প্রথমতঃ রিচার্ডের শাসন অঙ্গীকার করিয়া সাধারণ-তন্ত্র সংস্থাপিত করিল বটে কিন্তু সকল সেনার এক প্রকার মত হইল না। সকল সেনানীই মনেং আপনি ক্রম্‌ওএলের ন্যায় সর্ব্ব-কর্ত্তৃত্ব লাভ করিবেন এই আকাঙ্ক্ষা করিতে লাগিলেন। সুতরাং

তাহাদিগের পরস্পর বিবাদে রাজ্য শাসনের সাতিশয় বিশৃঙ্খলা উপস্থিত হইয়াছিল।

এই সকল কারণে প্রজা সাধারণ নিতান্ত বিরক্ত হইয়া উঠিল এবং প্রায় সকলেই মনে২ এমত প্রার্থনা করিতে লাগিল যে, যদি পূর্ব্বের রাজবংশ সিংহাসনে অধিরূঢ় হইলে এই দুর্ব্বৃত্ত সৈনিকগণের হস্ত হইতে নিষ্কৃতি পাওয়া যায়, তাহাও শ্রেয়ঃ। এই রূপে লোকের মনের ভাব পরিবর্ত্তিত হইয়া ক্রমে২ প্রেস্‌বিটীরীয় এবং রাজপক্ষীয় সকলে ঐকমত্যাবলম্বন করিল। এমত সময়ে ক্রম্‌ওএল, যে মঙ্কনামক সেনাপতিকে স্কট্‌লণ্ডে রাখিয়া আসিয়াছিলেন তিনি লণ্ডন নগর স্থিত সেনাদিগের অনুমত শাসন-প্রণালী অমান্য করিয়া আপনি সসৈন্যে ইংলণ্ডে প্রবেশ করিলেন। উনি প্রথমতঃ আপন অভিপ্রেত কিছুই ব্যক্ত করেন নাই। কিন্তু পরে যখন জনসাধারণের মন বুঝিতে পারিলেন তখন এক স্বাধীন পার্লিয়ামেন্ট সভা আহ্বান করিয়া সেই সভার হস্তে রাজ্যের বন্দোবস্ত করণের ভার দিলেন। সকলেই নিশ্চয় করিয়াছিল যে, পার্লিয়ামেন্ট বাস্তবিক স্বাধীন হইলে পূর্ব্ব রাজবংশ পুনর্ব্বার সিংহাসনে সংস্থাপিত হইবে। ফলতঃ তাহাই হইল। প্রথম চার্লসের জ্যেষ্ঠপুত্র মহাসমারোহ পূর্ব্বক ইংলণ্ডে পরিগৃহীত হইলেন। জনসাধারণের আর আনন্দের পরি-

সীমা রহিল না। চতুর্দ্দিকে নৃত্যগীত হইতে লাগিল। নগরের পয়ঃ প্রণালী পর্য্যন্ত মদিরায় পরিপূর্ণ হইল—লণ্ডন নগর দীপমালায় শোভমান হইল—কেবল সেনাগণ মাত্রই অধোবদন হইয়া রহিল নচেৎ আর সকলেই বিশুদ্ধ আনন্দ নীরে অভিষিক্ত হইতে লাগিল। এই রূপে ১৬৬০ খৃষ্টাব্দে দ্বিতীয় চার্লসের শুভ আগমন হয়।

—•—

অষ্টম অধ্যায়।

—•—

[দ্বিতীয় চার্লস—রীতি পরিবর্ত্ত—হলণ্ডের সহিত যুদ্ধ চতুর্দ্দশ লুই—পার্লিয়ামেণ্টের সহিত বিবাদ—হেবিয়স্ কর্পস্—টাইটস্ ওয়েটস্—রোমান কাথলিকদিগের প্রতি অত্যাচার—তাহার নিবারণ।]

দ্বিতীয় চার্লস রাজাসন প্রাপ্ত হইয়াই প্রথমতঃ সর্ব্ব সাধারণের প্রতি ক্ষমা বিস্তার করিয়া এইরূপ ঘোষণা করাইলেন যে, পূর্ব্বরাষ্ট্র-বিপ্লবে যাহাদিগের রাজার প্রাণ বধে বিশিষ্ট সংস্রব ছিল তদ্ভিন্ন অপর কেহই দণ্ডনীয় হইবে না। অতএব রাজ-হত্যাকারী কতিপয় ব্যক্তি মাত্র দণ্ডার্হ হইল আর ক্রমওএল প্রভৃতি যাঁহারা পূর্ব্বেই

কালবশে লোকান্তর গমন করিয়াছিলেন তাঁহাদিগের শব সমাধিস্থান হইতে উৎখাত হইয়া ফাঁসি কাষ্ঠে উদ্বদ্ধ হইল। ইংলণ্ডের প্রজা সাধারণ স্বদেশে রাজা না থাকায় এত কষ্ট পাইয়া ছিল যে, এক্ষণে রাজার আগমন হওয়াতে তাহারা তৎপ্রতি একান্ত ভক্তিমান হইয়া পড়িল। রাজ্য শাসনের প্রণালী রাষ্ট্রবিপ্লবের পূর্ব্বে যে রূপ ছিল অতি শীঘ্র সেই অবস্থাপন্ন হইতে লাগিল। ধর্ম্ম শাসনের ও পূর্ব্ব প্রণালী সংস্থাপিত হইল অর্থাৎ মধ্যে প্রেস্‌বিটীরীয় এবং ইণ্ডিপেণ্ডেণ্ট মত যেরূপ প্রবল হইয়াছিল আর তাহা রহিল না, তম্মতাবলম্বিগণ যাজকের কর্ম্ম হইতে চ্যুত হইল এবং 'এপিস্কোপেলীয়' মতের অনুগামী আর্চবিশপ, বিশপ প্রভৃতি যাজকগণ পুনর্ব্বার যাজকতায় প্রবর্ত্তিত হইলেন। অধিকন্তু পিউরিটানেরা প্রবল হইয়া দেশ হইতে সকল আমোদ প্রমোদ নিরাকৃত করিয়াছিল; খৃষ্টমস্ দিনে পূর্ব্বে২ যেরূপ ভূরি ভোজের এবং নৃত্য গীতের প্রথাছিল তাহা তাহারা রহিত করিয়া ঐ দিবস উপবাসে যাপন করিতে হয় এমত নির্দ্দেশ করিয়াছিল। উহাদিগের পূর্ব্বে ইংলণ্ডে নাট্য ক্রিয়ার বিশেষ প্রাদুর্ভাব হইয়াছিল। পিউরিটানেরা তাহাও রহিত করে—ভল্লুকের নৃত্যদেখায় লোকে সমধিক আমোদ করিত, তাহাও নিষিদ্ধ হইয়াছিল। ফ-

লতঃ পিউরিটানেরা আমোদ প্রমোদের পরম শত্রু ছিল। এক্ষণে উহারা নিস্তেজা হওয়াতে সকলেই উহাদিগের প্রতি বিদ্রূপ করিতে লাগিল এবং ইন্দ্রিয়দমন কার্য্যে একেবারে জলাঞ্জলি দিয়া সকলেই যথেচ্ছাচার করিতে আরম্ভ করিল। লম্পটতা, মাদক দ্রব্যসেবন, অশ্লীল বাক্য ব্যবহার, এই সকল সল্লোকের চিহ্ন হইয়া উঠিল। যাহারা ঐ সকল কর্ম্মে আমোদ না করিত, তাহারাই দুষ্ট, কুটিল মতি, এবং রাজ-বিদ্রোহী বলিয়া সকলের নিকট অপমানিত ও পরিপীড়িত হইত। রাজা স্বয়ং লম্পটের শেষ, চপলের শেষ, অলসের শেষ এবং অধার্ম্মিকের শেষ ছিলেন। গুণের মধ্যে তাঁহার কিঞ্চিৎ বক্তৃতা শক্তি ছিল—কিঞ্চিৎ বিদ্যাছিল এবং মনটা নিতান্ত কঠিন ছিল না। ফলতঃ লম্পট ব্যক্তিরা যদিও পরম স্বার্থপর হয় তথাপি পরদুঃখ দর্শনে তাহাদিগের কদাপি অধিক সুখানুভাব হইতে পারে না। চার্লসেরও কেবল ঐ মাত্র গুণ ছিল। তিনি পর দুঃখে কাতর না হউন, কিন্তু যে কোন প্রকারে হউক তাঁহার আমোদ প্রমোদের ভঙ্গ হইলেই বিরক্ত হইতেন। অকৃতী, অভাজন রাজা এমত কখনই গম্ভীর-প্রকৃতি পুরুষার্থ-সাধনে-তৎপর ইংরেজ জাতির শ্রদ্ধাস্পদ হইতে পারে না। চার্লস অতি শীঘ্রই দেখিলেন যে, তাঁহার প্রথম পার্লিয়ামেন্ট যত ভ-

ক্তিমান হইয়াছিল দ্বিতীয় ও তৃতীয় পার্লিয়ামেণ্ট সেরূপ রহিল না। উহারা টাকা দেওয়ায় অনেকানেক আপত্তি উত্থাপন করিতে লাগিল। অতএব তিনি ফ্রান্সরাজ চতুর্দ্দশ লুইর নিকট ক্রমওএলের অধিকৃত ডঙ্কর্ক-নগর বিক্রয় করিলেন এবং সমধিক পণ পাইয়া পর্ত্তুগাল রাজকুমারীর পাণিগ্রহণ করিলেন। এই বিবাহে চার্লস্ পোর্ত্তুগিজদিগের স্থানে বম্বাই দ্বীপ যৌতক স্বরূপে প্রাপ্ত হন। কিন্তু এই সকল করিয়াও রাজা আপনার ব্যয়োপযোগী অর্থ সংগ্রহ করিতে পারিলেন না। অতএব তিনি হলণ্ডের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। তাঁহার মনেং পরামর্শ এই যে, যুদ্ধের খরচ বলিয়া চাহিলে পার্লিয়ামেণ্টের স্থানে অবশ্যই টাকা পাইব এবং তাহার কিয়দংশ দ্বারা আপনার প্রয়োজনীয় ব্যয় নির্ব্বাহ হইতে পারিবে। রাজার কনিষ্ঠ সহোদর জেমস্ রণপোত সমস্তের অধ্যক্ষ হইয়া ওলন্দাজদিগকে আক্রমণ করত জয় লাভ করিলেন। কিন্তু খরচের অভাবে ঐ সকল রণ-পোত অধিক কাল যুদ্ধস্থলে থাকিতে পারিল না। তাহাদিগের অধিকাংশই টেমস্ নদীতে আনীত হইল এবং নাবিক ও যোদ্ধৃ বর্গকে ছাড়াইয়া দেওয়া গেল। ওলন্দাজেরা ঐ সুযোগে টেমস্ নদীতে প্রবিষ্ট হইল এবং ইংরেজদিগের অন্যূন বিংশতি খান বৃহৎ২ জাহাজ নষ্ট করিয়া ফেলিল। উহারা মনে করিলে

ঐ সময় লণ্ডন আক্রমণ করিয়া সমুদায় প্রধ্বংস করিতে পারিত। চার্লস্ ওলন্দাজদিগের সহিত হীন-সন্ধি করিলেন।

এই সময়ে ফ্রান্সের রাজা চতুর্দ্দশ লুই অত্যন্ত প্রবল হইয়াছিলেন। তিনি বেলজিয়ম এবং হলণ্ড জয় করিবার নিমিত্ত মনেং একান্ত ইচ্ছুক হইয়া এই মরামর্শ করিতেছিলেন যে, যদি কোন মতে ইংরাজদিগকে যুদ্ধ হইতে নিবৃত্ত রাখিতে পারি, তাঁহা হইলেই মানস সিদ্ধ হয়। এখানে ইংরাজেরাও নিশ্চয় করিয়াছিল যে, ফ্রান্স চিরকাল ইংলণ্ডের প্রতিযোগী, এক্ষণে সেই ফ্রান্স এদত প্রবল হইয়া উঠিয়াছে যে, যদি উহাকে দমন করিবার কোন উপায় না করা যায়, তবে সমূহ অনিষ্ট ঘটিবার সম্ভাবনা। চার্লস্ আপন প্রজাদিগের মন বুঝিতে পারিয়া উহাদিগকে তুষ্ট করিবার নিমিত্ত হলণ্ড এবং সুইডেনের সহিত সন্ধিবন্ধন করিলেন। ঐ দুই দেশের লোকেই প্রটেষ্টান্ট মতাবলম্বী; সুতরাং ইংরেজেরা সমধর্ম্মী-দিগের সহিত সম্প্রীতি হওয়াতে পরম পরিতোষ প্রাপ্ত হইল। উহারা তুষ্ট হইল বটে, কিন্তু বিশ্বাস সহকারে রাজার হস্তে অধিক অর্থ প্রদান করিতে সাহস করিল না; রাজা হাতে টাকা পাইলে পাছে আপনি ব্যর্থ-কর্ম্মে ব্যয় করেন, অথবা ভৃতিভুক সৈন্যের সংখ্যা বৃদ্ধি করিয়া দেশের স্বাধীনতা

নষ্ট করেন, এই ভয়ে কোন পার্লিয়ামেন্টই চার্লস্‌কে একেবারে অধিক টাকা দিতে স্বীকার করিল না। ফলতঃ ঐ সময়ের ইংরেজেরা পাছে রাজার ভৃতিভুক সৈন্যের সংখ্যা বৃদ্ধি হয় ইহা অতিশয় ভয় করিত। ক্রমওএলের ভৃতিভুক্ সেনাগণ কর্ত্তৃক নিষ্পীড়িত হইয়া অবধি তাহারা তাদৃশ সৈন্যের প্রতি সাতিশয় বিরক্ত হইয়াছিল। ফলতঃ চার্লসের সেনা সর্ব্ব-শুদ্ধ পাঁচ সহস্রের অধিক ছিল না—রাজা নিজস্ব হইতেই তাহাদিগের ভৃতি প্রদান করিতেন—তথাপি পার্লিয়ামেন্ট ঐ সৈন্যের প্রতি অনুক্ষণ বিষ দৃষ্টি নিক্ষেপ করিত।

সে যাহা হউক, যখন চার্লস দেখিলেন যে, হলণ্ড এবং সুইডেনের সহিত সন্ধি করিয়াও তিনি স্বাভীষ্ট সাধন করিতে পারিলেন না তখন তিনি অধিকতর দুষ্ট উপায় অবলম্বন করিলেন। তাঁহার মনেং নিতান্ত ইচ্ছা যে, আপনি যথেচ্ছাচারী হন। পার্লিয়ামেন্ট অথবা অন্য কেহ তাঁহাকে কোন কথা না বলিতে পারে। এই অভিপ্রায়ে তিনি ফ্রান্সরাজ চতুর্দ্দশ লুইর সহিত সংগোপনে এইরূপ সন্ধিবন্ধন করিলেন যে, লুই তাঁহার ব্যয়ের নিমিত্ত টাকা দিবেন আর ইংলণ্ডীয় প্রজাদিগকে দমন করিয়া রাখিবার নিমিত্ত ফরাসী সৈন্য দিবেন। কিন্তু চার্লস্ রোমান্ কাথলিক ধর্ম্ম পরিগ্রহ পূর্ব্বক হলণ্ডদেশ জয় করণে লুইর সাহায্য করিবেন, আর

কোন মতে যাহাতে ফ্রান্সের মন্দ হয় এমত চেষ্টা করিবেন না। নীচ-প্রকৃতি চার্লস্ এইরূপে লুইর ভৃতিভুক হইতে স্বীকার করিয়া স্বদেশের স্বাধীনতা বিক্রীত করিলেন। ইংরেজদিগের রণপোত সমস্ত পুনর্ব্বার হলণ্ডের প্রতিকূলে যাত্রা করিল এবং সেই সময়েই ফ্রান্সের অসংখ্য স্থলগামী সৈন্য হলণ্ডদেশ প্লাবিত করিয়া ফেলিল। ওলন্দাজেরা এই সুমহৎ বিপৎ পাত কালে একটী অল্পবয়স্ক কিন্তু প্রবীণবুদ্ধি এবং মহোৎসাহশালী ব্যক্তির পরামর্শ গ্রহণ করিল। ইহাঁর নাম উইলিয়ম্। ইনি হলণ্ডের ষ্টাট্‌হোল্‌ডর অর্থাৎ প্রধান শান্তি-রক্ষক ছিলেন। ইনি ওলন্দাজদিগকে বলিলেন যে, যদিও আমাদিগের দেশ নিতান্তই শত্রুর অধিকৃত হয়, তথাপি আমরা সকলে সপরিবার জাহাজারোহণ করিব এবং এসিয়ার মধ্যে জাবা প্রভৃতি যে সমস্ত সুরম্য স্থান আমাদিগের অধিকৃত আছে, তথায় গিয়া বাস করিব। যেদেশের প্রজা মাত্রের এমত পরামর্শে সম্মতি হয় কাহার সাধ্য যে সেই দেশকে পরাধীন করে?। ওলন্দাজেরা বাঁদ বাঁধিয়া সমুদ্র জল হইতে আপনাদিগের দেশ রক্ষা করিয়া থাকে। উহারা এই সময়ে সেই সকল বাঁদ খুলিয়া দিল। সমুদায় দেশ জলে প্লাবিত হইয়া গেল। নগরগুলি উন্নত স্থানে অবস্থিত ছিল অতএব সমুদ্র মধ্যে দ্বীপের ন্যায় দৃষ্ট হইতে লাগিল। ফরাসী সৈন্যগণ অবিলম্বে রণ-

ক্ষেত্র ত্যাগ করিয়া প্রস্থান করিল। পরে ১৬৭৮ খ্রীষ্টাব্দে প্রতিপক্ষ রাজাদিগের মধ্যে পরস্পর সন্ধিবন্ধন হইল। চার্লসের ভ্রাতুষ্পুত্রী মেরীর সহিত উক্ত উইলিয়মের বিবাহ হইল। ইংরেজ মাত্রেই ইহাতে পরম সন্তোষ প্রকাশ করিলেন। উহাঁদিগের তাদৃশ সন্তোষের কারণ এই যে, সেই সময়ে রোমান কাথলিকদিগের প্রতি ইংলণ্ডীয় প্রটেষ্টান্টমতাবলম্বী প্রজাগণের সুমহৎ বিদ্বেষ ছিল। প্রথম জেম্‌সের সময়ে রোমান্ কাথলিকেরা যে দারুণ দুর্ম্মন্ত্রণা করে (অর্থাৎ বারুদ যোগে পার্লিয়ামেন্ট ও রাজাকে বিনষ্ট করিবার ষড়যন্ত্র করে) সেই অবধি সকলের এই দৃঢ় প্রতীতি হইয়াছিল যে, রোমান্ কাথলিকেরা না করিতে পারে এমন দুষ্কর্ম্মই নাই। এমন কি, চার্লস্ একবার একটী আইন প্রচারিত করিয়াছিলেন তাহার মর্ম্ম এই যে, সকল খ্রীষ্টীয় সম্প্রদায়ের লোকেরা আপনাপন মতানুসারে ঈশ্বরোপাসনা করিতে পাইবে; কিন্তু ইহাতে প্রটেষ্টান্টগণ সুখী হয় নাই। তাহারা ভাবিল যে দুর্ম্মন্ত্রণা-পরায়ণ পৌত্তলিক ধর্ম্মাবলম্বী রোমান্‌কাথলিকেরা যে প্রশ্রয় পাইবে,আমাদিগের তাহা না পাওয়াই ভাল। আবার এক সময়ে লণ্ডন নগর অগ্নিদাহে দগ্ধ হইয়াছিল। ঐ অগ্নিদাহ বাস্তবিক দৈবাধীন ঘটে; কিন্তু সকলেই বলিয়া উঠিল একর্ম্ম রোমান্ কাথলিকেরাই করিয়াছে। সম্প্রতি কতিপয় দুষ্ট

লোকে ইংরেজদিগের ঐরূপ বিদ্বেষ আছে জানিয়া এক অদ্ভুত উপাখ্যান প্রস্তুত করিল এবং তাহা লইয়া মহা আন্দোলন করত সমুদায় দেশকে কিয়ৎকাল ব্যতিব্যস্ত, কতকগুলি নিরপরাধী ব্যক্তির জীবন বিনষ্ট, এবং আপনাদিগকে বিশিষ্ট ধনশালী এবং গৌরবান্বিত করিয়া তুলিল। টাইটস্‌ওএটিস্ নামা এক ব্যক্তি কোন মাজিষ্ট্রেটের নিকট শপথ গ্রহণ পূর্ব্বক এইরূপ সাক্ষ্য প্রদান করিল যে, রোমান-কাথলিকেরা টেম্‌স্ নদীস্থিত জাহাজ সকল নষ্ট এবং লণ্ডন নগর দগ্ধ ও প্রটেষ্টান্ট মাত্রের বধ এবং রাজার প্রাণ সংহার করিবার মনন করিয়াছে। ইংরাজ মাত্রেই ঐ কথাতে বিশ্বাস করিল এবং ঐ সময়ে সকল লোকের অন্তঃকরণে যে কিপর্য্যন্ত ভয় এবং ক্রোধের উদ্রেক হইয়াছিল তাহা এক্ষণে অনুমান করাও অসাধ্য। এই সকল গোলমাল উপস্থিত হইলে পার্লিয়ামেন্টে দুইটী আইনের প্রস্তাব হইল। তাহার একটির মর্ম্ম এই যে, যিনি প্রটেষ্টাণ্ট মতাবলম্বী না হইবেন, তিনি কদাপি ইংলণ্ডের সিংহাসনে অধিরূঢ় হইতে পারিবেন না। চার্লসের কনিষ্ঠ ভ্রাতা জেম্‌সকে রাজ্যাধিকারে বঞ্চিত করাই এই আইনের উদ্দেশ্য। কারণ তিনি রোমান্ কাথলিক ধর্ম্ম গ্রহণ করিয়া জনসাধারণকে অতিশয় বিরক্ত করিয়াছিলেন। আর দ্বিতীয় আইন অদ্যাপি প্রচলিত আছে এবং উহা দ্বারা

ইংলণ্ডের প্রজামাত্রের স্বাধীনতা রক্ষা হইতেছে। উহাকে 'হেবিয়স্ কর্পস্' বলে। এই আইন অনুসারে কোন ব্যক্তি কারারুদ্ধ হইলে সে কারামোচন ও বিচারের প্রার্থনা করিতে পারে এবং তাদৃশ প্রার্থনা বিচার পতি মাত্রকেই অবশ্য পরিপূরণ করিতে হয়। এই সময়ে পার্লিয়ামেন্টের যে সকল সদস্যগণ রাজ পক্ষীয় ছিলেন তাঁহারা 'টোরি' এবং যাঁহারা প্রজাপক্ষ ছিলেন তাঁহারা 'হুইগ্' নাম প্রাপ্ত হইলেন। এই দুইটী নামই প্রথমে অতি নিন্দনীয় ছিল। কিন্তু ক্রমে২ অতি মহাজন সমূহের পরিগৃহীত হওয়াতে এক্ষণে উহারা আর নিন্দাবাচক হয় না। এই দুই দল অদ্যাবধি পরস্পরের সহিত তর্ক করিয়া আসিতেছেন এবং উহাদিগের পরস্পর তর্ক বিতর্ক দ্বারাই ইংলণ্ডের রাজ নীতি ক্রমশঃ বিশুদ্ধ হইয়া উঠিতেছে। যাহাহউক, ইংলণ্ডীয় প্রজাগণ টাইটস্-ওএটিস্ প্রভৃতি দুষ্টগণের প্রবঞ্চনায় রোমান্ কাথলিকদিগের প্রতি কিছুকাল অত্যাচার করিয়া পরিশেষে বুঝিতে পারিল যে, ঐ সকল বিষয়ে রোমান্ কাথলিকদিগের কোন দোষই নাই; অতএব তাহারা রাজার ভ্রাতা জেম্‌সকে রাজ্যাধিকার চ্যুত করিবার নিমিত্ত প্রথমে যেমন যত্নবান হইয়াছিল শেষে আর তেমন রহিল না। চার্লস্ প্রজাদিগের ঐ রূপ অভিমত বুঝিয়া পার্লিয়ামেন্ট ভঙ্গ করিয়া দিলেন এবং ফ্রান্স-

রাজ লুইর নিকট হইতে আপনার ব্যয়োপযোগী টাকা পাইয়া আর নূতন পার্লিয়ামেন্টের আহ্বান করিলেন না। ফলতঃ তিনি এক্ষণে দিন২ যথেচ্ছা-চারী রাজার ন্যায় সমুদায় রাজশক্তি গ্রহণের উ-পক্রম করিতেছিলেন। তদ্দর্শনে পূর্ব্ব পার্লিয়ামে-ন্টের কতিপয় সদস্য স্বদেশের স্বাধীনতা বিলোপ ভয়ে ভীত হইয়া রাজদ্রোহের পরামর্শ করিলেন। অতি সচ্চরিত্র, সুবিদ্বান্, নীতিজ্ঞ কতিপয় ব্যক্তি* এই রূপ দুর্মন্ত্রণায় হস্তক্ষেপ করিয়াছিলেন। কিন্তু তাঁহাদিগের গুপ্ত মন্ত্রণা প্রকাশ হইয়া পড়িল এবং উহাঁরা রাজদণ্ডে দণ্ডিত হইলেন। কিয়ৎ কাল পরে রাজার পরলোক হইল। তিনি মৃত্যুকালে রোমান্ কাথলিক ধর্ম্মে বিশ্বাস খ্যাপন করিয়াছিলেন।

—✱—

নবম অধ্যায়।

—oo—

[দ্বিতীয় জেম্‌স—তাঁহার চরিত্র— মন্‌মৌথের বি-দ্রোহ—রোমান কাথলিকদিগের প্রাবল্য—বিশপদিগের প্রতি অত্যাচার—বিচারপতি জেফ্রিজ—উইলিয়মের আগমন—রাজার সহিত নিয়ম নিবন্ধন—রাষ্ট্রপরিবর্ত্ত।]

দ্বিতীয় চার্লসের মৃত্যু হইলে তাঁহার ভ্রাতা "দ্বিতীয় জেম্‌স" উপাধি গ্রহণপূর্ব্বক ইংলণ্ডের রাজা-

* সিড্‌নি, রসল্ প্রভৃতি।

সনে উপবিষ্ট হইলেন। ইনি রোমান কাথলিক ধর্ম্মাবলম্বী ছিলেন বলিয়া হুইগ পক্ষীয় অনেকে পূর্ব্বে২ এমত চেষ্টা করিয়াছিল যে, জেম্‌স রাজ্যাধিকারে বঞ্চিত হন। কিন্তু মৃত দ্বিতীয় চার্লসের কৌশল এবং হুইগদিগের অত্যাচার, এই দুই কারণে প্রজাসাধারণ উক্ত চেষ্টার পক্ষপাতী হয় নাই। প্রত্যুত রোমান্ কাথলিকদিগের প্রতি অযথা অত্যাচার করা হইয়াছে, এই বিবেচনা করিয়া অনেকেই মনে২ জেম্‌সের পক্ষতাবলম্বন করিয়াছিল। জেম্‌স যদি সুমানুষ হইতেন, তবে অনায়াসেই আপনি সুখ সচ্ছন্দে রাজ্য ভোগ করিয়া আপন বংশে রাজাসন স্থায়ী করিতে পারিতেন। কিন্তু জেম্‌সের নানা দোষ ছিল। তিনি রোমান্ কাথলিক ধর্ম্মের নিতান্ত গোড়া ছিলেন। তাঁহার প্রকৃতিও নিতান্ত নীচ এবং বুদ্ধি অত্যন্ত স্থূল ছিল; আর তিনি লোকের দুঃখ দেখিয়া দুঃখিত হইতে জানিতেন না। প্রত্যুত অন্যের ক্লেশ দর্শনে তাঁহার বিলক্ষণ আনন্দানুভব হইত। গুণের মধ্যে তিনি পরিশ্রম করিতে পারিতেন এবং তাঁহার কাপট্য দোষ নিতান্ত অধিক ছিল, এমত বলা যায় না।

যে সকল হুইগ্ পক্ষীয় লোক পূর্ব্বে জেম্‌সের বিরুদ্ধাচরণ করিয়াছিল, তাহারা অনেকেই নির্ব্বাসিত হইয়া হলণ্ডে প্রস্থান করে। উহাদিগের মধ্যে 'ডিউক্ অব্ মন্‌মৌথ্' নামা একজন প্রসিদ্ধ

ভূম্যধিকারী ছিলেন। ইনি দ্বিতীয় চার্লসের উপ-পত্নী-গর্ব্ভ-জাত পুত্র। চার্লস্ ঐ পুত্রের প্রতি অতিশয় স্নেহবান ছিলেন এবং উহাঁকে যথেষ্ট ভূম্যধিকার প্রদান করত অতি সদ্বংশীয়া কোন কামিনীর সহিত বিবাহ দিয়াছিলেন। মন্ মৌথ্ দেখিতে পরম সুন্দর, বিবিধ কলাবিদ্যায় সুপণ্ডিত, সদয়ান্তঃ করণ, এবং মুক্তহস্ত ছিলেন। রাজা তাঁহাকে কোন যুদ্ধে সেনাপতি করিয়া পাঠান্, তিনি সেই যুদ্ধে বিজয় লাভ করেন। এই সকল কারণে মন্মৌথ্ সর্ব্ব সাধারণ প্রজাবর্গের নিতান্ত অনুরাগ ভাজন হইয়াছিলেন। পরিশেষে জেম্সকে রাজ্যাধিকারে বঞ্চিত করিবার নিমিত্ত কোন ষড়্যন্ত্রে মিলিত হইয়া সেই দোষ সপ্রমাণ হইলে তিনি নির্ব্বাসিত হয়েন।

যে সকল লোক বহুকাল বিবাসিত হইয়া থাকে, তাহারা প্রায়ই মনেং এমত ভাবে যে, পূর্ব্বে আমাদিগের বন্ধুবর্গ যেরূপ স্নেহবান ছিলেন এবং লোকে আমাদিগের যেরূপ মানসম্ভ্রম করিত সেই সকলই চিরকাল বর্ত্তমান থাকিবে, আবার দেশে যাইতে পাইলেই সেই সমুদায়ই পাইব। মন্ মৌথেরও ঐ ভ্রম হইয়াছিল। তিনি ভাবিয়াছিলেন যে, দ্বিতীয় জেম্স কখনই প্রজাপ্রিয় হইতে পারিবেন না। আমি যাইয়া উপস্থিত হইলে ইংলণ্ডের সকল লোক একবারে আমার পক্ষতাবলম্বন করিবে এবং

আমি তাহা হইলে অনায়াসে রাজা হইতে পারিব। এই ভাবিয়া তিনি কতিপয় অনুচর সমভিব্যাহারে ইংলণ্ডে আসিয়া উপস্থিত হইলেন। কতকগুলি কৃষক ও অন্যান্য সামান্য লোক তাঁহার সহিত মিলিত হইল। কিন্তু ভদ্রলোক মাত্রেই এই বিদ্রোহে হস্তার্পণ করিলেন না। সুতরাং মন্‌মোথ্‌ অতি শীঘ্রই রাজ সৈন্য কর্ত্তৃক পরাভূত হইয়া বন্দীকৃত হইলেন। ইনি রণবন্দী হইয়া জেম্‌সের সমক্ষে নীত হইলে যৎপরোনাস্তি নীচতা প্রকাশ পূর্ব্বক আপন জীবন ভিক্ষা করিয়াছিলেন। কিন্তু জেম্‌সের পাষাণহৃদয়ে দয়ার উদ্রেক করাইতে পারিলেন না। বিচারে দোষী সপ্রমাণ হইয়া ঘাতক হস্তে সমর্পিত হইলেন।

এই সময়ে মন্‌মোথের বন্ধু এবং হুইগ্‌ দলের অতি প্রধান 'ডিউক অব্‌ আর্জাইল্‌' নামক প্রসিদ্ধ ভূম্যধিকারী স্কট্‌লণ্ডে অবতীর্ণ হইয়া বিদ্রোহ উত্থাপন করিয়াছিলেন। কিন্তু তিনি কৃতকার্য্য হইতে পারিলেন না। বন্দীকৃত হইয়া এডিন্‌বর্গ নগরে আনীত এবং তথায় বিচারান্তে নিহত হইলেন। এইরূপে শত্রু দমন হওয়াতে জেম্‌সের অতিশয় সাহস হইয়া উঠিল। তিনি ভাবিলেন আপনি সমুদায় প্রজাবর্গের ধর্ম্ম প্রণালী পরিবর্ত্তিত করিতে পারিবেন। অতএব রোমান্‌ কাথলিকদিগকে প্রধান২ রাজ কার্য্যে নিযুক্ত করিতে

লাগিলেন এবং ধর্ম্মোপসনায় কেহ কাহার প্রতি-বন্ধকতা করিতে পারিবেক না, এই যুক্তি প্রদর্শন করিয়া প্রকাশ্যরূপে রোমান্ কাথলিক মতের পোষকতা করিতে লাগিলেন। এপর্য্যন্ত এপি-স্কোপেলীয় যাজকগণ রাজার বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হয় নাই। প্রত্যুত তিনি যত অত্যাচার করিয়াছি-লেন সকলেরই পোষকতা করিয়া লোক সকলকে এই বলিয়া শান্ত করিবার চেষ্টা করিয়াছিল যে, রাজার যাহা ইচ্ছা হয় তাহাই করিতে পারেন, তাহাতে প্রজাদিগের কোন আপত্তি করিবার ক্ষমতা নাই। কিন্তু রোমান্ কাথলিক ধর্ম্মের প্রবেশ হইলে ঐ যাজকগণের আপনাদিগের অন্নে হাঁতা পড়িবে, এই ভাবিয়া ছয়জন বিশপ ঐকমত্যানুসারে রাজার নিকট বিনয় পূর্ব্বক প্রার্থনা করিলেন যে, মহারাজ! আপনি রোমান্ কাথলিক ধর্ম্মের পক্ষতা পরিত্যাগ করুন। রাজা ঐ আ-বেদন পত্র দর্শনে একেবারে ক্রোধে জ্বলিয়া উঠি-লেন এবং উক্ত বিশপদিগকে কারাবদ্ধ করিলেন।

ইহার পূর্ব্বে জেম্সের প্রিয়তম বিচারপতি জেফ্রিস্ নামা নরপিশাচ বিবিধ পক্ষদণ্ড প্রণয়ন দ্বারা প্রজাসাধারণকে উত্তক্ত করিয়াছিল। তাহার পর আবার রোমান্কাথলিকদিগের প্রাদুর্ভাব হই-বার উপক্রম হইল এবং এই সময়েই রাজ্ঞী এক নব-কুমার প্রসব করিলেন। সুতরাং প্রজাগণ দেখিল যে,

জেম্‌সের মৃত্যু হইলেও তাহারা নিষ্কৃতি পাইবে না; তৎপুত্র পিতৃধর্ম্ম পরিগ্রহ পূর্ব্বক পুনর্ব্বার উহাদিগকে পীড়া দিবে। এই সকল কারণে ক্রোধ, দ্বেষ এবং ভয় ইত্যাদি প্রবল ভাবের আবির্ভাব হওয়াতে প্রজা মাত্রেই বিদ্রোহোন্মুখ হইয়া উঠিল। এই সময়ে ইংলণ্ডের প্রধান২ কতিপয় ব্যক্তি গোপনে হলণ্ডের 'ষ্টাট্‌হোল্‌ডর' উইলিয়মকে স্বদেশে রাজাসন গ্রহণ করণার্থে নিমন্ত্রণ করিলেন। উইলিয়ম জেম্‌সের জামাতা এবং ভাগিনেয় ছিলেন। তিনি ভাবিলেন যে, যদি জেম্‌স ইংলণ্ডের রাজা থাকেন এবং স্বধর্ম্মাবলম্বী প্রবল প্রতাপ চতুর্দ্দশ লুইর পক্ষতাবলম্বন করেন, তবে কোন মতেই প্রটেষ্টান্ট ধর্ম্মের উন্নতি হইতে পারিবে না; কিন্তু যদি ইংলণ্ডকে আপন হস্তে পাই তবে অক্লেশেই লুইর গর্ব্ব খর্ব্ব করিতে পারি, এই ভাবিয়া উইলিয়ম সসৈন্যে ইংলণ্ডে আগমন করিলেন। জেম্‌সের অনুচরবর্গ সকলেই জেমসকে পরিত্যাগ করিল এবং তিনি স্বয়ং ছদ্মবেশে সপরিবারে স্বরাজ্য পরিত্যাগ করিয়া ফ্রান্স রাজের শরণাপন্ন হইলেন। ইংলণ্ডীয় পার্লিয়ামেন্ট সভার সদস্যগণ এই আদেশ করিলেন যে, "দ্বিতীয় জেম্‌স শাসনপ্রণালী পরিবর্ত্তিত করিবার চেষ্টা করিয়া, রাজা ও প্রজার মধ্যে যে নিয়ম নিরূপিত আছে, সে নিয়ম উল্লঙ্ঘন করিয়াছেন এবং তিনি আপন রাজপদ

পরিত্যাগ করিয়াছেন। অতএব ইংলণ্ডের রাজাসন এক্ষণে শূন্য আছে।” এই আদেশের সহিত কতকগুলি নিয়মও নির্দ্দেশিত হইয়াছিল, উইলিয়ম এবং তৎপত্নী মেরী ইহাঁরা ঐসকল নিয়ম প্রতিপালনে সম্মত হইলে উভয়ে ইংলণ্ডের রাজাসন প্রাপ্ত হইলেন।

বঙ্গদেশে ইংরেজদিগের যে শাসন প্রবর্ত্তিত হয় তাহা যেমন তাৎকালিক নবাবের দৌরাত্ম্যে ঘটে এবং তাহাতেও যেমন কতকগুলি প্রধান২ হিন্দু এবং মুসলমান ঐকমত্যানুসারে ইংরেজদিগকে সিংহাসন পরিগ্রহার্থে নিমন্ত্রণ করেন, আর সেই সময়েও যেমন ইংরেজেরা কতকগুলি নিয়ম পালন করিতে স্বীকার করেন, ইংলণ্ডের যে রাষ্ট্র-পরিবর্ত্ত ব্যাপার বর্ণিত হইতেছে তাহাতেও অবিকল সেইরূপ ঘটিয়াছিল। বিশেষের মধ্যে এই যে, ইংরেজদিগের পার্লিয়ামেণ্ট সভাছিল, সেই সভার সভ্যগণ উইলিয়মকে কতিপয় নিয়মে স্বাক্ষর করাইয়া পরে রাজ্য প্রদান করিলেন। এদেশে সেইরূপ কোন নিয়ম পত্রে স্বাক্ষর করান হয় নাই। কিন্তু কোন নিয়ম-পত্রে স্বাক্ষর না হউক, তথাপি সেই অবধি সকলেরই প্রতীতি আছে যে, নবাব যে সকল দৌরাত্ম্য করিতেছিলেন, সেইরূপ কিছুই করিবেন না, এমত স্বীকার করিয়াই ইংরেজেরা মুর্শিদাবাদের সিংহাসন গ্রহণ করিতে পায়েন্।

যাহা হউক, উইলিয়ম যে সকল নিয়ম প্রতিপালন করিতে স্বীকার করিলেন তাহার প্রধান২ কতিপয় নিয়মের মর্ম্ম এই—যথা

প্রথমতঃ। পার্লিয়ামেন্টের সম্মতি ব্যতিরেকে রাজা নিজ ইচ্ছাতঃ কোন আইন্ রদ্ বা মকুব্ করিতে পারিবেন না।

দ্বিতীয়তঃ। পার্লিয়ামেন্ট সভা যেরূপে ও যৎপরিমাণে কর আদায় করিবার বিধি প্রদান করিবেন, রাজা তদ্ভিন্ন অন্য কোনরূপে অথবা তদধিক পরিমাণে কর গ্রহণ করিতে পারিবেন না।

তৃতীয়তঃ। প্রজামাত্রেই রাজ সন্নিধানে আবেদন পত্র প্রেরণ করিতে পারিবে। রাজা তজ্জন্য কাহার প্রতি কোন দণ্ড প্রণয়ন করিতে পারিবেন না।

চতুর্থতঃ। রাজা পার্লিয়ামেন্টের সম্মতি ব্যতিরেকে রাজ্য মধ্যে ভৃতিভুক সৈন্য রাখিতে পারিবেননা।

পঞ্চমতঃ। প্রটেষ্টান্ট ধর্ম্মাবলম্বী প্রজাগণ স্ব২ গৃহে অস্ত্র শস্ত্র রাখিতে পারিবেন। রাজা তাহা নিবারণ করিতে পারিবেন না।

ষষ্ঠতঃ। পার্লিয়ামেন্টের সদস্যগণ সম্পূর্ণ রূপেই প্রজা সাধারণকর্ত্তৃক মনোনীত হইবেন। রাজা ভয় উৎকোচাদি দ্বারা প্রজাদিগের মত পরিবর্ত্তিত করিয়া দিবার চেষ্টা করিতে পারিবেন না।

সপ্তমতঃ। পার্লিয়ামেন্টে যিনি যে কথা বলুন না কেন, তজ্জন্য তাঁহার প্রতি কোথাও অভিযোগ উত্থাপন হইতে পারিবে না।

অষ্টমতঃ। কোন বিচার পতি অযোগ্য ধনদণ্ড অথবা শরীর দণ্ড করিতে পারিবেন না।

নবমতঃ। রাজদ্রোহ দোষের বিচারাবধারণ করা, যে সকল জুরির হস্তে সমর্পিত হইবে তাহাদিগের সকল ব্যক্তিরই সর্ব্বতোভাবে স্বাধীন-সম্পত্তিশালী হওয়া আবশ্যক হইবে।

দশমতঃ। কোনব্যক্তি দোষী প্রমাণ না হইতে হইতে "অমুক দোষী প্রমাণ হইলে তাহার স্থানে যে অর্থ-দণ্ড গ্রহণ করা যাইবে তাহা তোমাকে দিব" রাজারা কাহার নিকট এমত অঙ্গীকার করিতে পারিবেন না।

একাদশতঃ। প্রজা সাধারণের সর্ব্ব প্রকার দুঃখ বিমোচনের উপায়াবধারণার্থে এবং দেশীয় ব্যবস্থা সমস্ত সংশোধিত এবং দৃঢ়ীভূত করণার্থে শীঘ্র২ পার্লিয়ামেন্ট সভার আহ্বান করা আবশ্যক হইবে।

দ্বাদশতঃ। রাজ বংশীয় কোন ব্যক্তি স্বয়ং রোমান্ কাথলিক মতাবলম্বী হইলে অথবা তন্মতাবলম্বী কাহাকেও বিবাহ করিলে সেই ব্যক্তি কদাপি ইংলণ্ডীয় সিংহাসন প্রাপ্ত হইবেন না। প্রজাগণ তাদৃশ ব্যক্তিকে বাদ দিয়া অপর যে কেহ তাঁহার

উত্তরাধিকারী হইতে পারে তাহাকেই রাজাসন প্রদান করিবে।

এই সকল নিয়ম দ্বারা রাজা ও প্রজার বিবাদ একবারে নিষ্পত্তি হইয়া গেল। 'রাজাপদ ঈশ্বরদত্ত' প্রজারা রাজকার্য্যে কোন কথা বলিবার ক্ষমতা রাখে না, প্রথম জেম্‌সের এই যে মত ছিল এত বিবাদ বিসম্বাদের পর তাহার সম্পূর্ণ বিপরীতই ঘটিয়া উঠিল!

দশম অধ্যায়।

[তৃতীয় উইলিয়ম—বিদ্রোহ দমন—ঋণগ্রহণের প্রথা—ফ্রান্সের সহিত যুদ্ধ—রাজ্যাধিকার নিয়ামক ব্যবস্থা—ফ্রান্সের সহিত যুদ্ধের উপক্রম—উইলিয়মের চরিত্র—এন্‌ রাজ্ঞী—মার্ল ব্রো—স্কটলণ্ড এবং ইংলণ্ডের সম্মিলন—টোরিদিগের প্রাবল্য।]

তৃতীয় উইলিয়ম রাজাসন প্রাপ্ত হইলে প্রটেষ্টান্ট মতাবলম্বী প্রজামাত্রের মহা আনন্দ উপস্থিত হইল। কিন্তু আয়র্লণ্ডের কাথলিক প্রজাগণ আর স্কট্‌লণ্ডের পর্ব্বতদেশীয় কেল্ট জাতীয় লোকেরা ইহাতে পরিতুষ্ট হইল না। উভয় দেশেই অনেক যুদ্ধের পর রাজশাসন প্রচলিত হইতে পারিল।

বিশেষতঃ আয়র্লণ্ডে জেম্স স্বয়ং উপস্থিত হইয়াছিলেন। তাহাতে কাথলিক ধর্ম্মাবলম্বিগণ প্রাণপণ করিয়া তাঁহার কার্য্য সাধনে যত্নবান হইয়াছিল। কিন্তু উইলিয়ম আপনি সসৈন্যে আয়র্লণ্ডে গমন করত প্রতিপক্ষ সমূহকে পরাজিত করিয়া প্রত্যাগমন করিলেন। এইরূপে সমুদায় রাজ্য উপশান্ত হইলে ইংলণ্ডরাজ হলণ্ডে যাত্রা করিয়া তথায় ফ্রান্সের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। এই যুদ্ধে অনেক ধন ব্যয় হয় এবং তৎসংগ্রহার্থ উইলিয়মকে পুনঃ২ পার্লিয়ামেন্ট সভা আহ্বান করিতে হইয়াছিল। তাহারই মধ্যে একবার ত্রৈবার্ষিক ব্যবস্থা নিরূপিত হইয়া যায় অর্থাৎ এমন একটী নিয়ম নিরূপিত হইল যে প্রতি তিন বৎসরের মধ্যে এক২ বার নূতন পার্লিয়ামেন্ট সভা সংস্থাপিত করা আবশ্যক। এই সময়ে ইংলণ্ডের ঋণও অনেক বৃদ্ধি হইয়াছিল। কিন্তু যেমন পূর্ব্বাপেক্ষা ঋণ বাড়িয়াছিল, তেমনি তাহার সুদ দিবার নিয়মও পূর্ব্বের অপেক্ষা উৎকৃষ্ট হইয়াছিল। পূর্ব্বে২ রাজারা খত দিয়া প্রজাদিগের স্থানে যে টাকা ধার করিতেন, তাহার সুদ কখন দিতেন আর কখনও দিতেন না। উইলিয়ম সংগ্রামের ব্যয় সাধনার্থে যে টাকা লইলেন, নিয়মিতরূপে তাহার সুদ দিতে আরম্ভ করিলেন। এইরূপে ঋণ বৃদ্ধি করাতে যে উইলিয়মের রাজ্য আরও

দৃঢ়তর এবং সমধিক বদ্ধমূল হইল, তাহা বলা বাহুল্য। কারণ, যত লোকে তাঁহাকে টাকা ধার দিতে লাগিল সকলেই তাঁহার পক্ষতাবলম্বন করিল। যে হেতু তাঁহার রাজ্য যাইলে উহাদিগের টাকাও একেবারে যাইবে। কিন্তু এই সময়ে পূর্ব্ব রাজা জেম্‌সের পক্ষপাতী কতগুলি লোক ইংলণ্ডে বাস করিত উহাদিগকে 'যাকোবাইট্‌' বলে। ঐ যাকো-বাইটেরা নিরন্তর মনেহ এই চিন্তা করিয়াছিল, কিরূপে তাহাদিগের অভিমত ভূপাল পুনর্ব্বার আপন পৈতৃক সিংহাসনে উপবিষ্ট হন। কিন্তু উইলিয়ম উহাদিগের নিমিত্ত বিশেষ উদ্বিগ্ন না হইয়া যাহাতে আপন চির সঞ্চিত মানস যে ফ্রান্সের রাজাকে দমন করেন, তাহাতেই সচেষ্ট থাকিলেন। বহু যুদ্ধের পর ফ্রান্স রাজ খর্ব্ব তেজা হইয়া আপনার গর্ব্ব পরিত্যাগ করত সন্ধি প্রার্থনা করিলেন। ১৬৯৭ খ্রীষ্টাব্দে ইউরোপে সন্ধি সংস্থাপন হইল। তাহার পর ১৭০০ খ্রীষ্টাব্দে পার্লিয়ামেন্ট সভায়, রাজ্যাধিকার নিয়ামক ব্যবস্থা প্রচলিত হয়। এই ব্যবস্থানুসারে ইহাই নিরূপিত হইল যে, উইলিয়ম রাজা নিঃসন্তান আছেন এবং রাজ্ঞী মেরীও লোকান্তরগত হইয়াছেন। উইলিয়মের পর-লোক হইলে মেরীর কনিষ্ঠা ভগিনী 'এন্‌' ইংল-ণ্ডের অধিশ্বরী হইবেন, আর তিনিও নিরপত্য হইয়া পরলোক গমন করিলে সুতরাং তাঁহার পর

প্রথম জেম্‌সের কন্যা এলিজেবেথের গর্ভজাত সোফিয়া, যিনি জর্ম্মণির অন্তর্গত হানোবর প্রদেশের ভূম্যধিকারীকে বিবাহ করিয়া ইলেক্ট্রেস্ উপাধি প্রাপ্ত হইয়াছেন, তাঁহারই বংশে ইংলণ্ডের রাজ্যাধিকার যাইবে।

ইহার কিছুকাল পরে পুনর্ব্বার ফ্রান্সের সহিত সংগ্রাম হইবার উপক্রম হইল। চতুর্দ্দশ লুই আপন পৌত্রকে স্পেইন দেশের রাজ্যাধিকার প্রদান করিবার নিমিত্ত সচেষ্ট হইলেন। বাস্তবিক তাঁহারই ঐ রাজ্যে প্রকৃত অধিকার ছিল বটে; কিন্তু ইংলণ্ডরাজ ও জর্ম্মনির সম্রাট্ এবং হলণ্ড বাসী প্রজাগণ সকলেই ভাবিলেন যে, ফ্রান্সরাজ্য একাই এমত প্রবল যে, ইউরোপের অন্য সকল রাজারা মিলিত হইয়া ও তাহাকে দমন করিয়া রাখিতে কদাপি সমর্থ নহেন। অতএব যদি পরাক্রান্ত ফ্রান্সের সহিত সুপ্রধান স্পেইন্ রাজ্যের সংযোগ হয়, তবে আর ইউরোপীয় অন্য কোন জাতির রক্ষা নাই—সকলকেই ফ্রান্সের অধীন হইয়া থাকিতে হইবে। এই ভাবিয়া পূর্ব্বোক্ত তিন জাতি একত্রে মিলিত হইল। কিন্তু যাহার বিশেষ যত্নে এবং কৌশলে উক্ত জাতিত্রয়ের এইরূপ সম্মিলন হইল তিনি স্বয়ং ইহার ফল ভোগ করিতে পারিলেন না। উইলিয়ম রাজার হঠাৎ মৃত্যু হইল। ইহার অল্পকাল পূর্ব্বে তাঁহার প্রতিযোগী দ্বিতীয় জেম্‌সও লো-

কান্তর গমন করিয়াছিলেন। তাঁহার এক পুত্র ছিল, ঐ ব্যক্তি জীবন সত্বে আপনাকে ইংলণ্ডের অধীশ্বর বলাইত এবং চতুর্দ্দশ লুই ও তাঁহার ঐ উপাধি স্বীকার করিতেন। এই হেতু ইংরেজেরা উহাঁকে প্রিটেণ্ডর*বলিয়া থাকেন।

উইলিয়ম রাজা যে অতি প্রধান লোক ছিলেন তাহার সন্দেহ নাই। তিনি কদাপি প্রজাগণের স্বাধীনতাপহরণ করিয়া আপনি যথেচ্ছাচারী হইবেন এমত বাঞ্ছা করেন নাই। তাঁহার মতে স্বাধীন, তেজস্বী, সক্ষম, বুদ্ধিমান, বিদ্যাবান প্রজাকুলের অনুরাগ ভাজন হইয়া রাজ্য করায় যত গৌরব, উহাদিগকে হীন তেজা এবং অক্ষম ও মূর্খ করিয়া শাসন করায় তেমন গৌরবছিল না। ইহাঁর রাজ্য কালে ইংরেজদিগের বর্ত্তমান সুনিয়ম সমস্তের অধিকাংশই সংস্থাপিত হয়। ফলতঃ ইহাঁর সময়ে স্কট্লণ্ডীয় প্রজাগণ যে দুঃখ পাইয়াছিল তাহাই ইহাঁর মহিমার একমাত্র কলঙ্ক— ইহাঁর চরিত্রে অন্য কোন বিশেষ দোষ দৃষ্ট হয় না।

পূর্ব্বেই বলাগিয়াছে যে, স্কট্লণ্ডের পার্ব্বত্য ভাগে যে সকল অসভ্যলোক বাস করিত তাহারা রাজ বিদ্রোহে প্রবৃত্ত হইয়াছিল। ঐ বিদ্রোহ

* যে ব্যক্তি অনধিকারে আপনার অধিকার স্থাপন করে তাহাকে প্রিটেণ্ডর বলা যায়।

দমন হইলে পর উইলিয়ম এইরূপ ঘোষণা করিয়া দেন যে, অমুক দিনের মধ্যে যাহারা আসিয়া অধীনতা স্বীকার করিবে, তাহাদিগকে ক্ষমা প্রদর্শন করা যাইবে; কিন্তু যাহারা তদপেক্ষা অধিক বিলম্ব করিবে তাহারা সমুচিত দণ্ড প্রাপ্ত হইবে। সকলেই সেই দিনের মধ্যে আসিয়া রাজার নিকট অধীনতা স্বীকার করিল; কেবল একজন ভূম্যধিকারী কার্য্যান্তর প্রতিবন্ধকে ঠিক সেই সময়ে উপস্থিত হইতে পারেন নাই। তৎক্ষণাৎ কতকগুলি সৈনিক ঐ ব্যক্তির অধিকারে প্রেরিত হইল। তাহারা ছদ্মবেশে গমন করিল—উক্ত ভূম্যধিকারীর আতিথ্য গ্রহণ করিল—এবং পরে উত্তমরূপে পান ভোজনাদি সম্পন্ন করিয়া আপনাপন অস্ত্র শস্ত্র বিনির্গত করত তত্রত্য দুর্ভাগ্য ব্যক্তি সমস্তকে বিনাশ করিল এবং অগ্নিদাহে সকলের গৃহাদি দগ্ধ করিয়া ফেলিল।

আর এক সময়ে কতকগুলি স্কট্‌লণ্ডীয় বণিক্‌ এক মতাবলম্বী হইয়া উত্তর এবং দক্ষিণ আমিরিকার মধ্যবর্ত্তী পানেমা যোজকের সন্নিহিত ভূভাগে একটী উপনিবেশ সংস্থাপিত করিবার মানস করে। তাহাদিগের এমত অভিপ্রায় ছিল যে, ঐ স্থানে উপনিবেশ প্রস্তুত করিয়া আট্‌লাণ্টিক ও প্রশান্ত মহাসাগর দ্বারা চীন ও ভারতবর্ষ প্রভৃতি মহাধনশালী দেশ সমস্তে বাণিজ্য করিতে আইসে।

ইংরেজেরা দেখিলেন যে, তাহা হইলে উহাঁদিগের প্রভুত্ব যায় এবং স্কট্‌লণ্ডীয়েরা মহাঐশ্বর্য্যশালী হইয়া উঠে। এই ভাবিয়া উহাঁরা স্কটলণ্ডীয় ঔপনিবেশিক গণের খাদ্য সামগ্রী লইয়া যত জাহাজ যাইত সকলকেই পথের মধ্যে আটক করিয়া রাখিতে লাগিলেন—উপনিবেশের চতুর্দিকস্থ যাবতীয় বন্য ইংণ্ডীয়ান্* জাতিকে উহাদিগের শত্রু করিয়া তুলিলেন—আর পরিশেষে স্পেইন দেশে উকিল পাঠাইয়া তাহাদিগকে এইরূপ ভয় প্রদর্শন করিলেন যে, যদি তোমরা শীঘ্র২ ঐ স্কট্‌লণ্ডীয় উপনিবেশ বিনষ্ট করিয়া না ফেল, তবে আমেরিকা খণ্ডে আর তোমাদিগের প্রভুত্ব থাকিবে না। ইংরেজদিগের এইরূপ শত্রুতাচরণে স্কট্‌লণ্ডীয় উপনিবেশ অতিশীঘ্রই বিনষ্ট হইয়া গেল। যত লোক স্বদেশ ত্যাগ করিয়া আসিয়াছিল তাহারা অনেকেই নানা কষ্ট ভোগ করিয়া বিদেশে প্রাণত্যাগ করিল। অতি অল্প লোক মাত্র স্বদেশে প্রত্যাগমন করিয়া ইংরেজদিগের প্রতি দৃঢ়তর বিদ্বেষ জন্মাইতে লাগিল। উইলিয়ম যে এইরূপ হইতে দিয়াছিলেন ইহাই তাঁহার মহৎ দোষ বলিতে হয়।

তৃতীয় উইলিয়মের মৃত্যু হইলে তাঁহার শ্যালিকা 'এন্' ইংলণ্ডের অধীশ্বরী হইলেন। এনের কোন বিশেষ গুণ ছিল না—অন্তঃকরণও অকপট

* আমেরিকা খণ্ডের আদিম নিবাসীদিগকে ইণ্ডিয়ান্ বলে।

ছিল না—আর বুদ্ধি শক্তিও উত্তম ছিল না। ইনি এপিস্কোপেলীয় ধর্ম্মের গোড়া ছিলেন। আর নির্ব্বোধ লোক মাত্রেই যেরূপ অন্যের পরামর্শ শুনিয়া কার্য্য করে, ইনিও সেইরূপ করিতেন। আপনি কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার করিয়া কিছুই করিতে পারিতেন না। এন্ প্রথমে হুইগ্ মতাবলম্বীদিগের পরামর্শানুসারে কার্য্য করিতে লাগিলেন। তাহার কারণ, আর্লঅব্ মার্লব্রো নামক অতি প্রসিদ্ধ হুইগ ভূম্যধিকারীর বনিতা, এই সময়ে রাজ্ঞীকে একান্ত বশীভূতা করিয়াছিলেন। সুতরাং রাজ্ঞী তাঁহার পরামর্শানুসারিণী হইয়া মার্লব্রোকে আপন সেনাপতিত্বে নিযুক্ত করিলেন। মার্ল ব্রোর তুল্য যুদ্ধবিদ্যা বিশারদ বীরপুরুষ পৃথিবীতে অধিক জন্ম গ্রহণ করেন নাই। ইনি সর্ব্বদা অতিশয় প্রত্যুৎপন্নমতি ছিলেন। কখনই ক্রোধ পরায়ণ হইয়া অসাবধানতা প্রযুক্ত শত্রুর নিকট আপন ছিদ্র প্রকাশ করিতেন না এবং কদাপি সংগ্রাম স্থলে ইঁহার কোন প্রকার ভ্রম উপস্থিত হইত না। সুতরাং যখন তৃতীয় উইলিয়মের প্রবর্ত্তিত সন্ধির নিয়মানুসারে হলণ্ড, জর্ম্মনি এবং ইংলণ্ডের সৈন্যগণ একত্রিত হইয়া মার্ল ব্রোকে আপনাদিগের অধিপতি স্বরূপে প্রাপ্ত হইল, তখন যে তাহারা প্রতিপক্ষ ফরাসী সেনাগণকে পুনঃ২ পরাভব করিবে তাহাতে আশ্চর্য্য কি? ফলতঃ ইংলণ্ড যেন এত দিন নিদ্রাবস্থায় ছিল।

এনের সময়ে সেই নিদ্রা ভঙ্গ হইলে ইউরোপের সকলেই দেখিতে পাইল যে, তাৎকালিক ইংরেজেরা ক্রেসী এবং আজিন্‌কুরের যুদ্ধ-জেতা মহাবীরগণের নিতান্ত অযোগ্য সন্তান নহেন। ফ্রান্স এবং স্পেইন্‌ উভয় রাজ্যেই ইংরাজদিগের অপরিসীম বীরতা প্রকাশিত হইল—সমুদ্র যুদ্ধেও ইংরাজদিগের প্রাবল্য পুনঃ২ সংস্থাপিত হইল—এবং ভূমধ্যসাগরের দ্বার ও পৃথিবীর সকল দুর্গের মধ্যে সমধিক দুর্লঙ্ঘ্য যে জিব্রাল্টর নামক দুর্গ তাহাও উহাঁদিগের অধিকৃত হইল। এই সময়ে ইংলণ্ডের সহিত স্কট্‌লণ্ডের সম্পূর্ণরূপে সম্মিলন হইয়া যায়। অর্থাৎ প্রথম জেম্‌সের সময়াবধি যদিও উভয় দেশের রাজশক্তি এক ব্যক্তিতেই সমর্পিত হইয়াছিল বটে, তথাপি একাল পর্য্যন্ত দুই দেশের পার্লিয়ামেন্ট, রাজকোষ, ব্যবস্থাপক-সমাজ ভিন্ন২ ছিল। এক্ষণে সেই সকলও মিলিয়া সম্পূর্ণরূপে এক হইয়া গেল। তাহার কারণ, স্কট্‌লণ্ডীয় প্রজাগণ ইংরেজদিগের ন্যায় বাণিজ্য করিতে না পাইয়া এবং তাহারা পানামা যোজকে যে উপনিবেশ সংস্থাপিত করিবার নিমিত্ত যত্ন করে, তাহা ব্যর্থ হওয়াতে অতিশয় বিরক্ত হইয়াছিল। উহারা এই বলিয়া উঠিল যে, আমরা আর ইংলণ্ডের সহিত মিলিত হইয়া থাকিব না—স্বতন্ত্র কোন ব্যক্তিকে রাজ্য শাসনের ভার প্রদান করিব। এই কথায় ইংরেজেরা

ভীত হইলেন এবং অনেক বাদানুবাদের পর এই নির্দ্ধারিত হইল যে, স্কট্‌লণ্ড হইতে ৫৫ জন প্রতিনিধি আসিয়া ইংলণ্ডের হৌস্ অব্ কমন্স নামক সভায় উপবিষ্ট হইবেন আর ১৬ জন স্কট্‌লণ্ডীয় ভূম্যধিকারী ইংলণ্ডের হৌস্ অব্ লর্ডস্ নামক সভায় আসন প্রাপ্ত হইবেন। অপরন্তু উভয় দেশের মাল ও ফৌজদারী আইন পূর্ব্ববৎ থাকিবে আর বাণিজ্যকার্য্যে ইংরেজ প্রজাগণ যে সকল ক্ষমতা প্রাপ্ত হইয়া থাকেন, স্কট্‌লণ্ডীয়েরাও সেই সকল ক্ষমতা প্রাপ্ত হইবেন। সেই অবধি এই দুই মিলিত রাজ্যের নাম গ্রেট্ ব্রিটেন্ হইয়াছে।

১৬৮৮ শালে যে রাষ্ট্র পরিবর্ত্ত হয়, সেই অবধি এপর্য্যন্ত হুইগ্ মতাবলম্বী রাজনীতিজ্ঞব্যক্তিরাই ইংলণ্ডের শাসন কার্য্য আপনাদিগের হস্তগত করিয়া রাখিয়াছিলেন। কিন্তু ক্রমে২ প্রজাসমূহ তাঁহাদিগের প্রতি বিরক্ত হইয়া উঠিল এবং টৌরি মতাবলম্বীরা নিরন্তর উঁহাদিগের প্রতিপক্ষতাচরণ করিতে লাগিল। যত দিন 'মার্লব্রোর' পত্নীরসহিত রাজ্ঞীর সৌহার্দছিল তাবৎ টৌরিরা কিছুই করিতে পারেন নাই। কিন্তু পরে বিবি ম্যাসাম্ নাম্নী অতি চতুরা একজন সখী টৌরি মতাবলম্বিনী হইয়া রাজ্ঞীর মন ভাঙ্গাইয়া ক্রমে২ মার্লব্রোর পত্নীর প্রতি তাঁহার দৃঢ়তর বিদ্বেষ জন্মাইয়া দিলেন, আর সেই সময়েই 'সাকিবরেল'

নামা একজন সামান্য যাজক, জন সমক্ষে টৌরী মতের পোষক একটী বক্তৃতা করিয়াছিলেন। হুইগ্ মন্ত্রিগণ তাহাতে ক্রুদ্ধ হইয়া তাহার নামে পার্লিয়ামেন্টে অভিযোগ করেন। সেই অভিযোগের ফলে সাকিবরেল একেবারে সমুদায় দেশ বিখ্যাত হইয়া উঠিলেন। লোক সকল তাঁহার মতের অন্দোলন করিতে লাগিল এবং এই করিতেং প্রজা মাত্রেই ঐ যাজকের প্রতি এমত নিতান্ত শ্রদ্ধান্বিত হইল যে, রাজ মন্ত্রীরা উহার প্রতি কোন বিশেষ দণ্ড প্রণয়ন করিতে সাহসিক হইলেন না। এইরূপে যখন রাজ্ঞীর বিলক্ষণ বোধ হইল যে, হুইগেরা আর প্রজা প্রিয় নহে, তখন বিবি ম্যাসামের পরামর্শানুসারে তিনি প্রাচীন পার্লিয়ামেন্ট সভা ভঙ্গ করিয়া দিয়া একটী অভিনব সভার আহ্বান করিলেন। এই সভাতে টৌরী মতাবলম্বী প্রতিনিধি বর্গেরই সমাগমী হইল—হুইগ্দিগের শক্তি বিলুপ্ত হইল—এবং তৎক্ষণাৎ যাহাতে ফ্রান্সের সহিত সন্ধিবন্ধন হয় এমত চেষ্টা হইতে লাগিল। ইউট্রেট্ নগরে হলণ্ড এবং ইংলণ্ডের শাসন কর্ত্তৃগণ জর্ম্মণির সম্রাট্কে ত্যাগ করিয়া ফ্রান্সের সহিত সন্ধি করিলেন।

এই সময়ে যাঁহারা এদের মন্ত্রিত্ব নিযুক্ত হইয়া ছিলেন, তাঁহাদিগের মধ্যে কেহং প্রিটেণ্ডরকে রাজাসন দিবার নিমিত্ত সচেষ্ট হন। কিন্তু

তাঁহাদের মন্ত্রণা সমস্ত পরিপক্ব না হইতে হইতেই রাজ্ঞীর পরলোক হওয়াতে ঐ সকল মন্ত্রণার কোন উপকার দর্শিল না। প্রথম জেম্সের দৌহিত্রী সুত হানোবর দেশের ইলেক্টর প্রথম জর্জ্জ উপাধি পরিগ্রহ পূর্ব্বক নির্ব্বিঘ্নে ব্রুটেন রাজ্যের রাজাসনে অধিরূঢ় হইলেন।

—✱—

একাদশ অধ্যায়।

—০—

[প্রথম জর্জ্জ—হুইগদিগের প্রভাব—যাকোবাইট্‌দিগের অভ্যুত্থান—বাণিজ্যের বৃদ্ধি—দক্ষিণ সমুদ্র বুদ্‌বুদ্—সর রবর্ট ওয়াল পোল।]

প্রথম জর্জ্জ দেখিলেন যে, তিনি কেবল হুইগ্‌দিগের যত্নেই ইংলণ্ডের সিংহাসনারূঢ় হইতে পারিয়াছেন, অতএব প্রথমাবধিই তিনি ঐ দলের প্রতি বিশিষ্ট অনুগ্রহ প্রকাশ করিতে লাগিলেন। টোরি মাত্রেই তাঁহার বিষদৃষ্টিতে পড়িল। রাজার উচিত সকল প্রজার প্রতি সমান দৃষ্টি রাখেন। রাজা পক্ষপাতী হইলে রাজ্য শাসনে সহস্র২ দোষ

উপস্থিত হয়। প্রথম জর্জ্জের রাজ্যকালে হুইগ্ সম্প্রদায়ীরা প্রবল হইয়া টৌরি মতাবলম্বী সকলকে একেবারে উৎসাদিত করিবার মানস করিয়াছিলেন। প্রধান২ টৌরীগণ কেহ বা রাজদণ্ডভয়ে স্বদেশ হইতে প্রস্থান করিল। কেহ বা দেশে থাকিয়াই গোপনে যাকোবাইট্দিগের সহিত যোগ দিয়া প্রিটেণ্ডরকে রাজাসন প্রদান করিবার নিমিত্ত মন্ত্রণা করিতে লাগিল। আর কেহ২ ইতরলোক সাধারণের মনে নানা প্রকার ভয় উত্থাপন করাইয়া রাজকার্য্যের ব্যাঘাত করিবার নিমিত্ত উদ্যোগী হইল। পরিশেষে 'আর্ল অব মার্,' নামক কোন ভূম্যধিকারী স্কট্লণ্ডের উত্তরভাগে বিদ্রোহ উত্থাপন করিলেন। হাইলণ্ড বাসী কেল্ট জাতীয় লোক সকল অনেকেই তাঁহার সহিত মিলিত হইল এবং উহাদিগের সহায়তায় তিনি ফোর্থ নদীর উত্তরাঞ্চল সমুদায় অধিকার করিয়া লইলেন। এই সময়ে 'নর্থম্বর্লণ্ড, প্রদেশ নিবাসী 'যাকোবাইটেরা'ও অস্ত্র ধারণ করিয়া উঠিল। যদি প্রিটেণ্ডর স্বয়ং ঐকালে উপস্থিত হইয়া নিজ দলবলের উৎসাহ বর্দ্ধন করিতেন, বোধ হয়, তাহা হইলে ঐ বিদ্রোহ অতিশয় ভয়ঙ্কর হইয়া উঠিত। এমন কি, কিছু কালের নিমিত্ত প্রিটেণ্ডর পুনর্ব্বার আপন পৈতৃক সিংহাসনে উপবিষ্ট হইলেও হইতে পারিতেন। কিন্তু ঐ ব্যক্তির শরীরে কোন অসাধারণ গুণগ্রাম ছিল না।

তিনি বৈচক্ষণ্য বা সাহস কিছুই প্রকাশ করিতে পারেন নাই। বিশেষতঃ তাঁহার একমাত্র সহায় চতুর্দ্দশ লুইরও এই সময়ে পরলোক যাত্রা হইয়াছিল। সুতরাং তাঁহাকে অসহায় হইয়া স্কট্‌লণ্ডে আসিতে হইল এবং তথায় উপস্থিত হইয়াও তিনি দীর্ঘসূত্রিতা অবলম্বন পূর্ব্বক এক স্থানেই নিশ্চিন্ত হইয়া থাকিলেন। অতএব রাজ সৈন্যগণ অনায়াসেই এই বিদ্রোহ দমনে সমর্থ হইল এবং প্রিটেণ্ডর নিজ প্রাণ লইয়া পুনর্ব্বার ফ্রান্স দেশে প্রস্থান করিলেন। অনেকানেক টোরী এবং যাকোবাইট্ মতাবলম্বী ভূম্যধিকারি গণ এই বিদ্রোহ-সংস্রব দোষে দূষিত হইয়া রাজদণ্ডে দণ্ডিত হইলেন। কথিত আছে যে, যে বৃক্ষ যত ঝড় সহ্য করে তাহার মূল ততই দৃঢ়তর রূপে সম্বদ্ধ হয়,। প্রথম জর্জ্জের রাজত্বও এই বিদ্রোহ বাত্যা সহ্য করিয়া সেইরূপ পূর্ব্বাপেক্ষা দৃঢ়তর হইল এবং হুইগ্‌দিগের প্রভাবও অখণ্ডিত এবং অপ্রতিহত হইয়া উঠিল। এই সময় হইতে ইংলণ্ডের বাণিজ্য অত্যন্ত বিস্তৃত হইতে লাগিল। তদ্দ্বারা জনসাধারণের বিভবও বর্দ্ধিত হইল। এবং প্রজা মাত্রের অন্তঃকরণে অর্থ লোভের অতি প্রবল তর আবির্ভাব হইল। বৈদেশিক বাণিজ্য দ্বারা বিপুল সম্পত্তি সঞ্চিত হয় এই বোধ সকলের মনেই দৃঢ়তররূপে সম্বদ্ধ হইলে অনেকানেক দুষ্ট লোক প্রতারণা করিয়া অলীক

বাণিজ্যের কল্পনা প্রকাশ করত জনসাধারণের সর্ব্ব-স্বাপহরণ করিতে লাগিল। তন্মধ্যে সৌথ্সী-কোম্পানী নামক যে বণিকসম্প্রদায় এই সময়ে প্রাদুর্ভূত হয় তদ্দ্বারা সমধিক লোকের মহাক্ষতি হইবার উপক্রম হইয়াছিল। কিন্তু হৌস্অব্ কমন্সের বিশেষ যত্নে ঐ কোম্পানীর দ্বারা যত হানি হইবার সম্ভাবনা ছিল, তত হইল না। 'সর্ রবর্ট্ ওয়াল্পোল্' নামা অতি বিচক্ষণ রাজমন্ত্রী ইহার যথোচিত ব্যবস্থা ও সৎপরামর্শ প্রদান করেন। ফলতঃ তিনিই এই সময়ে রাজার প্রধান মন্ত্রিত্বে নিযুক্ত হইয়া সমুদায় রাজকার্য্য নির্ব্বাহ করিতে-ছিলেন। পার্লিয়ামেণ্টের সভ্যগণ তাঁহার স্থানে উৎকোচ গ্রহণ করিয়া তিনি যাহা২ বলিতেন তাহাতেই সম্মত হইতেন। ওয়াল্পোল্ যেরূপ অপ্রতিহত প্রভাব হইয়াছিলেন তাঁহার পূর্ব্বে কোন রাজমন্ত্রীই সেরূপ হইতে পারেন নাই। তাঁহার সকলইগুণ—কেবল একটীমাত্র দোষছিল। তাঁহার মতে পৃথিবীতে কোন ব্যক্তি যথার্থ ধর্ম্ম-শীল নাই। তিনি ভাবিতেন যে, সকলকেই অর্থ দ্বারা বশীভূত করা যাইতে পারে। বস্তুতঃ ইংরেজেরা যে মনে২ অর্থের অতিশয় গৌরব করেন এবং মুখে যাহা বলুন কিন্তু বণিক বৃত্তির প্রাদুর্ভাব বশতঃ তাঁহাদিগের চরিত্রে যে অবশ্যই ঐ দোষ উপস্থিত হইয়াছে তাহা ওয়াল্পো-

লের মন্ত্রিত্বেই স্পষ্ট প্রতীয়মান হয়। ইংরেজদিগের বাণিজ্য বিস্তারের প্রথম সূত্রপাত তৃতীয় উইলিয়মের সময় হইতে হয়। তৎকালে "বাঙ্ক অব ইংলণ্ড" সংস্থাপিত হইয়া ছিল এবং সেই বাঙ্কের দৃষ্টান্তানুগামী হইয়া অন্যান্য আঢ্য বণিকগণ অনেকে এক২টী দলবদ্ধ হওত কোম্পানী নাম ধারণ পূর্ব্বক বহির্ব্বাণিজ্যে নিযুক্ত হয়। তৃতীয় উইলিয়মের সময়াবধি ইংরেজদিগের মধ্যে রাজকীয় ঋণ গ্রহণের প্রথাও বিশিষ্টরূপে প্রচলিত হইয়াছিল। সে প্রথা এই যে, গবর্ণমেণ্ট কোন নির্দ্দিষ্ট পরিমাণে সুদ দিবেন এমত স্বীকার করিয়া প্রজা সমূহের স্থানে ঋণগ্রহণ করেন এবং তৎপরিবর্ত্তে এক২ খানি কাগজ দেন। সেই কাগজ বাজারে ক্রীত ওবিক্রীত হইতে পারে। গবর্ণমেন্ট উহার আসল কখন কিরূপে দিবেন কিছুই স্বীকার করেন না। পূর্ব্বোক্ত বণিক কোম্পানীরাই এইরূপ কাগজ অধিকাংশ ক্রয় করিয়া গবর্ণমেন্টের উত্তমর্ণ হইয়া উঠিয়াছিলেন। সুতরাং ইহার পর বৈদেশিক রাজাদিগের সহিত সন্ধিবিগ্রহ যাহাকিছু যখন করিতে হইত তাহাতে ঐ উত্তমর্ণগণের যাহাতে মঙ্গল হয় ইংলণ্ডীয় গবর্ণমেন্টের এমত করিয়া চলা নিতান্ত প্রয়োজনীয় হইয়া উঠিয়াছিল। এই কারণে বণিক দলই ইংলণ্ডের মধ্যে অতিশয় প্রবল হইয়াছেন এবং সেই অবধি তাঁহাদিগের বাণিজ্য

কার্য্যের উন্নতির প্রতি লক্ষ্য না করিয়া গবর্ণমেন্ট কোন কর্ম্মেই হস্তার্পণ করিতে সাহসিক হইয়েন না।

—*—

দ্বাদশ অধ্যায়।

—০—

[দ্বিতীয় জর্জ্জ—স্পেইনের সহিত যুদ্ধ—ফ্রান্সের সহিত-যুদ্ধ—নবীন প্রিটেণ্ডর—এইলা স্যাপেলের সন্ধি ইউলিয়ম পিট প্রধান মন্ত্রী।]

১৭২৭ খ্রীষ্টাব্দে প্রথম জর্জ্জের পরলোক হয়। তাঁহার পুত্র দ্বিতীয় জর্জ্জ নাম ধারণ পূর্ব্বক তৎ-ক্ষণাৎ ইংলণ্ডের রাজাসনে আরোহণ করিলেন। প্রথমে ওয়াল্ পোলই ইহাঁর মন্ত্রিত্বে নিযুক্ত থাকেন এবং বিশিষ্ট যত্ন সহকারে স্বদেশীয়দিগকে কোন যুদ্ধে প্রবৃত্ত হইতে দেন নাই। কিন্তু পরিশেষে কতকগুলি বনিক যাঁহারা আমেরিকায় গিয়া তত্রত্য স্পেনীয়দিগের সহিত বাণিজ্য করিবার ভান করত তথাকার লোকের অনেক অপচয় করিত, তাহারা স্পেনীয়দিগের দ্বারা যথোচিত দণ্ড প্রাপ্ত হইলে স্বদেশীয়দিগের নিকট আপনাদিগের দুঃখ প্রকাশ

করিতে লাগিল। ইংরেজেরা স্বজাতীয় কাহারও অপমান হইলেই ক্রুদ্ধ হইয়া উঠেন - ঐ বিষয়ে উহাঁদিগের ন্যায়ান্যায় বিচার অতি অল্পই হইয়া থাকে। সুতরাং প্রজামাত্রেই স্পেইন্ রাজ্যের সহিত যুদ্ধ করণার্থ প্রার্থনা করিতে লাগিল। রাজমন্ত্রী ওয়াল্পোল্ সহস্র চেষ্টা করিয়াও উহাদিগকে শান্ত করিতে পারিলেন না। অগত্যা তাঁহাকে এই অন্যায় যুদ্ধে প্রবৃত্ত হইতে হইল। কিন্তু এই যুদ্ধে ইংরেজেরা বিশেষ কিছুই লাভ করিতে পারিলেন না। উহাঁরা যেমন পানেমা যোজকের অন্তর্গত পোর্টবেলো নামক সদুর্গ নগর অধিকার করিলেন তেমন কলম্বিয়া প্রদেশ স্থিত কার্থাগীনা নগর আক্রমণ করিতে গিয়া সম্পূর্ণরূপেই পরাজিত হইয়া আসিলেন। এই সময়ে ইউরোপে আর একটী যুদ্ধানল প্রজ্বলিত হইয়া উঠিল। তাহার কারণ এই যে, অষ্ট্রিয়া সম্রাট্ ষষ্ঠ চার্লসের মৃত্যু হইলে তাঁহার পুত্র সন্তান না থাকায়, মেরিয়া থেরীসা নাম্নী তৎকন্যা পিতৃসিংহাসনে আরোহণ করিলেন। কিন্তু ফ্রান্স, সাক্সনি এবং বেবেরিয়া প্রভৃতি দেশের শাসন কর্ত্তৃগণ মেরিয়ার অধিকার স্বীকার করিলেন না। তুমুল যুদ্ধ আরম্ভ হইল। ফ্রান্সের বিপুল সেনায় সমুদায় জর্ম্মনি প্লাবিত করিয়া ফেলিল। ইংলণ্ড-রাজ ভাবিলেন যে তাঁহার পুরুষানুক্রমিক অধিকার হানোবর দেশ এইবার হস্ত-

বহির্ভূত হইয়া যাইবে অতএব তিনি মেরিয়ার সহিত সন্ধি বন্ধন করিলেন। এবং প্রজাবর্গের স্থানে ধার করিয়া যুদ্ধের ব্যয় সাধনোপযোগী অনেক অর্থ মেরিয়ার নিকট প্রেরণ করিলেন। এখানে অস্ট্রিয়া সাম্রাজ্যের প্রজাগণ আপনাদিগের তাদৃশ গুণবতী সাহসিক রাজ্ঞীর দুরবস্থা দর্শনে একান্ত দুঃখিত হইয়া আপনাদিগের প্রাণপণে তাঁহার হইয়া যুদ্ধ করিতে লাগিল। প্রতিপক্ষ সৈন্যগণ অত্যল্প-কাল মধ্যেই পরাভূত হইল। মেরিয়ার কর্তৃত্ব সর্ব্বত্রই পুনঃসংস্থাপিত হইল এবং বাবেরিয়ার অধিপতি যিনি ইতঃপূর্ব্বে সম্রাট উপাধি গ্রহণ করিয়াছিলেন, তিনিও মহাদুঃখে লোকান্তর গমন করিলেন। কিন্তু রাজ্ঞী তখনও সন্ধি সংস্থাপনে ইচ্ছুক হয়েন নাই। ইংলণ্ডরাজ স্বয়ং তাঁহার সাহায্যার্থে আসিয়াছেন জানিয়া তিনি ফ্রান্সের গর্ব্ব খর্ব্ব করণার্থে সুদৃঢ়-প্রতিজ্ঞ হইয়া রহিলেন। এখানে ইংলণ্ড রাজ জর্ম্মণির অন্তর্গত মেইন্ প্র-দেশে সসৈন্যে উপস্থিত হইয়া ফরাসী সৈন্য কর্ত্তৃক ডেটিঞ্জেন্ গ্রামের সন্নিধানে এমত কুস্থলে বদ্ধ হই-য়াছিলেন যে, যদি ফরাসীরা সতর্ক হইয়া তাঁহার পথ রুদ্ধ করিয়া থাকিতে পারিত, তাহা হইলেই উ-হাদিগের নিশ্চয় জয় লাভ হইত। কিন্তু ফরাসী লোক সকল স্বভাবতঃ তরল-মতি। উহারা কখনই কোন ভাবী মঙ্গলের প্রতীক্ষায় বহুকাল নিষ্কর্ম্মান্বিত থা-

কিতে পারে না। উহারা ইংলণ্ডীয় সৈন্যের প্রতি আক্রমণ করিল, কিন্তু কোনক্রমেই তাহাদিগকে পরাজিত করিতে পারিল না। সুতরাং তাহাদিগকে অবিলম্বে উহাদিগের পথ মুক্ত করিয়া দিয়া প্রস্থান করিতে হইল। ইহার পর ইংরেজ এবং ফরাসী সেনায় ফন্টেনয় গ্রামের নিকট আর একটী যুদ্ধ ঘটিয়াছিল। সেই যুদ্ধে ফ্রান্সরাজ পঞ্চদশ লুই স্বয়ং উপস্থিত ছিলেন। ইহাতে ইংরেজেরা পরাভূত হয় বটে, কিন্তু তাহাদিগের পাদাত সৈন্যগণ এমত শৌর্য্য প্রকাশ করিয়াছিল যে, ঐ পরাভবও উহাদিগের গৌরব-সূচক বলিয়া স্বীকৃত হইয়াছে।

এই সময়ে আবার বৃটেন সাম্রাজ্য মধ্যে বিদ্রোহ উপস্থিত হইয়াছিল। সেই বিদ্রোহের হেতু পূর্ব্ব প্রিটেণ্ডরের পুত্র নবীন প্রিটেণ্ডরের স্কট্‌লণ্ডে আগমন। এই যুবাপুরুষ আপন পিতামহ রাজ্য অধিকার করিবার বাসনায় হঠাৎ স্কট্‌লণ্ডের উন্নত অঞ্চলে আসিয়া দর্শন দিলেন। কতিপয় হাইলণ্ড ভূম্যধিকারী তৎক্ষণাৎ তাঁহার সহিত মিলিত হইল এবং যেমন পর্ব্বতোপরিস্থিত প্রস্রবণ হইতে নিঃসৃত নদী সকল যত নিম্নে আগমন করিতে থাকে, ততই তাহাদিগের বিস্তার বৃদ্ধি হয় সেইরূপ উহাঁর সৈন্য সংখ্যাও বৃদ্ধি হইতে লাগিল। দুইদল রাজ সৈন্য উহাঁর নিকট পরাভব প্রাপ্ত হইল। কিন্তু ক্রমেং ইংলণ্ডের সৈন্যগণ রাজ ভ্রাতা কম্বর্লণ্ডের

অধীনে আসিয়া রণস্থলে উপস্থিত হইতে লাগিল। কলোডেন নামক স্থানে উভয় দলের সন্দর্শন হইল। হাইলণ্ডীয় সৈন্যগণ যৎপরোনাস্তি সাহস প্রকাশ করিল কিন্তু কিছুতেই কোন ফল দর্শিল না। নবীন প্রিটেণ্ডর আপন প্রাণ মাত্র লইয়া পলায়ন করিলেন। হাইলণ্ডীয় লোক সকলের প্রতি অতি পরুষ ব্যবহার আরম্ভ হইল এবং পরে যাহাতে তাহাদিগের কুলতন্ত্রতা ভগ্ন হইয়া যায় অর্থাৎ অনেকানেক ব্যক্তি এক২ জন কুলপতির অধীন হইয়া না থাকে, আর তাহাদিগের পরিচ্ছদাদি পর্য্যন্ত সমুদায় পরিবর্ত্তিত হইয়া যায় এমত ব্যবস্থা প্রচলিত হইল। প্রথমে, বিশেষতঃ যতদিন পর্য্যন্ত রাজকর্ম্মচারিগণ হাইলণ্ডীয় লোক সকলের প্রতি নৃশংস ব্যবহার করিতে লাগিল তাবৎকাল, উহারা ঐ সকল নিয়মের প্রতি অত্যন্ত দ্বেষ করিত কিন্তু কিছুকাল পরে যখন উহাদিগের প্রতি কোমল ব্যবহার আরম্ভ হইল, বিশেষতঃ উহারা যে অবধি সৈনিক কার্য্যে প্রবৃত্ত হইল সেই অবধি উহারা বর্ত্তমান ব্রান্সক বংশীয় রজাদিগের প্রতি একান্ত অনুরক্ত এবং ভক্তিমান হইয়া উঠিল। এই সকল সংগ্রামের কিঞ্চিৎকাল পরে অর্থাৎ ১৭৪৮ খ্রীষ্টাব্দে ফ্রান্সে এবং ইংলণ্ডে সন্ধি সংস্থাপিত হইল। ইহাকে 'এইলা সাপেলের' সন্ধি বলে। ইহার তাৎপর্য্য এই যে, উভয় প্রতিপক্ষ দ-

লই স্বং বিজিত ভূমি সমুদায় তত্তৎ পূর্ব্ব অধিকারি-গণকে প্রত্যর্পিত করিবে। অর্থাৎ যুদ্ধের পূর্ব্বে যাহার যে অধিকার ছিল যুদ্ধের পরেও তাহাই থাকিবে। যুদ্ধের ফল কেবল অর্থ ও জীবন ব্যয় মাত্র হইল।

এই সন্ধির পর কয়েক বৎসর ইংলণ্ডের বৈদেশিক অধিকার এবং বাণিজ্য অতি সত্বরে বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। ফরাসীরা তাহাতে মৎসর ভাবাপন্ন হইয়া পুনর্ব্বার যুদ্ধোদ্যম করে। সেই সময়ে অতি সাধুশীল, সদ্বক্তা, পরিণামদর্শী এবং স্বদেশ-হিতৈষী উইলিয়ম পিট্, নামক কোন মহাত্মা রাজ-মন্ত্রিত্বে নিযুক্ত হইয়া এমত বৈচক্ষণ্য সহকারে যুদ্ধের আয়োজন এবং উপযুক্ত লোক সকলকে সেনাপতিত্বে নিযুক্ত করিলেন যে, সর্ব্বত্রই ইংরেজদিগের জয় এবং শত্রুপক্ষের পরাজয় হইতে লাগিল। পিটের নিয়োজিত উল্‌ফ নামক কোন সেনানী কর্ত্তৃক কানেডার অন্তর্গত 'কুইবেক, নামক অতি দুর্গম নগর বিজিত হইল। ক্লাইব্ ভারতবর্ষে পলাসীর যুদ্ধ জয় করিলেন এবং চন্দননগর অধিকার করিয়া ফরাসীদিগের গর্ব্বচূর্ণ করিলেন। ইউরোপেও অনেক যুদ্ধ হইল। তন্মধ্যে সামুদ্রিক যুদ্ধে প্রায় সর্ব্বত্রেই ইংলণ্ডের জয় লাভ হইতে লাগিল। ইতি মধ্যে রাজপুত্রের পরলোক হইল। সুতরাং তাঁহার পুত্রই প্রিন্স

অব্ ওয়েল্স উপাধি প্রাপ্ত হইয়া যৌব-রাজ্যে অভিষিক্ত হইলেন। ইহার কিয়ৎকাল পরে অর্থাৎ ১৭৬০ খ্রীষ্টাব্দে দ্বিতীয় জর্জ্জ লোকান্তর গমন করিলেন।

—✵—

ত্রয়োদশ অধ্যায়।

—✵—

[তৃতীয় জর্জ্জ—আর্ল অব্ বুট্—স্পেনের সহিত যুদ্ধ—গ্রেন-বিল—মার্কুইস অব্ রকিংহাম—লর্ড নর্থ—মার্কিন যুদ্ধ—পিট্—রাজার উন্মাদ—ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব—বোনাপার্ট—নেল-সন্—গ্রেণ্ডগ্রানবিল।]

দ্বিতীয় জর্জের পৌত্র রাজাসন প্রাপ্ত হইয়া তৃতীয় জর্জ উপাধি গ্রহণ করিলেন। ইনি ইংলণ্ডেই জন্মেন এবং ইংরাজী ভাষা উত্তম রূপে কহিতে পারিতেন। ইহাঁর শিক্ষক আর্ল অব্ বুট নামা একজন স্কটলণ্ডীয় ভূম্যধিকারী ছিলেন। তাঁহার প্রতি রাজার বিলক্ষণ ভক্তি ছিল। অতএব রাজা তাঁহাকেই প্রধানমন্ত্রিত্বে নিযুক্ত করিবার নিমিত্ত যত্নবান হইলেন। কিন্তু উইলিয়ম্ পিট্ প্রজা

সাধারণের যেরূপ মাননীয় ছিলেন তাহাতে হঠাৎ উহাঁকে কর্ম্মচ্যুত করায় রাজারও সাহস হইল না। পরন্তু পিট্ এই সময়ে সংবাদ প্রাপ্ত হইয়াছিলেন যে, ফ্রান্স এবং স্পেইনের ভূপতিরা গোপনে পরস্পার সন্ধিবন্ধন করিয়াছেন এবং অতি শীঘ্রই উভয়ে মিলিয়া ইংলণ্ডের প্রতিকূলাচরণ করিবেন। অতএব অগ্রেই স্পেইনের প্রতি আক্রমণ করা আবশ্যক। পিটের এই কথায় পার্লিয়ামেন্টের সভ্যগণ সম্মত হইলেন না। সুতরাং তিনি স্বেচ্ছাতঃ আপন কর্ম্ম পরিত্যাগ করিলেন এবং আর্ল অব্ বুট তৎক্ষণাৎ তৎপদাভিষিক্ত হইলেন।

কিন্তু পিটের ভবিষ্যদুক্তি অতিশীঘ্রই সফল হইল। স্পেইনরাজ ইংলণ্ডের বিরুদ্ধে অস্ত্রধারণ করিলেন। কিন্তু বিজয় লক্ষ্মী ইংরেজদিগকে পরিত্যাগ করিলেন না। সর্ব্বত্রই ইংলণ্ডীয়দিগের জয় হইতে লাগিল। পরিশেষে ১৭৬৩ খ্রী-অব্দে কাস্টেল নামক স্থানে প্রতিপক্ষগণ পুনর্ব্বার সন্ধিবন্ধন করিয়া সমরানল নির্ব্বাপিত করিলেন। এই সন্ধি দ্বারা ইংলণ্ডের অনেক লাভ হইল। কানেডা, লুইসিয়ানা, কেপ্ ব্রটন, সেনিগাল, গ্রেনেডা, ডোমিনিকা, সেন্ট ভিন্‌সেন্ট এবং টোবাগো এই সকল স্থান ফরাসীদিগের অধিকৃত ছিল এইক্ষণে ইংরেজদিগের অধীন হইল। আর মিনর্কা দ্বীপ এবং পূর্ব্ব ও পশ্চিম

ফ্লরিডা স্পেইনের অধিকৃত ছিল সম্প্রতি ইংরেজদিগের অধিকার সম্ভুক্ত হইল। এই সন্ধি দ্বারা এমত অধিক লাভ হইল বটে কিন্তু তথাপি ইংরেজেরা ইহাতে তুষ্ট হইলেন না। তাঁহাদিগের বোধ ছিল যে, যেরূপ জয় লাভ করিয়াছেন তাহাতে বৈদেশিক অধিকার আরও অধিক বিস্তৃত হইবে। ফলতঃ তাৎকালিক রাজ মন্ত্রি বর্গ মনেং ভাবিয়াছিলেন যে, এই যুদ্ধে যাহাং পাওয়া যাইবে সকলই পিটের গৌরবসূচক হইবে।—এই ভাবিয়া তাঁহারা তাহাতে সন্ধি করণে সম্মত হইয়াছিলেন। পরন্তু, ইংরেজেরা ঐ সময়ে স্পেইনের সহিত সংগ্রাম করণে বিলক্ষণ অনুরক্ত ছিল। কারণ যদিও ফ্রান্সের সহিত যুদ্ধে ইংলণ্ডের মাহাত্ম্য বৃদ্ধি হয় বটে, এবং সেই রাজ্যই ইংলণ্ডের বাস্তবিক প্রতি দ্বন্দ্বী, তথাপি ফ্রান্সের সহিত যুদ্ধে প্রায়ই জয় পরাজয় দুইই হয় এবং বিশেষ যত্ন ব্যতিরেকেও ফরাসী সৈন্য কখন বিজিত হয় না; কিন্তু স্পেইন অপেক্ষাকৃত দুর্ব্বল রাজ্য এবং তাহার অধিকৃত আমেরিকার অন্তর্গত দেশ হইতে অর্ণব পোত দ্বারা অনেক সুবর্ণ রজতাদি আইসে; সুতরাং যুদ্ধকালে তৎ সমুদায় অনায়াসেই ইংলণ্ডীয় প্রবলতর পোতবাহিনীর হস্তগত হইয়া পড়ে। যে সংগ্রামে গৌরব এবং অর্থ দুই আছে, সে যুদ্ধ যে লোক

সাধারণের বিশেষ বাঞ্ছনীয় হইবে তাহাতে আ-
শ্চর্য্য কি?

যাহা হউক, বুট্ ঐ সন্ধি বন্ধন করিয়া জন-
সাধারণের অতিশয় অপ্রিয় হইয়া উঠিলেন।
পার্লিয়ামেন্টে তাঁহার বিরুদ্ধে বক্তৃতা হইতে লা-
গিল—সংবাদ পত্র সকলে তাঁহার নামে গ্লানি প্র-
কাশিত হইতে আরম্ভ হইল—এবং উইল্‌কেস্ নামক
পার্লিয়ামেন্ট সভার একজন সভ্য একখানি সাময়িক
পত্রিকাতে বুটের সপক্ষ ভূপালের প্রতিও অনেক
দোষারোপ করিলেন। রাজা তাহাতে ক্রুদ্ধ
হইয়া উইল্‌কেসকে ধৃত করিয়া কারারুদ্ধ করিলেন;
কিন্তু ঐ ব্যক্তি হেবিয়স্ কর্পস্ নামক ব্যবস্থার বলে
আপনাকে অতি শীঘ্রই বিচার স্থলে নীত করিল
কিন্তু বিচারে পার্লিয়ামেন্টের সভ্য বলিয়া নিষ্কৃতি
পাইল এবং পুনর্ব্বার আপনি রাজমন্ত্রীর বি-
রুদ্ধে অভিযোগ উত্থাপন করিয়া ধর্ম্মাধিকরণে
জয় লাভ করিল। রাজমন্ত্রীর অর্থদণ্ড হইল। পূর্ব্বে
পূর্ব্বে রাজমন্ত্রিগণ এমত ওয়ারিণ বাহির করিতেন
যে, তাহাতে প্রথমতঃ কোন ব্যক্তি বিশেষের নাম
থাকিত না, পরে প্রয়োজন মতে আপনারা
যাহার ইচ্ছা তাহার নাম বসাইয়া দিয়া সেই
সকল লোককে ধৃত করিয়া কারারুদ্ধ করিতেন।
উইল্‌কেসের জয় হওয়া অবধি তাদৃশ ব্যবহার যে
আইন্ বিরুদ্ধ ইহা নিশ্চিত হইয়া গেল।

যাহা হউক, বুটের মন্ত্রিত্ব অবসান হইলে গ্রেন্‌বিল নামক কোন প্রধান ব্যক্তি তৎকর্ম্মে নিযুক্ত হইলেন। ইহাঁর সময়ে আমেরিকার ঔপনিবেশিকদিগের প্রতি কর নির্দ্ধারিত করিবার প্রথম কল্পনা হয়। ঔপনিবেশিকেরা ষ্টাম্প কাগজে আদালত সম্পৃক্ত সকল বিষয়ের লেখা পড়া করিবে এই নিয়ম প্রচলিত হইল। কিন্তু ঔপনিবেশিকেরা বলিল যে, ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টে আমাদিগের প্রতিনিধি নাই; অতএব সেই পার্লিয়ামেন্ট কর্ত্তৃক আমাদিগের প্রতি কর নির্দ্ধারিত হইতে পারে না। ইংলণ্ডের টোরী সম্প্রদায়ীরা এই ষ্টাম্প আইনের সপক্ষে, আর হুইগ্‌ দল ইহার বিপক্ষে বক্তৃতা করিতে লাগিল; পরিশেষে গ্রেন্‌বিলের মন্ত্রিত্ব গেল এবং 'মার্কুইস্‌ অব্‌ রকিংহাম' নামক একজন ভূম্যধিকারী উইলিয়ম্‌ পিট্‌কে সহায় করিয়া রাজ মন্ত্রিত্বে নিযুক্ত হইলেন। ইহাঁরা ষ্টাম্প আইন রহিত করিলেন বটে, কিন্তু ইংলণ্ডীয় পার্লিয়ামেন্ট কর্ত্তৃক যে ঔপনিবেশিকদিগের উপর কর নির্দ্দিষ্ট হইতে পারে না; এমত স্বীকার করিলেন না। উইলিয়ম পিট্‌ ইতি পূর্ব্বে রাজার স্থানে কৌলীন্য পদবীপ্রাপ্ত হইয়া এক্ষণে আর্ল-অব্‌ চাট্‌ হাম্‌ নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। ইতিহাস বেত্তারা বলেন যে, পিট্‌ উক্ত পদবী গ্রহণ করিয়া বিজ্ঞতার কর্ম্ম করেন নাই। তিনি

যেরূপ ব্যক্তি ছিলেন, কোন কৃত্রিম পদবী দ্বারা তাঁহার গৌরব বৃদ্ধি হইতে পারে না। প্রত্যুত ঐ পদবী গ্রহণ করাতে প্রজা সাধারণের অনুরাগই হ্রস্ব হইতে পারে। বস্তুতঃ তাহাই হইয়াছিল। প্রথম বারের মন্ত্রিত্বে পিট্ যেমন সুখ্যাতি লাভ করিয়াছিলেন, তিনি চাট্হাম হইয়া আর তেমন গৌরবান্বিত হইতে পারিলেন না। যাহা হউক ঔপনিবেশিক দিগের স্থানে ষ্টাম্পা দ্বারা করাদান করিতে না পারিয়া রাজ মন্ত্রিগণ এই নিয়ম প্রচালিত করাইলেন যে, ইংলণ্ডীয় পোত দ্বারা যে সকল দ্রব্য আমেরিকায় নীত হইবে, তন্মধ্যে চা গ্লাস, এবং নানা প্রকারের রং, এই সকল দ্রব্যের প্রতি ঔপনিবেশিক গণকে অতিরিক্ত শুল্ক প্রদান করিতে হইবেক। এই সময়ে শারীরিক অস্বাস্থ্য বশতঃ চাটহাম্ স্বয়ং রাজকার্য্যে হস্তার্পণ করিতে পারেন নাই। তিনি ইহার পর আপন স্বেচ্ছাতঃ আপন কর্ম্ম পরিত্যাগ করিলেন এবং তাঁহারই মতানুযায়ী ডিউক অব্ গ্রাফ্টন্ নামক একজন ভূম্যধিকারী রাজ মন্ত্রিত্বে নিযুক্ত হইলেন। ইহার সময়ে পূর্ব্বোল্লিখিত ইউলকেস্ নামা পার্লিয়ামেন্টের সভ্য, পার্লিয়ামেন্ট হইতে বহিষ্কৃত হন। কিন্তু প্রজাবর্গ তাঁহার সপক্ষ ছিল। অতএব পার্লিয়ামেন্ট তাঁহাকে যতবার বহিষ্কৃত করিল, নিয়োগ-কর্ত্তৃগণ তাঁহাকে ততবারই মনোনীত

করিয়া প্রতিপ্রেরণ করিতে লাগিল। ফলতঃ যাহারা ঔপনিবেশিকদিগের প্রতি শুল্ক নিরূপণ করা অব্যবস্থা জ্ঞান করিতেন না তাঁহারা সকলেই উইল্‌কেসের পক্ষপাতী হইয়াছিলেন। এই সময়ে সাময়িক পত্রিকা সমস্তে রাজমন্ত্রিদিগের বিরুদ্ধে অনেকানেক লিপি প্রচারিত হইতে লাগিল। সমুদায় দেশ সাধারণে মহা গোলযোগ উপস্থিত হইল এবং হট্টলোক সকল একত্রে মিলিত হইয়া স্থানে২ বিবিধ প্রকার অত্যাচার করিতে আরম্ভ করিল। এই সময়ে ডিউক্‌অব্‌ গ্রাফ্‌টন্‌ আপন কর্ম্ম পরিত্যাগ করিলেন। তৎপদে লর্ডনর্থ নামা সুপ্রসিদ্ধ ভূম্যধিকারী অভিষিক্ত হইলেন। এতদিনে রাজার অভীষ্ট সিদ্ধ হইল। তিনি দেখিয়াছিলেন যে তাঁহার বংশে ইংলণ্ডের রাজ্যাধিকার আসিয়াবধি হুইগ্‌ সম্প্রদায়ীরা কর্ত্তৃত্ব করিতে ছিল। কিন্তু পূর্ব্বেই বলা হইয়ছে যে, রাজা স্বয়ং আর্ল-অব্‌ বুটের শিক্ষিত ছিলেন। বুট্‌ যদিও যাকোবাইট্‌ সম্প্রদায়ী না হউন্‌ কিন্তু সম্পূর্ণরূপে টোরিমত গ্রহণ করিয়াছিলেন, তাহার সন্দেহ নাই। অতএব ভূপতি যে টোরীমতাবলম্বীদিগের বিশিষ্ট সমাদর করিবেন ইহা সহজেই অনুভূত হইতে পারে। বিশেষতঃ যতদিন প্রিটেণ্ডরের পক্ষীয় লোক সকল মধ্যে২ রাজবিদ্রোহের কল্পনা করিতে ছিল তাবৎকাল হুইগেরাই রাজার একমাত্র প্রবল

সহায় ছিল। তৃতীয় জর্জ্জের অধিকার আরম্ভ হওয়া অবধি আর প্রিটেণ্ডরের ভয় ছিল না সুতরাং তাঁহার সময়ে টৌরিরা বাস্তবিক তৎপক্ষাবলম্বন করিয়া ছিল ইহা অবশ্যই স্বীকার করিতে হয়।

যাহা হউক, লর্ডনর্থ রাজমন্ত্রী হইলেন এবং হুইগ্ মতাবলম্বীরা রকিংহাম চাট্হাম্, ফক্স্ প্রভৃতি প্রধানং বাগ্মিগণ পার্লিয়ামেন্টে এবং ইংলণ্ডের অন্যান্য স্থানে আপন আপন মতের পোষক বক্তৃতা সমুদায় চতুর্দিগে বিস্তার করিতে লাগিলেন। এখানে আমেরিকার ঔপনিবেশিকেরা পূর্ব্বোল্লিখিত বাণিজ্য দ্রব্যাদির উপর যে প্রকার শুলক নিরূপিত হইয়াছিল, তদ্দানে অসম্মত হইল। রাজমন্ত্রিগণ অন্যান্য সমুদায় শুল্ক রহিত করিয়া কেবল চায়ের উপর যৎকিঞ্চিৎ শুলক মাত্র আদায় করিতে সম্মত হইলেন। কিন্তু ঔপনিবেশিকেরা বলিল যে, শুলকের আধিক্য বিবেচনা করিয়া আমরা যে তদ্দানে প্রতিবন্ধক হইতেছি, এমত নহে। ইংলণ্ডীয় পার্লিয়ামেন্টে আমাদিগের প্রতিনিধি নাই অতএব তাদৃশ পার্লিয়ামেন্টের নিরূপিত শুলক প্রদানে আমরা কদাপি সম্মত হইব না। ফলতঃ ১৭৭৪ খ্রীষ্টাব্দে ফিলেডেল্ফিয়া নগরে আমেরিকদিগের যে সাধারণ সভা হইয়াছিল তাহাতে সকলেই এই অভিপ্রায় ব্যক্ত করিল, যে

তদ্দেশীয় ব্যবস্থাপক সমাজ সমস্তের অসম্মতিতে কোন প্রকার কর নির্দ্দিষ্ট হইতে পারিবে না। আর ঐ সভাতে ইহাও অবধারিত হইল যে, সম্প্রতি ইংলণ্ডের সহিত আমরা নিঃসম্পর্ক হইয়া থাকিব, কোন প্রকার বাণিজ্য ব্যবসায় করিব না। আমেরিকদিগের এইরূপে দৃঢ় প্রতিজ্ঞতা দেখিয়া ইংলণ্ডের গবর্ণমেন্ট মহা কুপিত হইলেন এবং তত্রত্য বণিকেরা আপনাদিগের লাভের ত্রুটি হওয়াতে একবারে ব্যাকুলিত হইয়া উঠিল। তখন সংগ্রাম বই আর এই বিবাদ নিষ্পত্তির উপায়ান্তর রহিল না।

১৭৭৫ খ্রীষ্টাব্দে মার্কিন্‌দিগের সহিত ইংরেজদিগের সংগ্রাম আরম্ভ হইল। ইংরেজদিগের বোধছিল যে, সমরানভিজ্ঞ মার্কিনেরা অতিশীঘ্রই পরাজিত হইয়া অধীনতা স্বীকার করিবে কিন্তু আমেরিকার যে ভাগে* প্রথমতঃ এই যুদ্ধ আরম্ভ হয়, তথাকার লোক সকল অধিকাংশই ইংলণ্ডীয় পিউরিটান্ বংশ সম্ভূত ছিল। তাহাদিগেরই পূর্ব্ব-পুরুষেরা প্রথম চার্লসের সময়ে রাজবিদ্রোহ উত্থাপন করে এবং তাৎকালিক যুদ্ধে বিজয় লাভ করিয়া রাজার শিরশ্ছেদন করে। এক্ষণে উহাদিগের সন্তানগণ সেই অসমসাহসিক পূর্ব্ব-পুরুষদিগের গৌরব সম্পূর্ণরূপেই রক্ষা করিল।

* নব ইংলণ্ড প্রদেশে।

ইংলণ্ডীয় সুশিক্ষিত সৈন্যগণ তাহাদিগের সমক্ষে পরাভব প্রাপ্ত হইতে লাগিল এবং তাহারা জর্জ্জওয়াসিংটন্ নাম। যে মহানুভাবের হস্তে আপনাদিগের সেনাপতিত্বের ভারার্পণ করিল, তিনি এমত কৌশল পূর্ব্বক যুদ্ধ করিতে লাগিলেন যে, ইংলণ্ডীয় সৈন্যগণের শিক্ষার ঔৎকর্ষ কিছুমাত্র ফলোপধায়ক হইল না। এপর্য্যন্ত মার্কিনেরা আপনাদিগের স্বাধীনতা প্রকাশ করে নাই। কিন্তু ১৭৭৬ খ্রীষ্টাব্দে তাহারা একেবারেই ইংলণ্ডের অধীনতা শৃঙ্খল ছেদন করিয়া আপনাদিগের দেশকে ইউনাইটেড্ষ্টেট্স নামে প্রচারিত করিল। ফ্রান্স এবং স্পেইন্ এই উভয় দেশই ইংলণ্ডের প্রাধান্য দর্শনে নিতান্ত মৎসরভাবাপন্ন ছিল। উহারা এই সুযোগে উক্ত ইউনাইটেড ষ্টেট্স রাজ্যের স্বাধীনতা স্বীকার করিয়া ইংলণ্ডের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল, আর এই সময়েই রুসিয়া, সুইডেন্ ডেন্মার্ক এবং হলণ্ড এই চারি দেশের রাজারা এক মতাবলম্বী হইয়া ইংরেজদিগের সামুদ্রিক প্রাবল্যের খর্ব্বতা সংসাধনার্থে যত্নবান হইল। ফলতঃ এই সময়ে ইংরেজদিগের বিপক্ষ সমূহ এমত প্রবল হইয়া উঠিল যে, কেবল মাত্র ইংলণ্ড রক্ষার্থই তিনলক্ষ সৈন্য এবং তিনশত রণপোত সর্ব্বদা সসজ্জ রাখিতে হইত। অধিকন্তু ইংলণ্ড এবং স্কটলণ্ডের হট্টলোকেরা রোমান্ কাথলিক মতাব-

লম্বীদিগের উৎপীড়ন করিবার নিমিত্ত এই সময়ে দলেং বদ্ধ হইয়া তাহাদিগের গৃহ, অট্টালিকা, গির্জা প্রভৃতিতে অগ্নিদান করিতে লাগিল, কারা গৃহের দ্বার ভগ্ন করিয়া ছুর্কচেতা সকলকে মুক্ত করিয়া দিল এবং শান্তশীল প্রজানিচয়ের সর্ব্বস্ব বিলু-ণ্ঠিত করিয়া মহাউপদ্রব উপস্থিত করিল। যত দিন সৈনিকগণের গুলি প্রয়োগ না হইয়াছিল, তাবৎ-কাল এই সমস্ত উপদ্রব নিবারিত হয় নাই। এ-খানে ওয়াসিংটনের যুদ্ধ কৌশলে ইংলণ্ডীয় সেনাপতি কর্ণওয়ালিস্ সসৈন্যে বন্দীকৃত হইয়াছিলেন।

এত দিনের পর ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের নিশ্চয় বোধ হইল যে মার্কিন্দিগকে অধীন করিয়া রাখা তাঁহাদিগের অসাধ্য। অতএব ১৭৮২ খ্রীষ্টাব্দে উহা-দিগের স্বাধীনতা স্বীকার করণে পার্লিয়ামেণ্টের অভিমত হইল। তৎক্ষণাৎ রাজমন্ত্রি লর্ডনর্থ নিজপদ পরিত্যাগ করিলেন এবং হুইগ্ পক্ষীয় মার্কুইস্ অব্ রকিংহাম ও ফক্স সাহেব প্রভৃতি সকলে রাজ কার্য্যে নিযুক্ত হইলেন। উহাঁদিগের সময়ে ইউনাইটেড্ রাজ্যের স্বাধীনতা স্বীকৃত এবং তাহারই কিয়ৎকাল পরে প্রতিপক্ষ সকল রাজ্যের মধ্যে সন্ধি সংস্থাপিত হইল। এইসন্ধির নিয়মা-নুসারে ইংরেজদিগের অনেক প্রদেশাধিকার যায়।

রাজমন্ত্রী রকিংহামের হঠাৎ মৃত্যু হওয়াতে

আর্ল অব্ সেল্বর্ণ নামা একজন ভূম্যধিকারী তৎ-পদে অভিষিক্ত হইলেন। কিন্তু তাঁহার সহিত ফক্স্ প্রভৃতি অন্যান্য মন্ত্রিগণের মতের একতা হইল না। সুতরাং তাঁহারা স্ব২ কর্ম্ম পরিত্যাগ করিলেন। তখন সেলবর্ণ আপন মতাবলম্বী সকলকে নিযুক্ত করিয়া রাজকর্ম্ম নির্ব্বাহ করিতে লাগিলেন। তন্মধ্যে আর্ল অব্ চাটহামের পুত্র, যিনি ইহার পর পিট্ নামে জগদ্বিখ্যাত হইয়াছিলেন, তিনিও একটী রাজকার্য্যে নিযুক্ত হইলেন। পরন্তু ইহাঁদিগের কর্তৃত্ব বহুকাল স্থায়ী হইল না। যে নর্থ এবং ফক্স ইতি পূর্ব্বে পরস্পরের প্রতি সম্পূর্ণ দ্বেষভাব প্রকাশ করিয়া আসিয়াছিলেন, তাঁহারাই এক্ষণে কর্ম্ম পাইবার লোভে ঐকমত্যাবলম্বন পূর্ব্বক পার্লিয়ামেন্ট সভায় রাজমন্ত্রীদিগের বিরুদ্ধে বক্তৃতা করিতে লাগিলেন। ঐ দুই ব্যক্তির মতাবলম্বিগণ একত্র সম্বদ্ধ হওয়াতে মন্ত্রিবর্গ আপনাদিগের কোন অভিমতই চালাইতে পারিলেন না। সুতরাং তাঁহাদিগকে কর্ম্ম পরিত্যাগ করিতে হইল এবং নর্থ ও ফক্স উভয়ে নিলিত হইয়া পুনর্ব্বার রাজ মন্ত্রিত্বে অধিষ্ঠিত হইলেন। কিন্তু পার্লিয়ামেন্ট সভায় যদিও উহাঁদিগের জয় হইল বটে, কিন্তু রাজ্যের সকল লোকে, উহাঁদিগের বিপক্ষ হইয়া উঠিল। তাহারা নিশ্চয় বিবেচনা করিল যে, উক্ত মন্ত্রি দ্বয় কেবল

কর্ম্ম পাইবার লোভেই স্ব২ মতের পরিবর্ত্ত করিয়া উভয়ে এক মতাবলম্বী হইয়াছেন। অতএব এমত লুব্ধ ব্যক্তিরা কদাপি প্রজাকুলের বিশ্বাস ভুমি হইতে পারেন না। বিশেষতঃ ভারতবর্ষ শাসনের নিমিত্ত ফক্স সাহেব যে ব্যবস্থা প্রচলিত করিবার উদ্যোগ করেন, জন সাধারণ সেই ব্যবস্থাকে আপনাদিগের নিতান্ত অমঙ্গলাবহ জ্ঞান করিয়াছিল। সেই ব্যবস্থার স্থূল মর্ম্ম এই যে, হৌস্ অব্ কমন্স সভা হইতে সাতজন ডিরেক্টর মনোনীত হইবেন এবং সেই সাতজনের হস্তেই সমুদায় ভারতবর্ষ শাসনের ভার অর্পিত হইবে। লোকে বোধ করিল যে, এইরূপ ব্যবস্থা প্রচলিত হইলে রাজমন্ত্রিগণ আপনাদিগের ইচ্ছানুরূপ লোক সকলকে ডিরেক্টরের পদে নিযুক্ত করিয়া সুবিস্তীর্ণ ভারতভুমির ঐকাধিপত্য আপনাদিগের হস্তগত করিবেন এবং তাহা করিতে পারিলেই উঁহারা এমত প্রবল হইয়া উঠিবেন যে রাজা এবং পার্লিয়ামেন্ট সভা, কেহই আর তাঁহাদিগকে দমন করিয়া রাখিতে সমর্থ হইবেক না। প্রজাগণ যে এইরূপ বিবেচনা করিয়া মন্ত্রিবর্গের প্রতি একান্ত বিরক্ত হইয়াছিল, রাজা তাহা বিলক্ষণ বুঝিয়াছিলেন। অতএব পার্লিয়ামেন্টে মন্ত্রিবর্গের প্রাবল্য থাকিলেও তিনি সাহস পুর্ব্বক উঁহাদিগকে কর্ম্মচ্যুত করিয়া সুর্ব্বোল্লিখিত বিচক্ষণ বর পিট্ সাহেবকে প্রধান-

মন্ত্রির কর্ম্মে নিযুক্ত করিলেন। ফক্‌স সাহেবের প্রস্তাবিত ভারতবর্ষ শাসনের প্রণালী, যাহা ইতি পূর্ব্বে হৌস্ অব্ কমন্সের অনুমত হইয়াছিল, সেই ব্যবস্থাও রাজার বিশিষ্ট যত্নে হৌস্ অব্ লর্ডস্ নামক সভায় পরিত্যক্ত হইল।

এক্ষণে ইংলণ্ডের শাসন কার্য্যে যে প্রকার অদ্ভুত ব্যাপার উপস্থিত হইল, তাহা তৃতীয় উইলিয়মের আগমনাবধি এপর্য্যন্ত একবারও ঘটে নাই। যে সকল রাজনীতিজ্ঞ ব্যক্তি পার্লিয়ামেণ্ট সভার অধিকাংশ সভ্যগণকে স্বং মতের পোষক করিতে পারিতেন, তাঁহারাই তত্তৎকালে রাজমন্ত্রিত্বে নিযুক্ত হইতেন। যখন পার্লিয়ামেণ্টে উহাঁদিগের পক্ষ হীনবল হইত তখন তাঁহারা স্বং কর্ম্ম পরিত্যাগ করিয়া যাঁহারা প্রবলতর হইয়াছেন তাঁহাদিগের হস্তে রাজ্যভার সমর্পণ করিতেন। অদ্যাপি এই রূপ হইতেছে এবং তাহা হওয়াতেই আর রাজা ও প্রজা ঘটিত কোন বিবাদের সূত্র উত্থাপন হইতে পারে না। কিন্তু যে সময়ের বিবরণ বলা যাইতেছে, তৎকালে নর্থ এবং ফক্‌সের পক্ষ প্রবল এবং পিটের পক্ষ দুর্ব্বল ছিল। পিট্ যেং ব্যবস্থার প্রস্তাব করিতেন তাহা বিপক্ষ বর্গের প্রতিবন্ধিতা প্রযুক্ত কিছুই প্রচলিত হইত না। এমন কি, তিনি বার্ষিক ব্যয়োপযোগী যে টাকা চাহিলেন, তাঁহাও পাইলেন না। প্র-

ভূ্যত পার্লিয়ামেন্ট সভা হইতে পুনঃ২ এমত অভিপ্রায় ব্যক্ত হইতে লাগিল যে, উইঁাকে রাজ কার্য্যে নিয়োগ করা অবিধি হইয়াছে। কিন্তু তথাপি রাজা উইঁাকেই মন্ত্রিত্বে নিযুক্ত রাখিলেন এবং কিয়ৎকাল পরে সেই পার্লিয়ামেন্ট সভা ভঙ্গ করিয়া নূতন পার্লিয়ামেন্টের আহ্বান করিরিলেন। প্রজাগণ ইতি পুর্ব্বাবধি ফক্স এবং নর্থ প্রভৃতি সম্মিলিত মন্ত্রি বর্গের প্রতি অনুরাগ শূন্য হইয়াছিল; অতএব এই নব পার্লিয়ামেন্টে তাঁহাদিগের মতাবলম্বী অতি অল্প লোকেই প্রবেশ করিতে পাইল। পিটের মতাবলম্বী ব্যক্তিরাই অধিকাংশ মনোনীত হইয়া পার্লিয়ামেন্টে গমন করিলেন। পিটের বয়ঃক্রম এই সময়ে ত্রয়োবিংশ বর্ষের অধিক ছিলনা কিন্তু তিনি সেই অল্প বয়সেই অসামান্য বৈচক্ষণ্য এবং গুণগ্রাম প্রদর্শিত করিয়া জনসাধারণকে বশীভূত করিলেন। পার্লিয়ামেন্ট সভার সভ্যগণ পিট্ যাহা বলিতেন তাহাই শুনিতেন। ফলতঃ ষ্ট্রাফোর্ড সহস্র দুষ্ট মন্ত্রণা দ্বারা প্রথম চার্লসকে যে ঐকাধিপত্যশক্তি প্রদান করিতে পারেন নাই, পিট্ নিজ সাধুশীলতা এবং কার্য্য তৎপরতা গুণে তৃতীয় জর্জকে সেইক্ষমতা অর্পণ করিলেন। কিন্তু এইরূপ ক্ষমতা তাঁহাকে বিশেষ কৌশল দ্বারা লাভ করিতে হইয়াছিল। তখন হুইগ্ মতাবলম্বীরা পার্লি-

য়ামেণ্ট সভার সংশোধনার্থে বিশিষ্ট যত্নবান ছি-
লেন। সেই সংশোধনের প্রয়োজন এবং তাৎ-
পর্য্য এই যে, যখন হৌস্ অব্ কমন্স সভা প্রথম
সংস্থাপিত হয় তখন যে সকল নগর বহুজনা-
কীর্ণ এবং অন্যান্য কারণে অপেক্ষাকৃত প্রধান
হইয়াছিল, সেই সকল স্থান হইতেই ঐ সভার
সদস্যগণ মনোনীত হইয়া আসিতেন। কাল-
ক্রমে ঐ সকল স্থানের অবস্থার বিবিধ পরি-
বর্ত্ত ঘটিয়া উঠিয়াছিল। যে সকল নগর পূর্ব্বে
অতি বৃহৎ ছিল, এক্ষণে তাহারা অতি ক্ষুদ্র হ-
ইয়া গিয়াছিল। আর যাহারা পূর্ব্বে অতি ক্ষুদ্র
ছিল সেই সকল স্থান অধুনা বাণিজ্য প্রভাবে অ-
তিশয় সমৃদ্ধিশালী হইয়াছিল। এই সকল ঋদ্ধি-
মান নগর হইতে প্রতিনিধি প্রেরিত হইত না।
আর পূর্ব্বকালের অতিসামান্য নগর সমুদায় হই-
তেও প্রতিনিধি প্রেরিত হইত। এই দোষ সংশো-
ধন না করিলে পার্লিয়ামেণ্ট সভার প্রকৃতিই অযথা
হইয়া পড়ে। এই বিবেচনা করিয়া হুইগেরা
তদুপযোগী কোন ব্যবস্থা প্রচালিত করিবার নিমিত্ত
অতিশয় ব্যগ্র হইয়াছিলেন। পিট্ পূর্ব্বে২ এই
বিষয়ে স্বাভিমত প্রকাশ করিয়া ইহার প্রয়োজনী-
য়তা স্বীকার করিতেন। মন্ত্রিত্বে নিযুক্ত হইয়াও
কথায় সেই সকল অভিমত প্রকাশ করিলেন বটে
কিন্তু কোন প্রকারে কৃতকার্য্য হইতে পারিলেন না।

অর্থাৎ তিনি পার্লিয়ামেন্টে তাদৃশ ব্যবস্থার প্রস্তাব করিলে ঐ প্রস্তাব অগ্রাহ্য হইল। তাঁহার মত এবং হুইগ্‌দিগের মত এক হইলেও যে ঐ প্রস্তাব অগ্রাহ্য হইল, ইহাতে পিটের চাতুর্য্য বই আর কি কারণ লক্ষিত হইতে পারে? পিট্ আর একটী অদ্ভূত কম্পনা দ্বারা রাজকীয় ঋণ পরিশোধ করিবার উপায়াবধারণ করেন। তিনি হিসাব করিয়া দেখাইলেন যে, তৎকালে রাজ্যের আয় ১৫ নিযুত এবং ব্যয় ১৪ নিযুত পৌণ্ড স্থির আছে। অতএব উদ্বৃত্ত এক নিযুত পৌণ্ড চক্রবৃদ্ধিতে খাটাইলে ২৮ বৎসরে উহা দ্বিগুণিত হইবে সুতরাং ক্রমেং ঐ টাকাই বৃদ্ধি হইয়া এমত অধিক হইয়া উঠিবে যে তদ্দ্বারা রাজ্যের সমুদায় ঋণ পরিশোধিত হইতে পারিবে। এই কথায় পার্লিয়ামেন্টের দৃঢ়তর বিশ্বাস জন্মিল। কিন্তু পরে বিলক্ষণ বোধ হইয়াছিল যে, উহা কোন কাজের কথাই নয়। এই বৎসরে পিট্ আপন শত্রুপক্ষীয় হুইগ্‌দিগের মুখে একটী উপহার প্রদান করিবার ভান করিয়া তাহাদিগকে শান্ত করিয়া রাখিয়াছিলেন। তাহার বিবরণ এই, ফক্স ভারতবর্ষ শাসনের নিমিত্ত যে ব্যবস্থা প্রস্তাবিত করিয়াছিলেন তাহার পরিবর্ত্তে পিট স্বয়ং একটী ব্যবস্থা প্রচলিত করেন। সেই ব্যবস্থানুসারে একজন গবর্ণরজেনেরেল ভারতবর্ষের শাসন কার্য্যে নিযুক্ত

হইয়া আসিয়াছিলেন। তাঁহার নাম ওয়ার্ণহেষ্টিংস, ঐ ব্যক্তি এতদ্দেশীয় রাজা প্রজা প্রভৃতির প্রতি অনেক অত্যাচার করিয়া ইংরেজদিগের সাম্রাজ্য সম্বর্দ্ধিত ও দৃঢ়ীভূত করিয়া গিয়াছিলেন। উহাঁর ঐ সকল অত্যাচারের সমুচিত দণ্ড বিধানের নিমিত্ত হুইগেরা সাতিশয় ব্যগ্রতা প্রকাশ করিতে লাগিলেন। পিট্ তাহাতে সম্মত হইলেন এবং ফক্স বর্ক সেরিডান প্রভৃতি সুপ্রসিদ্ধ বাগ্মিগণ হৌস্অব্ কমন্স কর্ত্তৃক প্রতিনিহিত হইয়া হৌস্-অব্ লর্ডস্ সভার সমক্ষে অভিযোগ উপস্থিত করিলেন। ঐ সময়ে যে সকল সদ্বক্তৃতা হইল তাহার উপমাস্থল কেবল প্রাচীন গ্রীক এবং রোমক জাতির অত্যুৎকৃষ্ট বাগ্মিগণের মধ্যেই প্রাপ্ত হওয়া যায়। যদি ওয়ারেন্ হেষ্টিংসের বিষয়ে তৎক্ষণাৎ বিচার হইত, তবে তিনি নৃদেহধারী রাক্ষস বলিয়া অবশ্যই কোন কঠিন দণ্ডে দণ্ডিত হইতেন। কিন্তু অভিযোগের ও তৎপোষক বক্তৃতা সমস্তের বহুকাল পরে তাঁহার বিষয়ে বিচার নিষ্পত্তি হওয়াতে তিনি নির্দ্দোষী বলিয়া মুক্ত হইলেন।

পিট্ এই রূপে নানা কৌশল করিয়া শত্রুবর্গকে শান্ত এবং সমুদায় রাজ্য নিরুপদ্রবে পালন করিতেছেন, এমত সময়ে ভুপাল হঠাৎ উন্মাদ গ্রস্ত হইয়া তাঁহাকে বিষম বিপদে ফেলিলেন।

কারণ, রাজ পুত্র পিতার একান্ত অনভিমতে ফক্‌স্‌ প্রভৃতি হুইগ মতাবলম্বীদিগের পৃষ্ঠ পূরক হইয়াছিলেন। এক্ষণে তিনিই পিতার প্রতিভূ হইয়া রাজকার্য্য নির্ব্বাহ করিবেন। সুতরাং তাহা হইলে পিটের কর্ত্তৃত্ব কিছুই থাকিবে না, প্রত্যুত তাঁহার প্রতিপক্ষদল যুবরাজের অনুগ্রহে অতিশয় প্রবল হইয়া উঠিবে। এই ভাবিয়া পিট্‌ এমত অভিপ্রায়ে বক্তৃতা করিতে লাগিলেন যাহাতে পার্লিয়ামেন্ট যুবরাজের হস্তে সমুদায় রাজশক্তি সমর্পিত না করে। কিন্তু ফক্‌স তদ্বিপরীত পক্ষ হইয়া বক্তৃতা করিতে আরম্ভ করিলেন। কি আশ্চর্য্য! ফক্‌স স্বয়ং হুইগ্‌ অতএব তাঁহার কর্ত্তব্য যে পার্লিয়ামেন্টের শক্তির পোষকতা করেন। আর পিট্‌ টৌরী অতএব যাহাতে রাজশক্তির হ্রাস হয় এমত অভিপ্রায় ব্যক্তকরা কোনক্রমেই উচিত নয় কিন্তুধর্ম্মবিদ্‌ ব্যক্তিরাও স্বার্থ ঘটিত বিষয়ের বিচার কালীন মুগ্ধ হইয়া থাকেন। পিট্‌ এবং ফক্‌সেরও তাহাই হইয়াছিল, কিন্তু তাহাদিগের বক্তৃতা সমস্তের কোন বিশেষ ফল দর্শিল না। রাজা নীরোগ হইলেন। সুতরাং প্রতিভূ নিয়োগের অপ্রয়োজন হওয়াতে পিটের কর্ত্তৃত্ব অপ্রতিহত রহিল। সেই কর্ত্তৃত্ব এই সময়ে ইংলণ্ড রক্ষায় একমাত্র হেতু হইয়াছিল। নচেৎ তৎকালে যে একটী অদ্ভুত পূর্ব্ব

ব্যাপার ঘটে তাহাতে সমুদায় ইউরোপখণ্ড উপ-প্লাবিত হইবার উপক্রম হইয়াছিল। ইংলণ্ড সেই আবর্ত্ত মুখে পতিত হইয়া অবশ্য বিনষ্ট হইত তাহার সন্দেহ নাই। কিন্তু ইংলণ্ডের রাজ্যরূপ তরণীর বিচক্ষণ কর্ণধার পিট্ এবং ইংরেজ জাতির নৈসর্গিক সাহসিকতা সহিষ্ণুতা এবং দৃঢ় প্রতিজ্ঞতা এবং আপামর প্রজাসাধারণের মুক্তহস্তে অর্থপ্রদান এই সকল গুণে ইংলণ্ড কেবল উল্লিখিত বিপদ সমূহ হইতে স্বয়ং উত্তীর্ণ হইয়া আসিল এমত নহে, প্রত্যুত সমুদায় ইউরোপ খণ্ডকেই পরাধীনতার ক্লেশ হইতে মুক্ত করিল।

যে ব্যাপারের উল্লেখ করা যাইতেছে ইহা ইতিহাসে ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব নামে অতীব প্রসিদ্ধ। ইহার আমূল বর্ণন করা এস্থলের উদ্দেশ্য নহে। কিন্তু ইহা দ্বারা রাজনীতিজ্ঞ মাত্রের পরম শিক্ষা লাভ হইয়াছে অতএব তাহার সংক্ষেপ উল্লেখ করা আবশ্যক। রোম রাজ্য বিনাশ করিয়া যে সকল অসভ্য লোক ইউরোপে নিবাস করে তাহাদিগের মধ্যে কেহই ফ্রান্সজাতির অপেক্ষা অধিক তেজস্বী অথবা স্বাধীনতাপরায়ণ ছিল না। সেই ফ্রান্সীয়েরাই গল্‌দেশ অধিকার করিয়া তথায় বাস করে। প্রথমে উহাদিগের মধ্যেও সৈনিক ভূম্যধিকার প্রণালী প্রবর্ত্তিত হয়। ইংলণ্ড জেতা সাক্‌সনদিগের মধ্যে

যেরূপ উইটিনাগিমোট্ নামক সাধারণী সভা ছিল ফ্রান্সদিগের মধ্যেও সেইরূপ ষ্টেট্স্ জেনেরল নামক একটী সভা থাকে। কিন্তু ইংলণ্ডের সাধারণী সভা যেমন নানা কারণে ক্রমশঃ প্রবলতা প্রাপ্ত হইয়া পরিশেষে ১৬৮৮ খ্রীষ্টাব্দে সমুদায় রাজশক্তি আপন হস্তগত করিযাছিল, ফ্রান্সে তাহার সম্পূর্ণ বিপরীত ব্যাপারই ঘটিয়াছিল তথায় ষ্টেট্স্ জেনেরল সভা এমত হীনবল হইয়াগিয়াছিল যে পরিশেষে রাজারা আর ঐ সভার নাম ও করিতেন না। আপনাদিগের ইচ্ছানুসারে রাজ্য শাসন করিতেন। বিশেষতঃ ফ্রান্সের ১৪শ লুই এমত প্রবল হইয়াছিলেন যে এসিয়াখণ্ডের কোন যথেচ্ছাচারী নৃপালও কোন সময়ে তাহা অপেক্ষা অধিকতর ঐকাধিপত্য শক্তি ধারণ করিতে পারেন নাই। অপিচ যে সময়ে সমুদায় ইউরোপ খণ্ড লুথর-প্রবর্ত্তিত ধর্ম্ম প্রণালী লইয়া আন্দোলিত হইতেছিল, ফ্রান্সেও অনেক ব্যক্তি ঐ সংশোধিত ধর্ম্ম প্রণালী পরিগ্রহ করে। কিন্তু রাজা ঐ ধর্ম্মের একান্ত দ্বেষ্টাছিলেন। ফ্রান্সের প্রটেষ্টান্টগণ রাজা কর্ত্তৃক পরিপীড়িত হইয়া রোমান্ কাথলিক ধর্ম্মের প্রতি লৌকিক শ্রদ্ধা প্রকাশ করিয়া রাজদণ্ড হইতে নিষ্কৃতি পায়। ফ্রান্সে রোমান্ কাথলিক যাজকবর্গ এইরূপে রাজা কর্ত্তৃক রক্ষিত এবং অনুগৃহীত হইয়া তাহার একান্ত অ-

ধীন হইয়াছিল, রাজা যাহা বলিতেন যাজকেরা তাহাই পরম ধর্ম্ম বলিয়া জন সাধারণকে শিক্ষা করাইতেন এবং রাজাও যাজকবর্গকে ভূমিসম্পত্তিও অন্যান্য বৃত্তিদান দ্বারা তুষ্ট করিতে কিছুমাত্র ত্রুটি করিতেন না। যাজকগণ সম্পত্তিশালী হইয়া উঠিলেই জাতীয় ধর্ম্মের বিবিধ দোষ জন্মায়, সেই সকল দোষ জন্মিলেই জন সাধারণের ঐ ধর্ম্মের প্রতি প্রগাঢ় অশ্রদ্ধা হয়, ফ্রান্সে তাহাই হইয়া উঠিয়াছিল। তথাকার প্রজাবর্গ রাজা ও ভূম্যধিকারী এবং যাজকগণ কর্ত্তৃক একান্ত পরিপীড়িত হইয়া স্বদেশের প্রতি অনুরাগ-শূন্য ধর্ম্মের প্রতি অশ্রদ্ধা-যুক্ত এবং একান্ত দীনাবস্থ হইয়া কাল যাপন করিত। এমত সময়ে মার্কিনেরা ইংলণ্ডের প্রতিকূলে বিদ্রোহ উত্থাপন করিলে ফ্রান্সরাজ সেই মার্কিন বিদ্রোহীদিগের সাহায্যার্থে স্বদেশীয় সৈন্য চয় আমেরিকায় প্রেরণ করেন। উহারা তথায় গিয়া স্বাধীনতার সুখ ভোগ করে এবং "মনুষ্যমাত্রেই পরস্পর তুল্য, স্বভাবতঃ কেহ কাহা অপেক্ষা বড় নয়, রাজশাসন কেবল প্রজা কুলের হিতার্থে হওয়া উচিত তাহা না হইলে প্রজাগণ স্বং দেশের শাসন প্রণালী পরিবর্ত্তিত করিতে পারে" স্বাধীনতা-পরায়ণ ব্যক্তিবর্গের এইরূপ প্রাকৃতিক মত সমুদায় শিক্ষা করিয়া আইসে। যখন উহারা প্রথমে স্বদেশমধ্যে এই সকল মত

প্রচারিত করিতে আরম্ভ করিল তখন অনেকেই আদর পূর্ব্বক সেই সকল মত গ্রহণ করিল, গ্রন্থকর্ত্তৃগণ বিবিধ যুক্তি প্রদর্শন দ্বারা সেই সকল মতের পোষকতা করিতে লাগিলেন। সভামাত্রেই ঐ সকল কথার আন্দোলন হইতে লাগিল। কিন্তু তখন কেহই একবার মনেও ভাবেন নাই যে এই সকল মত কদাপি কার্য্যকারী হইতে পারে। উহা কথার কথা মাত্র ইহাই সকলের বিশ্বাস ছিল। কিন্তু ফ্রান্সদেশ সামান্য দেশ নয়; উহাতে চির-কাল অতীব বুদ্ধিমান বিদ্যাবান কার্য্যক্ষম উদার-চরিত ব্যক্তি সকল সম্ভূত হইয়া থাকেন। তাঁহারা এই রাজ্য শাসনের দোষ-সংশোধনের নিমিত্ত সচেষ্ট হইলেন। এই সময়েই রাজ কোষ শূন্য হইয়াছিল, অতএব ফ্রান্সের সাধারণী সভা যাহা বহুকাল আবাহিত হয় নাই, রাজা প্রজা বূহের ইচ্ছানুসারে সেই সভার আবাহন করিলেন। ১৭৮৯ খ্রীস্টাব্দে এই ব্যাপার ঘটে।

সেই অবধি ফ্রান্সের রাজ্য শাসন প্রণালী সং-শোধিত হইতে আরম্ভ হইল। কিন্তু এই সংশোধন ক্রিয়া নির্ব্বিঘ্নে নির্ব্বাহ হইল না। প্রজাগণ পুরুষানুক্রমে রাজা, ভূম্যধিকারী এবং যাজকবর্গের স্থানে যেমন দুঃখভোগ করিয়া আসিয়াছিল, যেন একেবারে সেই সকল দুঃখের শোধ দিবার নিমি-ত্তই প্রতিজ্ঞারূঢ় হইল। তাহারা এতদিন আপ-

ন.দিগের পরাক্রম বুঝিতে পারে নাই। এক্ষণে তাহারা নিশ্চয় বুঝিল যে, প্রজাই রাজ্যের বল। তাহারা এক্ষণে এই সিদ্ধান্ত স্থির করিল যে, প্রাচীন ব্যক্তি মাত্রই মন্দ, পূর্ব্বে রাজা ছিল এক্ষণে আর রাজা না থাকিলেই ভাল; পূর্ব্বে ভূম্যধিকারী ছিল এক্ষণে আর তাহা থাকা উচিত নয়; পূর্ব্বে ধর্ম্ম প্রণালী ছিল, এক্ষণে আর কোন প্রকার ধর্ম্ম থাকাই মঙ্গলাবহ নহে। ফলতঃ মনুষ্য মাত্রেই সমান, মনুষ্যের মধ্যে যে কেহ ছোট, কেহ বড় হয়, ইহাই সকল দোষের ও দুঃখের আকর। ফলতঃ ফ্রান্সের প্রজাবর্গ একান্ত উন্মাদ গ্রস্তের ন্যায় হইয়া সকলকে সমান করিবে এই চেষ্টায় প্রবৃত্ত হইল। প্রধান২ লোক সকল প্রাণভয়ে স্বদেশ পরিত্যাগ করিল, যাজকবর্গও প্রস্থান করিল এবং পরিশেষে রাজা এবং রাজ্ঞী উভয়ে প্রাণদণ্ডে দণ্ডিত হইলেন। ফ্রান্সে সাধারণ তন্ত্র শাসন প্রণালী সংস্থাপিত হইল এবং তথাকার রাজারা যে পুরুষানুক্রমে প্রজা পীড়ন করিয়া আসিতেছিলেন প্রজাগণ এতদিনের পর তাহার প্রতীকার করিল। কিন্তু ইউরোপীয় রাজগণ ষোড়শ লুইর প্রাণ বিয়োগের বার্ত্তা শ্রবণ করিবামাত্র একেবারে রাগান্ধ হইয়া উঠিলেন। তাঁহারা ভাবিলেন যে যদি ফরাসীরা এইরূপে আপনাদিগের রাজাকে বিনাশ করিয়া বিনাদণ্ডে নি-

ক্ষতি পায় তবে তাঁহাদিগের প্রজারাও তদনুরূপ করণে প্রবৃত্ত হইতে পারে। এই ভাবিয়া নৃপ গণ ফরাসীগণের বিরুদ্ধে অস্ত্রধারণ করিলেন। ফরাসীরাও আপনাদিগের দেশে সাধারণ তন্ত্র শাসন প্রণালী প্রবর্ত্তিত করিয়া চতুর্দ্দিকস্থ অপরাপর দেশেও সেইরূপ শাসন প্রণালী সংস্থাপিত করিবার নিমিত্ত ব্যগ্র হইয়া উঠিল। উহারা আপনাদিগকে সাধারণ প্রজার সমক্ষে এবং রাজা ও ভূম্যধিকারী মাত্রের বিপক্ষ এইরূপ প্রচার করিয়া অসম সাহস প্রদর্শন পূর্ব্বক সমুদায় ইউরোপীয় নৃপাল বর্গের সহিত প্রাণপণে যুদ্ধ করিতে লাগিল।

ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব হইবার উপক্রমে ইংলণ্ডীয় হুইগ্ মতাবলম্বীরা অত্যন্ত সন্তোষ প্রকাশ করিয়া ছিল। কিন্তু যখন সেই রাষ্ট্রবিপ্লব ব্যাপার এতাদৃশ ভয়াবহ হইয়া উঠিল এবং বিপ্লাবক বর্গের নৃশংসতা দোষে সমুদায় ফ্রান্স দেশ শোণিত সাগরে সন্তরণ করিতে লাগিল, তখন অধিকাংশ ব্যক্তি হুইগ্দিগের পক্ষতা পরিত্যাগ করিলেন। কেবল স্থির প্রতিজ্ঞ ফক্স সাহেব ফরাসীদিগের প্রতি অস্ত্রধারণ করা যুক্তি যুক্ত নহে এই অভিপ্রায়ে বক্তৃতা করিতে লাগিলেন। কিন্তু কেহই তাঁহার কথায় কর্ণপাত করিল না। ইংলণ্ডীয় জনগণ একেবারে ক্রোধান্ধ হইয়া নর শোণিত

পিপাসু ভীষণ ফরাসীদিগকে নির্ম্মূলিত করিবার অভিপ্রায়ে সমর সাগরে অবতীর্ণ হইল। কিন্তু প্রসীয়, ওলন্দাজ, ইংরাজ, জর্ম্মণ প্রভৃতি মহ-পরাক্রান্ত রাজ্যের সৈন্যচয় মিলিত হইয়াও যুদ্ধোন্মত্ত ফরাসীদিগের দমন করিতে সমর্থ হইল না, তাহাদিগকে দমন করিবে কি আপনারাই পুনঃ২ যুদ্ধে পরাভূত হইতে লাগিল এবং হলণ্ড সমুদায় এবং জর্ম্মণির কিয়দংশ আর ইটালিদেশ ইত্যাদি নানা স্থান একেবারে ফরাসীদিগের অধিকার সম্ভুক্ত হইয়া গেল। ফরাসীরা ঐ সকল বিজিতদেশে সাধারণ তন্ত্র শাসন প্রণালী সংস্থাপিত করিল। এই সকল যুদ্ধের কালে নেপোলিয়ন্ বোনাপার্টি নামা একজন সেনানী কর্ত্তৃক ইটালী এবং মিসর অধিকৃত হয় তিনি ইটালীর যুদ্ধে স্বয়ং অত্যল্প সৈন্য লইয়া অষ্ট্রিয়দিগের বহুতর সেনা সমূহকে পুনঃ২ পরাজয় করিয়াছিলেন। বস্তুতঃ বোনাপার্টি ঐ সময়ে যেরূপ দৃঢ় প্রতিজ্ঞতা প্রকাশ করিয়াছিলেন তাহার পূর্ব্বে কোন ব্যক্তি তাদৃশগুণ সমস্ত প্রকাশ করিতে পারেন নাই। তিনি যে যুদ্ধে উপস্থিত থাকিতেন তাহাতেই সম্পূর্ণ বিজয় লাভ করিতেন অতএব ফরাসী সৈন্যগণ তাঁহার প্রতি একান্ত ভক্তিমান হইয়া উঠে। বোনাপার্টি দেখিলেন যে ফ্রান্সে যেরূপ শোণিত প্রবাহ প্রবাহিত হইতে আরম্ভ হইয়াছে

প্রজাগণ তদ্দর্শনে অনেকেই সাধারণ তন্ত্র শাসন প্রণালী প্রতি শ্রদ্ধাহীন হইয়াছে। অতএব ফ্রান্সে ঐ আধিপত্য সংস্থাপন করিবার এই সুযোগ। এই ভাবিয়া তিনি একদিন রাজ্যের শাসন কর্ত্তৃ-সভা মধ্যে প্রবিষ্ট হইয়া তথাকার সভ্যগণকে দূরীভূত করিলেন এবং আপনি কন্সল উপাধি পরিগ্রহ পূর্ব্বক রাজ্য শাসনের সমুদায় ভার স্বহস্তে গ্রহণ করিলেন। কন্সল উপাধিটী প্রাচীন রোমকদিগের মধ্যে প্রচলিত ছিল। তাদৃশ উপাধি গ্রহণের তাৎপর্য্য এই যে তাহা হইলে ফরাসীরা ও উক্ত রোমকদিগের ন্যায় সমরানুরক্ত হইয়া আপনাদিগের বৈদেশিক অধিকার বিস্তৃত করিবার নিমিত্ত সচেষ্ট হইবে। তাহা হইলেই স্বাধীনতার নিমিত্ত উহারা যেরূপ উন্মত্ত হইয়াছিল আর সেইরূপ থাকিবে না। কারণ মনুষ্য মাত্রের স্বভাব সিদ্ধ ধর্ম্ম এই যে কোন একটী রিপু প্রবল হইয়া উঠিলে সে অন্য সকল রিপুকে দুর্ব্বল করিয়া ফেলে। যুদ্ধোন্মাদে প্রবৃত্ত হইলে স্বাধীনতানুরাগ অবশ্য হ্রস্ব হইবে তাহার সন্দেহ নাই। ফরাসীরা তাঁহাকে পাইয়া দিন২ স্বাধীন হইবার ইচ্ছা পরিহার পূর্ব্বক কি প্রকারে দিগ্‌বিজয় করিবে অন্য সকল জাতীয় লোককে আপনাদিগের পদাক্রান্ত করিবে ইহাই চিন্তা করিতে লাগিল। বোনাপার্ট তাহাদিগকে রণজয়ী করেন। অতএব

তিনি সহস্র অত্যাচার করিয়া ঐকাধিপত্য গ্রহণ করিলেও কেহই তৎপ্রতি মৎসরদৃষ্টি করিল না।

কিন্তু বোনাপার্টী কন্সল হইয়াই বিগ্রহে প্রবৃত্ত হয়েন নাই। তিনি ইংলণ্ড রাজ্যের সহিত সন্ধি করিবার অভিপ্রায়ে এক পত্র প্রেরণ করেন। কিন্তু ইংরেজেরা বলিলেন যত দিন ফ্রান্সের পূর্ব্ব-রাজবংশীয় কোন ব্যক্তি তদ্দেশের সিংহাসনে উপবিষ্ট না হয়েন তাবৎ সন্ধি করিবেন না। সুতরাং পুনর্ব্বার সমরানল প্রজ্বলিত হইল। ইংলণ্ডীয় পোতাধ্যক্ষ নেল্‌সন্ সাহেব ইতি পূর্ব্বেই ফরাসীদিগের মিসর-গত পোত বাহিনী সমুদায় বিনস্ট করিয়াছিলেন। এক্ষণে রাস্ক্ অব্ রক্রম্বী নামক একজন ইংলণ্ডীয় সেনাপতি মিশরে গমন পূর্ব্বক ফরাসী স্থলচর সৈন্য গণকে ও পরাভূত করিলেন। কিন্তু ঐ স্থলে বোনাপার্টি স্বয়ং উপস্থিত ছিলেন না। তিনি স্বয়ং যেখানে গমন করিতেন সেই স্থানেই ফরাসী দিগের বিজয় লাভ হইতে লাগিল। মোরাঙ্গোর যুদ্ধে ইটালী দেশ পুনর্ব্বার তাহাদিগের অধিকৃত হইল। আর মেরো নামক আর একজন ফরাসী সেনাপতি অস্ত্রিয় সৈন্য গণকে পরাভব করিয়া বিয়েনার অনতিদূর পর্য্যন্ত সমুদায় দেশ অধিকার করিলেন। সুতরাং অস্ত্রিয় সম্রাট্ সন্ধি প্রার্থনা করিতে নিতান্ত বাধ্য হইলেন।

এই সময়ে অর্থাৎ ১৮০০ খ্রীষ্টাব্দে আয়র্লণ্ডে মহাগোলযোগ উপস্থিত হয়। ফরাসীরা প্রজা-বৃন্দের স্বাধীনতা সম্বন্ধে যে সকল প্রকৃত উক্তি প্রচারিত করিয়াছিল একান্ত পরি পীড়িত আইরিস্ লোক সকল তৎ শ্রবণে নিতান্ত স্বাধীনতা-লোলুপ এবং ব্যগ্র হইয়া উঠে। তাহারা নিশ্চয় বুঝিয়াছিল যে, বিজাতীয় এবং ভিন্ন ধর্ম্মাবলম্বী গর্ব্বিত স্বভাব ইংরেজদিগের হইতে তাহাদিগের কদাপি কোন উপকার হইবার সম্ভাবনা নাই। কিন্তু উদার-চিত্ত স্বাধীনতা-পরায়ণ এবং সমান-ধর্ম্মা ফরাসীরা অবশ্যই তাহাদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করিবে। এই ভাবিয়া আয়র্লণ্ডীয় রোমান কাথলিক লোক সকল গোপনে ফরাসী দিগকে স্বদেশে আহ্বান করে। এবং আপনারা বিদ্রোহ করিবে এমত চেষ্টা পায় কিন্তু প্রতিকূল বায়ু এবং ইংরেজদিগের সামুদ্রিক প্রাবল্য আর আয়র্লণ্ডীয় লোকদিগের গৃহবিচ্ছেদ এই সকল কারণে ফরাসী যুদ্ধ জাহাজ সকল যথাকালে অথবা উচিত পরিমাণে আয়র্লণ্ডে উপস্থিত হইতে পারিল না এবং ইংরেজ শাসনকর্ত্তৃবর্গ এই সকল বিপৎপাতের সংবাদ পাইয়া অগ্রেই তৎ প্রতিবিধান করিতে সমর্থ হইলেন। সুতরাং যদিও আয়র্লণ্ডে বিদ্রোহ উপস্থিত হইল বটে তথাপি সেই বিদ্রোহ কোন কার্য্য কর হইল না।

পরন্তু রাজমন্ত্রী পিট্ অনেক কৌশল করিয়া এই সময়ে আয়র্লণ্ডের এবং বৃটনের পার্লিয়ামেণ্ট সভাদ্বয়কে মিলিত করিয়া ফেলিলেন। তদবধি এই রূপ ব্যবস্থাপিত হইল যে আয়র্লণ্ড হইতে ১০০ ব্যক্তি প্রজা সাধরণের প্রতিভূ হইয়া ইংলণ্ডীয় হৌস্ অব্ কমন্সে উপবিষ্ট হইবে। আর অষ্টাবিংশতি ভূম্যধিকারী এবং চারিজন প্রধান যাজক হৌস্ অব্ লর্ডস্ সভার সভ্য পদবীতে প্রতিষ্ঠিত হইবে।

এই সময়ে ইংলণ্ডে অতি ভয়ানক দুর্ভিক্ষ উপস্থিত হয়। অতএব ইংলণ্ডের শাসন কর্ত্তৃগণ পরিশেষে ফরাসীদিগের সহিত সন্ধি করাই শ্রেয়ঃ জ্ঞান করিলেন। পরন্তু পিট্ ঐ সন্ধিতে সম্মত হইবেন না বলিয়া তিনি স্বয়ং আপন কর্ম্ম পরিত্যাগ করিলেন। এবং আডিংটন্ নামক ব্যক্তি প্রধান মন্ত্রিত্বে নিযুক্ত হইলেন। তিনি ফ্রান্সের সহিত যেরূপ সন্ধি করিলেন তাহাতে ফ্রান্সের প্রাধান্য স্পষ্টই স্বীকার করা হইল। ফলতঃ স্থল যুদ্ধে সর্ব্বত্রই ফ্রান্সের প্রাধান্য হইয়াছিল বটে, কিন্তু অর্ণব যুদ্ধে প্রায়ই ফরাসীদিগের পরাভব হইয়াছিল। নেল্সন্ প্রভৃতি কতিপয় পোতাধ্যক্ষের গুণে ইংলণ্ডের প্রভাব সমুদ্রে অপ্রতিহত রহিয়াছিল। এবং তাহার বাণিজ্যের কোথাও কোন হানি হইতে পারিল না। কিন্তু ছোটয়

বড়য় ফ্রান্সের ১২২৪ খান জাহাজ এই যুদ্ধে মা-ম্নাপড়ে।

যদি ইংলণ্ডের বাণিজ্য ঐরূপ অত্যন্ত বিস্তীর্ণ না থাকিত তাহা হইলে রাজ কার্য্যের যেরূপ ব্যয় বাহুল্য হইয়াছিল, ইংলণ্ডীয় প্রজাগণ সেই ব্যয় নির্ব্বাহ করিয়া উঠিতে পারিত না। ১৭৯৩ খ্রী-ষ্টাব্দে ইংলণ্ডের বার্ষিক ব্যয় (১৪১০১০০০০) চৌ-দ্দকোটী টাকা ছিল। ১৮০০ খ্রীষ্টাব্দে উহার বাৎসরিক ব্যয় (৪২১৯১০০০০) বেয়াল্লিশ কোটী হইয়াছিল।

১৮০৩ খ্রীষ্টাব্দে পুনর্ব্বার যুদ্ধারম্ভ হইল। পিট্ তৎক্ষণাৎ প্রধান মন্ত্রিত্ব পদে অধিরূঢ় হইলেন। তাঁহার কৌশলে রুসিয়া, অষ্ট্রিয়া সুইডেন এবং নেপল্‌স্ এই কয়েকটী দেশ ইংলণ্ডের সহিত মি-লিত হইয়া একোদ্যমে ফ্রান্সের প্রতিকূলে যুদ্ধ আরম্ভ করিল। ইংলণ্ডীয় সুবিখ্যাত পোতাধ্যক্ষ নেল্‌সন সাহেব কর্ত্তৃক ফ্রান্স এবং স্পেইনের মি-লিত পোত বাহিনী সমস্ত ট্রাফাল্গার অন্তরীপের অদূরে বিনাশ প্রাপ্ত হইল। কিন্তু স্থলে বোনা-পার্টির সর্ব্বত্রই জয়লাভ হয়। তিনি অষ্ট্রীয় দি-গের প্রসিদ্ধ অম্ নামক দুর্গজয় করিয়া তত্রত্য ত্রিংশৎ সহস্র সৈন্যকে বন্দীকৃত করিলেন। অ-ব্যাঘাতে বিয়েনা নগর অধিকার করিলেন এবং অ-তীব আশ্চর্য্য রণকৌশল প্রকাশ পুরঃসর অষ্টর-

লিট্‌স্য নামক স্থানে রুসিয় সৈন্যগণকে পরাভূত করিলেন। এই সকল সংবাদ শ্রবণে ইংলণ্ডীয় প্রধান মন্ত্রী পিট্‌ এমত ভগ্নমনা হইলেন যে, কতিপয় দিন মধ্যেই তাঁহার আয়ুঃ শেষ হইল। পিট্‌ যে অতি বিচক্ষণ রাজনীতিজ্ঞ এবং একজন প্রধান বাগ্মী ছিলেন তাহার সন্দেহ নাই। তিনি যে স্বদেশের হিতানুষ্ঠানেই, জীবন যাপন করিয়াছিলেন, তাহাও নিঃসন্দেহ। কিন্তু ফরাসীদিগের সহিত যে,* ঘোরতর সংগ্রামে প্রবৃত্ত হইয়া দেশের কর-বৃদ্ধি ঋণ-বৃদ্ধি এবং সৈন্য-বৃদ্ধি করেন তাহা যুক্তিযুক্ত হইয়াছিল কি না ইহা লইয়া অদ্যাপি অনেক তর্ক বিতর্ক হইয়া থাকে। টৌরী মতাবলম্বীরা বলেন তিনি ঐ সমরসাগরে অবতীর্ণ হইয়াছিলেন বলিয়াই ইউরোপ খণ্ডের সর্ব্বস্থলেই রাষ্ট্র বিপ্লব ঘটে নাই, নচেৎ ফ্রান্সের অনুবর্ত্তী হইয়া সর্ব্বদেশীয় প্রজাগণই স্ব২ দেশে নিতান্ত উচ্ছৃঙ্খল হইয়া উঠিত। কিন্তু হুইগ্‌ মতবর্ত্তী জনগণ বলেন যে, যদি ইউরোপীয় কোন জাতি ফরাসীদিগের বিরুদ্ধে অস্ত্রধারণ না করিত বস্তুতঃ তাহাদিগকে নির্ব্বিঘ্নে আপনাদিগের রাজ্য শাসন প্রণালী সংশোধিত করিতে দিত, তাহা হইলে এতাদৃশ ধন ও জীবন ব্যয়ের প্রয়োজনীয়তা থাকিত না এবং অত্যল্প কাল মধ্যেই ফ্রান্স উপশান্ত এবং স্বাধীন হইয়া নিয়োজিত কার্য্য সাধনে

প্রবৃত্ত হইতে পারিত। তাঁহারা ইহাও বলেন যে, তৎকালে ফ্রান্সের প্রতি ইউরোপীয় অপরাপর জাতির অত্যাচার হইয়াছিল বলিয়াই ফ্রান্সের রাজশাসন প্রণালী সম্পূর্ণরূপে সংশোধিত হইতে পারিত না ; সংশোধিত হইবে কি ? ফরাসীরা বৈদেশিক প্রবল শত্রু কুলের ভয়ে ভীত হইয়া যুদ্ধবীর বোনাপার্টির একান্ত শরণাপন্ন হইল। এবং তাঁহাকে একাধিপত্য শক্তি সম্পন্ন করিয়া শত্রুপক্ষীয় দিগের গর্ব্ব খর্ব্ব করিতে লাগিল। অতএব ফরাসীদিগের রাষ্ট্র বিপ্লব ব্যাপারে হস্তার্পণ করিয়া পিট্ সুবুদ্ধি বা ন্যায় পরায়ণতার কর্ম্ম করেন নাই এই উভয় মতের মধ্যে কোনটী প্রকৃত তাহা সহজে মীমাংসা করা যায় না কিন্তু যত অধিক কাল যাইতেছে হুইগ্‌দিগের মত ততই প্রবলতর হইতেছে ইহাতেই বোধ হয় যে তাঁহাদিগের বিবেচনাই যথার্থ হইবে।

মহাত্মা পিটের মৃত্যুর পর লার্ড গ্রেন্‌ভিল ও ফক্‌স সাহেব এবং তাঁহাদিগের বন্ধুবর্গ রাজমন্ত্রিত্বে নিযুক্ত হইলেন। প্রধান মন্ত্রী লার্ড গ্রেন্‌ভিল্ সাহেব আর সর্ব্ব বিষয়েই টোরীদিগের মতানুবর্ত্তীছিলেন কেবল তিনি রোমান্ কাথলিকগণের প্রতিকূল ব্যবস্থা সমস্ত রহিত করিতে চাহিতেন ইহাতেই হুইগদিগের স্বপক্ষ বলিয়া গণ্য হইয়াছিলেন কিন্তু রাজা স্বয়ং ঐ সকল ব্যবস্থা রহিত করণে

একান্ত অনিচ্ছুক ছিলেন। তিনি বলিতেন আমি এতদ্দেশ সমস্তের শাসন প্রণালী সম্পূর্ণরূপে বজায় রাখিব এমত শপথ করিয়া রাজমুকুট ধারণ করিয়াছি। এক্ষণে সেই শপথ উল্লঙ্ঘন পূর্ব্বক রোমান্ কাথলিক সম্বন্ধীয় চির প্রচলিত ব্যবস্থা সমস্ত রহিত করণে সম্মত হইলে আমার অধর্ম্ম হইবে। রাজার সহিত মন্ত্রিবর্গের এইরূপ বিবাদ হওয়াতে মন্ত্রিবর্গ আপনাদিগের কর্ম্ম পরিত্যাগ করিলেন। কিন্তু ইতি মধ্যে তাঁহাদিগের সর্ব্ব প্রধান এবং নানা সদ্গুণ-সম্পন্ন ও ইংলণ্ডীয় জনসাধারণের একান্ত প্রিয় ফক্স সাহেব মানবলীলা সম্বরণ করিয়াছিলেন। আর বোনাপার্ট ১৮০৬ খ্রীষ্টাব্দে জিনা ও রষ্টড্ নামক দুই স্থানে প্রসিয়ার রাজাকে পরাভূত করিয়া আর ফ্রিড্লণ্ডের সংগ্রামে রুসীয় সম্রাট্কে আপন পদাবনত করিয়া টিলসিড নামক স্থানে উক্ত মহীপাল দ্বয়ের সন্ধিবন্ধন করিয়াছিলেন।

গ্রেন্‌বিলের মন্ত্রিত্ব অবসন্ন হইলে ডিউক অব পোর্টলাণ্ড নামক একজন ভূম্যধিকারী রাজমন্ত্রী হইলেন। হাক্‌সবুরী, কাষ্টলরীঘ্, এবং কেনিঙ্ ও পার্শিবাল নামক কতিপয় প্রধান২ ব্যক্তি ইহাঁর সহকারী হইয়াছিলেন। ইহাঁরা কোন প্রকারে সংবাদ পাইয়াছিলেন যে বোনাপার্ট ডেন্‌মার্ক দেশীয় রণতরীযোগে সসৈন্যে আসিয়া ইংলণ্ড আক্রমণ করিবেন, অতএব ইহাঁরা অবিলম্বে আ-

গনাদিগের পোত বাহিনী প্রেরণ করিয়া দিনা-মারদিগের রণপোত সমস্ত বলপূর্ব্বক গ্রহণ করি-লেন। ঐ সময়ে ইংরেজদিগের সহিত দেনামা-রদ্দিগের সন্ধি ছিল, কোন বিবাদের সূত্রই হয় নাই। সুতরাং সন্ধিসত্ত্বে এরূপ অত্যাচার করাতে সকলেই ইংরেজদিগের নিন্দা করিতে লাগিল।

যদি বোনাপার্টি এই সময় হইতে বিবেচনা করিয়া চলিতে পারিতেন এবং নিতান্ত স্বার্থপরতার বশীভূত হইয়া ইউরোপীয় সকল জাতির স্বাধী-নতাপহরণে যত্নবান না হইতেন তাহা হইলে তিনি ফ্রান্সকে যেরূপ বর্দ্ধিত করিয়াছিলেন, তাহা অখণ্ডিত রাখিয়া আপন বংশে সেই সিংহাসন চিরস্থায়ী করিতে পারিতেন কিন্তু এত দিন স-র্ব্বত্র অপ্রতিহত প্রভা প্রকাশ করিতে পারিয়া তিনি এক্ষণে আপনাকে কোন অপূর্ব্ব দৈবশক্তি-সম্পন্ন বোধ করিতে লাগিলেন। তাঁহার বোধ হইল যে, আমি চিরকাল এইরূপ শুভাদৃষ্ট ভাজন থাকিব কোন কালেই আমার দুরদৃষ্ট ঘটিবে না। বিশেষতঃ একাল পর্য্যন্ত তিনি ফরাসী জাতির দক্ষিণহস্ত স্বরূপ হইয়া প্রতিকার করিতে ছিলেন। কিন্তু এক্ষণে তিনি কিরূপে আপন পরিবার ও জ্ঞাতি কুটুম্ব প্রভৃতিকে রাজ পদাভিষিক্ত করিবেন এবং আপনি সমুদায় পৃথিবীর একাধিপতি সম্রাট হইয়া বসিবেন নিরন্তর এইরূপ যত্ন করিতে লাগি-

লেন। সুতরাং ইতিপূর্ব্বে ফরাসীদিগের সহিত যত যুদ্ধ হইয়াছিল তাহাতে প্রতিপক্ষ রাজ্যের প্রজাগণ বিশেষ যত্ন করিত না। কিন্তু এই সময় অবধি নানা দেশীয় প্রজাগণ বোনাপার্টির প্রতি-কূলে অস্ত্র ধারণ করিতে লাগিল।

—*—

চতুর্দ্দশ অধ্যায়।

—*—

[রাজার উন্মাদ-নিবৃত্তি—বোনাপার্টির রুসিয়াক্রমণ—ওয়াটার্লুর যুদ্ধে বোনাপার্টির পরাভব—হোলি-এলাএন্স—তৃতীয় জর্জ্জের মৃত্যু।]

সর্ব্ব প্রথমে স্পেইন দেশে প্রজাব্যূহের এই ভাব প্রকাশিত হইল; তথায় বোনাপার্টি আপন জ্যেষ্ঠ-ভ্রাতা যোসেফকে রাজাসন প্রদান করিয়াছিলেন। প্রজাগণ পূর্ব্ব রাজার অপমানে আপনাদিগকে অপমানিত জ্ঞান করিয়া ফরাসীদিগের প্রতি বি-দ্রোহাচরণে প্রবৃত্ত হইল এবং ইংলণ্ডের স্থানে সাহায্য প্রার্থনা করিল। ইংরেজেরা ওয়েলেস্‌লী নামক সেনাপতিকে প্রেরণ করিলেন। এই ওয়ে-লেস্‌লী সাহেব ইতি পূর্ব্বে ভারতবর্ষে আসিয়া বিশেষ রণ পাণ্ডিত্য প্রকাশ করিয়া গিয়াছিলেন। তিনি পোর্টুগালে অবতীর্ণ হইয়া ভিমিরা নামক স্থানে ফরাসীদিগের সেনানী জুনট্‌কে পরাভূত

করিলেন এবং পরে তাঁহার সহিত সন্ধিবন্ধন করিয়া আসিলেন। ওয়েলেস্‌লী সাহেব ইংলণ্ডে প্রত্যাগমন করিলে সর্ জন ম্যুর নামক আর একজন বহুগুণ-সম্পন্ন ব্যক্তি স্পেইন্‌দেশে প্রেরিত হন। কিন্তু তিনি তদ্দেশীয়গণের বিশেষ উপকার করণে সমর্থ হইলেন না। বোনাপার্টি আপন সেনাপতি সূল্টকে এমত অসংখ্য সৈন্য সমভিব্যাহারে স্পেইনে প্রেরণ করিলেন যে ইংরেজেরা তাঁহাদিগের সহিত সম্মুখ সংগ্রামে একান্ত অসমর্থ হইয়া ক্রমেং পশ্চাদ্বর্ত্তী হইতে লাগিল এবং পরিশেষে জাহাজারোহণ করিয়া প্রস্থান করিল।

এইরূপে স্পেইন্ অধিকৃত হইলে পর, অস্ত্রিয় সম্রাট্ পুনর্ব্বার বোনাপার্টির বিরুদ্ধে অস্ত্র ধারণ করিলেন। বোনাপার্টিও তৎক্ষণাৎ স্পেইন হইতে অধিকাংশ সৈন্য সংগ্রহ করিয়া তাঁহার বিরুদ্ধে যাত্রা করিলেন। একমল এবং ওয়াগ্রাম নামক দুইস্থলে যে দুই যুদ্ধ হইল, তাহাতেই অস্ত্রিয়ার সমুদায় বল একেবারে নিঃশেষিত হইল। অস্ট্রিয় সম্রাট্ বোনাপার্টির নিতান্ত বশীভূত হইয়া পড়িলেন এবং বোনাপার্টি আপন বংশ মর্য্যাদা বৃদ্ধি করিবার অভিপ্রায়ে পূর্ব্ব পত্নী জোসেফীন্‌কে পরিত্যাগ করিয়া সম্রাট্-কন্যা মেরিয়া লুইসীর পাণি গ্রহণ করিলেন।

এই সময়ে ইংরেজরা লক্ষাধিক লোক প্রেরণ করিয়া বেল্‌জিয়ম্ দেশান্তর্গত স্যেল্ট নদীর মুখভাগ অধিকার করিবার যত্নকরেন। কিন্তু তাহাদিগের সেই চেষ্টা সফল হয় নাই। সৈন্যগণ কুৎসিত বাসে নানা রোগে আক্রান্ত হইয়া অধিকাংশই কাল গ্রাসে পতিত হয়। অবশিষ্ট জনগণ স্বদেশে প্রত্যাগমন করে।

পরন্তু ইংরেজেরা স্পেইন্ রাজ্যে ফরাসী সৈন্য সংখ্যা অল্প হইয়াছে দেখিয়া এই সময়ে তথায় ওয়েলেস্লী সাহেবকে পুনর্ব্বার প্রেরণ করিয়াছিলেন। তিনি অনায়াসেই বোনাপার্টির সেনাপতি সুল্টকে পর্টুগাল হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। এবং অতি ত্বরিত পদে স্পেইন্ রাজধানী মেড্রিড নগরাভিমুখে ধাবমান হইলেন। স্পেইন্ দেশের অভিনব ভূপাল যোসেফ ভিক্টর নামক ফরাসী সেনানীর সমভিব্যাহারে আসিয়া টালাভিরা অভিধেয় একস্থানে মিলিত ইংরেজ ও স্পেইনীয় সৈন্যের সহিত অতি তুমুল সংগ্রাম করিলেন। এই যুদ্ধে ফরাসীদিগের সম্পূর্ণ পরাভব না হইলেও ইংরেজদিগের অনেক লাভ হইল। সুতরাং ইংরেজেরা বহুকালাবধি স্থল যুদ্ধে ফরাসীদিগের কর্ত্তৃক পরাভূত হইয়া শেষে এই অসম্পূর্ণ জয় লাভেও মহা আনন্দিত হইয়া উঠিলেন। মহাবীর ওয়েলেস্লী সকলেরই প্রশং-

সাস্পদ এবং শ্রদ্ধাস্পদ হইলেন। তাঁহাকে মার্কুইস্ অব্ ওয়েলিংটন্ উপাধি প্রদত্ত হইল।

১৮১০ খ্রীষ্টাব্দে বোনাপার্টি আপন সেনানী মাসেনাকে স্পেইন্ রাজ্যে প্রেরণ করিলেন। ওয়েলিংটন্ ইতি পূর্ব্বে কিঞ্চিৎ পশ্চাদ্বর্ত্তী হইয়া পর্টুগালের অন্তর্গত বুসাকো স্থানের পার্ব্বতীয় অধিত্যকায় ব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন। মাসেনা সহস্র চেষ্টা করিয়াও সেই ব্যূহ ভেদ করিতে সমর্থ হইলেন না। তাহার পর ওয়েলিংটন্ আবার টরিস্ ভিড্রাস্ নামক স্থানে সুদৃঢ় ব্যূহ রচনা করেন। মাসেনা সেই ব্যূহ আক্রমণ করিতেও সাহস করিলেন না। প্রত্যুত তাঁহাকে পর্টুগাল পরিত্যাগ করিয়া যাইতে হইল এবং সেই প্রস্থান কালে তাঁহার সৈন্যগণ যৎপরোনাস্তি কষ্ট পাইতে লাগিল। ইহার পর ওয়েলিংটন্ আপনি ফরাসীদিগের অধিকৃত দুর্গ সমস্ত আক্রমণ করিতে লাগিলেন এবং প্রায়ই সর্ব্বত্র বিজয় লাভ করিয়া পুনর্ব্বার পর্টুগালে আসিয়া ব্যূহ নির্ম্মাণ করিয়া রহিলেন। এই সময়ে ইংলণ্ড মহীপাল উন্মাদ রোগগ্রস্ত হইয়া রাজকার্য্যালোচনে অক্ষম হওয়াতে তাঁহার পুত্র রাজপ্রতিভূ হইয়া সমুদায় রাজকার্য্য নির্ব্বাহ করিতে লাগিলেন। ইনি পূর্ব্বে যেমন হুইগ্ মতাবলম্বীদিগের স্বপক্ষ হইয়াছিলেন এক্ষণে আর সেরূপ

হইলেন না। রোমান্ কাথলিকদিগের বিমোচন বিষয়ে ইহাঁর পূর্ব্বে যেরূপ অভিমত ছিল এখন আর সে মত রহিল না; সুতরাং ইনি মৌখিক হুইগ্‌দিগের বন্ধু থাকিয়াও মনেং টোরিদিগের পক্ষ হইয়া তাহাদিগকেই মন্ত্রিত্ব পদে স্থায়ী করিয়া রাখিলেন।

১৮১১ খ্রীষ্টাব্দে ইংলণ্ডীয় প্রজাগণ অত্যন্ত ভগ্নোৎসাহ হইয়াছিল। বোনাপার্টি সমুদায় ইউরোপখণ্ডকে আপন করতলস্থ করিয়া বর্লিন্ এবং মিলান হইতে যে অনুজ্ঞা প্রচার করেন তদনুসারে ইউরোপীয় কোন বন্দরে ইংরেজদিগের বণিকপোত সকল প্রবেশ করিতে পাইত না। সুতরাং ইংরেজদিগকে গোপনেং বাণিজ্য ব্যাপার নির্ব্বাহ করিতে হইত। এইজন্য তাঁহারাও ক্রোধান্ধ হইয়া এমত প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, যদি আমরা ইউরোপীয় কোন বণিকের সহিত বাণিজ্য করিতে না পাই, তবে আর কাহাকেও তৎকর্ম্ম সুখে নির্ব্বাহ করিতে দিব না। এইরূপ মনস্থ করিয়া ইংলণ্ডীয় শাসন-কর্ত্তৃগণ অনুমতি করেন যে, যখন কোন বণিক পোত ইউরোপীয় কোন বন্দরে বাণিজ্য দ্রব্য লইয়া যাইবে তখন তাহাদিগকে অগ্রে ইংলণ্ডে আসিয়া শুল্ক প্রদান করিতে হইবে, নচেৎ ইংলণ্ডীয় রণতরী কর্ত্তৃক ধৃত হইয়া ইংলণ্ডের সম্পত্তি বলিয়া পরিগণিত হইবে। এইরূপ প্রতিপক্ষ

উভয় দলে বাণিজ্যের ব্যাঘাত করাতে সর্ব্বদেশীয় জনগণেরই অপরিসীম ক্লেশ হইতে লাগিল। ফলতঃ বাণিজ্য ব্যাপারে হস্তক্ষেপ করা যে রাজাদিগের নিতান্ত অকর্ত্তব্য, ইহা তৎকালে স্পষ্টরূপে কাহার বোধগম্য হয় নাই।

পর বৎসরে উভয় পক্ষকেই উহার ফলভোগ করিতে হইল। স্পেইন্‌দেশে ফরাসীরা যুদ্ধে পরাভূত হইতেছে শুনিয়া রুসিয়াধিপতি আলেকজাণ্ডর, বোনাপার্টির বাণিজ্য বিষয়িণী অনুজ্ঞা অমান্য করিবার সাহস প্রাপ্ত হইলেন, বোনাপার্টিও তাঁহাকে দমন করিবার অভিপ্রায়ে প্রায় লক্ষাধিক সৈন্য সংগ্রহ করিয়া রুসিয়াভি মুখে যাত্রা করিলেন। তিনি অতি শীঘ্রই রুসীয় সৈনাগণকে পরাভূত করিয়া তাহাদিগের রাজধানী মস্কৌ অধিকার করিয়া লইলেন। কিন্তু রুসীয়রা নির্ম্মায় হইয়া সেই নগর অগ্নিসাৎ করিয়া ফেলিল। সেই সময়ে দুরন্ত হেমন্ত কালের আবির্ভাব হইতে আরম্ভ হইয়াছিল, আশ্রয় ব্যতিরেকে কোন জীব জন্তু সেই দেশে রক্ষা পাইতে পারে না। কিন্তু ফরাসী সৈন্য মস্কৌ বিনাশে নিরাশ্রয় হইয়াছিল। সুতরাং বোনাপার্টিকে অগত্যা পশ্চাদবর্ত্তী হইতে হইল। শীতের প্রাদুর্ভাবে তাঁহার সৈন্য সকল বিনষ্ট হইতে লাগিল। রুসীয়রাও উহাদিগকে নিরন্তর আক্রমণ করিতে আরম্ভ করিল। ফলতঃ

তৎকালে ফরাসী সৈন্যগণ যেরূপ দুর্দ্দশাগ্রস্ত হইয়াছিল, তাহার ইয়ত্তা নাই। যে বীর পুরুষ কখন শত্রুদলকে পৃষ্ঠ প্রদর্শন করে নাই, যাহাদিগের ভয়ে ইউরোপের সকল রাজা সর্ব্বদা সশঙ্ক থাকিতেন এবং যাহাদিগের ভীষণমূর্ত্তি দর্শন মাত্রে শত্রু সেনাগণ প্রস্থান পরায়ণ হইত, এক্ষণে তাহারা আহারাভাবে অস্থি চর্ম্মাবশিষ্ট হইয়া ভয়ানক রাত্রির আগমনে হিম শিলোপরি শয়ান হইয়া পড়ে। কিন্তু যখন সেই সুদীর্ঘ রাত্রি প্রভাত হয় তখন উহাদিগের মধ্যে কত শত২ কত সহস্র২ ব্যক্তি আর গাত্রোত্থান করিয়া উঠে না। বৃষ্টি, বিদ্যুৎপাত, বজ্রধ্বনি, ও ঝঞ্ঝাবায়ু এবং তদপেক্ষা ও নৃশংসতর রুসীয় সৈন্যগণ আর তাহাদিগের সেই কাল নিদ্রা ভগ্ন করণে সমর্থ হয় না। এইরূপে দিন২ ক্ষয় হইয়া বোনাপার্টির সর্ব্ব বিজয়িনী সেনার বিংশতি সহস্র মাত্র অবশিষ্ট রহিল। তিনি নিতান্ত হীনবল এবং ভগ্নোদ্যম হইয়া স্বদেশে প্রত্যাগমন করিলেন। রুসীয়, প্রসীয়, অষ্ট্রিয় প্রভৃতি রাজবর্গ ইংলণ্ড কর্ত্তৃক উত্তেজিত এবং ইংলণ্ডের ভৃতি প্রাপ্ত হইয়া একেবারেই তাঁহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল। বোনাপার্টির আর রক্ষা নাই। তাঁহার সুশিক্ষিত সৈন্যগণ রুসীয়ার ভূমিসাৎ হইয়া গিয়াছে। সুতরাং রাইন্ নদীর পর পার হইতে, আল্প পর্ব্বতের শিখরদেশ হইতে,

পিরানিস পর্ব্বতের অধিত্যকা হইতে, যে বিপক্ষ পক্ষের যোধরাব সমস্ত বিশ্রুত হইতে লাগিল। ফ্রান্সের নবীন সৈন্যচয় তাহার প্রতীকার করণে সমর্থ হইল না। ফলতঃ যেমন কোন সুবিক্রান্ত শার্দ্দূল জাল জড়িত হইলে চতুর্দ্দিকে লোকের কোলাহল হইতে থাকে এবং পশুরাজ কিছুই করিতে পারে না। কিন্তু তথাপি কাহার সাহস হয় না যে, মৃগপতির নিকটবর্ত্তী হয়, এই সময়ে বোনাপার্টির অবস্থা অবিকল তদ্রূপ হইয়া ছিল। তিনি পতন কালেও সিংহবৎ বিক্রম প্রকাশ করিতে লাগিলেন। তাঁহার রণপাণ্ডিত্য, শূর প্রকৃতি এবং ক্ষিপ্র-কারিতা কখনই তেমন হয় নাই যেমন এইক্ষণে প্রকাশিত হইতে লাগিল। তিনি ফ্রান্সের চতুর্দ্দিকে ভ্রাম্যমাণ হইতে লাগিলেন। যেখানে শত্রু উপস্থিত হয়, অমনি বোনাপার্টি তাঁহার সম্মুখে স্বনামজনিত ভয় প্রদর্শন দ্বারা আপনার মাহাত্ম্য প্রকাশ করেন। কিন্তু পরিশেষে জর্ম্মনির অন্তর্গত লিপ্‌জিক্‌ নামক স্থানে যে ঘোরতর সংগ্রাম হইল আর সেই সময়েই স্পেইনের অন্তবর্ত্তি ভিটোরিয়া নামক স্থানে যে যুদ্ধ হইল, তাহাতে ফরাসী সৈন্যগণ একেবারে নির্ম্মূলিত হইয়া গেল। সুতরাং পরিশেষে বোনাপার্টিকে ফ্রান্সের রাজমুকুট পরিত্যাগ করিতে হইল এবং বিপক্ষ রাজগণ তাঁহাকে ইটালীর বায়ুকোণবর্ত্তি এল্‌বা নামক এ-

কটী ক্ষুদ্র দ্বীপের আধিপত্য প্রদান করিয়া অষ্টা-দশ লুইনামক ফ্রান্সের পূর্ব্ব রাজবংশ্য এক ব্যক্তিকে তদ্দেশের সিংহাসনে অধিরোহিত করিলেন।

অষ্টাদশ লুই, আপন প্রজাবর্গের ভক্তিভাজন হইতে পারিলেন না। ফরাসীরা ভাবিল যে, ইনি শত্রু পক্ষের অনুগ্রহে আমাদিগের রাজা হইয়াছেন, ইহাঁর রাজ্যকাল আমাদিগের লজ্জাকর। কোন মতেই গৌরব সূচক নহে। ফরাসীরা ইহাও মনেং ভাবিত যে, হায়! যখন বোনাপার্ট আমাদিগের রাজা ছিলেন, তখন ফারাসী নামটী কেমন উজ্জ্বল হইয়া ছিল, এক্ষণে সেই নামে কলঙ্ক হইল। আবার কখন আমরা তাঁহাকেই পাই, তবেই এই লজ্জাপনয়নের উপায় হইতে পারে। ফ্রান্সের প্রজা ব্যূহ এইরূপ চিন্তা করিতেছে আর ভিয়েনা নগরীতে সমর বিজেতা রাজগণ মিলিত হইয়া কি প্রকারে আপনং রাজ্য শাসন করিবেন; কেমন করিয়া প্রজাবৃন্দকে চির-কাল অধীনাবস্থায় উপশান্ত রাখিবেন; কে, কোন-দেশের অধিকারী হইবেন, এই সকল স্বার্থচিন্তায় নিমগ্ন আছেন, এমত সময়ে প্রচারিত হইল যে, বোনাপার্ট পাশ বিনির্মুক্ত সিংহের ন্যায় এল্বা দ্বীপ হইতে প্রস্থান করিয়া পুনর্ব্বার ফ্রান্সে আ-গমন করিয়াছেন। বাস্তবিক ১৮১৫ খ্রীষ্টাব্দের মার্চ্চ মাসে তিনি এলা হইতে ফ্রান্সে আসিয়াছিলেন।

যে সকল ফরাসী সৈন্য তাঁহাকে ধৃত ও বন্দীকৃত করিয়া আনিবার নিমিত্ত প্রেরিত হয় তাহারা উহাঁকে দর্শন করিবামাত্র একেবারে ভক্তিরসে আর্দ্র হইয়া "মহারাজার জয় হউক" বলিয়া তাঁ-হাকে প্রণাম করে। তিনি সৈন্য সামন্ত কিছুই লইয়া আইসেন নাই। কিন্তু দিবস কতিপয় মধ্যেই সমুদায় ফরাসী সেনা তাঁহার হস্তগত হয় এবং অষ্টাদশ লুই আপনার প্রাণভয়ে কাতর হইয়া রাজধানী পরিত্যাগ করেন। ফরাসী প্রজাব্যূহ আবার আপনাদিগের সর্ব্ববিজয়ী মহীপালের আশ্রয় লাভ করিয়া প্রফুল্লচিত্ত হইল এবং মহোৎ-সাহ সহকারে তাঁহার সৈন্য সংখ্যা বৃদ্ধি করিতে লাগিল। অত্যল্পকাল মধ্যেই দুইলক্ষ সতর হা-জার ফরাসী সেনা সুশিক্ষিত হইয়া উঠিল। ত-দ্ব্যতিরিক্ত আরও লক্ষাধিক সৈন্য প্রস্তুত হইতে লাগিল।

এখানে ইউরোপীয় মিলিত রাজবর্গ অবিলম্বে অস্ত্রধারণ করিলেন। সর্ব্ব প্রথমেই প্রুসীয় এবং ইংলণ্ডীয় সেনা রণস্থলে উপস্থিত হইয়াছিল। বোনাপার্টি নিশ্চয় বুঝিয়াছিলেন যে, তিনি যুদ্ধ গমনে যত কাল বিলম্ব করিবেন তাঁহার শত্রুচয় ততই প্রবল হইয়া উঠিবে। এই ভাবিয়া বোনা-পার্টি সত্বর হইয়া রণস্থলে উপনীত হইলেন। তিনি উপনীত হইয়া দেখিলেন যে, প্রুসীয় এবং ইং

লণ্ডীয় সৈন্য দ্বয়ের মধ্য ভাগে একটী স্রোতস্বতী প্রবাহিত হইতেছে; এই দেখিয়া তাঁহার স্থির হইল যে, বিপক্ষ সেনানীদ্বয় বাস্তবিক যুদ্ধ কৌশল পরিজ্ঞাত নহেন। তিনি স্থির করিলেন যে, উভয় সৈন্য দলকে মিলিত হইতে দিব না। প্রথমে প্রুসীয়দিগকে যুদ্ধে পরাভব করিয়া পরে ইংলণ্ডীয় দিগকে অনায়াসে জয়করিব। তিনি প্রথম দিনের যুদ্ধে প্রুসীয়দিগকে দূরীভূত করিয়া দিলেন। পরদিবস ওয়াটার্লু নামক স্থানে ইংরেজ সেনার প্রতি অতিশয় পরাক্রম সহকারে আক্রমণ করিলেন। অতিশয় ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল। প্রতি পক্ষ উভয় দলের কামানের ধূম উত্থিত হইয়া রণস্থল আচ্ছন্ন করিল, তৎক্ষণাৎ ফরাসী অশ্বারোহ গণ সমুদায় রণস্থল কম্পান্বিত করিয়া ইংলণ্ডীয় সেনার প্রতি আক্রমণ করিতে আসিল। এই অবকাশে ইংলণ্ডীয় অশ্বারোহ গণ পশ্চাদ্বর্ত্তী হয় এবং পাদাত সৈন্যগণ বর্গক্ষেত্রের আকারে নিশ্চল হইয়া দণ্ডায়মান থাকে। ফরাসীরা সমুদ্রের উর্ম্মিরন্যায় অতিভয়ঙ্কর বেগে আইসে কিন্তু নিশ্চল শৈল স্বরূপ ইংরেজ পাদাতগণ কর্ত্তৃক প্রতিহত হইয়া পরাঙ্মুখ হইয়া যায়। যুদ্ধ প্রায় সমস্ত দিবসই এইরূপ হইতে লাগিল। কোন দলের জয় পরাজয় নিশ্চয় হয় না, এমত সময়ে ফরাসী সেনার দক্ষিণ পার্শ্ব হইতে ধূম

উত্থিত হইতে লাগিল। ক্ষণকাল পরেই একটী বিপুল সৈন্যদল সেই দিকে দৃশ্যমান হইল। তাহাদিগের সুশাণিত অস্ত্রে সূর্য্যরশ্মি প্রতিফলিত হইতে লাগিল। বোনাপার্ট প্রথমে ভাবিলেন যে, ঐ সকল সৈন্য তাঁহার আপনারই হইবে, তিনি পূর্ব্ব দিবস প্রুসীয়দিগের পশ্চাৎ যে সেনা প্রেরণ করিয়াছিলেন, তাহারাই বুঝি প্রত্যাগত হইয়াছে, এই বলিয়া তিনি হর্ষোৎফুল্ল লোচনে তৎ প্রতি দৃষ্টি করিতেছেন এমত সময়ে প্রুসীয় রণ পতাকা সমুহ তাঁহার নয়নগোচর হইল। তাহাদিগের কামানের গোলাও সেই সময়ে আসিয়া তাঁহার সৈন্য মধ্যে পতিত হইতে লাগিল। এবং তাহাদিগের অশ্বারোহ গণ অতি ঘোরতর গর্জ্জন করিয়া তাঁহার সৈন্যের প্রতি ধাবমান হইল। বোনাপার্ট ইহার পরেও আর একবার ইংরেজ সৈন্যের প্রতি ঘোরতর আক্রমণ করিলেন। কিন্তু তথাপি সুদৃঢ় ইংরেজ সৈন্যকে ভেদ করিতে পারিলেন না। তখন ইংরেজদিগের অশ্বারোহ গণ বহির্গত হইল পাদাত গণ জয়ধ্বনি করিল প্রুসীয় অশ্বারোহ সমুদায় সমরে প্রবৃত্ত হইল এবং ফরাসী সৈন্য একেবারে ছিন্ন ভিন্ন হইয়া চতুর্দ্দিকে প্রস্থান করিতে লাগিল। বোনাপার্ট আর কিছুই করিতে পারিলেন না। তিনি একটী ইংলণ্ডীয় রণপোতাধ্যক্ষের হস্তে আত্ম সমর্পণ করিয়া

ইংলণ্ডে বাস করিবার মানস প্রকাশ করিলেন। কিন্তু ইংরেজেরা তাঁহার সেই মানস সফল করিলেন না। তাঁহাকে স্বাধিকৃত আট্‌লাণ্টিক মহাসাগরের মধ্যবর্ত্তী সেন্টহেলেনা দ্বীপে প্রেরণ করিয়া একেবারে নিশ্চিন্ত হইলেন।

ইরোপীয় রাজারা অষ্টাদশ লুইকে পুনর্ব্বার ফ্রান্সের সিংহাসনাধিষ্ঠিত করিয়া বিয়েনা নগরে সম্মিলিত হইলেন। তাঁহারা ফ্রান্সের রাষ্ট্র বিপ্লব ব্যাপার দর্শনে এমত ভীত হইয়াছিলেন যে, অবিলম্বে এক মত হইয়া একটী সন্ধি পত্র অবধারিত করিলেন। ঐ সন্ধিকে 'হোলিএলাইআন্স' অর্থাৎ পবিত্র সন্ধি নামে অভিহিত করা যায়। উহার মুখ্য তাৎপর্য্য এই যে, যদি কোন রাজার প্রজাগণ কখন রাষ্ট্র বিপ্লবে প্রবৃত্ত হয় তবে অন্য রাজারা তাঁহার সহায় হইয়া প্রজাবর্গকে দমন করিবেন। অষ্ট্রিয়া, প্রুসীয়া এবং রুসিয়ার রাজারা এই সন্ধিপত্র স্বাক্ষরিত করেন। ইংলণ্ডীয় রাজ-প্রতিভু স্বয়ং উহাতে স্বাক্ষর করেন নাই। কিন্তু এই সন্ধি যে তাঁহার মনোনীত বটে, এমত অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন।

ফলতঃ ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব জনিত সুমহৎ যুদ্ধের অবসানে ইরোপের সর্ব্বত্রই রাজা এবং ভূম্যধিকারি বর্গের ক্ষমতা পূর্ব্বাপেক্ষা দৃঢ়তর হইয়া উঠিল। অন্যান্য দেশের কথা দূরে থাকুক্ ইং-

লণ্ডের শাসন প্রণালী নামে প্রজাতন্ত্র হইয়া বাস্ত-
বিক ভূম্যধিকারি পরতন্ত্র হইয়াছিল। এই সময়ে
যে সকল ব্যবস্থা ইংলণ্ডে প্রচলিত হইয়াছিল তা-
হার তাৎপর্য্য অবগত হইলে ইহা সুপ্রতীত হয়। যে,
ইংলণ্ডের ভূম্যধিকার সমুদায়ই আঢ্য কুলীন বর্গের
হস্তগত। সুতরাং ভূমি প্রসূত শস্যাদির মূল্য যত
উচ্চ থাকে, ততই ভূম্যধিকারি বর্গের লাভ অ-
ধিক হয়, অতএব এমত ব্যবস্থাপিত হইল যে, গো-
ধূমের বাজার দর কম থাকিলে অন্যদেশ হইতে
ঐ দ্রব্য আনীত হইতে পারিবে না। যুদ্ধ
কালে প্রজাদিগকে যে নানাবিধ কর প্রদান করিতে
হইয়াছিল, তন্মধ্যে সকল লোককে আপনাপন
আয় অনুসারে একটী কর দিতে হইত। এই কর
আঢ্যদিগেরই বিশেষ ক্লেশকর, দুঃস্থ লোকদিগের
পক্ষে তাদৃশ ক্লেশকর হয়না। সুতরাং আঢ্য-
কুলীন বর্গ ইহার আদান রহিত করিয়া দিলেন।
প্রজা সাধারণ তদ্বিপরীত চেষ্টা করিয়া সফল
প্রযত্ন হইতে পারিলেন না।

বস্তুতঃ এই সময়ে ইংরেজদিগের যেমন গৌ-
রবও অধিকার বৃদ্ধি হইয়াছিল, উহারা স্বদেশে
তেমন সুখভাগী হইতে পারে নাই। প্রথমতঃ
রাজ প্রতিভূর চরিত্র ভালছিল না। তিনি কারো-
লিন্ নাম্নী যে কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন তাঁ-
হার প্রতি সস্নেহ ব্যবহার করেন নাই। আর

তৎপত্নীও যথার্থ স্নেহের পাত্র ছিলেন না। যাহা-হউক ইংরেজের৷ উভয়ের দুষ্ট ব্যবহার দর্শনে নিতান্ত ক্ষুব্ধচিত্ত হইয়াছিলেন। তাহাদিগের এইমাত্র ভরসা ছিল যে ইহাদিগের কুমারী সুশীলা সার্লট্ যদি কখন রাজসিংহাসনে আরোহণ করেন তাহা হইলে সিংহাসনের গৌরব রক্ষা ও প্রজা ব্যূহের সুখ বৃদ্ধি হইবে। কিন্তু সার্লট্ প্রথম বারে সূতিকাগারে প্রবেশ করিয়াই একটী মৃতকুমার প্রসব করত আপনি লৌকিকীলীলা সম্বরণ করিলেন। ইংলণ্ডীয় প্রজা মাত্রেই দুঃখে কাতর হইল, ইহার পর যে কে রাজাসন গ্রহণ করিবে তাহারও নিশ্চয় রহিল না। কারণ তৃতীয় জর্জ্জের চারি পুত্রের এই এক মাত্র কন্যাসন্তান ছিল। অপর সকলেই নিঃসন্তান ছিলেন। সুতরাং উহাদিগের মধ্যে যাঁহারা এপর্য্যন্ত অকৃতদার ছিলেন, তাঁহারা সকলেই দার পরিগ্রহণার্থে যত্নবান হইলেন। ইংরেজদিগের আর এক দুঃখের কারণ এই যে যত দিন যুদ্ধ চলিতে ছিল, পৃথিবীর সমুদায় বাণিজ্যই তাহাদিগের হস্তগত থাকে, তাহাতে অনেক অর্থাগম হয়। আর সেই সময়ে পণ্য দ্রব্যমাত্রের মূল্যও অত্যন্ত অধিক হইয়াছিল। তাহাতেও পণ্য জীবিমাত্রের অধিক লাভ হইত। কিন্তু যুদ্ধ নিবারণ হইলে যেমন দ্রব্যাদির মূল্যও ন্যূন হইল ইংরেজদিগের বাণিজ্যও আর তেমন বিস্তৃত রহিল না। আবার ঐ সময়ে

শস্যোৎপত্তিও প্রচুর পরিমাণে হয় নাই। সুতরাং প্রজাদিগের দুঃখের পরিসীমা রহিল না। উহারা ভাবিল যে শাসন কর্ত্তৃগণের দোষেই এইরূপ ঘটিয়াছে। এই ভাবিয়া তাহারা পার্লিয়ামেণ্ট সভা সংশোধনার্থ যত্নবান হইয়া ভূরি২ লোকে নানা স্থানে দলবদ্ধ হইতে লাগিল। আবেদন পত্র সমুদায় রাজ প্রতিভূ সমীপে প্রেরণ করিতে লাগিল এবং কোন স্থলে আঢ্য ব্যক্তিদিগের গৃহ সম্পত্তি বিলুণ্ঠিত করিয়া বিবিধ অত্যাচারে প্রবৃত্ত হইল। রাজমন্ত্রিগণ ভাবিলেন যে প্রজাসাধারণের এইরূপ অত্যাচার বল পূর্ব্বক নিবারণ করা বিধেয়। তাঁহারা পার্লিয়ামেণ্টের সম্মতি লাভ করিয়া হেবিয়স্ কর্পস্ নামক সুপ্রসিদ্ধ ব্যবস্থা রহিত করিলেন, অনেকানেক প্রজাপক্ষ ব্যক্তিকে কারাগৃহে নীত করিলেন এবং সৈনিকগণ প্রেরণ করিয়া প্রজাদিগের দল ভঙ্গ করিয়া দিতে লাগিলেন। ১৮১৬ খ্রীষ্টাব্দ হইতে ১৮২০ পর্য্যন্ত এইরূপে গত হইল। এই বৎসরে প্রাচীন রাজা তৃতীয় জর্জ্জ লোকান্তর গমন করিলেন এবং রাজ প্রতিভূ চতুর্থ জর্জ্জনামধেয় হইয়া রাজোপাধি প্রাপ্ত হইলেন।

—•—

পঞ্চদশ অধ্যায়।

—o—

[চতুর্থ জর্জ—রাজ্ঞী কারোলীন্—চতুর্থ উইলিয়ম—কাথোলিক বিমোচন—ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব—দাস বিমোচন—রাজ্ঞী বিক্টোরিয়া—সর রবর্ট পীল—ফ্রান্সের রাষ্ট্রবিপ্লব—চার্টিষ্ট সম্প্রদায়—ক্রিমিয়ার যুদ্ধ—ইষ্টইণ্ডিয়া কোম্পানির বিলোপ।]

১৮২০ খ্রীষ্টাব্দে তৃতীয় জর্জের মৃত্যু হইলে পর চতুর্থ জর্জ্জ রাজোপাধি গ্রহণ করিলেন। কিন্তু তিনি নিজপত্নী কারোলীনকে রাজ্ঞীর উপাধি প্রদান করিলেন না। কারোলীন এতাবৎকাল স্বেচ্ছাতঃ ইটালী দেশে গমন করিয়া তথায় বাস করিতেছিলেন। তিনি এই অপমান সহ্য করিতে না পারিয়া ইংলণ্ডে প্রত্যাগমন করিলেন। ইতিপূর্ব্বে রাজা আপনার গুপ্তচর সকলের দ্বারা কারোলীনের দুশ্চরিত্রতার অনেক প্রমাণ সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন। অতএব রাজ্ঞী ইংলণ্ডে প্রত্যাগমন করিয়া আপনার পদমর্য্যাদা প্রাপ্ত হইবার নিমিত্ত প্রার্থনা করিলে পর ভূপাল নিজপত্নীর নামে অভিযোগ করিলেন। হৌস্ অব্ লর্ডস্ সভায় এই বিষয়ের বিচার আরম্ভ হইল। প্রজাগণ রাজ্ঞীর পক্ষ হইয়াছিল, তাহারা জানিত যে কারোলীন যদিও দুশ্চরিত্রা বটেন কিন্তু রাজা তাঁহার অপেক্ষা দাম্পত্য ধর্ম্ম উল্লঙ্ঘন দোষে অধিক দূষিত হইয়াছি-

লেন। লর্ড্-ব্রোহাম্ নামক অতি প্রসিদ্ধ বাগ্মী কা-রোলীনের উকীল হইয়া বক্তৃতা করিতে লাগিলেন। প্রজামাত্রেই তাঁহার জয় বাঞ্ছা করিতে লাগিল। এবং রাজা অতি কুৎসিত ব্যবহার করিয়াছেন ইহা সকলের প্রতীত হইল। সুতরাং রাজপক্ষের জয় হইবার যদিও সম্পূর্ণ সম্ভাবনা ছিল, তথাপি রাজা চূড়ান্ত বিচার রহিত করাই বিধেয় বোধ করিলেন। ইহার পর রাজা রাজ মুকুট ধারণ করিবার নিমিত্ত যে দিন মহা সমারোহ করিলেন, তাঁহার পত্নী সেই সমোরাহ দর্শনার্থে গমন করিয়া দৌবারিক গণ কর্ত্তৃক অপমানিতা হইলেন। এই মনোদুঃ-খেই কারোলীনের মৃত্যু হইল।

চতুর্থ জর্জ্জ আপনার রাজ্যকাল মধ্যে এক২ বার করিয়া সমুদায় প্রধান২ ইউরোপীয় অধিকার সন্দর্শন করিয়াছিলেন। তাঁহার মন্ত্রী মার্কুইস্ অব্ লণ্ডণ্ডেরী সাহেব আত্মহত্যা করেন। সেই হেতু বিচক্ষণবর 'কানিং' সাহেবের ভারতবর্ষের শাসন কর্ত্তৃত্ব পদ গ্রহণ করা হইল না। তিনি প্রধান মন্ত্রিত্বে নিযুক্ত হইলেন। কিন্তু তাঁহারও হঠাৎ মৃত্যু হইল এবং সুপ্রসিদ্ধ ডিউক্ অব্ ওয়েলিংটন্ ও সর রবর্ট পীল প্রভৃতি টোরী মতাবলম্বিগণ রাজমন্ত্রীর কার্য্যে নিযুক্ত হইলেন। উহাঁদিগের সময়ে আয়র্লণ্ডে কাথলিক্ সভা নামে একটী সভা সংস্থাপিত হয়। সেই সভার প্রধান

'ওকোনেল্' সাহেব অতিশয় দৃঢ় প্রতিজ্ঞ, সুসাহসিক এবং সম্বক্ত ছিলেন। ঐ সভার অভিপ্রায় এই যে রোমান্ কাথলিকদিগের প্রতি যে সকল কঠিন ব্যবস্থা প্রচলিত ছিল সেই সকল ব্যবস্থা রহিত হইয়া যায়। টোরী মন্ত্রিগণের ও রাজার কাহার ইচ্ছা ছিল না যে, উক্ত সভার তাদৃশ অভিপ্রায় সুসিদ্ধ হয়। কিন্তু জনসাধারণের ঐ বিষয়ে যেরূপ অভিমত হইয়াছিল তাহাতে উহাঁদিগকে অগত্যা সম্মত হইতে হইল। ১৮২৯ খ্রীষ্টাব্দে রোমান্ কাথলিকেরা বিমুক্ত হইলেন।

১৮৩০ খ্রীষ্টাব্দে ৪র্থ জর্জ্জের মৃত্যু হইল। তাঁহার ভ্রাতা, ৪র্থ-উইলিয়ম নাম পরিগ্রহ পূর্ব্বক ইংলণ্ডের রাজাসন গ্রহণ করিলেন। এই সময়ে ফ্রান্সদেশের রাষ্ট্রবিপ্লব ঘটিল। যেমন ষ্টুয়ার্ট রাজবংশীয় প্রথম চার্লস্ নিহত হইলেও তাঁহার পুত্র দ্বিতীয় জেম্স পিতার অনুবর্ত্তী হইয়া প্রজাদিগের স্বাধীনতাপহরণ চেষ্টায় বিরত হয়েন নাই প্রত্যুত তাঁহাকেও স্বরাজ্য চ্যুত হইতে হইয়াছিল, ফ্রান্সেও অবিকল সেইরূপ ব্যাপার উপস্থিত হইল। বোর্বন্বংশীয় ষোড়শ লুই প্রজাদিগের হস্তে জীবন বিসর্জ্জন করিয়াছিলেন; তথাপি তদ্বংশ-সম্ভূত একাদশ লুই ও তৎপরবর্ত্তী রাজা দ্বাদশ চার্লস্ নিজ প্রজা ব্যূহের মন বুঝিয়া চলিতে পারিলেন না। সুতরাং শেষোক্ত নৃপাল

রাজ্যচ্যুত হইলেন এবং তৎপরিবর্ত্তে অর্লীন্স-বংশীয় লুই ফিলিপ্ রাজাসনে অধিষ্ঠিত হইলেন।

ফ্রান্সে এই ব্যাপার উপস্থিত হইলে ইংলণ্ডে ও পার্লিয়ামেন্ট সভার সংশোধনার্থসমূহ যত্ন হইতে লাগিল। তাহাতে টৌরী মতাবলম্বী ওয়েলিংটন্ সাহেব রাজমন্ত্রিত্ব পরিত্যাগ করিলেন এবং হুইগ্ মতানুবর্ত্তী 'গ্রে' সাহেব প্রধানমন্ত্রী হইলেন। ইহাঁর সময়ে পার্লিয়ামেন্টের সংশোধন কার্য্য নির্ব্বাহিত হইল, অর্থাৎ যে সকল গ্রাম ও নগর পূর্ব্বে বহুলোকের নিবাস স্থান ছিল এবং পার্লিয়ামেন্টে প্রতিভূ প্রেরণ করিত, এক্ষণে তাহাদিগের মধ্যে অনেকগুলি নিতান্ত হীন দশা প্রাপ্ত হওয়াতে আর প্রতিভূ প্রেরণ করিবার ক্ষমতা পাইল না। আর যে সকল স্থান পূর্ব্বে হীন দশাগ্রস্ত ছিল, কিন্তু কাল বশে বাণিজ্যের প্রভাবে প্রবল হইয়া উঠিয়াছিল, তাহারা প্রতিভূ নিয়োগের ক্ষমতা প্রাপ্ত হইল। ইহার পর ইংলণ্ডীয় ব্যবস্থা প্রণালী সংশোধনার্থ বিশিষ্ট যত্ন হয়। তাহারই কিয়ৎকাল পরে ইংরেজের ২০০০০০০০০ বিংশতি কোটি মুদ্রা ব্যয় করিয়া আপনাদিগের ঔপনিবেশিকগণের দাস বাণিজ্য রহিত করিলেন। এই কীর্ত্তিটী ইংরেজ জাতির সাধুশীলতার দেদীপ্যমান প্রমাণ হইয়া আছে। প্রধানমন্ত্রী গ্রে, সাহেব এইরূপ কীর্ত্তিকলাপ দ্বারা আপনার নাম

টির স্মরণীয় করিয়া স্বেচ্ছাতঃ মন্ত্রিত্ব পদ পরিত্যাগ করিলেন। মেলবুর্ণসাহেব তাঁহার কর্ম্মে প্রবৃত্ত হন। ইনি আয়র্লণ্ডের উপদ্রব কারী প্রজাগণের দমনার্থে একটী ব্যবস্থা প্রচলিত করিলেন। পরে রাজা ইহাকে কর্ম্মচ্যুত করিয়া পুনর্ব্বার ওয়েলিংটন্ সাহেবকে প্রধানমন্ত্রিত্বে অধিষ্ঠিত করেন এবং ইটালী হইতে সররবর্ট পীলকে আনয়ন করেন, কিন্তু ইহাঁরা অধিককাল রাজকার্য্য নির্ব্বাহ করিতে পারিলেন না। পুনর্ব্বার মেলবুর্ণের মন্ত্রিত্ব লাভ হইল। পরন্তু তিনি কোন বিশেষ রাজনিয়ম প্রচলিত না করিতে করিতেই ভূপাল লৌকিকী লীলা সম্বরণ করিলেন।

১৮৩৭ খ্রীস্টাব্দে চতুর্থ উইলিয়মের ভ্রাতুষ্কন্যা আমাদিগের বর্ত্তমান অধীশ্বরী বিক্টোরিয়া ইংলণ্ডের রাজাসন পরিগ্রহ করেন। ১৮৪০ খ্রীষ্টাব্দে তাঁহার সহিত জর্ম্মন্‌দেশীয় প্রিন্স আল্বর্ট নামা সুযোগ্য রাজকুমারের বিবাহ হইল। রাজ্ঞী আপন পতি সমভিব্যাহারে স্কটলণ্ড, বেলজিয়ম, জর্ম্মণি প্রভৃতি নানাদেশ পর্য্যটন করিয়াছেন। রুসিয়া, সাক্সানি এবং বেলজিয়ম প্রভৃতি নানাদেশীয় নৃপালবর্গও তাঁহার সহিত সাক্ষাৎ করিতে ইংলণ্ডে আসিয়াছেন। ফলতঃ ইউরোপীয় বিভিন্ন জাতির পরস্পর বিদ্বেষ ভাব যেন এক্ষণে অনেক ন্যূন হইয়া গিয়াছে, এমত স্পষ্টই বোধ হইয়াছে।

১৮৪১ খ্রীষ্টাব্দে মেল্‌বুর্ণ সাহেবকে মন্ত্রিত্ব পরিত্যাগ করিতে হইল এবং সররবর্ট পীল তৎপদাভিষিক্ত হইলেন। এই মন্ত্রিকর্ত্তৃক অনেকানেক উত্তম রাজ নিয়ম প্রচলিত হইল। ইনি ইংলণ্ডের অন্তর্বাণিজ্য এবং শান্তিরক্ষা বিষয়ে অনেক সুনিয়ম নির্দ্ধারিত করিয়া পরে শস্যের আমদানি রপ্তানি বিষয়ে যে সকল অবিশুদ্ধ নিয়ম প্রচলিত ছিল, সমুদায় রহিত করিয়াদিলেন; ইংলণ্ডের বহির্বাণিজ্য প্রণালীও সর্ব্বতোভাবে উন্মুক্ত করিলেন; যাহাতে স্বদেশীয় জনগণের স্বাস্থ্য বিধান হয় এমত ব্যবস্থা সমস্ত প্রচলিত করিলেন এবং প্রজাব্যূহের বিদ্যা শিক্ষার সদুপায়াবধারণের নিমিত্ত সমধিক প্রযাস পাইলেন।

১৮৪৬ খ্রীষ্টাব্দে ইনি নিজকার্য্য পরিত্যাগ করিলে লর্ড জন রসেল নামা অতি বিচক্ষণ এক ব্যক্তি ইংলণ্ডের প্রধান মন্ত্রী হইলেন। ইহাঁর সময়ে আয়র্লণ্ডে অতি ভয়ঙ্কর দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছিল, রসেল্ সাহেব সেই দুর্ভিক্ষ-জনিত দুঃখ নিবারণ করিবার অভিপ্রায়ে সমূহ চেষ্টা করিয়াছিলেন। ইহাঁর সময়ে অনেকানেক উত্তমোত্তম ব্যবস্থা সমস্ত প্রচলিত হয়। বিদ্যাশিক্ষা বিষয়েও ইহাঁর মনোযোগের ত্রুটি ছিল না।

১৮৪৮ খ্রীষ্টাব্দে ফরাসীরা হঠাৎ রাজ বিদ্রোহে প্রবৃত্ত হইয়া আপনাদিগের রাজা লুইফিলিপ্‌কে

স্বদেশ হইতে বহিস্কৃত করিয়া দিল এবং পুনর্ব্বার সাধারণ-তন্ত্র শাসন-প্রণালী প্রবর্ত্তিত করিল। ফ্রান্স-রাজ ইংলণ্ডে পলায়ন করিয়া আসিলেন। ফলতঃ এই সময়ে ইউরোপের সর্ব্বত্রেই দুঃস্থ প্রজাগণ স্ব২ শাসনকর্ত্তৃগণের বিরুদ্ধ মতাবলম্বী হইয়া তাঁহাদিগকেই আপনাদিগের দুরবস্থার নিদানভূত বিবেচনা করিয়া সাতিশয় ক্রোধ এবং দ্বেষ প্রকাশ করিতে লাগিল। তাহারা বলিত যে, একই রাজ্যের মধ্যে কোন প্রজা অতিশয় বিভব শালী এবং কেহ বা উপজীব্য-বিরহিত হইয়া থাকা অত্যন্ত অন্যায্য। শাসন কর্ত্তৃগণের কর্ত্তব্য তাঁহারা এই প্রকার বৈসাদৃশ্য নিবারণের উপায় করেন—শ্রমজীবীদিগের অবস্থা উন্নত করেন এবং বিকলেন্দ্রিয় প্রযুক্ত পরিশ্রমে অক্ষম ব্যক্তিব্যূহের ভরণ পোষণের উপায় বিধান করিয়া দেন।

এই সকল মত ক্রমশঃ ইংলণ্ড পর্য্যন্ত সংক্রামিত হইয়া আসিল এবং 'চার্টিষ্ট' নামক এক সম্প্রদায় দল বদ্ধ হইয়া রাষ্ট্র বিপ্লাবক পরামর্শ সমস্তের আন্দোলন করিতে লাগিল। কিন্তু ইংলণ্ডীয় লোক সকল ফরাসীদিগের ন্যায় নিতান্ত চপল বা তরল মতি নহে। তাহারা ঐ সকল দুষ্টাভিসন্ধির অনুমোদন করিল না এবং ডিউক অব ওএলিংটন বিলক্ষণ কৌশল পূর্ব্বক সৈন্য বিনিবেশ করিয়া চার্টিষ্ট মতাবলম্বীদিগকে এতাদৃশ ভয় প্রদর্শন

করিলেন যে, তাহারা কোন প্রকার অত্যাচার ক-রিতেসাহসিক হইতে পারিল না।

কিন্তু ইটালী, অষ্ট্রিয়া, প্রুসিয়া, হঙ্গেরী, স্পেইন এবং পোর্টুগাল প্রভৃতি দেশ এই সময়ে অতি ভয়-ঙ্কররূপে আন্দোলিত হইতে লাগিল। সর্ব্বত্রেই প্রজাকুল বিদ্রোহে প্রবৃত্ত হইল। যেং সাম্রাজ্য* বি-ভিন্ন জাতীয় লোকের সম্মিলন দ্বারা সমুৎপন্ন হইয়া-ছিল তথায় জাতি বৈর প্রবলতর হইয়া সাম্রাজ্য বন্ধনকে একেবারে বিচ্ছিন্ন করিবার উপক্রম করিল আর কোনং স্থলে * একরাজ্যের কিয়দ্ভাগ পূর্ব্বরা-জার অধীনতা পরিহার করিয়া অন্য রাজ্যের সহিত সম্মিলিত হইবার চেষ্টা করিতে লাগিল। অস্ত্রবল এবং মন্ত্রণা কৌশল দ্বারা বহু বিবাদ বিসম্বাদের পর ঐ সকল গোলোযোগের নিবারণ হইয়া পরি-শেষে প্রায় সকল ইউরোপীয় রাজ্যেই ইংলণ্ডের অনুরূপ শাসন-প্রণালী সংস্থাপিত হইয়া উঠিল।

১৮৫১ খৃষ্টাব্দে মহাত্মা প্রিন্স্ আলবর্টের সবি-শেষ যত্নে পৃথিবীস্থ সমুদয় জনপদবাসীদিগের শিল্প প্রসূত দ্রব্যজাত সঞ্চিত হইয়া একটী প্রকাণ্ড

*যথা অষ্ট্রিয়া।

*ডেনমার্ক এবং ইটালী দেশে এইরূপ হইয়াছিল আয়-র্লণ্ডের প্রজাগণও ফরাসীদিগের সাধারণী সভাতে এই সময়ে এক লিপি প্রেরণ করে এবং ইংলণ্ড হইতে বিচ্ছিন্ন হইবার চেষ্টা পায়।

কাচভবন মধ্যে প্রদর্শিত হইয়াছিল। ঐ সমুদায় সামগ্রীর মূল্য অন্যূন দুই কোটি মুদ্রা হইবে এবং ত্রয়োবিংশ সপ্তাহ কালাবধি তদ্দর্শনার্থ নানা দিগ্‌দেশীয় ছয় কোটি মনুষ্য সমাগত হইয়াছিল। ঐ কাচ ভবনের অনুকৃতি এক্ষণে নিউইঅর্ক, পারিস্, ডব্লিন্ প্রভৃতি স্থানে বিনির্ম্মিত হইয়াছে এবং তাহাও সাইডেনহাম্ নামক স্থানে যৎকিঞ্চিদ্রূপে পরিবর্ত্তিত হইয়া অদ্যাপি বর্ত্তমান আছে।

১৮৫২ খৃষ্টাব্দে ডিউক অব ওএলিংটনের মৃত্যু হয় এবং তাহারই কয়েক দিবস পরে তাঁহার প্রতিপক্ষ মহাবীর নেপোলিয়ান্ বোনাপার্টের ভ্রাতুষ্পুত্র ফ্রান্সের সম্রাট উপাধি প্রাপ্ত হয়েন। লুই নেপোলিয়ন্ অতি সুচতুর এবং সক্ষম ব্যক্তি। ইনি সাম্রাজ্য লাভ করিয়া অবধি এপর্য্যন্ত ইংলণ্ডের সহিত স্থির সৌহার্দ্দ বন্ধন করিয়া রাখিয়াছেন এবং প্রায় সর্ব্বস্থলেই ইংরেজদিগের সহিত একমত হইয়া অন্যান্য ভূপালবর্গের সহিত সন্ধিবিগ্রহাদি করিতেছেন।

১৮৫৩ খৃষ্টাব্দে রুসীয় সম্রাট নিকোলাস তুরস্ক সাম্রাজ্য বিনষ্ট করিবার নিমিত্ত প্রতিজ্ঞা করিয়া ঐ দুর্ব্বল রাজ্যের প্রতি আপনার অগণ্য সৈন্যচয় এবং অতি পরাক্রান্ত পোতবাহিনী প্রেরণ করেন। ইংলণ্ড এবং ফ্রান্স তৎক্ষণাৎ মিলিত হইয়া তুরস্কের রক্ষার্থ সজ্জীভূত হইল। পরংবৎসর ডেনুব নদীর তীরে,

আর্ম্মিনিয়া প্রদেশের পশ্চিম ভাগে, ক্রিমিয়া প্রায়োদ্বীপের মধ্যে তুমুল সংগ্রাম আরম্ভ হইল। রুসীয়রা বহুকালাবধি ক্রিমিয়ার অন্তর্গত শিবাষ্টপল নামক নগরে দুর্গাদি নির্ম্মাণ করিয়া তাহা নিতান্ত অজেয়বৎ করিয়া তুলিয়াছিল। সেই নগরের সন্নিহিত সমুদ্রক্রোড়ে উহাদিগের সুবহু রণতরী প্রস্তুত হইতেছিল এবং তথা হইতেই উহারা যাইয়া তুরস্ক সাম্রাজ্যের প্রতি হঠাৎ আক্রমণ করিতে পারিত। অতএব মিলিত ফরাসী এবং ইংরেজ সৈন্যগণ সেই নগরাভিমুখেই প্রেরিত হইল। এই নগরাবরোধে উভয় পক্ষের বল, বুদ্ধি, সমর কৌশল এবং দৃঢ়প্রতিজ্ঞতা বিলক্ষণরূপে পরীক্ষিত হইতে লাগিল। ইংরেজেরা, সৈন্যগণের প্রয়োজনীয় দ্রব্যাদি লইয়া যাইবার নিমিত্ত সমুদ্রকূল হইতে রণস্থল পর্য্যন্ত একটী রেইলওয়ে প্রস্তুত করিলেন, লণ্ডন এবং পারিস্ হইতে যুদ্ধস্থল পর্য্যন্ত তাড়িতবার্ত্তাবহ সমুদ্র গর্ভ দিয়া পরিচালিত হইল—আহত এবং পীড়িত সৈন্যদিগের সেবা শুশ্রূষার নিমিত্ত নিস্‌নাইটিঙ্গেল প্রভৃতি অতি দয়াশীল কামিনীগণ স্বদেশ হইতে যাইয়া যুদ্ধস্থলে উপস্থিত হইলেন—আর সৈনিক কার্য্যের বিবিধ বিশৃঙ্খলা প্রকাশিত হওয়াতে তাৎকালিক প্রধানমন্ত্রী লর্ড আবর্ডিন সাহেব স্বকর্ম্মচ্যুত এবং লর্ড পামর্ষ্টন সাহেব তৎপদাভিষিক্ত হইলেন। সার্ডিনিয়ার

রাজাও ঐ সময়ে ইংরেজ এবং ফরাসীদিগের সহিত একপরামর্শী হইয়া যুদ্ধস্থলে সৈন্য প্রেরণ করেন। বহু কষ্টের পর শিবাষ্টপলের প্রধানতম দুর্গ ফরাসী-দিগের হস্তগত হইল এবং রুসীয়রা আর নগর মধ্যে তিষ্ঠিতে না পারিয়া কিঞ্চিদ্দূরে অপস্থত হইল। রুসীয় সম্রাট নিকোলাস এইরূপে অপমানিত এবং ভগ্নমনা হইয়া দেহ ত্যাগ করিলেন এবং তাঁহার পুত্র দ্বিতীয় আলেকজণ্ডর সাম্রাজ্যের অধীশ্বর হইলেন। অষ্ট্রীয় সম্রাটের মধ্যস্থতায় ১৮৫৬ খৃষ্টাব্দে প্রতিপক্ষ উভয়দলে সন্ধিবন্ধন হইল এবং তুরস্কের স্বাধীনতা অক্ষুণ্ণ হইয়া রহিল।

পারস্য সাম্রাজ্য মধ্যে রুসীয়রা নানা কৌশল ও ভয় প্রদর্শন দ্বারা বিলক্ষণ প্রভাব প্রাপ্ত হইয়া আসিতেছে সুতরাং রুসিয়ার সহিত ইংলণ্ডের বিবাদ হইলেই পারস্য সাম্রাজ্যের প্রতি ইংরেজ-দিগের কটুকটাক্ষ নিক্ষেপ হইয়া থাকে। ফলতঃ রুসিয়ার সহিত উল্লিখিত যুদ্ধব্যাপার সর্ব্বতোভাবে নিঃশেষিত না হইতে হইতেই পারসিকেরা কোন পূর্ব্বকৃত সন্ধির বিরুদ্ধে হীরাট নগর আক্রমণ করিয়াছে বলিয়া ভারতবর্ষীয় গবর্ণমেন্ট, ইংলণ্ডীয় গবর্ণ-মেন্টের আদেশানুসারে পারসিকদিগের দেশে সৈন্য প্রেরণ করিলেন। ঐ সৈন্য দ্বারা পারস্যোপ-সাগর সন্নিহিত বুসায়র নগর আক্রান্ত, পরাজিত

এবং অধিকৃত হইল। অনতিবিলম্বে ইংরেজেরা চীন রাজ্যের সহিতও সমরে প্রবৃত্ত হইলেন এবং পারস্য ও চীন উভয় দেশেই সৈন্য প্রেরণ করিতে লাগিলেন। উভয় দেশেই তাঁহাদিগের জয় হইতে লাগিল। কিন্তু ইতি পূর্ব্বে মার্কুইস্ অব ডালহৌসির শাসনকর্ত্তৃত্বের মধ্যে ভারতবর্ষীয় প্রধান২ ব্যক্তি-দিগের প্রতি কতকগুলি সুকঠিন নিয়ম প্রচারিত হইয়া গিয়াছিল, নাগপুর প্রভৃতি কএকটী রাজ্য বিশেষতঃ অযোধ্যা প্রদেশ ইংরেজাধিকার-সম্ভুক্ত করা হইয়াছিল এবং পূর্ব্বে যেমন স্থানবিশেষের মধ্যেই সৈনিকগণ কার্য্য করিবে, তাহাদিগকে সর্ব্বত্রে যাইতে হইবে না এমত অঙ্গীকার সহকারে সিপাহী-সমস্ত সংগৃহীত হইত এক্ষণে সেই নিয়ম রহিত করা হইয়াছিল। সিপাহিরা নিতান্ত মূর্খ এবং অনভিজ্ঞ। তাহারা মনে২ নিশ্চয় করিল যে, নিতান্ত দুরাকাঙ্ক্ষ ইংরেজেরা এতদ্দিনে সমুদায় ভারতবর্ষ আপনাদিগের কবলিত করিয়া এইবারে প্রত্যন্ত দেশ সমস্ত অধিকার করিবার নিমিত্ত নিতান্ত চেষ্টা করিবে। কিন্তু সেই মনস্কামনা সিদ্ধির নিমিত্ত সৈন্যের আবশ্যকতা হইবে সুতরাং আমাদিগকেই ঐ সকল ম্লেচ্ছদেশে লইয়া যাইবার নিমিত্ত প্রয়াস পাইবে এবং তজ্জন্য আমাদিগের জাতিনাশ করিবে। সিপাহিদিগের মানসাকাশ এইরূপ সন্দে-

হাকুল হইয়া আছে এমত সময়ে টোটা কাটিবার অনুজ্ঞা প্রচারিত হইল। অজ্ঞ লোক মাত্রেই পর-চিত্ত পর্য্যালোচনে নিতান্ত অক্ষম বলিয়া সর্ব্বদা সন্দিহান-মনা হইয়া থাকে। কোন নূতন কার্য্যের আদেশ করিলেই—কোন অভূতপূর্ব্বব্যাপার উপস্থিত হইলেই তাহারা একান্ত বিরক্ত এবং দুষ্টাভিসন্ধির সম্ভাবনা করিয়া থাকে। সিপাহিরা তাদৃশ সময়ে তাদৃশ অনুজ্ঞা প্রচারিত হইবামাত্র একেবারে উন্মত্তের ন্যায় হইয়া উঠিল এবং রাজবিদ্রোহে প্রবৃত্ত হইল। এই বিদ্রোহ সমকালে যে কত ভয়ঙ্কর ব্যাপার, কত অত্যাচার, কত নৃশংসতা প্রকাশ এবং কত সাহসিকতা ও বীরতার কার্য্য হইযা গিয়াছে তাহা একখানি গ্রন্থে স্বতন্ত্র করিয়া লিপিবদ্ধ করা আবশ্যক। যাহা হউক, চিরস্মরণীয় নামা ভারতবর্ষের শাসনকর্ত্তা লর্ড ক্যানিং বাহাদুরের প্রযত্নে এবং কৌশলে বিদ্রোহিবর্গের দমন, রাজ্যের পুনঃসংস্থাপন এবং ইংরেজাধিকারের বহুল দোষ সংশোধন হইয়া পরিশেষে ১৮৫৮ খৃষ্টাব্দের সেপ্টেম্বর মাসের প্রথম দিবস হইতে এই সাম্রাজ্য ইংলণ্ডেশ্বরীর সাক্ষাৎ অধীন এবং জগদ্বিখ্যাত ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানির বিলোপ হইয়াছে। রাজ্ঞী এতদ্দেশীয় প্রজা সমস্তকে স্বদেশীয় ইংলণ্ডীয় প্রজা-নির্ব্বিশেষে প্রতিপালন করিতে অঙ্গীকার

করিয়াছেন—সেই অঙ্গীকৃতি সম্যক্‌রূপে প্রতি-পালিত করিবার নিমিত্ত জগদীশ্বর তাঁহাকে দীর্ঘায়ু করুন।

সমাপ্ত।